{ তারা ভাড়া করছে একটি ফ্ল্যাট যতক্ষণ না তাদের বাড়ি তৈরি হয়। }

19. I **am wondering** what kind of gift I can give my wife for her birthday.
{ আমি ভাবছি কী ধরনের উপহার আমি দিতে পারি আমার স্ত্রীকে তার জন্মদিনের জন্য ।}

বিভিন্ন পরীক্ষায় আসা Tense তথা রাইট্ form of verb প্রশ্নের নিচের ব্যাখ্যাগুলো গল্পের মতো পড়ো।

01. Wild animals are _______ their living places. (*lose*)

বাংলা অর্থ দিয়ে ব্যাখ্যা

বাক্যের অর্থঃ বন্য প্রাণীরা _____ তাদের বসবাসের জায়গা।

এখন আমরা সবাই জানি,

বন-জঙ্গলের গাছ-পালা কেটে ফেলাতে বন-জঙ্গল ছোট হয়ে যাচ্ছে।

*** তার মানে, বন্য প্রাণীরা তাদের বসবাসের জায়গা হারাচ্ছে,**

আর 'হারাচ্ছে' শব্দটির English হলোঃ *are losing* (লুযিং)।

অতএব, শূন্যস্থানে, ***losing*** বসবে।

lose (লুয্) শব্দের বাংলা অর্থ হলো 'হারানো'।

বাক্যের বাংলা অর্থ বুঝলে রাইট্-ফর্ম্-অফ্-ভার্ব্, আরঠিকেল, প্রিপযিশন প্রভৃতি সব ধরনের প্রশ্ন সলভ করা সহজ হয়ে যায়।

02. Yesterday I _______ (*visit*) Aparajeo Bangla.

বাংলা অর্থ দিয়ে সমাধান

উপরের বাক্যের অর্থঃ গতকাল আমি _____ (দেখা) অপরাজের বাংলা।

তার মানে, গতকাল আমি অপরাজেয় বাংলা দেখতে গিয়েছিলাম।

আর এই "দেখতে গিয়েছিলাম" শব্দের ইংলিশ হলোঃ *visited*।

∴ শূন্যস্থানে উত্তর হবেঃ *visited*।

03. One day, a scholar _______ a river in a boat. (cross)

রুল দিয়ে শেখা ভুল

প্রদত্ত বাক্যটির অর্থঃ একদিন একজন পণ্ডিত _____ একটি নদী একটি নৌকায়।

*** তার মানে, একদিন একজন জ্ঞানী লোক নৌকায় করে একটি নদী _____।**

উপরের বাংলা বাক্যটি শেষ করতে হলে আমরা কথায় কী বলি?

মুখে আমরা যা বলি, লেখাতেও সেটাই শুদ্ধ হয়ে বসবে।

হ্যাঁ, আমরা বলি " **পার হচ্ছিলেন** " যার ইংলিশ হলোঃ **was crossing**।

∴ বাক্যটি = One day a scholar *was crossing* a river in a boat.

∴ শূন্যস্থানে *was crossing* হবে।

নিচের verb-গুলোর সাথে *-ing* হয় না।

আমি আম পছন্দ করিতেছি (= *I am liking mango*) – এটা কিন্তু আমরা বলি না।

আমরা বলি, আমি আম পছন্দ করি = *I like mango.*

01.	**agree**	(অ্যাগ্রী)	= রাজি হওয়া ।
02.	**belong**	(বিলং)	= মালিকানা থাকা ।
03.	**consist**	(খন্‌সিস্ট্)	= গঠিত হওয়া ।
04.	**contain**	(খন্‌ঠেইন্)	= ধারণ করা ।
05.	**deserve**	(ডিয্যার্ভ্)	= প্রাপ্য হওয়া ।
06.	**disagree**	(ডিস্-এ্যাগ্রী)	= একমত না হওয়া।
07.	**dislike**	(ডিয্-লাইক্)	= অপছন্দ করা ।
08.	**doubt**	(ডাউট্)	= সন্দেহ করা ।
09.	**seem**	(সীম্)	= মনে হওয়া ।
10.	**hear**	(হীআর্)	= শোনা ।
11.	**want**	(ওআন্ট্)	= চাওয়া ।
12.	**imagine**	(ইম্যাজিন্)	= কল্পনা করা ।
13.	**like**	(লাইক্)	= পছন্দ করা ।
14.	**need**	(নীড্)	= প্রয়োজন হওয়া ।
15.	**prefer**	(প্রেফার্)	= অধিকতর পছন্দ করা।
16.	**realise**	(রিয়েলাইয্)	= উপলব্ধি করা ।
17.	**sound**	(সাউন্ড্)	= শোনায় ।
18.	**suppose**	(সাপৌয্)	= আন্দাজ করা ।
19.	**fit**	(ফিট্)	= খাপ খাওয়া ।
20.	**wish**	(উয়িশ্)	= ইচ্ছা করা ।
21.	**understand**	(আন্ডার-স্ট্যান্ড্)	= বুঝা ।
22.	**smell**	(স্মেল্)	= ঘ্রান নেওয়া ।

*This box **contains** biscuits.* { এই বাক্সটিতে বিস্কুট আছে }

ইংরেজিতে *This box **is containing** biscuits* বলা হয় না।

(= এই বাক্সটি বিস্কুট ধারণ করিতেছে)

বাংলায় কিন্তু এমন কথা আমরা বলি না।

শুদ্ধ বাক্য	ভুল বাক্য
01. Bread **consists** of flour, water etc. { রুটি গঠিত হয় ময়দা, পানি প্রভৃতি দিয়ে।}	01. Bread **is consisting** of flour, water etc.
02. I **don't believe** the news. { আমি বিশ্বাস করি না খবরটা। }	02. I **am not believing** the news.
03. I **believe** him. { আমি বিশ্বাস করি তাকে। }	03. I am **believing** him.
04. I **don't believe** you are right. { আমি বিশ্বাস করি না তুমি ঠিক। }	04. I **am not believing** you are right.
05. I **think** you will pass. { আমি মনে করি তুমি পাশ করবে। }	05. I **am thinking** you will pass.
06. I **want** to go home. { আমি বাসায় যেতে চাই। }	06. I **am wanting** to go home.
07. Abul **deserves** it. { আবুল এটার যোগ্য। }	07. Abul **is deserving** it.
08. I **disliked** English. { আমি অপছন্দ করতাম English। }	08. I was **disliking** English.
09. She **dislikes** that boy. { সে অপছন্দ করে ঐ বালকটিকে। }	09. She **is disliking** that car.
10. I **doubt** what you are saying. { তুমি যা বলছো সে ব্যাপারে আমার সন্দেহ হয়। }	10. I **am doubting** what you are saying.
11. This shirt **fits** him well. { এই শার্টটি মানায় তাকে ভালো। }	11. This shirt **is fitting** him well.
12. Do you **hear** music? { তুমি কি গান শুনো? }	12. **Are you hearing** the sound?
13. I **imagine** you must be tired. { আমার মনে হয় তুমি অবশ্যই ক্লান্ত হবে। }	13. I **am imagining** you must be tired.

ব্যাখ্যা

হাজার বছর ধরেই ব্রিটিশরা এইসব শব্দ **'ing'** দিয়ে বলে না।

শুদ্ধ বাক্য	ভুল বাক্য
14. I **like** reading detective stories. { আমি পছন্দ করি পড়তে গোয়েন্দা গল্প । }	14. I **am liking** reading detective stories.
15. I **prefer** coffee. { আমি বেশি পছন্দ করি কফি । }	15. I **am preferring** coffee.
16. I didn't **realise** the problem. { আমি সমস্যাটা বুঝতে পারি নাই । }	16. I **wasn't realising** the problem.
17. Your idea **sounds** great. { তোমার ধারণাটা শুনে চমৎকার মনে হচ্ছে । }	17. Your idea **is sounding** great.
18. I **suppose** he will be late. { আমার মনে হয় তার দেরি হবে । }	18. I'**m supposing** he will be late.

এই page-এর bold করা verb-গুলোর সাথে ing যুক্ত হয় না বা bold করা verb-গুলো continuous হয় না। কেন হয় না?

ব্রিটিশরা লেখায় এবং বলায় গত পনেরোশো বছর ধরে এই সব শব্দে ing ব্যবহার করে না।

19. I don't **understand** that question. { আমি ঐ প্রশ্নটি বুঝতেছি না । }	19. I'**m not understanding** that question.
20. I **wish** to return home. { আমি চাই বাসায় ফিরতে । }	20. I **am wishing** to return home
21. I **disagree** with you. { আমি ভিন্নমত পোষণ করছি তোমার সাথে ।}	21. I **am disagreeing** with you.
22. I **need** a pen. { আমার দরকার একটি কলম ।}	22. I **am needing** a pen.
23. Who does this bag **belong** to? { এই ব্যাগটি কার? }	23. Who **is** this bag **belonging** to?
24. They **seem** tired. { তাদেরকে ক্লান্ত মনে হয় । } = তাদেরকে ক্লান্ত লাগছে ।	24. They **are seeming** tired.

Present Perfect

(ঈঠেন)

01. I **have eaten** dinner. So I’m not hungry now.

{ আমি ডিনার খেয়েছি। তাই আমি ক্ষুধার্ত নই এখন। }

02. He **has faced** a bus accident. That’s why, he is in the hospital.

{ সে পড়েছে বাস দুর্ঘটনায়। ঐ কারণে সে হাসপাতালে আছে। }

03. **I’ve lost** my keys, so I can’t get into my house.

{ আমি হারিয়েছি আমার চাবি, তাই আমি পারব না আমার বাড়িতে প্রবেশ করতে। }

04. I **have** forgotten my password, so I can’t log in my facebook.

{ আমি ভুলে গিয়েছি আমার পাসওয়ার্ড, তাই আমার ফেইসবুকে ঢুকতে পারছি না। }

has বা **have** থাকাতে এই বাক্যটা হলো **perfect tense**

এবার বাংলা থেকে ইংরেজি করা যাক present perfect ব্যবহার করেঃ

01. নাসির আঘাত পেয়েছে তার পায়ে, তাই সে ক্রিকেট খেলতে পারবে না আজ।

{Nasir has **hurt** his leg, so he can’t play cricket today.}

02. তারা বাসটি মিস করেছে, তাই তাদের দেরি হবে।

{They’**ve missed** the bus, so they will be late.}

03. আবুল তার মোবাইল ফোন হারিয়েছে, তাই সে কল করতে পারবে না।

{Abul **has lost** his mobile phone, so he can’t call.}

04. ফাতেমা ডিনার রান্না করেছে, তাই আমাদের উচিত আসা এবং খাওয়া।

{Fatema **has cooked** dinner, so we should come and eat.}

05. আমার মনে হয় ফাহিম বাজারে গেছে, তাই সে এখন বাসায় নেই।

{I think Fahim **has gone** to bazaar, so he isn’t at home now.}

ইংলিশ বাক্যগুলো দেখে দেখে একবার লিখো।

06. Abul **has** already **done** his homework. { আবুল ইতোমধ্যে তার বাড়ির কাজ করেছে। }

07. I **have received** your letter just now. { আমি তোমার চিঠি পেয়েছি এইমাত্র। }

08. Foisal **has passed** the exam this year. { ফয়সাল এই বছর পরীক্ষায় পাশ করেছে। }

09. I **haven't met** him recently. { তার সাথে আমার সম্প্রতি সাক্ষাৎ হয়নি। }

10. Abul **has drunk** three cups of coffee today. { আবুল আজ তিন কাপ কফি খেয়েছে। }

11. This week they**'ve done** shopping four times. { এই সপ্তাহে তারা শপিং করেছে চার বার। }

12. Abul **has e-mailed** this today. { আবুল এটা ই-মেইল করেছে আজ। }

13. Researchers **have recently discovered** a new breed of jute.
{ গবেষকরা সম্প্রতি পাটের একটা নতুন জাত আবিষ্কার করেছেন }

* তার মানে, কোন কাজ সম্প্রতি, ইদানিং, এইমাত্র, আজ, এই সপ্তাহে শেষ **হয়েছে** – এমন বুঝালেও তাকে **Present Perfect Tense** দিয়ে প্রকাশ করা হয়।

14. Abul **has worked** as a teacher for over 20 years.
{ আবুল কাজ করেছে শিক্ষক হিসেবে ২০ বছরেরও বেশি সময় ধরে। }

* তার মানে, আবুল ২০ বছরেরও বেশি সময় ধরে শিক্ষক হিসেবে কাজ করছে এবং এখনও শিক্ষক হিসেবে কাজ করছে।

15. Abul **has gone** to Cox's bazar. { আবুল কক্সবাজার গিয়েছে। }

* তার মানে, আবুল কক্সবাজার গিয়েছে এবং এখনো সেখানে আছে।

16. Abul **has gone** to Rongpur for a week. He will be back tomorrow.
{ আবুল রংপুরে গেছে এক সপ্তাহের জন্য। সে আগামীকাল ফিরবে। }

17. Sajib **has been** here for ten days. { সজিব আছে এখানে দশ দিন ধরে। }

18. "Where's Abul?" "He's **gone** to Agora shopping mall" (he's at Agora now).
{ "আবুল কোথায়?" "তিনি Agora শপিং মলে গেছেন" (তার মানে, তিনি এখন Agora-তে)। }

19. They've **gone** to New York for two weeks (now they're in New York).
{ তারা নিউইয়র্ক গিয়েছে দুই সপ্তাহের জন্য (তার মানে, এখনো তারা সেখানে আছে)। }

* তার মানে, অতীতে কোনো কাজ শুরু হয়ে এখনো শেষ হয়নি- এমন বুঝালে তাকে **Present perfect** দিয়ে প্রকাশ করা হয়।

Simple (সিম্পেল্ = সাধারণ) **past** (= অতীত)

যদি আনাস তোমার ঠিকানা জানতো। = If Anas **knew** your address.

যদি আনাস একজন রাজা হতো ! = If Anas **were** a king !

* **ব্যাখ্যা:** আসলে, আনাস রাজা না। বাস্তবতার বিপরীত হওয়াতে **were** হলো।

1. She **was** only 20 when she **had** her first baby.
   { তার বয়স ছিল মাত্র ২০ যখন তার প্রথম বাচ্চাটি হয়েছিলো }
2. He was quite **shocked** when I **told** him.
   { সে খুব ব্যথিত হয়েছিলো যখন আমি তাকে বললাম। }
3. I **went** there when I **was** a child.
   { আমি সেখানে গিয়েছিলাম যখন আমি ছিলাম একটি শিশু। }

এই বাক্যগুলো থেকে বুঝা যাচ্ছে
অতীতে দুটি কাজ একই সময়ে ঘটছে।

4. I **got** into the bath when the phone **rang**.
   { আমি গোসলখানায় ঢুকলাম যখন ফোনটি বেজে উঠল। }
5. I **hated** doing sums when I **was** at school.
   { আমি ঘৃণা করতাম অংক করাকে যখন আমি ছিলাম স্কুলে। }

সব পরীক্ষায় আসার মতো গুরুত্বপূর্ণ বাক্য

# 01: **It is time, It is high time** দিয়ে শুরু হলে, পরে *did, gave, went* ইত্যাদি হয়, যেমন:

(1) It is time you **gave up** bad habits. (এখনই সময় তুমি খারাপ অভ্যাস ছাড়ার।)

(2) It is high time you **went** there. (এখনই সময় তোমার সেখানে যাওয়ার।)

# 02: **I wish, as if** কিংবা **as though**-এর পর **were, could** এবং past form হয়। যেমন:

(1) I **wish** I **could** fly. (যদি আমি উড়তে পারতাম।)

(2) It sounds **as though** you **had** a good time. (মনে হচ্ছে তুমি বেশ ভালো সময় কাটিয়েছ।)

(3) He speaks **as if / as though** he **were** mad. (সে এমনভাবে কথা বলে যেন সে পাগল।)

বাক্য বুঝে past continuous

01. The children **were watching** TV when I **returned** home.
{ শিশুরা দেখছিলো টিভি যখন আমি বাড়ি ফিরলাম। }

02. As Abdul Awal **was watching** TV, the mobile phone **rang**.
{ যখন আব্দুল আউয়াল দেখছিলো টিভি, মোবাইল ফোনটি বেজে উঠলো। }

03. When I **was jogging** , my aunt **stopped** me and **asked** what time it was.
{ যখন আমি জগিং করছিলাম, আমার আন্ট্ থামালো আমাকে এবং জিজ্ঞাসা করলো এখন সময় কত। }

প্রতিটা **Sentence-**ই জোরে জোরে পড়ো এবং দেখে দেখে লিখো।

04. Selim **was always being** late. { সেলিম সব সময় দেরি করছিলো। }

05. He **was always losing** his keys. { সে প্রায়ই তার চাবি হারিয়ে ফেলছিলো। }

06. He **was always complaining**. { সে সব সময় অভিযোগ করছিলো। }

07. They **were always quarrelling**. { তারা সব সময় ঝগড়া করছিলো। }

08. He **was always giving** people presents. { সে সব সময়ই লোকদেরকে উপহার দিচ্ছিলো। }

09. I didn't like him – he **was always borrowing** money.
{আমি তাকে পছন্দ করতাম না – সে সবসময়ই টাকা ধার করছিলো। }

10. Excuse me, I **was wondering** if this **is** the train to Khulna.
{ মাফ করবেন, আমি জানতে চাচ্ছিলাম এই ট্রেনটা খুলনার কিনা। }

11. I **was wondering** if I could get train here.
{ আমি জানতে চাচ্ছিলাম আমি এখানে ট্রেন পাবো কিনা।}

10-13 থেকে বুঝা যাচ্ছে, ভদ্রভাবে কিছু জিজ্ঞেস করতে **I was wondering** দিয়ে প্রকাশ করতে হয়।

এই বইয়ের এই বাক্যগুলোই অর্থ বুঝে পড়লে পরীক্ষায় ইংলিশ প্রশ্ন solve করা তোমার জন্য সহজ হবে।

12. **I was wondering** if you could tell me how to get to the New Market.
{ আমি জানতে চাচ্ছিলাম যদি আপনি আমাকে বলতে পারতেন কীভাবে নিউ মার্কেটে যাওয়া যায়। }

13. **I was wondering** if we could have a breakfast together.
{ আমি জানতে চাচ্ছিলাম আমরা একসাথে সকালের নাস্তা করতে পারবো কিনা। }

আরো বাক্যের বাংলা অর্থ বুঝে পাস্ট্ পার্‌ফেক্ট টেন্‌স্

01. আমরা ক্রিকেট খেলেছিলাম নুর আসার পরে। = We **played** cricket after Nur **had come.**
02. নুর চলে গিয়েছিলো সে খাওয়ার পর। = Nur went away after he **had eaten**.
03. নুর গেলো ঝড় থামার পর। = Nur left **after** the storm **had** stopped.
04. নুর ইংরেজি শিখেছিলো বিদেশ যাওয়ার আগে। = Nur **had learned** English before he went abroad.
05. নুর স্কুলে গিয়েছিলো আমরা আসার আগে। = Nur **had gone** to school before we came.
06. নুর কাজ করেছিলো সূর্য অস্ত যাওয়ার পূর্বে। = Nur **had worked** before the sun set.
07. নুর জার্মানিতে বাস করেছিলো আমরা আসার আগে। = Nur **had lived** in Germany before we came
08. নুর সকালের নাস্তা করেছিলো তুমি আসার আগে। = Nur **had eaten** breakfast before you came.

* তার মানে, অতীতে দুটো ঘটনা একটা আরেকটার পর ঘটলে,

এই পুরো ব্যাপারটা প্রকাশ করতে ইংরেজি বাক্যে had লাগে।

যেই ঘটনাটা আগে ঘটে, সেটার আগে *had* যোগ করতে হবে এবং

... **had gone**, ... **had played** ..., **had arrived** ... হয়।

এই উদাহরণগুলো হলো **Past Perfect Tense**।

09. নুর ৫ বছর এখানে বাস করেছিলো তুমি আসার আগে।
(Nur **had lived** here for 5 years before you came.)

10. যেহেতু নুর তার ডিনার করেছিলো, সে ক্ষুধার্ত ছিলো না।
(As Nur **had taken** his dinner**,** he wasn't hungry.)

11. যখন আমরা আসলাম নুর কাজটি শেষ করে ফেলেছিলো।
(When we came, Nur **had completed** the work.)
তার মানে, নুর কাজটি শেষ করার পরে আমরা আসলাম।

12. নুর বললো যে সে গাড়ীটি দেখেছিলো = Nur said that he **had seen** the car.

এভাবে
একই রকম অনেক
বাক্য পড়লে
রুল মুখস্থ করা
লাগে না।

বাক্যের বাংলা অর্থ বুঝে বুঝে শিখবো

01. The patient had died before the doctor came. {= রোগীটি মারা গিয়েছিলো ডাক্তার আসার আগেই।

↓ ↓

রোগীটি মারা গিয়েছিলো ডাক্তার আসার আগেই।

02. The doctor came after the patient had died. {= ডাক্তার এসেছিলেন রোগীটি মারা যাওয়ার পর।}

↓ ↓

ডাক্তার এসেছিলেন রোগীটি মারা যাওয়ার পর।

উপরের বাক্য দুটিতে রোগীটি মারা যায় আগে, এজন্য *had died* হয়েছে এবং অন্য অংশে ডাক্তার আসার ঘটনাটি পরে হওয়ায় এই অংশের Verb-টি **Simple Past Tense**-এ হয়েছে। তাই come-এর past form *came* হয়েছে।

অর্থাৎ আগের ঘটনা প্রকাশ করতে **Past Perfect Tense** এবং পরের ঘটনা প্রকাশের ক্ষেত্রে **Simple Past Tense** ব্যবহার করা হয়।

01. The train had left before we reached the station. = ট্রেনটি ছেড়ে দিল আমরা স্টেশনে পৌছার আগেই।

02. I had reached college before the exam began. = আমি কলেজে পৌছলাম পরীক্ষা আরম্ভ হওয়ার আগে।

03. The bell had rung before he reached college. = সে কলেজে পৌছার আগে ঘন্টা পড়ল।

04. The train left after we had reached the station. = ট্রেনটি ছেড়ে দিল আমরা স্টেশনে পৌছার পর।

05. He went away after we had done the work. = আমরা কাজটি করার পর সে চলে গেল।

06. When Karim **finished** BBA, he **had been** in Dhaka for 5 years.
{ যখন করিম BBA শেষ করলো, তখন সে ঢাকাতে ৫ বছর ধরে ছিলো। }

* তার মানে, যখন করিম BBA শেষ করলো, ততদিন তার পাঁচ বছর ঢাকাতে থাকা হয়ে গিয়েছিলো।

07. He **could not get** into his house because he **had lost** his keys.
{ সে বাড়ি প্রবেশ করতে পারেনি। কারণ সে তার চাবি হারিয়ে ফেলেছিলো। }

* চাবি হারানোর ব্যাপারটা আগে হয়েছিলো, তাই ***had lost*** হলো।

08. I **went** to bed after I **had written** my letters.
{ চিঠিগুলো লিখা শেষ করার পর আমি ঘুমাতে গেলাম। }

চিঠি লেখার কাজটা আগে হয়েছিলো, তাই ***had written*** হলো।

09. He **looked** as if he **had** not **slept** all night.
{ তাকে এমন দেখালো যেনো সে সারা রাত ঘুমায়নি}

* ঘুমানোর কাজটা আগে, তাই ***had* ... *slept*** হলো।

10. It was very dangerous. What if you **had got** lost?
{ এটা ছিলো খুবই বিপজ্জনক। কী হতো যদি তুমি হারিয়ে যেতে ? }

11. I wish I **hadn't spent** so much money last month.
{ যদি আমি গতমাসে এত বেশি টাকা খরচ না করতাম }

উপরের বাক্য থেকে বুঝা যাচ্ছে,
অতীতের কোনো ইচ্ছা প্রকাশে
Past Perfect Tense ব্যবহার করা হয়।

তোমার **রিডিং** দক্ষতা
তোমার **রাইটিং** দক্ষতা
তোমার **স্পিকিং** দক্ষতা
বাড়বে
এই বই পড়ার দ্বারা।

01. **No sooner had** he **gone** out than the rain **began** (= the rain **started**).
{ সে বাইরে যেতে না যেতেই বৃষ্টি শুরু হয়েছিল। }

02. **No sooner had** the doctor **come** than the patient died (ডাইড্).
{ ডাক্তার আসতে না আসতেই রোগীটি মারা গেল। }

03. **No sooner had** the extortionists **seen** the police than they ran away.
{ চাঁদাবাজরা পুলিশকে দেখতে না দেখতেই তারা দৌড়ে পালিয়ে গেল। }

04. **No sooner had** we **reached** the station than the train left.
{ আমরা স্টেশনে পৌছতে না পৌছতেই ট্রেনটি ছেড়ে দিল। }

05. **No sooner had** we **gone** to college than the rain began.
{ আমরা কলেজে যেতে না যেতেই বৃষ্টি শুরু হল। }

Hardly, Scarcely এবং **no sooner**-এর সাথে **had...** ব্যবহার করা যেতে পারে।
যখন অতীতের দুটো কাজের মধ্যে একটি কাজ শেষ হবার ঠিক পরেই
বা ঐ কাজটি ঘটা মাত্রই দ্বিতীয় কাজটি সম্পন্ন হয়,
সেক্ষেত্রে প্রথম কাজটিকে **Past Perfect Tense** দিয়ে প্রকাশ করা হয়।

06. **Scarcely had** we **gone** out when he came.
{ আমরা বাহিরে বের হতে না হতেই সে এসেছিলো = আমরা বাহিরে বের হওয়া মাত্রই সে এসেছিলো। }

07. **Hardly had we reached** the station when the train left.
{ আমরা স্টেশনে পৌছতে না পৌছতেই ট্রেনটি ছেড়ে গেল = আমরা স্টেশনে পৌছা মাত্রই ট্রেনটি ছেড়ে গেল }

08. I **had hardly / scarcely** (স্কেয়ার্স্‌লি) **closed** my eyes when the phone rang.
{ আমি আমার চোখ বন্ধ করা মাত্রই ফোনটি বেজে উঠল। }

01. তুমি এজন্যে ভুগবে !
= You'**ll suffer** for this !

02. আমি তোমাকে আঘাত করব যদি তুমি ওটা আবার কর।
= I **will hit** you if you do that again.

03. আমি প্রতিজ্ঞা করছি আমি আর কখনো ধূমপান করব না।
= I promise **I won't smoke** again.

04. প্রতিশ্রুতি দাও, তুমি কখনো মিথ্যা কথা বলবে না।
= Promise, you **will** never tell a lie.

05. আমি প্রতিশ্রুতি দিচ্ছি তোমাকে আজ এই খেলনা আমি কিনে দিবো।
= I promise I **will** buy you this toy today.

06. দুশ্চিন্তা করো না ! আমি তোমাকে এই সমস্যাটিতে সাহায্য করবো।
= Don't worry ! I **will help** you with this problem.

তুমি কি আরবি দিয়ে আরবি শিখতে পারবে ?
কখনোই না !
বাংলায় অর্থ বুঝিয়ে দিতে হবে।
ঠিক তেমনি, এই বইয়ে সব
বাংলা অর্থ দিয়ে বুঝানো হয়েছে।
যারা বলেন,
ইংরেজি টু ইংলিশ শিখতে হবে,
তারা ভুল বলেন।

তার মানে, বাংলা ভাষায় যেই বাক্য আমরা বলি বা লিখি,
সেগুলোই ইংরেজিতে অনুবাদ করলেই হলো।
আমরা কখনোই চিন্তা করি না যে,
বাংলা বাক্যটা ভবিষ্যতে, না বর্তমান ইত্যাদি।

প্রথমবার
বাংলা অর্থ বুঝে
শিখে নিলে পরবর্তীতে
নিজেই ইংলিশ
বুঝতে পারবে।

07. **It'll be** spring soon. = বসন্ত শীঘ্রই আসবে।
08. I **shall be** rich one day. = আমি ধনী হব একদিন।
09. It **will be** cold next week. = ঠান্ডা পড়বে আগামী সপ্তাহে।
10. You'll never **finish** that book. = তুমি কখনো শেষ করতে পারবে না ঐ বইটি।
11. Tomorrow **will be** a nice day. = আগামীকাল হবে একটি সুন্দর দিন।
12. **Bangladesh will win** the next match. = বাংলাদেশ জিতবে পরবর্তী ম্যাচ।
13. We **shall need** the money next year. = আমাদের টাকার প্রয়োজন হবে আগামী বছর।

* উপরের বাক্যগুলোতে, **ভবিষ্যত সম্পর্কে** কোন তথ্য দিতে এবং **ভবিষ্যদ্বাণী** করতে ***simple future tense*** ব্যবহার করা হয়েছে।

ইংলিশ নিয়ে ভুল ধারণা !

আমরা মনে করি যে, গ্রামারের জ্ঞানের অভাবে আমরা ইংরেজিতে দুর্বল।

এটা ১০০% ভুল ধারণা।

তুমিই বলো, জীবনে কি কম গ্রামার পড়েছো ?

tense, voice, narration প্রভৃতির রুল private-এ এবং কোচিং-এ জীবনে তো কম পড়া হয়নি ! ভাইয়াদের কাছ থেকেও কত hand-নোট পেয়েছো। এর পরও তো ইংরেজি দেখলে তোমার জ্বর উঠে, কারণ ইংরেজি পড়ে আমরা বুঝি না !! তার মানে, এতো গ্রামার পড়েও 'ইংরেজি বাক্যের অর্থ' বোঝার ক্ষমতা তোমার হয়নি।

তবে, সুখবর হলো, এটা তোমার দোষ নয়।

আমাদের দেশের স্কুল-কলেজের ইংরেজি পরীক্ষায় system-এর একটি বিরাট গন্ডগোল হলো: আমাদের দেশে পরীক্ষাগুলো grammar-কেন্দ্রিক, ভাষা কেন্দ্রিক নয়। ফলে বছরের পর বছর হাজার গ্রামার পড়েও ইংরেজি ভাষা শেখা হয় না আমাদের ইংরেজি শেখানোর পদ্ধতিগত ত্রুটির কারণে।

Word-এর অর্থ জানা এবং

English বাক্যের বাংলা অর্থ

তৃপ্তিসহ বোঝাই হলো

আসল ব্যাপার।

অতএব ইংরেজির দক্ষতা বাড়ানোর জন্য বাসায় বসে নিজে নিজে S@ifur's-এর ব্যতিক্রমী বইগুলো পড়তে থাকো। ইংরেজি বাক্য বোঝার ক্ষমতা বাড়ালে JSC, SSC, HSC, ভার্সিটি ভর্তি, Job, BCS, MBA, IELTS প্রভৃতি যে কোনো পরীক্ষায় প্রশ্ন কমন পাওয়ার দুশ্চিন্তা একেবারে শেষ হয়ে যাবে।

তোমার নিজেরই উপকার হবে এই page-টাও মন দিয়ে পড়লে

বিদেশী grammar বই যেমন রেমন্ড মার্ফি, রেন and মার্টিন, ক্লিফস TOEFL, Barron's টোয়েফল প্রভৃতি পড়ে তুমি শিখতে পারবে *has* হবে, না *have* হবে, *would* হবে, না *should* হবে প্রভৃতি।

কিন্তু এইসব বই পড়ে আসল রোগের কোনো চিকিৎসা হবে না, তথা,
বাক্য বোঝার ক্ষমতা তোমার এক বিন্দুও বাড়বে না, না, না।
কেননা এসব বিদেশী grammar বইতে তো কোন বাক্যের বাংলা অর্থ দেয়া হয়নি।

ইংরেজি ভাষার দক্ষতার পরীক্ষা GMAT-এ
আমি কিন্তু সাদা চামড়াদেরকেও গো হারা হারিয়ে দিয়েছি।

আমি GMAT-এ top percentile স্কোর পেয়েছি। আমি তো ইংলিশে অনার্স-মাস্টার্স করিনি। তাহলে বোঝা যাচ্ছে, ইংলিশ শেখার জন্য আবার ইংলিশে অনার্স মাস্টার্সও দরকার নেই।

গ্রামারের গভীর জঙ্গল কেটে কেটে

S@ifur's-এ আমরা কিছু রাস্তা বানিয়েছি,

যেগুলো হলো S@ifur's-এর বই।

মোট কথা, 'গ্রামার জানি না বলে ইংলিশে আমরা দুর্বল'
এই ধারণাটা 100% ভুল।

আসল হলো ইংরেজি বাক্য পড়ে বুঝার ক্ষমতা।

ইংলিশ শেখা নিয়ে একটা মহা ভুল ধারণা

ইংরেজি-লেখা-ভরা page তথা English বই দেখলে ৯০% বাঙালীরই

অস্বস্তি লাগে, মাথা গরম হয়ে যায়, জ্বর উঠে

এর কারণ হলো আমরা তো ইংরেজি পড়েই বুঝি না।

পড়ে যেটা বুঝি না, শুনে সেটা কিভাবে বুঝবো ??? ! অথচ

Oxford, কেমব্রিজ, ব্রিটিশ কাউন্সিলের্

তাত্ত্বিক + পুঁথিগত পণ্ডিতগণের একটা বড় পরামর্শ হলো:

English শেখার জন্য

CNN / BBC / ইংলিশ গান শুনতে হবে, ইংলিশ মুভি দেখতে হবে।

এটা যে ভুল পরামর্শ তার জ্বলজ্যান্ত প্রমাণ হলো

নিচের খোলামেলা কথা :

আমার এক uncle MBA-তে পড়তো তাকে বললাম, আমি কিভাবে ইংরেজি শিখতে পারি! তিনি বললেন, **'তুমি ইংরেজি magazine পড় ও ইংলিশ movie দেখো'।**

পুরো বক্তব্য বা ভিডিওটি দেখতে ভিজিট করুন:

https://www.facebook.com/221257264717077/posts/1624544517721671/

ইংরেজি নিয়ে ভুল ধারণা

তার পর, আমি তার কথা মত class eight থেকে সাপ্তাহিক ও মাসিক সব ধরনের English magazine পড়ি এবং আমি **Hollywood**-এর এমন কোন সিনেমা নেই যেটি দেখিনি,

তার পরও আমি English শিখতে পারিনি।

আজ আমি অনার্স-এ পড়ি, তার পরও ইংলিশ পারি না।

English না শিখতে পেরে ঐ আংকেলকে বলি, আপনি যা বলছেন আমি তা করেছি, তারপরও English শিখতে পারিনি কেন ? তিনি বললেন, তুমি মন দিয়ে দেখ, তাহলেই English শিখতে পারবে !

> সাইফুর স্যারের " **হুশশ** " ক্লাস করে বুঝলাম যে,
> আমরা তো ইংরেজি পড়েই বুঝি না।
> পড়ে যেটা বুঝি না, সেটা তো শুনে কখনোই বুঝবো না।

সিনেমা দেখে, গান শুনে, কার্টুন দেখে, বিবিসি শুনে **ইংলিশ শেখাটা যদি** গণ পাবলিকের জন্য উপকারী হতো, তাহলে সারা দুনিয়ায় ভাষা শেখার কোনো কোর্স কেউই করাতো না। কেননা, তখন ব্যাপারটা হতো এমন-

যে	**জাপানিজ**	শিখতে	চায়	সে	**জাপানিজ**	গান	শুনবে	ও	সিনেমা	দেখবে
যে	**জার্মান**	"	"	সে	**জার্মান**	"	"	ও	"	"
যে	**ফ্রেঞ্চ**	"	"	সে	**ফ্রেঞ্চ**	"	"	ও	"	"
যে	**চাইনিয**	"	"	সে	**চাইনিয**	"	"	ও	"	"

অথচ	ঢাকাতে ফ্রান্স	সরকারের উদ্যোগে	আলিয়াস ফ্রসেযে আছে	**ফ্রেঞ্চ**	**ভাষা কোর্স,**
	UK	সরকারের	ব্রিটিশ কাউন্সিলে আছে	**ইংলিশ**	**ভাষা কোর্স,**
	চাইনিয	সরকারের অধীনে	কনফুসিয়াস ইনসটিটিউটে করানো হয়	**চাইনিয**	**ভাষা কোর্স।**

এই উদাহরণগুলো দেয়ার উদ্দেশ্য হলো এই যে ইংরেজির বিভিন্ন পণ্ডিতগণ বলেন সিনেমা দেখো, গান শুনো ইংলিশ শিখতে পারবে। **এটা হলো ১০০% ভুল পরামর্শ**। যিনি ঐ পরাপমর্শ দেন, তাকে বলবে **স্যার, আরবি আল-জাজিরা চ্যানেল শুনে আপনি আরবি শিখেন তো** !! মোট কথা, পুরো বাঙালি জাতির সমস্যা হলো রিডিং-এ। তারা পড়ে বুঝে না, তাই শুনেও বুঝে না।

Chapter-02 বাক্য দিয়ে পার্ট্স্ অফ্ স্পীচ্

Part (পার্ট্) অর্থ **অংশ** আর **Speech** (স্পীচ্) অর্থ **বক্তৃতা**।

তাহলে, পার্ট্স্ অফ্ স্পীচ্-এর অর্থ হলো:

Speech-এর *Parts* = *Speech*-এর অংশগুলো = বক্তৃতার অংশগুলো = কথার অংশগুলো।

এখন চলো উদাহরণের মাধ্যমে শেখা যাক:

গল্পের মতো পড়ে যাও এই পেইজ্।

➤ রানা হলো একটি ভালো ছেলে।
= **Rana is a good boy.**

প্রথম Part	দ্বিতীয় পার্ট্	তৃতীয় অংশ	চতুর্থ পার্ট্	পঞ্চম পার্ট্
Rana	**is** (ইয্)	**a**	**good** (গুড্)	**boy**

বাক্যের এই বিভিন্ন পার্ট্-কে বলা হয় **Parts of** স্পীচ্।

কয়েক প্রকার Parts of Speech আছে :


Parts of স্পীচ্
Noun (নাউন্ - বিশেষ্য)
Pronoun (প্রোনাউন্ - সর্বনাম)
Verb (ভার্ব্ - ক্রিয়া)
(অ্যাড্ভার্ব্) Adverb
Adjective (অ্যা-জেক্টিভ্ - বিশেষণ)
Conjunction (সংযোজক অব্যয়)
আর্টিকেল্ (a, an, the)
(প্রি-পো-যিশন্)
(ইন্ঠারজেকশন্)

বাক্য দিয়ে পার্‌ট্‌স্‌ অফ্‌ স্পীচ্‌ শেখা যাক

1.

সোহাগ	হলো	একজন	খুব	ভালো	ছাত্র
সোহাগ	ইয্‌	আ	ভেরি	গুড্‌	স্টুডেন্ট
Sohag	**is**	**a**	**very**	**good**	**student**
noun	***verb***	***article***	***adverb***	***adjective***	***noun***
বিশেষ্য	ক্রিয়া				

বুঝলে সোজা, পড়তে মজা।

প্রশ্ন থাকলে sms করো:
01404 43 20 03
(আব্দুল মাতিন স্যার)

যিনি	বাস	করেন	ঢাকায়।
হু	লিভস্‌	ইন্‌	ঢাকা
who	**lives**	**in**	**Dhaka.**
pronoun	***verb***	***preposition***	***noun***

পুরো বাক্য: Sohag is a very good student who lives in Dhaka.

2.

বাহ্‌	!	কি	একটা	মেধাবী	ছাত্র	!
ওয়াও	!	হোয়াট্‌	আ	ব্রিলিয়ান্ট	স্টুডেন্ট	!
Wow	!	What	a	brilliant	student	!
interjection				অ্যাজেকটিভ্‌		

আবেগ প্রকাশক শব্দ

Chapter-03 Adjective (এ্যাজেক্টিভ্ = বিশেষণ)

আক্ষরিক বাংলা	পুরো আসল sentence	সাবলীল বাংলা
01. বই হলো সস্তা	= Book is ***cheap*** (চীপ্ - সস্তা)	= বই সস্তা ।
02. এটি হলো দামী	= This is ***costly*** (কস্ট্লি - দামী)	= এটা দামী ।
03. এটি হলো নিকটে	= This is ***close*** (খ্লোঔয্ - নিকটে)	= এটা নিকটে ।
04. এটি হলো ঠান্ডা	= This is ***cold*** (খৌল্ড - ঠান্ডা)	= এটা ঠান্ডা ।
05. নদী হলো গভীর	= River is ***deep*** (ডীপ্ - গভীর)	= নদী গভীর ।
06. এটি হলো অগভীর	= This is ***shallow*** (শ্যালৌ - অগভীর)	= এটা অগভীর ।
07. এটি হলো নরম	= This is ***soft*** (সফ্ট্ - নরম)	= এটা নরম ।
08. এটি হলো ছোট	= This is ***small*** (স্মল্ - ছোট)	= এটা ছোট ।
09. এটি হলো শক্ত	= This is ***strong*** (স্ট্রং - শক্ত)	= এটা শক্ত ।
10. এটি হলো নিখুঁত	= This is ***fine*** (ফাই্ন্ - নিখুঁত)	= এটা নিখুঁত ।
11. এটি হলো শুষ্ক	= This is ***dry*** (ড্রাই্ - শুষ্ক)	= এটা শুষ্ক ।
12. এটি হলো ভেজা	= This is ***wet*** (ওয়েট্ - ভেজা)	= এটা ভেজা ।
13. এটি হলো সহজ	= This is ***easy*** (ঈযি - সহজ)	= এটা সহজ ।
14. এটি হলো ভারী	= This is ***heavy*** (হেভী - ভারী)	= এটা ভারী ।
15. এটি হলো পুরাতন	= This is ***old*** (ঔল্ড্ - পুরাতন)	= এটা পুরাতন ।
16. এটি হলো খারাপ	= This is ***bad*** (ব্যাড্ - খারাপ)	= এটা খারাপ ।
17. সূর্য হলো দূরে	= The sun is ***far*** (ফার্ - দূরে)	= সূর্য দূরে ।
18. এটি হলো ছোট	= This is ***little*** (লিঠেল্ - ছোট)	= এটা ছোট ।
19. এটি হলো সুন্দর	= This is ***nice*** (নাই্স্ - সুন্দর)	= এটা সুন্দর ।
20. এটি হলো নোংরা	= This is ***dirty*** (ডার্ঠি - নোংরা)	= এটা নোংরা ।
21. রুম হলো পরিষ্কার	= Room is ***clean*** (খ্লীন্ - পরিষ্কার)	= রুম পরিষ্কার ।

বাকা অক্ষরে কালো word-গুলো হলো Adjective

বাক্যের অর্থ বুঝে এভাবে শিখলে সহজে মনে থাকে।

ব্রিটিশ ইংলিশ, না, আমেরিকান ইংলিশ, এটা নিয়ে ভাবার দরকার নাই

বাকা অক্ষরের word-গুলো হলো adjective

পুরো Sentence	আক্ষরিক বাংলা	সাবলীল বাংলা
01. He is ***brave*** (ব্রেইভ্ - সাহসী)	= সে হলো **সাহসী**	= সে সাহসী ।
02. Messi is ***fast*** (ফাস্ট - দ্রুত)	= মেসি হলো **দ্রুত**	= মেসি দ্রুত ।
03. He is ***slow*** (স্লোউ - ধীর)	= সে হলো **ধীর**	= সে নিস্তেজ ।
04. He is ***large*** (লারজ্ - বড়)	= সে হলো **বড়**	= সে বড় ।
05. He is ***light*** (লাইট্ - হালকা)	= সে হলো **হালকা**	= সে হালকা ।
06. He is ***noble*** (নোবল্ - মহৎ)	= সে হলো **মহৎ**	= সে মহৎ ।
07. He is ***rich*** (রিচ্ - ধনী)	= সে হলো **ধনী**	= সে ধনী ।
08. He is ***poor*** (পুওর্ - গরিব)	= সে হলো **গরিব**	= সে গরিব ।
09. He is ***short*** (শরট্ - খাটো)	= সে হলো **খাটো**	= সে খাটো ।
10. He is ***tall*** (ঠঅল্ - লম্বা)	= সে হলো **লম্বা**	= সে লম্বা ।
11. He is ***wise*** (ওয়াইয্ - জ্ঞানী)	= সে হলো **জ্ঞানী**	= সে জ্ঞানী ।
12. He is ***fit*** (ফিট্ - উপযুক্ত)	= সে হলো **উপযুক্ত**	= সে উপযূক্ত ।
13. He is ***fat*** (ফ্যাট্ - মোটা)	= সে হলো **মোটা**	= সে মোটা ।
14. He is ***thin*** (থিন্ - পাতলা)	= সে হলো **পাতলা**	= সে পাতলা ।
15. He is ***happy*** (হ্যাপি - সুখী)	= সে হলো **সুখী**	= সে সুখী ।
16. He is ***sad*** (স্যাড্ - মনমরা)	= সে হলো **মনমরা**	= সে মনমরা ।
17. He is ***busy*** (বিযি - ব্যস্ত)	= সে হলো **ব্যস্ত**	= সে ব্যস্ত ।
18. He is ***lazy*** (লেইযি - অলস)	= সে হলো **অলস**	= সে অলস ।
19. He is ***good*** (গুড - ভাল)	= সে হলো **ভাল**	= সে ভাল ।
20. He is ***nice*** (নাইস্ - সুন্দর)	= সে হলো **সুন্দর**	= সে সুন্দর ।
21. He is ***ugly*** (আগ্‌লী - কুৎসিত)	= সে হলো **বিশ্রী**	= সে বিশ্রী ।
22. Baby is ***weak*** (উইক্ - দুর্বল)	= শিশু হলো **দুর্বল**	= শিশু দুর্বল ।
23. He is ***young*** (ইয়াং - তরুণ)	= সে হলো **তরুণ**	= সে তরুণ ।

এভাবে বাক্য দিয়ে ইংলিশ শিখতে হয়

ইংরেজি শেখার সহজতম পদ্ধতি হলো এই বই !

বাক্য দিয়ে আরো Adjective প্র্যাক্‌টিস্ করা যাক

01. He is a **brave** (ব্রেইভ্) boy. { সে একটি **সাহসী** ছেলে।}
02. He has a **red** shirt. { তার আছে একটি লাল **শার্ট**।}
03. This house has **five** (ফাইভ্) rooms. { এই বাড়িটিতে আছে **পাঁচটি** রুম।}
04. He is a **kind** (খাইনড্) man. { তিনি হলেন একজন **দয়ালু** লোক।}

উপরে *brave* বা **সাহসী** দ্বারা কেমন বালক, তা বর্ণনা করা হয়েছে;
red দ্বারা কী রংয়ের শার্ট, তা জানানো হলো;
five দ্বারা রুমের সংখ্যা বুঝানো হয়েছে এবং *kind* দ্বারা লোকের গুণ বুঝানো হয়েছে।
এই *good, red, blue, five, honest* (= অনেস্ট) শব্দগুলোকে বলে Adjective।

তার মানে, দোষ, গুণ, সংখ্যা, অবস্থা ও পরিমাণ প্রকাশ করে যে word, তাকে **Adjective** বলে।

Adjective-এর আরো উদাহরণ

Size	type of hair	রঙ	noun
↓	↓	↓	↓
Long (লং)	**curly** (কার্‌লি)	**black** (ব্ল্যাক)	**hair** (হেয়ার্)!
(দীর্ঘ)	(কোঁকড়ানো)	(কালো)	(চুল)

Adjective সম্পর্কে কিছু পুঁথিগত বিদ্যা

- **Adjective of quality**
- **Adjective of quantity**
- **Adjective of number**

Dhaka is a **large** city. { ঢাকা একটি বড় শহর।}; He is an **honest** man. { সে সৎ মানুষ। }

উপরের উদাহরণগুলোর *large* ও *honest* (অনেস্ট্) শব্দ দ্বারা ব্যক্তি ও স্থানের দোষ, গুণ, অবস্থা, বৈশিষ্ট্য প্রকাশ করছে বলে এই শব্দগুলো **Adjectives of Quality**।

এছাড়াও adjective-এর আরো প্রকার আছে যেমন: *Interrogative, demonstrative* ইত্যাদি।

সুখবর হলো, কোনো পরীক্ষাতে এগুলো আসে না। adjective-এর প্রকারভেদের নাম আমাদের দরকার নেই। **আমাদের দরকার 'কাম'** তথা, **শব্দের বাংলা অর্থ জানা ও বাক্যের অর্থ বোঝা।**

বাক্য দিয়ে *as + adjective + as*

পুরো আসল Sentence	আক্ষরিক বাংলা
01. She is as brave (ব্রেইভ্ - সাহসী) as you are brave. =	সে হলো অত সাহসী যতটা তুমি হলে সাহসী।
02. She is as fast (ফাস্ট - দ্রুত) as you are fast. =	সে হলো অত **দ্রুত** যতটা তুমি হও দ্রুত।
03. She is as great (গ্রেইট্ - মহান) as you are great. =	সে হলো অত **মহান** যতটা তুমি হও মহান।
04. She is as large (লারজ্ - বড়) as you are large. =	সে হলো অত **বড়** যতটা তুমি হও বড়।
05. She is as light (লাইট্ - হালকা) as you are light. =	সে হলো অত **হালকা** যতটা তুমি হও হালকা।
06. She is as noble (নোউ্বল্ - মহৎ) as you are noble. =	সে হলো অত **মহৎ** যতটা তুমি হও মহৎ।
07. She is as rich (রিচ্ - ধনী) as you are rich. =	সে হলো অত **ধনী** যতটা তুমি হও ধনী।
08. She is as short (শর্‌ট্ - খাটো) as you are short. =	সে হলো অত **খাটো** যতটা তুমি হও খাটো।
09. She is as tall (ঠঅ্ল্ - লম্বা) as you are tall. =	সে হলো অত **লম্বা** যতটা তুমি হও লম্বা।
10. She is as weak (উইক্ - দুর্বল) as you are weak. =	সে হলো অত **দুর্বল** যতটা তুমি হও দুর্বল।
11. She is as wise (ওয়াইয্ - জ্ঞানী) as you are wise. =	সে হলো অত **জ্ঞানী** যতটা তুমি হও জ্ঞানী।
12. She is as poor (পুওর্ - গরিব) as you are poor. =	সে হলো অত **গরিব** যতটা তুমি হও গরিব।
13. She is as fit (ফিট্ - উপযুক্ত) as you are fit. =	সে হলো অত **উপযুক্ত** যতটা তুমি হও উপযুক্ত।
14. She is as fat (ফ্যাট্ - মোটা) as you are fat. =	সে হলো অত **মোটা** যতটা তুমি হও মোটা।
15. She is as sad (স্যাড্ - মনমরা) as you are sad. =	সে হলো অত **মনমরা** যতটা তুমি হও মনমরা।
16. She is as thin (থিন্ - পাতলা) as you are thin. =	সে হলো অত **পাতলা** যতটা তুমি হও পাতলা।
17. She is as nice (নাইস্ - সুন্দর) as you are nice. =	সে হলো অত **সুন্দর** যতটা তুমি হও সুন্দর।
18. She is as busy (বিযি - ব্যস্ত) as you are busy. =	সে হলো অত **ব্যস্ত** যতটা তুমি হও ব্যস্ত।
19. She is as happy (হ্যাপি - সুখী) as you are happy. =	সে হলো অত **সুখী** যতটা তুমি হও সুখী।
20. She is as good (গুড - ভাল) as you are good. =	সে হলো অত **ভাল** যতটা তুমি হও ভাল।
21. She is as lazy (লেইযি - অলস) as you are lazy. =	সে হলো অত **অলস** যতটা তুমি হও অলস।
22. She is as ugly (আগ্‌লী - বিশ্রী) as you are ugly. =	সে হলো অত **বিশ্রী** যতটা তুমি হও বিশ্রী।
23. She is as young (ইয়াং - তরুণ) as you are young. =	সে হলো অত **তরুণ** যতটা তুমি হও তরুণ।

বুঝে বুঝে পড়বো,
পড়ে পড়ে বুঝবো !

you-এর পরে
are হয়।

পড়তে পড়তে শিখবো,
শিখতে শিখতে পড়বো !

she হলো একজন। তাই,
she-এর পরে ***is*** হয়।

(**you**-এর পরে ***are*** হলো)

আগের পড়াগুলো ভুলে গেলেও সমস্যা নেই ! পড়ে যেতে থাকো।

বাক্যে দিয়ে বিশেষণ (= অ্যাজেক্টিভ্)

1. Karim is as **industrious** as his uncle. {করিম হলো পরিশ্রমী তার চাচার মতই ।}
(ইন্-ডাস্-ট্রি-আস্) ←

2. Dhaka is **as big as** Tokyo. {ঢাকা হলো টোকিওর মত বড় ।}

3. He is not **as stupid as** he seems. {সে অতোটা বোকা নয় যতোটা তাকে মনে হয় ।}

পুরো আসল Sentence	সাবলীল বাংলা
01. She is as **brave** (ব্রেইভ্ - সাহসী) as you are brave.	= সে তোমার মতো সাহসী ।
02. She is as **fast** (ফাস্ট - দ্রুত) as you are fast.	= সে তোমার মতো দ্রুত ।
03. She is as **great** (গ্রেট্ - মহান) as you are great.	= সে তোমার মতো মহান ।
04. She is as **large** (লার্জ্ - বড়) as you are large.	= সে তোমার মতো বড় ।
05. She is as **light** (লাইট্ - হালকা) as you are light.	= সে তোমার মতো হালকা ।
06. She is as **noble** (নোঔবল্ - মহৎ) as you are noble.	= সে তোমার মতো মহৎ ।
07. She is as **rich** (রিচ্ - ধনী) as you are rich.	= সে তোমার মতো ধনী ।
08. She is as **short** (শর্ট্ - খাটো) as you are short.	= সে তোমার মতো খাটো ।
09. She is as **tall** (ঠল্ - লম্বা) as you are tall.	= সে তোমার মতো লম্বা ।
10. She is as **weak** (উইক্ - দুর্বল) as you are weak.	= সে তোমার মতো দুর্বল ।
11. She is as **wise** (ওয়াইয্ - জ্ঞানী) as you are wise.	= সে তোমার মতো জ্ঞানী ।
12. She is as **poor** (পুওর্ - গরিব) as you are poor.	= সে তোমার মতো গরিব ।
13. She is as **fit** (ফিট্ - উপযুক্ত) as you are fit.	= সে তোমার মতো উপযুক্ত ।
14. She is as **fat** (ফ্যাট্ - মোটা) as you are fat.	= সে তোমার মতো মোটা ।
15. She is as **sad** (স্যাড্ - মনমরা) as you are sad.	= সে তোমার মতো মনমরা ।
16. She is as **thin** (থিন্ - পাতলা) as you are thin.	= সে তোমার মতো পাতলা ।
17. She is as **nice** (নাইস্ - সুন্দর) as you are nice.	= সে তোমার মতো সুন্দর ।
18. She is as **busy** (বিযি - ব্যস্ত) as you are busy.	= সে তোমার মতো ব্যস্ত ।
19. She is as **happy** (হ্যাপি - সুখী) as you are happy.	= সে তোমার মতো সুখী ।
20. She is as **good** (গুড - ভাল) as you are good.	= সে তোমার মতো ভাল ।
21. Rana is as **lazy** (লেইযি - অলস) as Romi is lazy.	= রানা রমির মতো অলস ।
22. She is as **ugly** (আগ্লী - বিশ্রী) as you are ugly.	= সে তোমার মতো বিশ্রী ।

এই বই পড়া মানে স্যারের কাছে পড়া

পুরো আসল sentence | **আক্ষরিক বাংলা**

01. This is as cheap (চীপ্ - সস্তা) as that is cheap. = এটি হলো অত **সস্তা** যতটা ঐটা হলো সস্তা।

02. This is as close (ক্লোঔয্- কাছে) as that is close. = এটি হলো অত **কাছে** যতটা ঐটা হলো কাছে।

03. This is as cold (খোঔল্ড্ - ঠান্ডা) as that is cold. = এটি হলো অত **ঠান্ডা** যতটা ঐটা হলো ঠান্ডা।

04. This is as deep (ডীপ্ - গভীর) as that is deep. = এটি হলো অত **গভীর** যতটা ঐটা হলো গভীর।

05. This is as soft (সফ্ট্ - নরম) as that is soft. = এটি হলো অত **নরম** যতটা ঐটা হলো নরম।

06. This is as small (স্মল্ - ছোট) as that is small. = এটি হলো অত **ছোট** যতটা ঐটা হলো ছোট।

07. This is as fine (ফাইন্ - নিখুঁত) as that is fine. = এটি হলো অত **নিখুঁত** যতটা ঐটা হলো নিখুঁত।

08. This is as dry (ড্রাই - শুষ্ক) as that is dry. = এটি হলো অত **শুষ্ক** যতটা ঐটা হলো শুষ্ক।

09. This is as hard (হার্ড্ - কঠিন) as that is hard. = এটি হলো অত **কঠিন** যতটা ঐটা হলো কঠিন।

তোমার বুঝার সুবিধার জন্য
এই পৃষ্ঠার sentence-গুলো এবং
বাংলা বাক্যগুলো বিস্তারিত লেখা হয়েছে।

10. English is as easy (ঈযি - সহজ) as Bangla is easy. = ইংলিশ অত **সহজ** যতটা বাংলা সহজ ।

11. Iron is as heavy (হেভী - ভারী) as steel is heavy. = লোহা হলো অত **ভারী** যতটা ইসপাত হলো ভারী।

12. This is as old (ওল্ড - পুরাতন) as that is old. = এটি হলো অত **পুরাতন** যতটা ঐটা হলো পুরাতন।

13. This is as bad (ব্যাড্ - খারাপ) as that is bad. = এটি হলো অত **খারাপ** যতটা ঐটা হলো খারাপ ।

14. This is as far (ফার্ - দূরে) as that is far. = এটি হলো অত **দূরে** যতটা ঐটা হলো দূরে ।

15. This is as little (লিটল্ - নগণ্য) as that is little. = এটি হলো অত **নগণ্য** যতটা ঐটা হলো নগণ্য ।

16. This is as nice (নাইস্ - সুন্দর) as that is nice. = এটি হলো অত **সুন্দর** যতটা ঐটা হলো সুন্দর ।

17. This is as dirty (ডার্টি - নোংরা) as that is dirty. = এটি হলো অত **নোংরা** যতটা ঐটা হলো নোংরা ।

ঠিক আগের **page**-এর বাংলা বাক্যগুলো **বাস্তবে যেভাবে বলা হয়,** সেটা এই page-এ দেয়া হলো।

প্রচলিত English বাক্য | সাবলীল বাংলা অর্থ

01. Muri is as **cheap** (চীপ্ - সস্তা) as Chira. = মুড়ি হলো চিড়ার মতো সস্তা ।
02. This is as **close** (ক্লোওয্ - নিকটে) as that. = এটি হলো ঐটার মতো নিকটে ।
03. This is as **cold** (খোওল্ড্ - ঠান্ডা) as that. = এটি হলো ঐটার মতো ঠান্ডা ।
04. Meghna is as **deep** (ডীপ্ - গভীর) as Jomuna. = মেঘনা হলো যমুনার মতো গভীর ।
05. This is as **soft** (সফ্ট্ - নরম) as that. = এটি হলো ঐটার মতো নরম ।
06. This is as **small** (স্মল্ - ছোট) as that. = এটি হলো ঐটার মতো ছোট ।
07. Rana is as **weak** (উঈক্ - দুর্বল) as Rubel. = রানা হলো রুবেলের মতো দুর্বল ।
08. Jibryle is as **strong** (স্ট্রং - শক্তিশালী) as Mikyle. = জিবরাইল (আ.) হলেন মিকাইলের (আ.) মতো শক্তিশালী ।
09. This is as **fine** (ফাইন্ - নিখুঁত) as that. = এটি হলো ঐটার মতো নিখুঁত ।
10. This is as **dry** (ড্রাই্ - শুষ্ক) as that. = এটি হলো ঐটার মতো শুষ্ক ।
11. This is as **easy** (ঈযি - সহজ) as that. = এটি হলো ঐটার মতো সহজ ।
12. Iron is as **heavy** (হ্যাভী - ভারী) as steel. = লোহা হলো স্টীলের মতো ভারী ।
13. This is as **old** (ওল্ড - পুরাতন) as that. = এটি হলো ঐটার মতো পুরাতন ।
14. Feraun is as **bad** (ব্যাড্ - খারাপ) as Nomrud. = ফেরাউন হলো নমরুদের মতো খারাপ ।

English বাক্যগুলো
জোরে জোরে শব্দ করে পড়ো।

15. This is as **far** (ফার্ - দুরে) as that. = এটি হলো ঐটার মতো দূরে ।
16. This is as **little** (লিটেল্ - নগণ্য) as that. = এটি হলো ঐটার মতো নগণ্য ।
17. This is as **nice** (নাইস্ - সুন্দর) as that. = এটি হলো ঐটার মতো সুন্দর ।
18. This is as **dirty** (ডার্টি - নোংরা) as that. = এটি হলো ঐটার মতো নোংরা ।
19. This is as **clean** (ক্লীন্ - পরিচ্ছন্ন) as that. = এটি হলো ঐটার মতো পরিচ্ছন্ন ।
20. Pen is as **useful** (ইউয্ফুল্ - উপকারী) as pencil = কলম হলো পেনসিলের মতো উপকারী ।
21. This is as **splendid** (স্প্লেন্ডিড্ - চমৎকার) as that = এটি হলো ঐটার মতো চমৎকার ।
22. This is as **difficult** (ডিফিকাল্ট - কঠিন) as that = এটি হলো ঐটার মতো কঠিন ।
23. This is as **beautiful** (বিউঠিফুল্ - সুন্দর) as that = এটি হলো ঐটার মতো সুন্দর ।

বাক্যের অর্থ বুঝে Comparative Adjective শেখা যাক

পুরো আসল Sentence	আক্ষরিক বাংলা
01. Iron is cheaper (চীই্পার্ - আরো সস্তা) than gold.	= লোহা হলো আরো **সস্তা** সোনার চেয়ে
02. Moon is closer (খ্লোঔযার্ - আরো নিকটে) than sun.	= চাঁদ হলো আরো **নিকটে** সূর্যের চেয়ে
03. Ice is colder (খোঔল্ডার্ - আরো ঠান্ডা) than wood.	= বরফ হলো আরো **ঠান্ডা** কাঠের চেয়ে
04. Podda is deeper (ডীপার্ - আরো গভীর) than Jomuna.	= পদ্মা হলো আরো **গভীর** যমুনার চেয়ে
05. It is softer (সফ্ঠার্ - আরো নরম) than x.	= এটি হলো আরো **কোমল** x-এর চেয়ে
06. It is smaller (স্মলার্ - আরো ছোট) than x.	= এটি হলো আরো **ছোট** x-এর চেয়ে
07. It is stronger (স্ট্রংগার্ - আরো শক্ত) than x.	= এটি হলো আরো **শক্তিশালী** x-এর চেয়ে
08. It is finer (ফাই্নার্ - আরো সুন্দর) than x.	= এটি হলো আরো **সুন্দর** x-এর চেয়ে
09. It is drier (ড্রাই্য়ার্ - আরো শুষ্ক) than x.	= এটি হলো আরো **শুষ্ক** x-এর চেয়ে
10. It is easier (ঈযিয়ার্ - আরো সহজ) than x.	= এটি হলো আরো **সহজ** x-এর চেয়ে
11. It is heavier (হেভীয়ার্ - আরো ভারী) than x.	= এটি হলো আরো **ভারী** x-এর চেয়ে

পুরো আসল Sentence	সাবলীল বাংলা
01. It is cheaper (চিই্পার্ - আরো সস্তা) than that.	= এটি হলো ঐটার চেয়ে সস্তা
02. It is closer (খ্লোঔযার্ - আরো নিকটে) than that.	= এটি হলো ঐটার চেয়ে নিকটে
03. It is colder (খোঔল্ডার্ - আরো ঠান্ডা) than that.	= এটি হলো ঐটার চেয়ে ঠান্ডা
04. It is deeper (ডীপার্ - আরো গভীর) than that.	= এটি হলো ঐটার চেয়ে গভীর
05. It is softer (সফ্ঠার্ - আরো নরম) than that.	= এটি হলো ঐটার চেয়ে কোমল
06. Moon is smaller (স্মঅলার্ - আরো ছোট) than sun1.	= চাঁদ হলো সূর্যের চেয়ে ছোট
07. It is stronger (স্ট্রংগার্ - আরো শক্ত) than that.	= এটি হলো ঐটার চেয়ে শক্তিশালী
08. It is finer (ফাই্নার্ - আরো নিখুঁত) than that.	= এটি হলো ঐটার চেয়ে নিখুঁত
09. It is drier (ড্রাই্য়ার্ - আরো শুষ্ক) than that.	= এটি হলো ঐটার চেয়ে শুষ্ক
10. Bangla is easier (ঈযিয়ার্ - আরো সহজ) than math.	= বাংলা হলো গণিতের চেয়ে সহজ
11. Iron is heavier (হেভিয়ার্ - আরো ভারী) than sand. (আইরন)	= লোহা হলো বালির চেয়ে ভারী

খবরদার ! সেনঠেন্স্ মুখস্থ করিয়ো না ।

বাক্য দিয়ে **Comparative** (খমপ্যার‍্যাঠিভ্ = তুলনামূলক) **adjective**

পুরো আসল Sentence	আক্ষরিক বাংলা
01. He is **braver** (ব্রেইভার্ - সাহসী) than you.	= সে হলো আরো **সাহসী** তোমার চেয়ে
02. Car is **faster** (ফাসঠার্ - দ্রুত) than cow.	= গাড়ি হলো আরো **দ্রুত** গরুর চেয়ে
03. He is **greater** (গ্রেঠার্ - মহান) than you.	= সে হলো আরো **মহান** তোমার চেয়ে
04. He is **slower** (স্লোওঁয়ার্ - ধীরতর) than you.	= সে হলো আরো **ধীর** তোমার চেয়ে
05. Air is **lighter** (লাইঠার্ - হালকাতর) than water.	= বাতাস হলো আরো **হালকা** পানির চেয়ে
06. He is **nobler** (নোঔবলার্ - উদারতর) than you.	= সে হলো আরো **মহৎ** তোমার চেয়ে
07. He is **richer** (রিচার্ - ধনীতর) than you.	= সে হলো আরো **ধনী** তোমার চেয়ে
08. He is **shorter** (শর্‌ঠার্ - খাটো) than you.	= সে হলো আরো **খাটো** তোমার চেয়ে
09. Father is **taller** (ঠলার্ - লম্বা) than mother.	= বাবা হলো আরো **লম্বা** মায়ের চেয়ে
10. Japan is **weaker** (উঈখার্ - দুর্বলতর) than China.	= জাপান হলো আরো **দুর্বল** চায়নার চেয়ে
11. He is **wiser** (ওয়াইযার্ - জ্ঞানীতর) than you.	= সে হলো আরো **জ্ঞানী** তোমার চেয়ে
12. Son is **younger** (ইয়াংগার্ - তরুণ) than father.	= পুত্র হলো আরো **তরুণ** বাবার চেয়ে
13. Fox is **bigger** (বিগার্ - বৃহত্তর) than cat.	= শিয়াল হলো আরো **বড়** বিড়ালের চেয়ে
14. He is **fitter** (ফিঠার্ - যোগ্যতর) than you.	= সে হলো আরো **উপযুক্ত** তোমার চেয়ে
15. He is **fatter** (ফ্যাঠার্ - আরো মোটা) than you.	= সে হলো আরো **মোটা** তোমার চেয়ে
16. He is **sadder** (স্যাডার্ - আরো বিষন্ন) than you.	= সে হলো আরো **বিষন্ন** তোমার চেয়ে
17. Hair is **thinner** (থিনার্ - আরো চিকন) than rope.	= চুল হলো আরো **চিকন** দড়ির চেয়ে
18. He is **nicer** (নাইসার্ - সুন্দরতর) than you.	= সে হলো আরো **সুন্দর** তোমার চেয়ে
19. Bee is **busier** (বিযিয়ার্ - ব্যস্ততর) than frog.	= মৌমাছি হলো আরো **ব্যস্ত** ব্যাঙের চেয়ে
20. He is **happier** (হ্যাপিয়ার্ - আরো সুখী) than you.	= সে হলো আরো **সুখী** তোমার চেয়ে
21. Frog is **lazier** (লেইযিয়ার্ - অলস) than bee.	= ব্যাঙ হলো আরো **অলস** মৌমাছির চেয়ে
22. He is **uglier** (আগ্‌লিয়ার্ - বিশ্রীতর) than you.	= সে হলো আরো **বিশ্রী** তোমার চেয়ে
23. Nepal is **poorer** (পুওরার্ - আরো গরিব) than China.	= নেপাল হলো আরো **গরিব** চায়নার চেয়ে

He (= সে) মানে একজন। তাই, *is* হয়।

তোমার রিডিং দক্ষতা বাড়ছে; ফলে তোমার রাইঠিং দক্ষতা বাড়বেই

পুরো আসল Sentence | **সাবলীল বাংলা**

01. He is **braver** (ব্রেইভার্ - অধিক সাহসী) than you. = সে হলো তোমার চেয়ে সাহসী।
02. He is **faster** (ফাসঠার্ - অধিক দ্রুত) than you. = সে হলো তোমার চেয়ে দ্রুত।
03. He is **greater** (গ্রেঠার্ - অধিক মহান) than you. = সে হলো তোমার চেয়ে মহান।
04. He is **slower** (স্লোওয়ার্ - অধিক ধীর) than you. = সে হলো তোমার চেয়ে ধীর।
05. He is **nobler** (নোওবলার্- অধিক মহৎ) than you. = সে হলো তোমার চেয়ে মহৎ।
06. He is **richer** (রিচার্ - অধিক ধনী) than you. = সে হলো তোমার চেয়ে ধনী।
07. He is **shorter** (শর্ঠার্ - অধিক খাটো) than you. = সে হলো তোমার চেয়ে খাটো।
08. He is **taller** (ঠলার্ - অধিক লম্বা) than you. = সে হলো তোমার চেয়ে লম্বা।
09. Cat is **weaker** (উঈখার্ - অধিক দুর্বল) than lion. = বিড়াল হলো সিংহের চেয়ে দুর্বল।
10. He is **wiser** (ওয়াইযার্ - অধিক জ্ঞানী) than you. = সে হলো তোমার চেয়ে জ্ঞানী।

দেখাই যাচ্ছে,
এই **adjective**-গুলোর শেষে
r বা ***er*** যোগ করে
comparative বানানো হলো।

বাক্যের মধ্যে এইভাবে
বাংলা অর্থ বুঝে
comparative শিখলে
তোমার সহজেই মনে থাকবে।

11. He is **younger** (ইয়াংগার্ - অধিক তরুণ) than you. = সে হলো তোমার চেয়ে তরুণ।
12. Dhaka is **bigger** (বিগার্ - অধিক বড়) than Feni. = ঢাকা হলো ফেনীর চেয়ে বড়।
13. He is **fatter** (ফ্যাঠার্ - অধিক মোটা) than you. = সে হলো তোমার চেয়ে মোটা।
14. He is **sadder** (স্যাডার্ - অধিক বিষন্ন) than you. = সে হলো তোমার চেয়ে বিষন্ন।
15. He is **thinner** (থিনার্ - অধিক চিকন) than you. = সে হলো তোমার চেয়ে চিকন।
16. He is **nicer** (নাইসার্ - অধিক সুন্দর) than you. = সে হলো তোমার চেয়ে সুন্দর।
17. He is **busier** (বিযিয়ার্ - অধিক ব্যস্ত) than you. = সে হলো তোমার চেয়ে ব্যস্ত।
18. He is **happier** (হ্যাপিয়ার্ - অধিক সুখী) than you. = সে হলো তোমার চেয়ে সুখী।
19. He is **lazier** (লেইযিয়ার্- অধিক অলস) than you. = সে হলো তোমার চেয়ে অলস।
20. He is **poorer** (পুওরার্ - অধিক গরীব) than you. = সে হলো তোমার চেয়ে গরিব।

জোরে উচ্চারণ করে পড়ো, তোমারই লাভ হবে।

Degree of Adjective = বিশেষণের মাত্রা
(ডিগ্রি অফ্ অ্যাজেক্টিভ্)

1. Rubel is as **strong** (স্ট্রং - শক্তিশালী) as Rana.

(রুবেল হলো রানার মত শক্তিশালী।)

গ্রামারের ভাষায় *strong* (স্ট্রং) হলো এই বাক্যে **Positive** ডিগ্রী।

strong
শব্দটা হলো
Adjective

2. The boy is **stronger** (স্ট্রংগার) **than** the baby.

(বালকটি হলো আরো শক্তিশালী বাচ্চাটির চেয়ে।)

দ্বিতীয় বাক্যে দু'জন ব্যক্তির মধ্যে তুলনা হচ্ছে ; তাই ***stronger*** শব্দটি ব্যবহার হলো।

Compare (কম্পেয়ার্) মানে তুলনা করা। আর *comparative* (কম্প্যারাটিভ্) অর্থ তুলনামূলক।

∴ Comparative sentence হল তুলনামূলক বাক্য। যেমন:

stronger (স্ট্রংগার) হলো **Comparative** ডিগ্রী ।

Murad is **better than** Mamun. { মুরাদ হলো আরো ভালো মামুনের চেয়ে }
This answer **is better than** your answer. {এই উত্তর আরো ভাল তোমার উত্তরের চেয়ে }

উপরের বাক্যগুলো থেকে বুঝা যাচ্ছে,
Comparative degree দ্বারা দুই ব্যক্তি / বস্তুর মধ্যে তুলনা করা হয়।

3. The superman is **the strongest** (স্ট্রংগেস্ট - সবচেয়ে শক্তিশালী) of the three.

(*superman* হলো শক্তিশালীতম বা সবচেয়ে বেশি শক্তিশালী তিনজনের মধ্যে।)

তৃতীয় বাক্যে ৩ জনের মধ্যে তুলনা হচ্ছে ; তাই **Superlative** ডিগ্রী ***the strongest*** ব্যবহার হলো।

ঘুরে-ফিরে কথা একটাই:

সেন্‌ঠেন্‌সের অর্থ বুঝলেই যেকোনো পরীক্ষার ইংলিশে
A+ পাওয়া, য়েসে (essay), প্যারাগ্রাফ বানিয়ে লেখা,
ইংলিশে কথা বলা ও বক্তৃতা দেয়া
সবই সহজ হয়ে যাবে।

বাক্য দিয়ে superlative (সুপার্‌লেই্‌টিভ্‌ - চরমতম)

নিচের উদাহরণগুলো থেকে শেখা যাকঃ

(1) This is **the worst** (ওয়ার্‌স্‌ট্‌) day in my life. {এটি হলো সবচেয়ে খারাপ দিন আমার জীবনের।}

(2) Bill Gates is **the richest** man in the world. {বিল গেইটস হচ্ছেন সবচেয়ে ধনী ব্যক্তি দুনিয়াতে}

(3) 12th January was **the coldest** day in 2015. {১২ই জানুয়ারি ছিলো সবচেয়ে ঠান্ডা দিন ২০১৫-এ}

(4) Tokyo is the **most expensive** city in the world. {টোকিও হলো বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল শহর}

পুরো আসল Sentence | **সাবলীল বাংলা**

01. He is the **bravest** (ব্রেই্‌ভেস্‌ট্‌) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **সাহসী** ছেলে ।
02. He is the **fastest** (ফাস্‌ঠেস্‌ট্‌) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **দ্রুত** ছেলে ।
03. He is the **slowest** (স্লোউ্‌য়েস্‌ট্‌) boy in the team. = সে দলে সবচেয়ে **ধীর** ছেলে ।
04. He is the **noblest** (নোউ্‌বলেস্‌ট্‌) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **মহৎ** ছেলে ।
05. He is the **richest** (রিচেস্‌ট্‌) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **ধনী** ছেলে ।
06. He is the **tallest** (ঠলেস্‌ট্‌) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **লম্বা** ছেলে ।

English বাক্যগুলো
জোরে জোরে পড়ো !

তাহলে মুখের
জড়তা কেটে যাবে।

07. He is the **wisest** (ওয়াই্‌যেস্‌ট্‌) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **জ্ঞানী** ছেলে ।
08. He is the **biggest** (বিগেস্‌ট্‌) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **বড়** ছেলে ।
09. He is the **fittest** (ফিটেস্‌ট্‌) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **উপযুক্ত** ছেলে ।
10. He is the **fattest** (ফ্যাঠেস্‌ট্‌) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **মোটা** ছেলে ।
11. He is the **saddest** (স্যাডেস্‌ট্‌) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **অসুখী** ছেলে ।
12. Messi is the **best** (বেস্‌ট্‌) player in Argentina. = মেসি আর্জেন্টিনার সবচেয়ে **ভাল** প্লেয়ার।
13. He is the **poorest** (পুওরেস্‌ট্‌) boy in the class. = সে সবচেয়ে **গরিব** ছেলে ক্লাসে ।

বাক্যের অর্থ বুঝে Superlative Adjective শেখা যাক

01. Tea is the **cheapest** (চীপেস্ট্) drink. = চা সবচেয়ে সস্তা পানীয়
02. Moon is the **closest** (ক্লোঔ্‌যেস্ট্) satellite. = চাঁদ সবচেয়ে কাছের উপগ্রহ
03. Siberia is the **coldest** (খোঔ্‌ল্‌ডেস্ট্) area. = সাইবেরিয়া সবচেয়ে ঠান্ডা এলাকা
04. Pacific is the **deepest** (ডীপেস্ট্) ocean. = প্যাসিফিক হলো গভীরতম মহাসাগর
05. This is the **softest** (সফ্‌টেস্ট্) of all. = এটি সবচেয়ে কোমল সবগুলোর মধ্যে
06. This is the **smallest** (স্মলেস্ট্) of all. = এটি সবচেয়ে ছোট সবগুলোর মধ্যে
07. Heaven is the **finest** (ফাইনেস্ট্) place. = বেহেশত হলো সুন্দরতম জায়গা
08. This is the **oldest** (ওঔ্‌ল্‌ডেস্ট্) of all. = এটি সবচেয়ে পুরাতন সবগুলোর মধ্যে
09. This is the **farthest** (ফার্-দেস্ট্) of all. = এটি সবচেয়ে দূরে সবগুলোর মধ্যে
10. Hell is the **worst** (ওয়ার্স্ট্) place. = দোযখ হলো সবচেয়ে খারাপ জায়গা

শেষে y-যুক্ত একই ধরনের কয়েকটি Adjective

11. This is the **driest** (ড্রাই-য়েস্ট্) of all. = এটি সবচেয়ে শুষ্ক সবগুলোর মধ্যে
12. This is the **easiest** (ঈযি-য়েস্ট্) of all. = এটি সবচেয়ে সহজ সবগুলোর মধ্যে
13. Elephent is the **heaviest** (হেভি-য়েস্ট্) animal. = হাতি হলো ভারীতম জন্তু
14. He is the **happiest** (হ্যাপি-য়েস্ট্) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **সুখী** ছেলে
15. He is the **laziest** (লেই্-যি-য়েস্ট্) boy in the class. = সে ক্লাসে সবচেয়ে **অলস** ছেলে

এই adjective-গুলোর মধ্যে একটা মিল আছে : প্রত্যেকটির শেষ -y অক্ষরটি -

happy, lazy, ugly, busy, wealthy ।

দেখা যাচ্ছে, শেষে '**-y**' অক্ষরবিশিষ্ট শব্দকে superlative করার সময় **y**-এর বদলে **-iest** হয়। বাক্যগুলো অর্থ বুঝে দেখে দেখে লিখলে ও **জোরে জোরে পড়লে এগুলো তোমার মনে থাকবে।**

16. Devil is the **ugliest** (আগ্-লি-য়েস্ট্) creation. = শয়তান হলো **বিশ্রীতম** সৃষ্টি
17. He is the **busiest** (বিযি-য়েস্ট্) boy in the class. = সে ক্লাসে **ব্যস্ততম** ছেলে
18. Karun was the **wealthiest** (ওয়েল্‌থী-য়েস্ট্) man in his area. = কারুন ছিলো সবচেয়ে **ধনী** তার এলাকায়

More এবং most দিয়ে বাক্য

01. Rose is more **beautiful** than shapla. = গোলাপ হলো আরো বেশি সুন্দর শাপলার চেয়ে
02. Bed is more **comfortable** than sofa. = বিছানা হলো আরো বেশি আরামদায়ক সোফার চেয়ে
03. This is more **difficult** than that. = এটি হলো আরো বেশি কঠিন ঐটার চেয়ে
04. Eman is more **important** than money. = ঈমান হলো আরো বেশি গুরুত্বপূর্ণ অর্থের চেয়ে
05. This is more **splendid** than that. = এটি হলো আরো বেশি চমৎকার ঐটার চেয়ে
06. Water is more **useful** than wine. = পানি হলো আরো বেশি উপকারী মদের চেয়ে

উপরেরগুলোর Superlative দেয়া হলো নিচে

01. This is the most **beautiful** of all. = এটি সবচেয়ে বেশি সুন্দর সবগুলোর মধ্যে ।
02. This is the most **comfortable** of all. = এটি সবচেয়ে আরামদায়ক সবগুলোর মধ্যে ।
03. This is the most **difficult** of all. = এটি সবচেয়ে কঠিন সবগুলোর মধ্যে ।
04. This is the most **important** of all. = এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ সবগুলোর মধ্যে ।
05. This is the most **splendid** of all. = এটি সবচেয়ে চমৎকার সবগুলোর মধ্যে ।


(01) What a beautiful rose ! = কী সুন্দর গোলাপ !
(02) What a nice scenery it is! = কী সুন্দর একটা দৃশ্য এটি !
(03) How splendid it is ! = কতই না চমৎকার এটি !
(04) I can't believe we won ! = আমি বিশ্বাসই করতে পারছি না আমরা জিতেছি!
(05) What a fool you are ! = কী একটা বোকা তুমি !
(06) How hot the day is ! = কত গরম দিনটি !
(07) Oh ! I have lost my pen. = হায় ! আমি কলমটি হারিয়ে ফেলেছি ।
(08) Wow ! It's a beautiful day. = ওয়াও ! এটি একটি সুন্দর দিন ।
(09) Hurrah ! We have won the world cup. = হুররে ! আমরা জিতেছি বিশ্বকাপ ।

বিভিন্ন প্রকার Sentence

বাক্যের গঠনের উপর নির্ভর করে sentence-কে নিচের তিন প্রকারে ভাগ করা যায়:

01. Simple (সিম্‌পেল্), **02**. Compound (খম্‌পাউন্‌ড্) ও **03**. Complex (খমপ্লেক্‌স্)

উদাহরণের মাধ্যমে Simple বাক্য

আমরা সংজ্ঞা মুখস্থ করবো না। আমরা উদাহরণ দিয়ে শিখবো।

01. You and I **are** two close (ক্লোঔয্ - ঘনিষ্ঠ) friends.

{ তুমি ও আমি দুইজন ঘনিষ্ঠ বন্ধু }

উপরের বাক্যটি একটি পূর্ণাঙ্গ বাক্য। 'আমি যাই', 'আমি খাই' প্রভৃতিও সম্পূর্ণ বাক্য।

একটা verb-যুক্ত বাক্যকে simple sentence বলে।

পড়ে বুঝা যাচ্ছে, উপরে are হলো মূল verb। তাই, 01 হলো একটা simple বাক্য।

কিন্তু *If I eat* (যদি আমি খাই) বললে কথাটা শেষ হয় না। তাই *"If I eat"* হলো অসম্পূর্ণ বাক্য।

আরো কিছু simple বাক্য দেখা যাক

02. We depend (ডিপেন্‌ড্) on rice. { আমরা নির্ভর করি ভাতের উপর। }

03. We are dependent on rice. { আমরা হলাম নির্ভরশীল ভাতের উপর। }

04. We must eat to live. { আমরা অবশ্যই খাবো বেঁচে থাকার জন্য। }

05. Selim has no intention of eating. { সেলিমের নেই কোনো ইচ্ছা খাওয়ার। }

06. Tipu Sultan fought (ফঅ্‌ট্) bravely. { টিপু সুলতান লড়াই করেছিলেন সাহসিকতার সাথে। }

07. He rejected (রিজেক্‌ঠেড্) our proposals. { সে প্রত্যাখ্যান করেছিলো আমাদের প্রস্তাব। }

08. Australia is a big island (আইল্যান্‌ড্). { অস্ট্রেলিয়া হলো একটি বড় দ্বীপ। }

09. Because of world climate change, Royal Bengal Tigers are facing extinction

{ জলবায়ু পরিবর্তনের কারণে, রয়েল বেঙ্গল টাইগার সম্মুখীন হচ্ছে বিলুপ্তির। }

10. I forbade him, but he didn't give attention to my suggestion.

বাংলা অর্থ দিয়ে সমাধান

I forbade (ফর্‌বেইড্‌) *him* অর্থ আমি নিষেধ করেছিলাম তাকে।

এই কথাটা বললে আর কিছু বাকী থাকে না।

তাই, এটা হলো একটি পূর্ণাঙ্গ বাক্য বা simple sentence। ***but***-এর পরে আছে :

he didn't give attention to my suggestion.

(" সে দিলো না মনোযোগ আমার পরামর্শের প্রতি "।)

এটিও একটি পূর্ণাঙ্গ বাক্য। এ ধরনের দুটি পূর্ণাঙ্গ বাক্য তথা দুটি simple sentence

but, and, and so, hence, therefore,
yet, not, or else, or

প্রভৃতি দিয়ে যুক্ত হলে পুরো বাক্যকে গ্রামারের ভাষায় বলে **compound** বাক্য।

উপরের শব্দগুলো না বুঝে তোতা-পাখির মত মুখস্থ করার দরকার নেই ;
নিচের উদাহরণ ও ব্যাখ্যাগুলো মন দিয়ে পড়লে সবই মনে থাকবে।

I forbade him,	but	he did not pay attention to me.
(আমি **নিষেধ করেছিলাম** তাকে,	কিন্তু	সে মনোযোগ দেয়নি আমার প্রতি)
সম্পূর্ণ বাক্য		সম্পূর্ণ বাক্য
I forbade him	but	he did not listen to me.

11. Saif is ill, but he regularly comes to office.

সমাধান

Saif is ill অর্থাৎ, '*Saif* অসুস্থ' হলো একটি simple পূর্ণাঙ্গ বাক্য।

but-এর পরে আছে: *he regularly comes to office.* অর্থাৎ সে নিয়মিত অফিসে আসে।

এটিও একটি simple বাক্য।

এরকম দু'টি simple বাক্য *but* দ্বারা যুক্ত হওয়াতে

পূর্ণাঙ্গ বাক্যটিকে compound বাক্য বলে।

বাংলা অর্থ দিয়ে Complex বাক্য বুঝা যাক

12. I scolded him (আমি বকেছিলাম তাকে) as he did this. (যেহেতু সে করেছিল এটি)

(12)-এ প্রথমে আছে: *I scolded him* (আমি বকেছিলাম তাকে)। এটি একটি simple বাক্য। এর পর আছে: *as he did this* (যেহেতু সে করেছিল এটি)। এটি একটি অসম্পূর্ণ কথা, কেননা, "যেহেতু সে করেছিলো এটি" বললে কথাটা শেষ হয় না। তাই, *as he did this* হলো একটি নির্ভরশীল বাক্য। তার মানে,

(12) হলো = একটি স্বাধীন বাক্য + একটি অধীন বাক্য।

অতএব, 12 হলো একটি **complex** বাক্য।

এই
পৃষ্ঠার ব্যাখ্যা
তিন বার পড়ো

Complex শব্দটির বাংলা অর্থ হলো "জটিল"। আর জটিল জিনিস মানেই হলো পেচানো তথা ঘোর প্যাঁচ। যে সব ইংরেজি বাক্যে একটা পূর্ণাঙ্গ বাক্য এবং একটা অপূর্ণাঙ্গ বাক্য, তার মানে দু ধরনের বাক্য থাকে, সেসব বাক্যকে জটিল বা complex বাক্য বলে।

আরো complex বাক্যের উদাহরণ

i. I scolded him as he **lied**. (আমি বকেছিলাম তাকে যেহেতু সে মিথ্যা বলেছিল।)
ii. I scolded him as he **stole**. (আমি বকেছিলাম তাকে যেহেতু সে চুরি করেছিলো।)
iii. I scolded him as he **did** not do his homework.
{ আমি বকেছিলাম তাকে যেহেতু সে তার বাড়ির কাজ করেনি। }

as he did this অর্থাৎ, "যেহেতু সে করেছিলো এটি" বললে কথাটা শেষ হয় না, আরো কিছু বলার থাকে। এ রকম কিছু উদাহরণ নিচে দেয়া হলো:

i. **which was flying**	(যেটি উড়ছিল)
ii. **which are valuable**	(যেগুলো হলো মূল্যবান)
iii. **in which I live**	(যেটিতে আমি বাস করি,....)

এ ধরনের অসম্পূর্ণ কথা কোনো বাক্যে থাকলে, সেই বাক্যকে বলে complex বাক্য।

সুখবর

complex বাক্যের সংজ্ঞা কী? কোনো পরীক্ষাতেই এটা আসে না। এই page ও পরের page থেকে complex বাক্য ব্যাপারটা মন দিয়ে বুঝে নাও উদাহরণের মাধ্যমে।

Chapter-08

Noun (নাউন্ = নাম) শিখবো উদাহরণ (য়েগ্‌যাম্‌পল্) দিয়ে

০১. আব্দুল করিম পড়ে একটি বই।

(= পড়ে)

আব্দুল করিম রীড্‌স্ আ বুক = Abdul Karim reads a book.

ব্যক্তির নাম   *(verb)*   বই (= একটি বস্তুর নাম)

জিনিসগুলো
থিংস্
Things



ব্যক্তি
পার্‌সন্
Person

প্রাণী
এ্যানিমাল্
Animal

০২. গরু হলো একটি গৃহপালিত পশু।

খাউ্ ইয্ আ ডমেস্‌ঠিক্ এ্যানিমাল্ = Cow is a domestic animal.

গরু   প্রাণী

ফুল
ফ্লাউ্য়ার্
Flower

বাড়ি
হাউ্স্
House

জায়গা
প্লেইস্
Place

০৩. আমি বাস করি ঢাকায়।

আই্ লিভ্ ইন্ ঢাকা = I live in Dhaka.

ঢাকা (= একটি জায়গার নাম)

বাংলা অর্থ থেকেই
বুঝা যায় *live* হলো verb বা ক্রিয়া ।

বিভিন্ন নাম তথা নাউন্ দিয়ে বাক্য

04. ক্ষমা হলো একটি মহৎ গুণ।

ফর্-গিভ-নেস্

ফর্গিভ্নেস্ ইয্ আ গ্রেইট্ ভারচু = **Forgiveness is a great virtue.**

noun → ক্ষমা (= একটি গুণের নাম)

ভারচু = গুণ

05. বাংলাদেশ দল জিতেছিল খেলাটি।

noun

বাংলাদেশ ঠীম্ ওয়োন্ দা গেইম্ = **Bangladesh team won the game.**

বাংলাদেশ দল (ওয়োন্ = জিতেছিলো)

06. সড়ক দুর্ঘটনা হলো একটি বড় সমস্যা।

রোঔড্ অ্যাক্সিডেন্ট্ ইয্ আ বিগ্ প্রবলেম্ = **Road accident is a big problem.**

noun

সড়ক দুর্ঘটনা (= একটি ঘটনার নাম)

07. কম্পিউটার আমাদের সঙ্গী।

noun

খম্পিউ্ঠার ইয্ আওয়ার খম্প্যানি-অন্ = **Computer is our companion.**

কম্পিউটার হলো আমাদের সঙ্গী।

08. সোনা হলো একটা মূল্যবান জিনিস।

noun

গোঔল্ড ইয্ আ প্রেশাস্ থিং = **Gold is a precious thing.**

সোনা হলো একটা দামি জিনিস।

অ্যাজেকটিভ্ = বিশেষণ

noun

noun

09. চা একটি জনপ্রিয় পানীয়। ঠী ইয্ আ পোপিউলার্ ড্রিংক্

Tea is a popular drink.

চা পানীয়

10. সৌন্দর্য মুগ্ধ করে সবাইকে

বিউটি চার্‌ম্‌স্ অল্ = Beauty charms all.
↓
সৌন্দর্য (= একটি গুণের নাম)

আগের দুই পৃষ্ঠার

দাগ দেয়া শব্দগুলো হলো

গ্রামারের ভাষায় noun (নাউন্)।

এই উদাহরণগুলো থেকে বোঝা যায়,

যে শব্দ দ্বারা ব্যক্তি, বস্তু, উদ্ভিদ, প্রাণী, পদার্থ, স্থান, গুণ,

বা কোনো ঘটনার নাম বোঝায়, সেটা হলো নাউন্।

Noun-এর উদাহরণ

Computer, Facebook, Rakib, Rose (রোঔ্য্ = গোলাপ)



Rajshahi, Bangladesh, India, Apple, Tiger, Jackfruit ইত্যাদি।
(অ্যাপল্) (কাঁঠাল)

প্রোনাউন্ (= Pronoun) শিখবো সহজে

I	**he** (হি)	**it**	**you**
you	**she**	**we** (উয়ি)	

রানা হলো একজন ছাত্র = **Rana is a student.**

রানা পড়ে ৫ম শ্রেণিতে = **Rana reads in class five.**

রানা শিখে তার পড়া প্রতিদিন = **Rana learns his lesson daily.**
(লার্ন্স্)

উপরের *Rana* শব্দটি বার বার বলাতে বিরক্তিকর শুনাচ্ছে। কিন্তু যদি বলা হয়:

রানা হলো একজন ছাত্র = **Rana is a student.**

সে পড়ে পঞ্চম শ্রেণিতে = **He reads in class five.**

সে শিখে থাকে তার পড়া প্রতিদিন = **He learns his lessons daily.**

Rana শব্দটি বার বার ব্যবহার না করে, *Rana* শব্দের বদলে *he, his* (হিয়্) প্রভৃতি ব্যবহার করায় বাক্যগুলো পড়তে বিরক্তিকর লাগছে না।

He (হী = সে) ও *his* শব্দগুলো *Rana*-কে বুঝাচ্ছে।

he, his শব্দগুলোকে সর্বনাম বা প্রোনাউন্ (**Pronoun**) বলে।

[তার মানে, **Noun**-এর পরিবর্তে যে শব্দ বসে, তাকে **Pronoun** (সর্বনাম) বলে]

আর, *He* দিয়ে বুঝাচ্ছে *Rana*-কে। তার মানে,

'হি' *refer* (রেফার = কিছুর দিকে ইঙ্গিত করা) করছে বা বুঝাচ্ছে *Rana*-কে।

Chapter-09 GENDER (জেন্ডার্ - পুরুষ ও মহিলা)

বাক্য দিয়ে **Masculine** (ম্যাস্খিউ্লিন্ = পুরুষবাচক) এবং

Feminine (ফেমি-নিন্ = মহিলাবাচক) শেখা যাক:

01. পুরুষ-এর শেষে ess যোগ করে মহিলাবাচক করা হয়।

01. Female of **actor** (অ্যাক্ঠর্ - অভিনেতা) is **actress** (অ্যাক্ট্রেস্ - অভিনেত্রী) ।

02. Female of **prince** (প্রিন্স্ - রাজপুত্র) is **princess** (প্রিন্সেস্ - রাজকন্যা) ।

03. Female of **steward** (স্টেওয়ার্ড - খাদ্য পরিবেশনকারী) is **stewardess** (= খাদ্য পরিবেশনকারিণী) ।

04. Female of **heir** (য়েআর্ - উত্তরাধিকারী) is **heiress** (এআরেস্ - উত্তরাধিকারিনী) ।

এইভাবে বাক্য দিয়ে শিখলে
সহজে ইংরেজি শেখা যায় !

05. Female of **host** (হোঔস্ট্ - মেজবান) is **hostess** (হোঔস্ঠেস্ - মহিলা মেজবান) ।

06. Female of **lion** (লায়োন্ - সিংহ) is **lioness** (লায়োনেস্ - সিংহী) ।

07. Female of **priest** (প্রীস্ট - খ্রীস্টান পাদ্রী) is **priestess** (প্রীস্ঠেস্ - মহিলা পাদ্রী) ।

বাংলা অর্থ দিয়ে শেখাটাই হলো সহজতম টেকনিক

বিভিন্ন জন্তুর স্ত্রী-বাচক শব্দ

02. ভিন্ন শব্দ ব্যবহার করেঃ

01. Female of **boar** (বোর্ - শূকর) is **sow** (সোঔ্ - শূকরী) ।
02. Female of **boy** (বয় - ছেলে) is **girl** (গার্ল - মেয়ে) ।
03. Female of **buck** (বাক্ - হরিণ) is **doe** (ডোঔ্ - হরিণী) ।

প্রতিটা বাক্য দেখে দেখে জোরে পড়ো

04. Female of **Bull** (বুল্ - ষাঁড়) is **cow** (খাউ্ - গাভী) ।
05. Female of **Bullock** (বুলক্ - এঁড়ে বাছুর) is **heifer** (হেই্ফার্ - বকনা বাছুর) ।
06. Female of **Cock** (কক্ - মোরগ) is **hen** (হেন্ - মুরগি) ।
07. Female of **dog** (ডগ্ - কুকুর) is **bitch** (বিচ্ - কুকুরী) ।
08. Female of **drake** (ড্রেইক্ - পুরুষ পাতিহাঁস) is **Duck** (ডাক্ - স্ত্রী পাতিহাঁস) ।
09. Female of **Drone** (ড্রোঔন্ - পুরুষ মৌমাছি) is **Bee** (বী - স্ত্রী মৌমাছি) ।
10. Female of **fox** (ফক্স - খেঁকশিয়াল) is **vixen** (ভিক্সেন্ - খেঁকশিয়ালী) ।
11. Female of **Gander** (গ্যান্ডার্ - রাজহংস) is **goose** (গূয্ - রাজহংসী) ।
12. Female of **Ram** (র‍্যাম্ - ভেড়া) is **ewe** (ইউ্ - ভেড়ী) ।
13. Female of **Horse** (হর্স - ঘোড়া) is **mare** (মেআর্ - মেয়ে ঘোড়া) ।

বিভিন্ন মানুষের স্ত্রীবাচক শব্দ

14. Female of **King** (খিং - রাজা) is **Queen** (খুঈন্ - রাণী) ।
15. Female of **Lord** (লর্ড - সম্ভ্রান্ত পুরুষ) is **Lady** (লেই্ডী - সম্ভ্রান্ত মহিলা) ।
16. Female of **Widower** (উই্ডোওয়ার্ - বিপত্নীক) is **Widow** (উই্ডোঔ্ - বিধবা) ।
→ **(যেই পুরুষের স্ত্রী মারা গিয়েছে)**
17. Female of **Monk** (মংক্ - সন্ন্যাসী) is **Nun** (নান্ - সন্নাসিনী) ।
18. Female of **Nephew** (নেফিউ্ - ভাগ্নে) is **Niece** (নীস্ - ভাগ্নি) ।
19. Female of **sir** (স্যার - মহাশয়) is **Madam** (ম্যাডাম্ - ম্যাডাম) ।
20. Female of **Uncle** (আঙকল্ - চাচা) is **Aunt** (আন্ট্ - চাচী) ।
21. Female of **Wizard** (উইজার্ড্ - যাদুকর) is **Witch** (উইচ্ - যাদুকরী) ।
22. Female of **Bridegroom** (ব্রাইড্গ্রুম্ - বর) is **Bride** (ব্রাইড্ - কনে) ।
→ **(= মামা, ফুফা)**

খবরদার ! মুখস্থ না করে একটানা পড়ে যাও !

3.

1. Female of brother-in-law (শ্যালক) is sister-in-law (শ্যালিকা) ।
2. Female of father-in-law (শ্বশুর) is mother-in-law (শ্বাশুড়ী) ।
3. Female of Man-servant (চাকর) is Maid-servant (চাকরানী) ।
4. Female of Son-in-law (জামাতা) is Daughter-in-law (পুত্রবধূ) ।

প্রচলিত সব বইয়ে word দেয়া থাকে তালিকা আকারে।

তালিকা ধরে শব্দ মুখস্থ করলে

বেশি দিন মনে থাকে না।

এজন্যই এই বইয়ে বাক্য দিয়ে সব শেখানো হয়েছে।

1. Female of **fisherman** (ফিশার্ম্যান্ - জেলে) is **fisherwoman** (মহিলা জেলে) ।
2. Female of **grandfather** (গ্র্যান্ড্-ফাদার্ - দাদা) is **grandmother** (দাদী) ।
3. Female of **landlord** (ল্যান্ড-লর্ড - বাড়িওয়ালা) is **landlady** (ল্যান্ড-লেডি - বাড়িওয়ালী) ।
4. Female of **Milkman** (মিল্কম্যান্ - গোয়ালা) is **Milkmaid** (মীল্কমেইড্ - গোয়ালিনী) ।
5. Female of **Peacock** (পী-কক্ - ময়ুর) is **Pea-hen** (পী-হেন্ - ময়ুরী) ।



আরো কিছু পুরুষ ও মহিলা

6. Female of **step-brother** (সৎ ভাই) is **step-sister** (সৎ বোন)।
7. Female of **stag** (স্ট্যাগ্ - পুরুষ হরিণ) is **roe** (রৌ - মেয়ে হরিণ) ।
8. Female of **stallion** (স্ট্যালিয়ন্ - পুরুষ ঘোড়া) is **mare** (মেআর্ - মেয়ে ঘোড়া) ।

4. Common Gender (খমন জেন্ডার) ব্যাপারটা বোঝা যাক :

ইংরেজি **Cousin** (কাযন্) শব্দটার অর্থ হলো চাচাতো ভাই / বোন বা মামাতো ভাই / বোন বা ফুফা ভাই / বোন বা খালাতো ভাই / বোন। বাংলায় শিশু শব্দটা দিয়ে মেয়েকেও বুঝাতে পারে বা ছেলে বুঝাতে পারে, কারণ শিশু অর্থই হলো একটা বাচ্চা। বাচ্চাটা ছেলে বা মেয়ে যে কোনোটাই হতে পা এইভাবে ইংলিশে কতগুলো শব্দ আছে যেগুলো পুরুষ বা মহিলা যে কোনোটি বুঝাতে পারে। যেমন :

01.	**Baby**	(বেই্বি	- ছেলে বা মেয়ে শিশু)	।
02.	**Beggar**	(বেগার্	- ভিখারী / ভিখারিনী)	।
03.	**Enemy**	(য়েনেমি	- পুরুষ শত্রু / মহিলা শত্রু)	।
04.	**Bird**	(বার্ড্	- পাখী)	।
05.	**Cat**	(খ্যাট্	- বিড়াল)	।
06.	**Child**	(চাইল্ড্	- খোকা বা খুকী)	।
07.	**Citizen**	(সিটিযেন্	- পুরুষ / মহিলা নাগরিক)	।
08.	**Student**	(স্টূডেন্ট	- ছাত্র / ছাত্রী)	।
09.	**Lawyer**	(লই্য়্যার্	- আইনজীবী - পুরুষ / মহিলা)	।
10.	**Elephant**	(য়েলিফ্যান্ট	- হাতি)	।
11.	**Pig**	(পিগ্	- শূকর / শূকরী)	।
12.	**Fool**	(ফূল্	- বোকা)	।
13.	**Monarch**	(মনার্ক্	- রাজা / রানী)	।
14.	**Infant**	(ইন্ফ্যান্ট	- শিশু)	।
15.	**Person**	(পার্স্ন্	- পুরুষ বা স্ত্রীলোক)	।
16.	**Orphan**	(অর্ফ্যান্	- এতিম বালক / বালিকা)	।
17.	**Friend**	(ফ্রেন্ড	- বন্ধু / বান্ধবী)	।
18.	**Pupil**	(পিউ্পিল্	- ছাত্র-ছাত্রী)	।
19.	**Parent**	(প্যারেন্ট	- পিতা-মাতা)	।
20.	**Rat**	(র‍্যাট্	- ইঁদুর)	।
21.	**Fowl**	(ফাউ্ল্	- মোরগ / মুরগি)	।
22.	**Sheep**	(শীপ্	- ভেড়া / ভেড়ী)	।
23.	**Spouse**	(স্পাউ্স্	- স্বামী বা স্ত্রী)	।
24.	**Writer**	(রাই্ঠার্	- লেখক / লেখিকা)	।
25.	**Teacher**	(ঠীচার্	- শিক্ষক / শিক্ষিকা)	।

ঠান্ডা মাথায় একবার এখন বুঝে নিলে সারাজীবন মনে থাকবে।

5. কতিপয় কমন Gender-এর Masculine এবং Feminine রূপঃ

Common	**Masculine**	**Feminine**
Calf (খাফ্) - বাছুর	Bullock (বুলক্) - এঁড়ে বাছুর; বলদ	Heifer (হেই্ফার) - বকনা বাছুর
Child (চাইল্ড) - শিশু	Son (সান্) - পুত্র Boy (বয়্) - বালক	Girl (গার্ল) - বালিকা Daughter (ডঠার্) - কন্যা
Deer (ডিআর্) - হরিণ	Stag (স্ট্যাগ্) - পুরুষ হরিণ	Roe (রোঔ) - মেয়ে হরিণ
Fowl (ফাউল্) - যে কোনো পাখি	Cock (খক্) - মোরগ	Hen (হেন্) - মুরগি
Horse (হর্স) - ঘোড়া	Stallion (স্ট্যালিয়ন্) - পুরুষ ঘোড়া	Mare (মেআর্) - মেয়ে ঘোড়া
Monarch (মোনার্ক্) - রাজা/রানী	King (খিং) - রাজা	Queen (কুঈন্) - রানী
Parent (প্যারেন্ট) - পিতা বা মাতা	Father (ফাদার্) - পিতা	Mother (মাদার্) - মাতা
Person (পার্স্ন্) - ব্যক্তি	Man (ম্যান্) - পুরুষ	Woman (ওয়োম্যান্) - মহিলা
Pig (পিগ্) - শূকর	Boar (বোঅ্র্) - শূকর	Sow (সোঔ) - শূকরী
Servant (সার্ভেন্ট) - চাকর	Man-servant (ম্যান্-সার্ভেন্ট) - চাকর	Maid-servant (মেইড্-সার্ভেন্ট্) - চাকরানী
Sheep (শীপ্) - ভেড়া	Ram (র‍্যাম্) - পুরুষ ভেড়া	Ewe (ইউ) - ভেড়ী
Spouse (স্পাউস্) - স্বামী বা স্ত্রী	Husband (হায্ব্যান্ড্) - স্বামী	Wife (ওয়াই্ফ্) - স্ত্রী

অর্থ বুঝে Gender

(a) Father	(ফাদার্)	- বাবা	(b) Mother	(মাদার)	- মা
(c) Student	(স্টুডেন্ট)	- ছাত্র	(d) Book	(বুখ)	- বই

উদাহরণের মাধ্যমে শেখা যাক:

উপরে father (বাবা) শব্দটি পুরুষবাচক না স্ত্রীবাচক, এই প্রশ্ন করা হলে সবাই উত্তর দিবে father (বাবা) হলো একটি পুরুষবাচক শব্দ। গ্রামারের ভাষায় father হলো পুরুষবাচক শব্দ যার ইংরেজি হলো masculine (ম্যাস্-কিউ্লিন) gender।

(b)-তে mother (মা) শব্দটি স্ত্রীবাচক না পুরুষবাচক, এই প্রশ্ন করা হলে সবাই উত্তর দিবে mother (মা) শব্দটি দ্বারা একজন মহিলাকে বুঝায়। গ্রামারের ভাষায় মহিলাকে বলে স্ত্রীবাচক শব্দ যার ইংরেজি হলো feminine (ফেমিনিন) gender।

(c)-তে student (শিক্ষার্থী) শব্দটি দ্বারা ছেলেকেও বুঝায়, মেয়েকেও বুঝায়। গ্রামারের ভাষায় এই ধরনের শব্দকে বলে common (খমন্) gender।

(d)-তে book (বই) একটি জড় পদার্থ। এটা পুরুষবাচকও নয়, স্ত্রীবাচকও নয়। গ্রামারের ভাষায় এই ধরনের শব্দই হলো neuter (নিউ্টার্) gender।

তার মানে, ইংরেজি ভাষার শব্দগুলোকে পুরুষ বা স্ত্রী বা জড় পদার্থে শ্রেণিবিন্যাস করার জন্য বিভিন্ন gender-এ ভাগ করা হয়।

তার মানে, ইংরেজি Grammar-এ Gender চার প্রকার:

Student

(i)	Masculine Gender	(ম্যাস্খিউলিন্ জেন্ডার্)	- পুরুষবাচক শব্দ
(ii)	Feminine Gender	(ফেমিনিন্ জেন্ডার্)	- স্ত্রীবাচক শব্দ
(iii)	Common Gender	(খমন্ জেন্ডার্)	- উভয়বাচক শব্দ (পুরুষ / স্ত্রী)
(iv)	Neuter Gender	(নিউ্ঠার্ জেন্ডার্)	- নিরপেক্ষ শব্দ

Father

Transgender, LGBTQ প্রভৃতি পশ্চিমাজগতের কিছু মানসিক রোগী লোক বের করেছে যাদের মূল উদ্দেশ্য হলো পরিবার ব্যবস্থাকে দুনিয়া থেকে নির্মূল করা। এই ব্যাপারে সঠিক বিস্তারিত ও আসল তথ্য পেতে হলে যারা আল্লাহকে ভয় করে এমন গবেষকদের লেখা বই ও ফেইসবুক page পড়তে হবে। যেমন: Md. Sorowar Hossain 01963378441। তার লেখা একটা তথ্যবহুল বই হলো "সমতার আড়ালে সমকামিতার মিশন"।

প্রথমে নিজে চেষ্টা করো নিচেরগুলো বইয়ের শেষে **Answer** অধ্যায়ে উত্তর দেয়া আছে।

01. Which of the following is a feminine gender? **[DU অধিভুক্ত ৭ কলেজ: ভর্তি]**
A. Spinster B. Bachelor C. Duke D. Count

ব্যাখ্যা:

উপরের প্রশ্নটি solve করতে হলে অবশ্যই শব্দের অর্থ জানতে হবে।
যেমন: **Spinster** (স্পিন্‌স্‌টার্‌ = অবিবাহিত মেয়ে) হলো feminine। এটাই উত্তর।
Count ও **Duke** হলো নবাব উপাধির মতো ব্রিটিশ খেতাব।

02. Which one of the following is a masculine gender? **[জাবি 'H' ইউনিট: ভর্তি]**
A. doe B. wizard C. testatrix D. friend

03. What is the masculine gender of 'Mare'? **[রাবি 'E': ভর্তি; 34 তম BCS]**
A. Mermaid B. Dog C. Bear D. Stallion

04. The feminine gender of 'tiger' is- **[ইবি 'G' ইউনিট: ভর্তি]**
A. tigress B. tigren C. tigeri D. tigorian

05. The feminine gender of 'monk' is- **[ইবি 'G' ইউনিট: ভর্তি; রাবি 'E' ইউনিট: ভর্তি]**
A. monkey B. monke C. nun D. monkey

06. The feminine form of 'Prosecutor' is- **[কুবি 'B' ইউনিট: ভর্তি]**
A. Prosecutrix B. Prosecutress C. Prosecutora D. Prosecuter

07. Which one is masculine form? **[জাককানইবি 'D' ইউনিট: ভর্তি]**
A. Roe B. Mare C. Niece D. Drake

08. What is the masculine gender of 'Nun'? **[জাককানইবি 'D' ইউনিট: ভর্তি]**
A. Monck B. Monk C. Nan D. Nunce

09. Which of the following masculine :: feminine pair is incorrect? **[জাবি 'H': ভর্তি]**
A. swain :: nymph B. ram :: ewe C. tailor :: seamstress D. horse :: mare

10. 'Duchess' is feminine of- **[রাবি 'E' ইউনিট: ভর্তি]**
A. Dramatist B. Dutchman C. Duke D. Earl

11. Masculine gender of duck is- **[রাবি 'G' ইউনিট: ভর্তি]**
A. Drone B. Drake C. Buck D. Boar

12. Which one of the following is a neuter gender? **[পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ]**
A. student B. chairman C. vixen D. table

13. Which one of the following is a masculine gender? **[প্রতিরক্ষা মন্ত্রণালয় নিয়োগ]**
A. Stag B. Doe C. Roe D. Vixen

14. Which of the noun is used in the feminine form? **[প্রাইমারী সহকারী শিক্ষক: ভর্তি]**
A. anger B. time C. moon D. none

15. Which one of the following is a common gender? **[প্রাইমারী সহকারী শিক্ষক নিয়োগ]**
A. Teacher B. Book C. Boy D. Madam

16. A female 'administrator' is called – **[Sonali Bank Ltd. SO]**
A. an administratoress B. an administress C. an administratrix D. an administre

17. Which of the following is a neutral gender? **[Sonali Bank Ltd. Officer]**
A. Rooster B. Server C. Stallion D. Waiter

18. Which is the correct feminine gender of 'Nephew'? **[ICB]**
A. Niece B. Nice C. Nephews D. Nisei

19. Which of the following is a masculine gender? **[Sonali Bank Ltd. TO]**
A. mare B. duck C. deer D. buck

Chapter-10 সংখ্যা শিখবো বাংলা অর্থ বুঝে

1. Give me a pencil. (দাও আমাকে একটি পেন্সিল।)
2. Give me four pencil**s**. (দাও আমাকে চারটি পেন্সিল।)

লক্ষ্য করো

প্রথম বাক্যে *a pencil* (একটি পেন্সিল), তাই *pencil* লেখা হয়েছে। আর **দ্বিতীয়** বাক্যে *four pencils* (চারটি কলম), তাই *pencils* লেখা হয়েছে।

একের অধিক হওয়ায় *pencil* শব্দের শেষে *s* (য়েস্) হয়েছে।

Number দুই প্রকার। যথা :

বুঝে বুঝে পড়বো, পড়ে পড়ে বুঝবো

1. ***pen*** (= কলম), ***book, boy*** (বয়) এই শব্দগুলো দিয়ে একটি সংখ্যা বুঝায়। তার মানে, একটি সংখ্যা বুঝালে তাকে **singular** (সিংগুলার = একক সংখ্যা) বলে।

ছবির মাধ্যমে উদাহরণ



Singular (সিংগুলার্)
= একসংখ্যক



Plural (প্লুরাল্ = বহুসংখ্যক)

2. ***pens*** (= কলমগুলো), ***books*** (বুক্স্ = বইগুলো), ***women*** (উইমেন্ = মহিলাগুলো) এই শব্দগুলোর অর্থ থেকে বুঝা যায়, এগুলো একের অধিক সংখ্যা বুঝাচ্ছে। একের অধিক সংখ্যা বুঝালে **Plural** (প্লুরাল্) বলে।

A. Boys (বয়েয্) = বালকেরা । Bags (ব্যাগ্য্) = ব্যাগগুলো ।
Pens (পেন্স্) = কলমগুলো । Toys (ঠয়েয্) = খেলনাগুলো ।
Ants (অ্যান্ট্স্) = পিঁপড়াগুলো । Hens (হেন্য্) = মুরগিগুলো ।



উপরের উদাহরণগুলো থেকে দেখা যাচ্ছে,
'গুলো' বুঝাতে ***boy, pen*** প্রভৃতি শব্দের শেষে **'s'** যোগ হলো।

B. আরো কয়েকটি শব্দ শেখা যাক :

Buses (বাসেস্ = বাসগুলো)। Foxes (ফক্সেস্ = শিয়ালগুলো)।
Boxes (বক্সেস্ = বক্সগুলো)। Benches (বেন্চেস্ = বেঞ্চগুলো) ।
Asses (অ্যাসেস্ = গাধাগুলো)। Brushes (ব্রাশেস্ = ব্রাশগুলো) ।

উপরের উদাহরণগুলো থেকে দেখা যাচ্ছে,
'গুলো' বুঝাতে ***Bus, Bench*** প্রভৃতি শব্দের শেষে **'es'** হলো।

Plural ইংলিশে শব্দগুলো দেখে দেখে তিনবার লিখো।

C. The tomatoes (ঠমেই্ঠোও্য্ - টমেটোগুলো) are round (রাউন্ড্ = গোল).
The potatoes (পঠেই্ঠোও্য্- আলুগুলো) are small (স্মল্ = ছোট).
The photos (ফটোও্য্ - ফটোগুলো) are nice (নাই্স্ = সুন্দর).
The mangoes (ম্যাংগোও্য্ - আমগুলো) are tasty (ঠেই্স্ঠি = সুস্বাদু).
The cargoes (কার্গোও্য্ - মালগুলো) are heavy (হেভি = ভারী).



উপরের উদাহরণগুলো থেকে দেখা যাচ্ছে,
'গুলো' বুঝানোর জন্য **'es'** বা **'s'** যোগ হলো।

বাক্য দিয়ে plural (= প্লুরাল) শেখা যাক

1. Plural of **monarch** (মনার্ক্ - রাজা) is **monarchs** (রাজারা) ।
2. Plural of **stomach** (স্টমাক্ - পেট) is **stomachs** (পেটগুলো) ।

Note: উপরে Word-এর শেষে 'ch'-এর উচ্চারণ 'ক' হওয়াতে শুধু s যোগ করে **plural** করা হলো।

এই plural-গুলো এখনই
তিনবার করে লিখে ফেলো।
যেমন: **knives** ৩ বার লিখে ফেলো।
শব্দের শেষে 'fe থাকলে ves হবে'
এভাবে শিখলে মনে থাকবে না।

D. আরো কয়েকটি শব্দের plural শেখা যাক :

1. Plural of **calf** (খাফ্ - বাছুর) is **calves** (খাভ্য্ - বাছুরগুলো) ।
2. Plural of **half** (হাফ্ - অর্ধেক) is **halves** (হাভ্য্ - অর্ধেকাংশগুলো) ।
3. Plural of **leaf** (লীফ্ - পাতা) is **leaves** (লীভ্য্ - পাতাগুলো) ।
4. Plural of **knife** (নাইফ্ - ছুরি) is **knives** (নাইভ্য্ - ছুরিগুলো) ।
5. Plural of **life** (লাইফ্ - জীবন) is **lives** (লাইভ্য্ - জীবনগুলো) ।
6. Plural of **wife** (ওয়াইফ্ - স্ত্রী) is **wives** (ওআইভ্য্ - স্ত্রীরা) ।

উপরের উদাহরণগুলো থেকে দেখা যাচ্ছে ,

শব্দের শেষে f বা fe থাকলে, এগুলোর জায়গায় ves বসিয়ে Plural করা হয়।

E. 1. Plural of **ratio** (রেই্শিঔ্ - অনুপাত) is **ratios** (রেই্শিঔয্ - অনুপাতগুলো) ।
2. Plural of **radio** (রেইডিঔ্ - বেতার যন্ত্র) is **radios** (রেইডিঔয্ - বেতারযন্ত্রগুলো)।
3. Plural of **bamboo** (ব্যাম্বূ - বাঁশ) is **bamboos** (ব্যাম্বূয্ - বাঁশগুলো) ।
4. Plural of **cuckoo** (খুখু - কোকিল) is **cuckoos** (খুখুয্ - কোকিলগুলো) ।

উপরে দেখা গেলো শব্দের শেষে oo (= ডাবল 'ও') বা io (= আই্-ও) থাকলে শুধু s যোগ করে plural করতে হয়।

F. আরো কয়েকটি শব্দের **Plural** শেখা যাক :

1. Plural of **mouse** (মাউস্ - ইঁদুর) is **mice** (মাইস্ - ইঁদুরগুলো) ।
2. Plural of **woman** (ওম্যান্ - স্ত্রীলোক) is **women** (উইমেন্ - স্ত্রীলোকগুলো) ।
3. Plural of **louse** (লাউস্ - উকুন) is **lice** (লাইস্ - উকুনগুলো) ।
4. Plural of **foot** (ফূট্ - পা) is **feet** (ফীট্ - পাগুলো) ।
5. Plural of **tooth** (ঠুথ্ - দাঁত) is **teeth** (ঠীথ্ - দাঁতগুলো) ।
6. Plural of **goose** (গূয্ - রাজহংসী) is **geese** (গীয্ - রাজহংসীগুলো) ।
7. Plural of **man** (ম্যান্ - পুরুষ) is **men** (মেন্ - পুরুষগুলো) ।

[ম্যান-এর বহুসংখ্যক হলো মেন]

উপরের উদাহরণগুলো থেকে দেখা যাচ্ছে

শব্দের মাঝের e, o, u, a-তে পরিবর্তন করে **plural** করা যায়।

G. কতকগুলো **Noun**-এর শেষে **en, ren, ne** যোগ করে **plural** করতে হয় যেমন:

1. The plural of **ox** (অক্স - ষাঁড়) is oxen (অকযেন্ = ষাঁড়গুলো) ।
2. The plural of **child** (চাইল্ড্ - শিশু) is children (চিল্ড্রেন্) ।

H. নিচের শব্দগুলোতে **man**-এর পরিবর্তে **men** ব্যবহার করে **plural** করতে হয়। যেমন:

1. Plural of **fisherman** (ফিশার্-ম্যান্ - জেলে) is fishermen (জেলেরা) ।
2. Plural of **man-of-war** (ম্যান্-অব্-ওয়ার্ - রণতরী) is men-of-war (রণতরীগুলো) ।
3. Plural of **boatman** (বোওঠ্ম্যান্ - মাঝি) is boatmen (মাঝিরা) ।
4. Plural of **salesman** (সেলস্-ম্যান্ - বিক্রেতা) is salesmen (বিক্রেতারা) ।
5. Plural of **workman** (ওয়ার্কম্যান্ - শ্রমিক) is workmen (শ্রমিকরা) ।
6. Plural of **businessman** (বিয্নেস্ম্যান্ - ব্যবসায়ী) is businessmen (ব্যবসায়ীরা) ।
7. Plural of **gentleman** (জেন্ঠেল্ম্যান্ - ভদ্রলোক) is gentlemen (ভদ্রলোকগুলো) ।

“ পরীক্ষায় আসবেই ”

09. নিচের শব্দগুলোর প্রথম অংশের সাথে ‘s’ যোগ করে **plural** করা হয়। যেমন:

1. Plural of **brother-in-law** (ব্রাদার্-ইন্-ল - শ্যালক) is **brothers-in-law** (শালাগণ) ।
2. Plural of **father-in-law** (ফাদার্-ইন্-ল - শ্বশুর) is **fathers-in-law** (শ্বশুরগণ) ।
3. Plural of **passer-by** (পাসার্-বাই - পথিক) is **passers-by** (পথিকেরা) ।
4. Plural of **son-in-law** (সান্-ইন্-ল - জামাতা) is **sons-in-law** (জামাতারা) ।
5. Plural of **daughter-in-law** (ডঠার্-ইন্-ল = ছেলের বউ) is **daughters-in-law** (পুত্রবধূরা) ।

10. নিচের উদাহরণগুলোতে **s** যোগ করে **plural** করতে হয়। যেমন:

1. Plural of **pick-pocket** (পিক্-পকেট্ - পকেটমার) is **pick-pockets** ।
2. Plural of **book-case** (বুক্-কেইস্ - বইয়ের শেলফ) is **book-cases** ।
3. Plural of **dare-devil** (ডেআর্-ডেভিল্ - অতি সাহসী) is **dare-devils** ।
4. Plural of **major-general** (মেজর জেনারেল) is **major-generals** ।
5. Plural of **poet laureate** (পয়েট্ লরিয়েট্ - রাজকবি) is **poet laureates** ।
6. Plural of **stay-at-home** (স্টেই্-এ্যাট-হোঔম্ - ঘরকুনো) is **stay-at-homes** ।
7. Plural of **good-for-nothing** (গুঅড্-ফর্-নাথিং - অপদার্থ) is **good-for- nothings** ।

11. singular এবং plural উভয় হিসেবে ব্যবহৃত হয় এমন শব্দ :

☑ **jury** (জুরি - বিচারকমন্ডলী) শব্দটি পরিস্থিতিভেদে singular ও plural হতে পারে।

ভর্তি পরীক্ষা + সব চাকুরির পরীক্ষার জন্য অত্যন্ত important

The jury are divided in their opinions.

(জুরিরা বিভক্ত তাদের মতামতের ব্যাপারে।)

এই বাক্যে জুরিরা প্রত্যেকে ভিন্ন মত পোষণ করেছে, তাই এই বাক্যে jury হলো plural; তাই *are* হয়েছে। আবার,

The jury is in agreement in its decision (জুরি একমত হয়েছেন এটার সিদ্ধান্তে)

এই বাক্যে জুরিরা সম্মিলিতভাবে একটি সিদ্ধান্তের ব্যাপারে একমত, তাই এই বাক্যের jury হলো singular, তাই, *is* হয়েছে।

☑ The singular and plural number of **deer** (ডিয়ার্ - হরিণ) are the same.

যেমনঃ We hunt deer. (আমরা হরিণ শিকার করি।)
Deer **are** excellent jumpers. (হরিণরা খুব ভালো লাফ দিতে পারে।)

এই বাক্যে সকল হরিণদের গুণ বুঝানো হয়েছে। তাই **are** হয়েছে।

☑ The singular and the plural number of **sheep** (শীপ্ - ভেড়া) are the same.

The **sheep are** in the barn. (ভেড়াগুলি খামার ঘরে আছে।)
The **sheep is** in the barn. (ভেড়াটি খামার ঘরে আছে।)

12. নিচের শব্দগুলো **plural** হিসেবে ব্যবহৃত হয়। কারণ এগুলোর অর্থই হলো **plural**।

People (পীপ্ল্) = মানুষেরা
Cattle (খ্যাঠেল্) = গবাদি পশুগুলো
Poultry (পোওল্ট্রি) = হাঁস-মুরগি
Fry (ফ্রাই্) = মাছের পোনা

13. নিচের **noun**-গুলোর **plural** হয় না। **যেমনঃ Furniture** শব্দটি *plural* হয় না।

1. The word **furniture** (ফার্নিচার্ - আসবাবপত্র) has no plural.

Furniture বলে কোনো নির্দিষ্ট জিনিস দুনিয়াতে নাই। **Furniture** শব্দটি হলো একটি ব্যাপক শব্দ। যেমনঃ বাসা-বাড়িতে শোকেইয, চেয়ার, টেবিল, সোফা, আলমারি, ড্রেসিং টেবিল প্রভৃতি। সেই জন্য এই সব শব্দের plural হয়। এই সবগুলো শ্রেণির সম্মিলিত নাম হলো furniture। যেমনঃ দোকানে গিয়ে কেউ কিন্তু বলে না, আমাকে একটি furniture দেন। বরং নির্দিষ্ট করে ঐ আইটেম যেমন, আলমারি, সোফার কথা জিজ্ঞেসা করে।

এরকম আবহমান কাল ধরে information ও news শব্দ দুটির plural হয় না, কারণ এই দুটি শব্দ হলো গণ শব্দ। যেমন, বাস accident হয়েছে। এটি একটি তথ্য বা খবর। আবার অনেকগুলো accident হতে পারে। তাই accident-এর plural হয়। এভাবে বিভিন্ন ঘটনা হলো তথ্য বা খবর। তার মানে, information বা news হলো একটা গণ নাম। তাই news বা information-এর plural হয় না।

2. The word **poetry** (পয়েট্রি - কাব্য) has no plural.
3. The word **information** (ইনফর্মেইশন্ - তথ্য) has no plural.
4. The word **peasantry** (পীযান্ট্রি - কৃষক সম্প্রদায়) has no plural.
5. The word **air force** (য়েআর্ ফোর্স্ - বিমান-বাহিনী) has no plural.

“ মেডিকেলের পিছনে দৌড়িয়ে বেশিরভাগের ছালাও যায় কারণ ভর্তি পরীক্ষা দেয় ১ লাখ, সরকারি মেডিকেলে সিট মাত্র ৫ হাজার ”

14. কিছু শব্দের Singular এবং Plural-এর ব্যতিক্রমী রূপঃ

01. Plural of **alumnus** (অ্যালাম্নাস্ - প্রাক্তন ছাত্র) is **alumni** (অ্যালাম্নাই - প্রাক্তন ছাত্ররা)

02. Plural of **fungus** (ফাংগাস্ - ছত্রাক) is **fungi** (ফাংগি - ছত্রাকগুলো)

03. Plural of **radius** (রেইডিয়াস্ - বৃত্তের ব্যাসার্ধ) is **radii** (রেইডি-আই - ব্যাসার্ধগুলো)

04. Plural of **syllabus** (সিলেবাস্ - পাঠ্যক্রম) is **syllabi** (সিলেবাই - পাঠ্যক্রমসমূহ)

05. Plural of **datum** (ডেইঠাম্ - তথ্য) is **data** (ডেইঠা - তথ্যগুলো)

06. Plural of **erratum** (য়েরাঠাম্ - ছাপার ভুল) is **errata** (য়েরা্যাঠা - ভুলগুলো)

07. Plural of **agendum** (অ্যাজেন্ডাম্ - সভার আলোচ্যসূচি) is **agenda** (অ্যাজেন্ডা - আলোচ্যসূচিগুলো)

08. Plural of **ovum** (অউভাম্ - ডিম্বাণু) is **ova** (অউ্ভা - ডিম্বাণুগুলো)

09. Plural of **index** (ইন্ডেক্স - সূচিপত্র) is **indexes** (ইন্ডেক্সেস্ - সূচিপত্রগুলো)

10. Plural of **criterion** (খ্রাইঠেরিয়ন্ - মানদন্ড) is **criteria** (খ্রাইঠেরিয়া - মানদন্ডলো)

গল্পের মতো পড়ে যাও একটানা

11. Plural of **basis** (বেইসিস্ - ভিত্তি) is **bases** (বেইসেস্ - ভিত্তিগুলো)

12. Plural of **oasis** (ওয়েইসিস্ - মরুদ্যান) is **oases** (ওয়েই-সেস্ - মরুদ্যানগুলো)

13. Plural of **crisis** (খ্রাইসিস্ - সঙ্কট) is **crises** (খ্রাইসেস্ - সংকটগুলো)

14. Plural of **thesis** (থিসিস্ - প্রবন্ধ) is **theses** (থিসেস্ - প্রবন্ধগুলো)

15. Plural of **appendix** (অ্যাপেন্ডিক্স - পরিশিষ্ট) is **appendixes** (অ্যাপেন্ডিক্সেস্ - পরিশিষ্টগুলো)

16. Plural of **hypothesis** (হাইপোথেসিস্ - অনুমান) is **hypotheses** (হাইপোথেসেস্ - অনুমানগুলো)
(গবেষণার সময় বিজ্ঞানী শুরুতে যেই অনুমান করেন, সেটাকে হাইপোথিসিস বলে)

17. Plural of **curriculum** (খারিখিউলাম্ - পাঠ্যসূচি) is **curricula** (খারিকিউ্লা - পাঠ্যসূচিগুলো)

18. Plural of **phenomenon** (ফে-নো-মেনন - ঘটনা) is **phenomena** (ফে-নো-মেনা - ঘটনাগুলো)

Number নিয়ে বিভিন্ন পরীক্ষার প্রশ্ন প্রথমে নিজে নিজে চেষ্টা করো !

বইয়ের শেষে Answer অধ্যায়ে উত্তর দেয়া আছে।

01. Choose the plural number.
A. syllabus B. news C. physics D. agenda

ব্যাখ্যা

এটি হলো **plural number** বের করার প্রশ্ন। প্রথমে (A)-এর শব্দটি ***syllabus*** পড়লাম। এটির অর্থ "পাঠ্যক্রম" জানা আছে। তারপর (B)-এর ***news*** অর্থ সংবাদ। (C)-এর ***physics*** (পদার্থবিদ্যা) একটা বিদ্যার নাম। তাহলে বাকি থাকে (D)-এর ***agenda*** (= আলোচ্য সূচিগুলো)। এটিই plural শব্দ। ∴ উত্তর (D)।

02. Which of the following is a correct plural word?
A. agendum B. peasantry C. datum D. phenomena

03. What is the plural form of 'appendix'?
A. appendixe B. appendixs C. appendics D. appendices

04. The plural of 'dwarf' is–
A. dwarvs B. dwarfes C. dwark D. dwarfs

05. The plural of 'phenomenon' _?
A. phenomeni B. phenomenons C. phenomena D. phenomenia

06. Plural form of the word 'basis' is-
A. Basises B. Basies C. Bases D. Basiss

এগুলো বিভিন্ন ভর্তি পরীক্ষা ও জব পরীক্ষার প্রশ্ন

07. The plural of 'thesis' is-
A. thesises B. theses C. theseses D. none of the above

08. The plural of the word 'stimulus' is-
A. stimuluses B. stimulae C. stimuli D. None of the above

09. Which one is singular number?
A. data B. media C. criteria D. glass

10. The plural form of 'radius' is-
A. radic B. radii C. radiusis D. radiuses

11. 'Alumni' is the plural form of–
A. Alumnus B. Alummous C. Aluminus D. Aluminise

12. Choose the correct singular form.
A. corrigenda B. formulae C. oases D. radius

13. Identify the word in the plural form –
A. agendum B. physics C. Radii D. civics

14. Which of the following nouns is in plural form?
A. radius B. data C. medium D. oasis

“ ধৈর্য ধরে প্রথমে নিজে চেষ্টা করো নিচের প্রশ্নগুলো ”

15. What is the plural number of ‘ovum’?
A. ovams B. ovumes C. ovums D. ova

16. What is the plural form of the word ‘louse’?
A. louses B. lice C. lices D. licess

17. Which one of the following words is in singular form?
A. agenda B. oases C. radius D. formulae

18. Which of the following words is in plural form?
A. datum B. radius C. analysis D. media

19. Select the singular number.
A. pianos B. premises C. politics D. index

বিভিন্ন ভর্তি ও চাকুরির নিয়োগ পরীক্ষায় এগুলো এসেছিলো

20. Select the plural number.
A. index B. goose C. issue D. quarters

21. What is the plural of ‘criterion’ (ক্রাইঠেরিয়ন্)?
A. criterions B. criteria C. criteriones D. criterias

22. Which of the following is in plural form?
A. datum B. media C. analysis D. radius

23. The plural form ‘ox?
A. oxes B. oxen C. oxis D. bullock

24. The plural of ‘analysis’ is–
A. analyses B. analysies C. analysess D. analysis

“ মনে থাকে না” - এই দুশ্চিন্তা না
করে তুমি বুঝে বুঝে পড়তে থাকো।

25. The singular form of ‘data’ (ডেইঠা) is–
A. deta B. detum C. datam D. datum

26. What is the plural of ‘deer’?
A. deers B. deerese C. deeres D. deer

27. Choose the word which does not have a plural form-
A. mouse B. intension C. woman D. information

28. Identify singular number:
A. fungi B. agenda C. formula D. data

29. Which one is the singular of ‘leaves’ (পাতাগুলো)?
A. leafe B. leaf C. leav D. leave

30. Correct plural form of Half is: (= ‘*Half*’-এর সঠিক plural রূপ কোন্‌টি?)
A. halfs B. halffs C. halve D. halves

Chapter-11 বাংলা অর্থ দিয়ে Causative বাক্য

01. I **had** my photo taken = আমি আমার ফটো তুলিয়েছিলাম ।

02. I **had** my machine **fixed** = আমি আমার মেশিন মেরামত করিয়েছিলাম।

03. I **had** my hair cut = আমি আমার চুল কাটিয়েছিলাম । {ঢাবি}

04. I **had** my car **repaired** = আমি আমার গাড়ি মেরামত করিয়েছিলাম । {BSMRSTU}

05. I **had** my teeth **filled** = আমি আমার দাঁত ভরাট করিয়েছিলাম । {চবি}

06. I **had** my phone **repaired** = আমি আমার ফোন মেরামত করিয়েছিলাম । { খুবি (B) }

এই বাক্যগুলোতে অন্যকে দিয়ে কাজ করানো হচ্ছে।
সেজন্য এই বাক্যগুলো হলো
Causative (কজ্-যে-টিভ্ = ঘটানো) বাক্য।

07. I **had** my mail **sent** = আমি আমার মেইল পাঠিয়ে ছিলাম । {খুবি}

08. I **had** my computer **mended** = আমি আমার কম্পিউটার মেরামত করিয়েছিলাম। [37th BCS]

09. I **had** my eye **tested** = আমি আমার চোখ পরীক্ষা করিয়েছিলাম।

10. I **had** the door **opened** = আমি দরজাটি খোলালাম ।

11. I **had** my house **decorated** = আমি আমার বাড়ি সাজিয়ে নিয়েছিলাম।

12. I **had** my house **painted** = আমি আমার বাড়ি রং করিয়েছিলাম । {ইবি : 13-14}

জোরে জোরে পড়ো ও দেখে দেখে খাতায় লিখ

13. I **had** my letter **written** = আমি আমার চিঠি লিখিয়েছিলাম ।

14. I **had** the window **closed** = আমি জানালাটি বন্ধ করিয়েছিলাম ।

15. I **had** my room **cleaned** = আমি আমার রুম পরিষ্কার করিয়েছিলাম।

16. I **had** the notice read (রেড্) = আমি নোটিশটি পড়ালাম ।

17. I **had** my dress **designed** = আমি আমার জামা নকশা করিয়েছিলাম ।

এভাবে উদাহরণ দিয়ে শিখলে মনেও থাকবে; পরীক্ষায় সহজে solve-ও করতে পারবে !

উদাহরণগুলো থেকে **structure** পাওয়া গেলো = *had* + বস্তু + *past participle*
সুখবর হলো এই স্ট্রাকচার মুখস্থ করে লাভ নেই !

কযেটিভ বাক্য বানানোর জন্য কয়েকটি ক্রিয়া বা verb

01. cut (খাট্) = কাটা । cut (খাট্) = কাটিয়েছিল ।
02. send (সেন্ড্) = পাঠানো । sent (সেন্ট) = পাঠিয়েছিল ।
03. read (রীড্) = পড়া । read (রেড্) = পড়েছিল ।

07. write (রাইট্) = লেখা । wrote (রোওট্) = লিখেছিল ।
04. take (ঠেইখ্) = নেয়া । took (ঠুখ্) = নিয়েছিল ।
05. fill (ফিল্) = পূরণ করা । filled (ফিল্ড্) = পূরণ করেছিল ।
06. fix (ফিক্স) = মেরামত করা । fixed (ফিক্সড্) = মেরামত করেছিল ।
08. drive (ড্রাইভ) = চালানো । drove (ড্রোওভ্) = চালিয়েছিল ।
09. test (ঠেস্ট) = পরীক্ষা করা । tested (ঠেস্টেড্) = পরীক্ষা করেছিল ।
10. carry (খ্যারি) = বহন করা । carried (খ্যারিড্) = বহন করেছিল ।



11. load (লোউড্) = মাল বোঝাই করা । loaded (লোওডেড্) = মাল বোঝাই করেছিল ।
12. clean (খ্লীন্) = পরিষ্কার করা । cleaned (খ্লীনড্) = পরিষ্কার করেছিল ।
13. shave (শেইভ) = শেভ করা । shaved (শেইভড্) = শেভ করেছিল ।
14. repair (রিপেয়ার্) = মেরামত করা । repaired (রিপেয়ারড্) = মেরামত করেছিল ।
15. wash (ওয়াশ্) = ধোয়া । washed (ওয়াশড্) = ধুয়েছিলো ।
16. mend (মেনড্) = মেরামত করা । mended (মেনডেড্) = মেরামত করেছিল ।
17. paint (পেইনট্) = রং করা । painted (পেইনঠেড্) = রং করেছিল ।

নিচের বাক্যগুলো পড়লেই ইংলিশ শেখা হয়ে গেলো

01. They will have their job **done** = তারা তাদের কাজ করিয়ে নিবে ।
02. They will have their tickets **bought** = তারা তাদের টিকেটগুলো কিনিয়ে নিবে ।
03. They will have their houses **adorned** = তারা তাদের বাড়ি সাজিয়ে নিবে ।
04. They will have their dress **bought** = তারা তাদের জামা ক্রয় করাবে ।

বস্তু *past participle* (by their parents উহ্য আছে)

05. They will have their work **finished** = তারা তাদের কাজ শেষ করাবে ।
06. They will have their letters **mailed** = তারা তাদের চিঠিগুলো মেইল করাবে ।
07. They will have their report **typed** = তারা তাদের রিপোর্ট টাইপ করাবে ।
08. They will have their eyes **examined** = তারা তাদের চোখ পরীক্ষা করাবে ।
09. They will have their books **edited** = তারা তাদের বইগুলো সংশোধন করাবে ।
10. They will have their cat **groomed** = তারা তাদের বিড়ালকে পরিপাটি করাবে ।
11. They will have their hairs **trimmed** = তারা তাদের চুল কাট-ছাট করাবে ।

by the barber উহ্য আছে

কোনো না কোনো পরীক্ষাতে এগুলো আবার আসবে।

12. They will have their load **moved** = তারা তাদের বোঝা সরিয়ে নেবে ।
13. They will have their cloths **dyed** = তারা তাদের কাপড়গুলো রং করাবে ।
14. They will have their bags **carried** = তারা তাদের ব্যাগ বহন করাবে ।
15. They will have their tickets **collected** = তারা তাদের টিকেট সংগ্রহ করাবে ।
16. They will have their goods **discharged** = তারা তাদের পণ্য খালাস করাবে ।
17. They will have their shirts **sewn** = তারা তাদের শার্ট সেলাই করাবে ।
18. They will have their houses **renovated** = তারা তাদের বাড়ি সংস্কার করাবে ।
19. They will have their lawn **mowed** = তারা তাদের লন পরিষ্কার করাবে ।
20. They will have their books **proofread** = তারা তাদের বইগুলো সংশোধন করাবে ।
21. They will have their mobiles **recovered** = তারা তাদের মোবাইলগুলো উদ্ধার করাবে

বস্তু

by the police of Dhaka. → ঢাকার পুলিশ দ্বারা ।

বাংলা অর্থ বুঝে get দিয়ে বাক্য

01. I got the car repaired. = আমি গাড়িটি মেরামত করিয়েছিলাম ।
02. I got the tooth filled. = আমি দাঁতটি ভরাট করালাম ।
03. I got the dog fed by Rana. = আমি কুকুরটিকে খাইয়ে নিলাম রানাকে দিয়ে।
04. I got the car colored. = আমি গাড়িটি রঙ করালাম ।
05. I got the car checked. = আমি গাড়িটি পরীক্ষা করালাম ।
06. He got his hair cut by the barber. = সে তার চুল কাটালো নাপিতকে দিয়ে।
07. I got the car painted. = আমি গাড়িটি রং করালাম ।
08. I got the book written. = আমি বইটা লেখালাম ।
09. I got the car fixed. = আমি গাড়িটি মেরামত করালাম ।
10. I got the letter written by Opu. = আমি চিঠিটি লেখালাম অপুকে দিয়ে।
11. I got the glass cleaned. = আমি গ্লাসটি পরিষ্কার করালাম ।
12. I got the work done. = আমি কাজটি করালাম ।
13. He got the cloth washed. = সে কাপড় ধোয়ালো ।

এই page-এর উদাহরণগুলো থেকে ***structure*** পাওয়া গেলো :

Get / Got + বস্তু + V_3

I fed the cow. = আমি খাওয়ালাম গরুটিকে।
I got the cow fed. = আমি গরুটিকে খাওয়ানোর ব্যবস্থা করলাম।
{ তার মানে, আমি অন্য কাউকে দিয়ে গরুটিকে খাওয়ালাম।}

14. I got the door shut. = আমি দরজাটি বন্ধ করালাম ।
15. I got the toy bought. = আমি খেলনাটি কেনালাম ।
16. I got the math solved. = আমি অংকটি সমাধান করালাম ।
17. I got the work completed. = আমি কাজটি সম্পূর্ণ করালাম ।

এই ফর্মূলা মুখস্থ করে কোনো লাভ নেই।

বাক্য দিয়ে causative (কযেইঠিভ্)

ব্যক্তি মূল verb

01. He had her ***start*** his work. = সে তাকে দিয়ে তার কাজ **শুরু** করালো।

02. He had the peon ***buy*** his ticket. = সে পিয়নকে দিয়ে তার টিকেট **কেনালো**।

03. He had his sister ***bring*** his dress. = সে তার বোনকে দিয়ে তার জামা **আনালো**।

04. He had the guard ***collect*** his ticket. = সে গারড্‌কে দিয়ে তার টিকেট **সংগ্রহ** করালো।

05. He had the tailor ***sew*** his shirt. = সে দর্জিকে দিয়ে তার শার্ট **সেলাই** করালো।

06. He had you ***drive*** his car. = সে তোমাকে দিয়ে তার গাড়িটি **চালালো**।

ব্যক্তি

বাক্যগুলো দেখে দেখে একবার হলেও লিখো

07. He had a cobbler ***mend*** his shoes. = সে একজন মুচিকে দিয়ে তার জুতা **মেরামত** করলো।

08. He had a dentist ***fill*** his teeth. = সে ডেনটিস্টকে দিয়ে তার দাঁত **ভরাট** করালো।

09. He had the mason ***renovate*** his house. = সে রাজমিস্ত্রী দিয়ে তার বাড়িটি **সংস্কার** করালো।

10. He had a mechanic ***repair*** the car. = সে মেকানিককে দিয়ে গাড়িটি **মেরামত** করালো।

11. My mother had me ***bring*** oil. = আমার মা আমাকে দিয়ে তৈল আনালেন।

12. Kamal had the police ***recover*** his painting.
= কামাল পুলিশকে দিয়ে পুনরুদ্ধার করালো তার চিত্রকর্মটি।

13. He had Rana ***write*** an essay. = সে রানাকে দিয়ে একটি রচনা **লেখালো**।

14. He had Opu ***proofread*** his book. = সে অপুকে দিয়ে তার বইয়ের সংশোধন করালো।

15. Her brother had her ***do*** his homework = তার ভাই তাকে দিয়ে তার বাড়ির কাজ করালো।

16. The principal had his teachers ***plan*** their lessons.
= প্রিন্সিপ্যাল তার শিক্ষকদের দিয়ে লেসনগুলির প্ল্যান করিয়ে নিলেন।

17. The teacher had him ***sit*** for the test. = শিক্ষকটি বসিয়ে রাখলো তাকে পরীক্ষা দেয়ার জন্য।

ইংলিশে অনার্স করে কিন্তু এগুলো কিছুই শিখতে পারবে না

সিলেবাসে আছে নাকি, এই চিন্তা বাদ দিয়ে এই পৃষ্ঠাগুলো পড়ো।

ব্যক্তি

1. Abul **had** a **mechanic** **repair** his car.

করিয়েছিলো ব্যক্তি মূল শব্দ

বাক্যের অর্থ

(আবুল একজন **মেকানিককে দিয়ে** মেরামত **করিয়েছিলো** তার গাড়ি।)

2. I will **have** the **dentist** **fill** my tooth.

করাবো ব্যক্তি V_1

বাক্যের অর্থ

(আমি ***dentist*-কে** দিয়ে **ভরাট করাবো** আমার দাঁত।)

I **had** my **brother** **feed** the cow all week.

করিয়েছিলাম ব্যক্তি মূল শব্দ

(আমি আমার **ভাইকে দিয়ে** গরুটিকে **খাইয়েছিলাম** সারা সপ্তাহ।)

4. I **had** my **friend** **draw** the picture.

করালাম ব্যক্তি V_1

(আমি আমার **বন্ধুকে** দিয়ে **আঁকালাম** ছবিটি।)

বাক্যগুলো থেকে পাওয়া গেলো: (Have / had / has) + ব্যক্তি + V_1
এই structure দেয়া হলো ভেতো বাঙালির মনের শান্তির জন্য,
কারণ, স্ট্রাক্চার শিখে পরীক্ষায় ভালো করা যায় না !!

খবরদার, causative বাক্যগুলো মুখস্থ করিয়ো না, তিনবার করে পড়ো

01. I got him to **repair** it = আমি তাকে দিয়ে মেরামত করালাম এটি ।

02. I got him to **wash** it. = আমি তাকে দিয়ে ধোয়ালাম এটি ।

03. I got her to **do** it. = আমি তাকে দিয়ে করালাম এটি ।

04. I got her to **write** it. = আমি তাকে দিয়ে লেখালাম এটি ।

05. I got her to **clean** it. = আমি তাকে দিয়ে পরিষ্কার করালাম এটি ।

06. I got him to **submit** it. = আমি তাকে দিয়ে জমা দেয়ালাম এটি ।

07. I got her to **bake** (বেই্খ্) the bread. = আমি তাকে দিয়ে সেঁকালাম রুটিটি ।

08. I got him to **shut** the door. = আমি তাকে দিয়ে বন্ধ করালাম দরজাটি ।

09. I got him to **cook** the food. = আমি তাকে দিয়ে রান্না করালাম খাবারটি ।

10. I got him to **paint** the car. = আমি তাকে দিয়ে রং করালাম গাড়িটি ।

রুল মুখস্থ করে ইংলিশ শেখা যায় না

11. I got him to **check** the car. = আমি তাকে দিয়ে পরীক্ষা করালাম গাড়িটি ।

12. I got him to **catch** the fish. = আমি তাকে দিয়ে ধরালাম মাছটি ।

13. I got him to **cut** my hair. = আমি তাকে দিয়ে কাটালাম আমার চুল ।

14. I got him to **solve** the math. = আমি তাকে দিয়ে সমাধান করালাম অংকটি ।

15. I got him to **make** the cake. = আমি তাকে দিয়ে বানালাম কেকটি ।

16. I got him to **buy** the book. = আমি তাকে দিয়ে কেনালাম বইটি ।

কমপক্ষে একবার করে sentence-গুলো অন্য খাতায় লিখো

Causative-এর রুল মুখস্থ করা লাগে না এভাবে বাক্য দিয়ে শিখলে !

ব্যক্তি ↓ V_1 ↓

01. I made (মেইড্) him do this job. = আমি তাকে বাধ্য করলাম করতে এই কাজটি।

02. I made him do his homework. = আমি তাকে বাধ্য করলাম করতে হোমওয়ার্কটি।

03. I made him free the child. = আমি তাকে বাধ্য করলাম ছেড়ে দিতে শিশুটিকে।

04. I made him walk two miles. = আমি তাকে বাধ্য করলাম হাঁটতে দুই মাইল।

05. I made him listen (লিসেন) to it. = আমি তাকে বাধ্য করলাম শুনতে এটি।

06. I made him come in time. = আমি তাকে বাধ্য করলাম আসতে সময়মত।

07. I made him write it. = আমি তাকে বাধ্য করলাম লিখতে এটি।

08. I made him pay the bill. = আমি তাকে বাধ্য করলাম দিতে বিলটি।

09. I made her child take a nap. = আমি বাধ্য করলাম শিশুটিকে নিতে একটা অল্প ঘুম।

10. I make him work on Friday. = আমি তাকে বাধ্য করি কাজ করতে শুক্রবারে।

11. I make him take coffee. = আমি তাকে বাধ্য করি পান করতে কফি।

12. I make him walk with me. = আমি তাকে বাধ্য করি হাঁটতে আমার সাথে।

13. I made the cat climb the tree. = আমি বাধ্য করলাম বেড়ালটিকে বেয়ে উঠতে গাছটি।

স্ট্রাকচার মুখস্থ করে এক বিন্দুও লাভ নেই

মূল verb

14. I made him feed the cow. = আমি তাকে বাধ্য করলাম খাওয়াতে গরুটিকে।

15. I made him type the letter. = আমি তাকে বাধ্য করলাম টাইপ করতে চিঠিটি।

16. I made him clean the room. = আমি তাকে বাধ্য করলাম পরিষ্কার করতে রুমটি।

17. I made him wipe the floor.

= আমি তাকে বাধ্য করলাম মুছতে মেঝেটি।

“ ইংলিশে দক্ষ হওয়ার সহজ উপায় = এই বই খতম দাও ! ”

01. He ***let*** us ***go*** = তিনি দিলেন আমাদের **যেতে** ।

02. He let us ***sit*** = তিনি দিলেন আমাদের **বসতে** ।

03. He let us ***play*** = তিনি দিলেন আমাদের **খেলতে** ।

04. He let us ***enter*** = তিনি দিলেন আমাদের **ঢুকতে** ।

05. He let us ***come*** = তিনি দিলেন আমাদের **আসতে** ।

06. He let us ***write*** = তিনি দিলেন আমাদের **লিখতে** ।

07. He let us ***read*** = তিনি দিলেন আমাদের **পড়তে** ।

08. He let us ***leave*** (লীভ্) = তিনি দিলেন আমাদের **চলে যেতে** ।

09. He let us ***watch*** = তিনি দিলেন আমাদের **দেখতে** ।

10. He let us ***enjoy*** = তিনি দিলেন আমাদের **উপভোগ করতে** ।

11. He let him ***choose*** (চুয্) = তিনি দিলেন তাকে **বেছে নিতে** ।

এই পৃষ্ঠাটা এখনই পড়ে ফেলো।

এটাই হলো ইংলিশ শেখার একমাত্র, একমাত্র, একমাত্র সঠিক পদ্ধতি

12. He let me ***cook*** = তিনি দিলেন আমাকে **রান্না করতে** ।

13. She did not let me ***see*** = তিনি দিলেন না আমাকে **দেখতে** ।

14. She did not let me ***go*** = তিনি দিলেন না আমাকে **যেতে** দিলেন না ।

15. She did not let me ***choose*** = তিনি দিলেন না আমাকে **বেছে নিতে** দিলেন না ।

16. She did not let me ***play*** = তিনি দিলেন না আমাকে **খেলতে** দিলেন না ।

17. She did not let me ***enter*** = তিনি দিলেন না আমাকে **ঢুকতে** দিলেন না ।

18. She did not let me ***sleep*** = তিনি দিলেন না আমাকে **ঘুমাতে** দিলেন না ।

এই বইটা আসলে বাংলা রিডিং শেখারও বই

উচ্চারণ নিয়ে চিন্তা না করে কযেটিভের এই পৃষ্ঠা এখনই পড়ে ফেলো !

01. I helped him to repair the chair. = আমি সাহায্য করেছিলাম তাকে মেরামত করতে চেয়ারটি

02. I helped him to wash the shirt. = আমি সাহায্য করেছিলাম তাকে ধুইতে শার্টটি।

03. I helped her to do it. = আমি সাহায্য করেছিলাম তাকে করতে এটি।

04. I helped her to write it. = আমি সাহায্য করেছিলাম তাকে লিখতে এটি।

05. I helped her to clean it. = আমি সাহায্য করেছিলাম তাকে পরিষ্কার করতে এটি।

06. I helped him to submit it. = আমি সাহায্য করেছিলাম তাকে জমা দিতে এটি।

07. I helped her to bake the bread. = আমি সাহায্য করেছিলাম তাকে সেঁকতে রুটিটি ।

08. I helped him to shut the door. = আমি সাহায্য করেছিলাম তাকে বন্ধ করতে দরজাটি ।

09. I helped him to cook the food. = আমি সাহায্য করেছিলাম তাকে রান্না করতে খাবারটি ।

10. I helped him repair it = আমি সাহায্য করেছিলাম তাকে মেরামত করতে এটি।

11. I helped him wash it. = আমি সাহায্য করেছিলাম তাকে ধুইতে এটি।

12. I helped her do it. = আমি সাহায্য করেছিলাম তাকে করতে এটি।

13. I helped her write it. = আমি সাহায্য করেছিলাম তাকে লিখতে এটি।

14. I helped her clean it. = আমি সাহায্য করেছিলাম তাকে পরিষ্কার করতে এটি।

15. I helped him submit it. = আমি সাহায্য করেছিলাম তাকে জমা দিতে এটি।

16. I helped her bake the bread. = আমি সাহায্য করেছিলাম তাকে সেঁকতে রুটিটি ।

17. I helped him shut the door. = আমি সাহায্য করেছিলাম তাকে বন্ধ করতে দরজাটি ।

18. I helped him cook the food. = আমি সাহায্য করেছিলাম তাকে রান্না করতে খাবারটি ।

উপর থেকে বোঝা গেলো help-এর পর to ছাড়াও হয়

* **নিজে কোনো কিছু করা বুঝাতে।**

1. She had to shout to **make** herself **heard**. (তাকে চিৎকার করতে হয়েছিলে তার কথা শুনানোর জন্য। তার মানে, অন্যরা যাতে তার কথা শুনতে পায়, সেজন্য তাকে চিৎকার করে বা জোরে বলতে হয়েছিল।)

2. I can **make** myself **understood** in English. (আমি ইংরেজিতে নিজের কথা বুঝাতে পারি।)

3. They made themselves **known** to the minister. (তারা নিজেদের পরিচিত করিয়েছিল মন্ত্রীর কাছে।)

Chapter-12

বাক্য দিয়ে right ফর্ম্ of verb

Right (রাইট্) অর্থ সঠিক, *form* অর্থ রূপ, *of verb* মানে 'ক্রিয়ার'।

Right form of verb = ক্রিয়ার সঠিক রূপ।

A. Subject একজন বা একটি হলে **verb**-টি **am** বা **is** বা **was** হয়।

01. I **am** a student. = আমি হই একজন শিক্ষার্থী ।
02. I **am** a teacher. = আমি হই একজন শিক্ষক ।
03. I **am** a player. = আমি হই একজন খেলোয়াড় ।
04. I **am** a doctor. = আমি হই একজন ডাক্তার ।
05. I **was** a pilot. = আমি ছিলাম একজন পাইলট ।

এই বাক্যগুলো থেকে দেখা যাচ্ছে, **subject** যদি **একজন** হয় **verb**-টি **am** বা **is** বা **was** হয়।

বাংলা অর্থ বুঝে right form of verb শেখা যাক

06. I **was** a teacher. = আমি ছিলাম একজন শিক্ষক ।
07. He **was** a pilot. = সে ছিলো একজন পাইলট ।
08. She **is** my sister. = সে হলো আমার বোন ।
09. He **is** my friend. = সে হলো আমার বন্ধু ।
10. Fahad **was** your friend. = ফাহাদ ছিলো তোমার বন্ধু ।
11. Rubel **is** my brother. = রুবেল হলো আমার ভাই ।
12. Rana **is** my son. = রানা হলো আমার ছেলে ।

এই পৃষ্ঠার প্রতিটা বাক্য দুই বার করে জোরে জোরে পড়ো।

B. I, You, He / She, They-এর পর **verb**-এর রূপ ।

01. I **have** a pen. = আমার আছে একটি কলম ।
02. I **have** a book. = আমার আছে একটি বই ।
03. You **have** a pen. = তোমার আছে একটি কলম ।
04. You **have** a mango. = তোমাদের আছে একটি আম ।
05. You **were** a leader. = তুমি ছিলে একজন নেতা ।
06. You **were** a student. = তুমি ছিলে একজন ছাত্র ।

I-এর পরে *have* হলো।

07. You **are** a student. = তুমি হলে একজন ছাত্র ।
08. You **are** good students. = তোমরা হলে ভালো ছাত্র ।
09. He **has** a mobile. = তার আছে একটি মোবাইল।
10. She **has** a car. = তার আছে একটি গাড়ি ।

You-এর পরে *are, were, have* বসে।

He / She-এর পরে *has*।

11. They **have** a library. = তাদের আছে একটি লাইব্রেরি ।
12. They **have** a school. = তাদের আছে একটি স্কুল ।
13. They **were** members. = তারা ছিলো সদস্য ।
14. They **are** my friends. = তারা হলো আমার বন্ধু ।
15. They **are** honest. = তারা হলো সৎ ।

They-এর পরে *are*, *were*, *have* বসে।

C. The brave (ব্রেইভ্‌) অর্থ সাহসীরা, **The poor** অর্থ দরিদ্ররা, **The rich** অর্থ ধনীরা। তাই এগুলোর সাথে ***are, were, have*** হয়। বাক্য দিয়ে শেখা যাক :

01. The brave **are** winners. = সাহসীরা হলো বিজয়ী ।
02. The poor **need** help. = গরিবদের দরকার সাহায্য ।
03. The rich **are** not always happy. = ধনীরা সব সময় সুখী নয় ।

D. 01. They or their uncle **was** responsible for it. = তারা অথবা তাদের চাচা ছিলেন এটির জন্য দায়ী ।

ব্যাখ্যা: ***was***-এর কাছে আছে *their uncle*; মানে, একজন। তাই, ***was*** হলো।

02. She or they **were** responsible for it. = সে অথবা তারা ছিলো এটির জন্য দায়ী ।

ব্যাখ্যা: ***were***-এর কাছে আছে *they*; এই কারণে *were* হলো।

03. We or our leader **has** taken it. = আমরা অথবা আমাদের নেতা এটি নিয়েছেন ।
04. He or his friends **have** done this work. = সে অথবা তার বন্ধুরা এই কাজটি করেছে ।
05. Neither you nor **he is** responsible. = তুমি অথবা সে কেউই দায়ী নয় ।
06. Neither he nor his brothers **are** present. = সে কিংবা তার ভাইদের কেউই উপস্থিত নয় ।

or, nor, either ... or, neither ... nor, (নাই্‌দার্‌)
not only ... but also-এর ক্ষেত্রে
verb-এর একদম কাছে যে **subject** থাকে,
verb-টাও ঐ রকম হয়।

আরো উদাহরণ দেখা যাক:

(আইদার্‌)

07. Either the pen or the book **is** on the table. = হয় কলমটি অথবা বইটি টেবিলের উপর আছে ।
08. Either the pen or the books **are** on the table. = হয় কলমটি অথবা বইগুলি টেবিলের উপর আছে ।
09. Not only they but also she **has** done this. = শুধু তারা নয় সেও এটি করেছে।
10. Not only she but also they **have** done this. = শুধু সে-ই নয় তারাও এটি করেছে।
11. Not only Karim but also his friends **are** going there. = শুধু করিমই নয় তার বন্ধুরাও যাচ্ছে।

E. নিচের উদাহরণ দেখা যাক : **(have / are / were)** হয়। ('খারাপ' শব্দ হওয়াতে **I** আসলো শুরুতে)

01. You, he and I **are** close friends. = তুমি, সে এবং আমি হলাম ঘনিষ্ঠ বন্ধু ।
02. I, you and he **are** guilty. = আমি, তুমি এবং সে হলো অপরাধী ।
03. Rahim and Karim **have** done this. = রহিম এবং করিম ইহা করেছে ।

এখানে, *You, he and I* মিলে সাবজেক্ট্‌ হলো তিনজন। তাই, '*are*' ও '*have*' হয়েছে। *and* অর্থ হলো 'এবং'। সহজেই বুঝা যায় *and* (= এবং) দিয়ে যুক্ত হওয়াতে *subject*-টা অবশ্যই হয়ে যায় 'একাধিক'।

F. ***neither*** (নাইদার্‌ = দুই জনের কেউ না) এবং ***either*** (আইদার্‌ = দুই জনের মধ্যে একজন) শব্দগুলো দ্বারা একজন বুঝাচ্ছে বলে verb হবে ***is / has / was***।

One of ..., Each of ..., Neither of ..., Either of ... এর ব্যবহার।

☑ **01.** One of the boys **is** good. = ছেলেদের একজন হলো ভালো।

সমাধান

কে ভালো ? উত্তর: বালকদের একজন। একজন হওয়াতে *verb* হয়েছে '***is***'।

02. One of the doctors **is** specialist. = ডাক্তারদের একজন হলেন বিশেষজ্ঞ ।
03. One of the members **has** come. = সদস্যদের একজন এসেছে ।
04. Each of the players **was** absent. = খেলোয়াড়দের প্রত্যেকেই অনুপস্থিত ছিলো ।
05. Each of the girls **was** present. = বালিকাদের প্রত্যেকেই উপস্থিত ছিলো ।

ব্যাখ্যা কারা উপস্থিত ছিলো? উত্তর: বালিকাদের ***each*** বা প্রত্যেকেই।
তার মানে, একজন। তাই, '***was***' হয়েছে।

06. Neither of the drivers **is** responsible. = ড্রাইভার্‌ দু'জনের কেউই দায়ী নয় ।
(রেস্‌-পন্‌-সিবল্‌)
07. Neither of the farmers **has** gone. = কৃষক দু'জনের কেউই যায় নাই ।
08. Neither of them **has** done it. = তাদের দু'জনের কেউই এটি করেনি ।
09. Neither of the women **was** wounded. = মহিলা দু'জনের কেউই আহত হয়নি ।
10. Neither of the sellers **was** smart. = বিক্রেতা দু'জনের কেউই স্মার্ট নন ।
11. Neither of the speakers **was** present. = বক্তা দু'জনের কেউই উপস্থিত নন ।
12. Either of the boys **has** done this. = দু'জন বালকের একজন করেছে এটি ।
13. Either of the nurses **is** responsible. = দু'জন নার্সের একজন হলেন দায়ী ।
14. Either of the teachers **was** absent. = দু'জন শিক্ষকের একজন ছিলেন অনুপস্থিত ।
15. Either of the men **was** guilty. = দু'জন লোকের একজন ছিলো দোষী ।
16. Either of the guests **was** pleased. = দু'জন মেহমানের একজন ছিলেন সন্তুষ্ট ।
(প্লিয়ড্‌) (গিল্‌টি)

ওয়ান-third, থ্রী-fifths প্রভৃতির verb ....

G. Two-thirds, three-fifths, half প্রভৃতির পরে **'is'**-ও হতে পারে, **'are'**-ও হতে পারে।

(1) Two-thirds of the work **is** done. = কাজটির দুই তৃতীয়াংশ করা হয়েছে।

the work অর্থ হলো "কাজটি"।

তার মানে, একটা কাজ।

জোরে পড়লে স্পোকেন হয়ে গেলো

এই "একটা কাজ"-এর যত অংশই করা হোক, সেটাকে একটা হিসেবে ধরা হয়।

তাই *work*-এর *two-thirds*-ও হলো একটা। তাই বাক্যের মধ্যে 'is' হলো।

নিচের উদাহরণগুলো বুঝা যাক

(2) One-third of the roads **are** broken. = রাস্তাগুলোর এক-তৃতীয়াংশ হলো ভাঙ্গা।

Roads অর্থ রাস্তাগুলো। তার মানে, একের বেশি রাস্তা। আর রাস্তা গণনা করা যায়।

অতএব রাস্তাগুলোর এক-তৃতীয়াংশকেও একাধিক হিসেবে বিবেচনা করা হয়।

তাই *are* হবে। অর্থাৎ one-third are broken; কীসের one-third **?**

উত্তর: of the roads বা রাস্তাগুলোর।

(3) Three-fifths of the work **is** done. = কাজটির তিন পঞ্চমাংশ করা হয়েছে।

(4) Half of the work **was** done. = কাজটির অর্ধেক করা হয়েছিলো।

(5) Half of the apples **are** bad. = আপেলগুলোর অর্ধেক হলো খারাপ।

ব্যাখ্যা

apples (অ্যাপ্‌ল্‌স্) অর্থ হলো অনেকগুলো আপেল। আর, আপেল গণনা করা যায়।

অনেক-এর অর্ধেকও অনেক, তাই **are** হলো।

subject এবং verb-এর মধ্যে এই মিল রাখাকে গ্রামারের ভাষায় বলে *subject-verb agreement,* অর্থাৎ, subject এবং verb-এর মধ্যে *agreement* বা মিল থাকতে হবে। সাইফুর'স্ 4G Advanced গ্রামার বইয়ে subject-verb অ্যাগ্রীমেন্ট্ চ্যাপটারে আরো প্রচুর সমাধান আছে।

(6) Half of the apples **have** been eaten. = আপেলগুলোর অর্ধেক খাওয়া হয়েছে।

অর্থ বুঝে One-third প্রভৃতির verb

07. One-fourth of the students **are** present. = শিক্ষার্থীদের এক-চতুর্থাংশ হলো উপস্থিত।
(ওয়ান্-ফোর্থ্)

বোঝার চেষ্টা করো

ভর্তি পরীক্ষায় ও চাকুরীর পরীক্ষায় এই তিন পৃষ্ঠার বাক্যগুলো আসে !

অর্থ বুঝে সমাধান

students = ছাত্রগুলো = **অনেক** ছাত্র = **plural**।
এই **'অনেক'**-এর *one-fourth*-ও অনেক বা **plural**।
তাই ***are*** হলো।

এই পৃষ্ঠার সবকিছু **SSC-HSC** থেকে শুরু করে **ভর্তি পরীক্ষা** ও **চাকুরীর নিয়োগ** পরীক্ষাসহ TOEFL ও IELTS-য়েও **কাজে লাগবে !**

08. One-third of the apple **is** rotten.
= আপেলটির এক-তৃতীয়াংশ হলো পঁচা।

অর্থ বুঝে সমাধান

the apple = আপেলটি = **একটি** আপেল = **singular**।
এই একটা আপেলের *one-third*-ও হলো **singular**।
তাই, ***is*** হলো।

09. Two-thirds of the book **has** been written. = বইটির দুই তৃতীয়াংশ লিখা হয়েছে।

অর্থ বুঝে সমাধান

the book = বইটি = **একটা** বই।
আর, একটা বইয়ের দুই-তৃতীয়াংশকেও ধরা হয় 'একটা' মানে, **singular**। তাই, ***has*** হলো।

10. One-third of the books **have** been sold.
= বইগুলির এক তৃতীয়াংশ বিক্রয় হয়েছে।

অর্থ বুঝে সমাধান

the books = বইগুলো = **অনেক** বই।
এই 'বইগুলো'-এর *One-third*-ও হলো অনেক।
তাই, ***have*** হলো।

সারাজীবনই ইন্‌শাআল্লাহ **কাজে লাগবে** এই বই থেকে যা শিখছো।

“ খুব মন দিয়ে এই পৃষ্ঠাটা বুঝে বুঝে পড়ো ”

H. as well as, along with, together with, in addition to

ইত্যাদি শব্দগুচ্ছের আগের **subject** অনুসারে **verb** হয়।

01. **Alom** *as well as* his brothers **has** come here. = আলম তার ভাইদেরসহ এখানে এসেছে।
02. **The boy** *as well as* his parents **has** come here. = বালকটি তার পিতামাতাসহ এখানে এসেছে।
03. **The boys** *as well as* the teacher **have** come here. = বালকগুলো তাদের শিক্ষকসহ এখানে এসেছে।
04. Rana, along with his brothers, **was** present. = তার ভাইদেরসহ রানা উপস্থিত ছিলো।
05. You, along with your friend, **have** eaten. = তোমার বন্ধুসহ তুমি খেয়েছো।
06. Mou, along with her cousins, **is** going. = তার কাযিনরাসহ মৌ যাচ্ছে।
07. Nasir with his brother **is** present. = তার ভাইসহ নাসির উপস্থিত।
08. The boy with the girls **is** present. = মেয়েগুলোসহ ছেলেটা উপস্থিত।
09. The girls with the boy **are** present. = ছেলেটাসহ মেয়েরা উপস্থিত।

পরীক্ষার এক দিন আগে এই পৃষ্ঠা রিভিশন দাও।

10. They accompanied by their father **have** come. = তাদের পিতাসহ তারা এসেছে।
11. I accompanied by my friends **am** responsible. = আমার বন্ধুরাসহ আমি দায়ী।
12. She accompanied by her children **is** coming. = তার সন্তানরাসহ সে আসতেছে।
13. John in addition to his friend **has** lied. = তার বন্ধুসহ *John* মিথ্যা বলেছে।
14. Rony in addition to her parents **is** responsible. = তার পিতা-মাতাসহ রনি দায়ী।
15. Nasir together with his brothers **is** present. = তার ভাইয়েরাসহ নাসির উপস্থিত।
6. Nasir together with his sisters **was** absent. = তার বোনেরাসহ নাসির ছিলো অনুপস্থিত।

I. **politics** (পলিটিক্স্ - রাজনীতি), **civics** (সিভিক্স্ - পৌরনীতি), **statistics** (পরিসংখ্যান), **mathematics** (গণিত), **physics** (পদার্থবিদ্যা) প্রভৃতি হলো এক-একটা subject বা বিষয়ের নাম। তাই, এদের পরে ***is*** হয়।

17. Politics **is** not permitted in my college. = রাজনীতি অনুমোদিত নয় আমার কলেজে।
18. Mathematics **is** my favourite subject. = গণিত হলো আমার প্রিয় বিষয়।
19. Civics **is** not my favorite subject. = পৌরনীতি আমার প্রিয় বিষয় নয়।
20. Statistics **is** your favorite subject. = পরিসংখ্যান হলো তোমার প্রিয় বিষয়।
21. Physics **is** a very hard subject. = পদার্থবিদ্যা হলো একটা কঠিন বিষয়।
22. The news of his accident **is** shocking. = তার দুর্ঘটনার সংবাদটি মর্মাহতকারী।

এখানে ***the news*** অর্থ সংবাদটি। এজন্য ***is*** হয়েছে।

23. Ill news **runs** fast. = খারাপ সংবাদ ছড়ায় দ্রুত।
24. The gallows (গ্যালোঔয্) **is** a wooden structure. = ফাঁসির কাষ্ঠটি হলো কাঠের একটা কাঠামো।

the gallows অর্থ ফাঁসির কাষ্ঠটি, মানে একটি জিনিস। এজন্য ***is*** হয়েছে।

J. Who এবং **which** যাকে বুঝায়, **verb**-ও সে অনুযায়ী হবে।

উদাহরণের মাধ্যমে শেখা যাকঃ

1. The book which **is** on the table **is** red. = বইটি যেটা টেবিলের উপর, সেটি হলো লাল।

which অর্থ যেটি মানে 'বইটি' অর্থাৎ, *the book*; বইটি হলো একটি জিনিস, তাই *verb* হয়েছে ***is***।

2. The books which **are** on the table **are** red. = যে বইগুলি টেবিলের উপর সেগুলি হলো লাল।

which অর্থ যেগুলো মানে 'বইগুলো' অর্থাৎ, *the books*;
বইগুলো হলো একটির বেশি, তাই *verb* হয়েছে ***are*** (আর্)।

3. This is the **book** which **is** for you. = এটি হলো বইটি যেটা তোমার জন্য।
4. It is I who **am** to blame. = আমিই দোষী ।
5. It is they who **are** to blame. = তারাই দোষী ।
6. It is you who **are** to blame. = তুমিই দোষী ।
7. Karim who **is** my friend **was** not present. = করিম যে আমার বন্ধু সে ছিলো না উপস্থিত।
8. Rony who **is** in class 5 **is** not attentive. = রনি যে ক্লাস ফাইভে পড়ে সে মনোযোগী নয়।

প্রথমবার এই পৃষ্ঠা পড়ার সময়ই বুঝে বুঝে পড়ো।

(11) Of-এর আগের শব্দটাই হলো **Subject**। **আসলে, অর্থ বুঝলে সহজেই verb ও subject চেনা যায়।**

1. That **road** of this village **is** not good. = এই গ্রামের ঐ রাস্তাটি ভালো নয় ।
2. The **roads** of Chottogram **are** not good. = চট্টগ্রামের রাস্তাগুলো ভালো নয় ।

(12) Dina ও Rina হল দুইজন, এজন্য *are* হয়েছে এবং Rima ও Mita দুইজন বলে বাক্যে *have* হয়েছে।

1. Dina and Rina **are** close friends. = দিনা এবং রিনা হলো ঘনিষ্ট বন্ধু ।
2. Rima and Mita **have** arrived there. = রিমা এবং মিতা পৌছেছে সেখানে ।

(13) Every অর্থ প্রতিটি, তার মানে, একটি। এজন্য বাক্যে *is* হয়।

1. Every flower **is** the gift of Allah. = প্রতিটি ফুল হলো আল্লাহর দান ।
2. Everybody **is** present here. = প্রত্যেকেই এখানে উপস্থিত ।

Each বা *everybody* অর্থ প্রত্যেকে মানে একজন, এজন্য *is* হয়।
someone মানে কেউ বা কোনো একজন; *nothing* মানে একটিও না। এজন্য বাক্যে এদের পর *is* হয়।

1. Someone **is** present there. = কোনো একজন সেখানে উপস্থিত ।
2. Nothing **is** useless on earth. = কোনো কিছুই অব্যবহারযোগ্য নয় দুনিয়াতে ।
3. Each of them **is** absent today. = তাদের প্রত্যেকেই হলো আজ অনুপস্থিত ।

নিচের প্রশ্নগুলো প্রথমে নিজে নিজে চেষ্টা করে পরে ব্যাখ্যা পড়ো

01. Choose the correct sentence. **[বিসিএস; পোস্টাল অপারেটর; প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক]**

a. The rich are not always happy.
b. Rich is not always happy.
c. The rich is not always happy.
d. The rich are not happy always.

বাংলা অর্থ বুঝে সমাধান

The rich (= ধনীরা), The poor (= গরীবরা) প্রভৃতি বুঝায় একাধিক মানুষকে। তাই *are* হয়। এজন্য (b) ও (c) ভুল উত্তর। 'সর্বদাই সুখী' এর ইংরেজি হল – always happy। happy always ভুল বলে (d) বাদ। ∴ Ans. (a)।

02. I prefer swimming to _______. **[JU 'D' ভর্তি]**

a. walk
b. walking
c. walked
d. having walked

তৃপ্তিময় সমাধান

অর্থাৎ, আমি হাঁটার চেয়ে সাঁতার কাটা বেশি পছন্দ করি। এখানে "হাঁটা" ইংরেজি হল *walking*। to-এর আগে আছে *swimming*। তাই এটার সাথে মিল রেখে to-এর পরে *walking* হয়েছে। ∴ Answer (b)। এই মিল রাখাকে বলে ***parallelism***। **সাইফুর'স 4G অ্যাডভান্সড গ্রামার বইয়ে প্যারালেলিযম-এর আরো বহু প্রশ্ন সমাধান করা আছে।**

03. He gave up ____ football when he got married. **[বিসিএস; উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা; ঢাবি 'গ' ভর্তি]**

a. to play
b. playing
c. play
d. of playing

সমাধান অর্থাৎ, সে ছেড়ে দিল খেলাধূলা = He gave up playing; ... ছেড়ে দিল ধূমপান = ... gave up smoking; ... ছেড়ে দিল সাতাঁর কাটা = gave up swimming- এভাবে সঠিক। ∴ Ans. (b)।

04. Would you mind ___ a song? **[সহকারী থানা শিক্ষা অফিসার; রাবি]**

a. sang
b. singing
c. to sing
d. sings

সমাধান একটি গান গাওয়া = singing a song; অর্থাৎ, তুমি কি মাইন্ড করবে একটা গান গেতে ?
∴ Ans. (b)।

05. Would you mind (to take) simply a cup of coffee? **[প্রভাষক নিবন্ধন; বেরোবি ভর্তি]**

a. to take
b. taking
c. take
d. taken

সমাধান এক কাপ কফি পান করা = taking a cup of coffee; অর্থাৎ, শুধু এক কাপ কফি তুমি খেতে কিছু মনে করবে না তো? ∴ Answer (b)।

06. I went to the library with a view to ______ there. **[বেরোবি 'ই' ভর্তি]**

a. read
b. have read
c. reading
d. having read

সমাধান

পড়ার উদ্দেশ্যে = with a view to reading;
খেলার উদ্দেশ্যে = with a view to playing;
আমি লাইব্রেরিতে গিয়েছিলাম সেখানে পড়ার উদ্দেশ্যে। ∴ Answer (c)।

07. He had to stop _______. (= তাকে ধূমপান ছেড়ে দিতে হয়েছিল।) **[জাতীয় বিশ্ব. ভর্তি]**
a. smoke b. smoking c. taking smoke d. smokes

সমাধান ধূমপান ছেড়ে দেয়া বা বন্ধ করা = stop smoking; ∴ Ans. (b)।

08. I am used to _______ coffee in the morning. (আমি সকালে কফি পানে অভ্যস্ত।) **[ঢাবি: 'ঘ' ভর্তি]**
a. drink b. drank c. drunk d. drinking

সমাধান am used to drinking ... = পান করতে অভ্যস্ত ... ∴ Answer (d)।

09. I'm used _____ in crowded places. **[চবি: 'ঘ' ভর্তি]**
a. to study b. to studying c. studying d. the study

সমাধান am used to studying = পড়াশুনায় অভ্যস্ত; অর্থাৎ, আমি ভীড়পূর্ণ জায়গায় পড়াশুনায় অভ্যস্ত। ∴ Ans. (b)।

10. When I was young, I used (ইউয্‌ড) to ______ stamps. **[জবি. ভর্তি]**
a. collecting b. collected c. collect d. collects

বাংলা অর্থ দিয়ে ব্যাখ্যা

... used to sing = গান গাইতাম; ... used to collect = সংগ্রহ করতাম।
অর্থাৎ, যখন আমি ছোট ছিলাম, তখন আমি স্ট্যাম্প সংগ্রহ করতাম। ∴ Ans. (c)।

11. I really enjoy (speak) English. **[রাবি. ভর্তি]**
a. to speak b. speak c. speaking d. spoke

সমাধান কথা বলা উপভোগ করা = enjoy speaking; অর্থাৎ, আমি সত্যিই ইংরেজিতে কথা বলা উপভোগ করি। ∴ Answer (c)।

12. Do you enjoy _____ cricket matches on TV? **[চবি ভর্তি]**
a. to watch b. to be watching c. watching d. for watching

সমাধান দেখতে মজা পাওয়া = enjoy watching ; অর্থাৎ, তুমি কি টিভিতে ক্রিকেট খেলা দেখা উপভোগ কর? ∴ Answer (c)।

13. You can't stop me ____ what I want. **[চবি: ভর্তি]**
a. doing b. do c. to do d. that I do

সমাধান করা বন্ধ করা = stop doing; আমাকে কিছু করা থেকে বিরত রাখা = stop me doing something; অর্থাৎ, আমি যা চাই তা করা থেকে তুমি আমাকে বিরত রাখতে পারবে না। ∴ Ans. (a)।

14. To check acidity, one had better ____ litmus paper. **[ঢাবি. 'A' ভর্তি]**
a. using b. useful c. usable d. use

সমাধান

had better অর্থ হলো *should*। যেমন: had better go = যাওয়া উচিত; had better do = করা উচিত; had better use = ব্যবহার করা উচিত। ∴ Answer (d)।

অর্থ বুঝে right form of verb-এর ব্যাখ্যা

প্রশ্ন: Fill in the gaps with the right form of verbs in the brackets.

Global warming is (a) ____ (increase) day by day. Global warming is mainly (b) ______ (cause) by the destruction of forest.

(a)-এর সমাধান

→ (গ্লোবাল = বৈশ্বিক)

প্রশ্ন **Global warming is (a) ____ (increase) day by day.**

[বৈশ্বিক উষ্ণায়ন (a) ______ (বাড়ে) দিন দিন।]

সমাধান বাক্য বলছে: বৈশ্বিক উষ্ণায়ন দিন দিন "বাড়ছে"।

'বাড়ছে' শব্দটির ইংলিশ হলো: (*is*) *increasing*।

উত্তর Global warming is ***increasing*** day by day.

(বৈশ্বিক উষ্ণায়ন বাড়ছে দিন দিন।)

বাংলাদেশের কোটি কোটি বড়রাও এই ধরনের প্রশ্ন সলভ করতে পারে না, কারণ এই বইয়ের মতো ব্যাখ্যা তো তারা কখনো পড়েন নাই।

ব্যাখ্যা

warming (ওআরম্-ইং) = আরো গরম হওয়াটা। **global warming** = বিশ্বব্যাপী উষ্ণায়ন। আমরা জানি, বিশ্বের উষ্ণতা দিন দিন বাড়ছে। তাই, শূন্যস্থানে *increasing* হবে।

নিচের উদাহরণগুলি বাংলা অর্থ বুঝে জোরে পড়ো

01 Pollution (পলিউ-শন) ***is increasing*** day by day = পরিবেশ দূষণ দিন দিন বাড়ছে

02 River erosion (ইরোউ-ঝন) ***is increasing*** day by day = নদী ভাঙন দিন দিন বাড়ছে

03 River pollution ***is increasing*** day by day = নদী দূষণ দিন দিন বাড়ছে

04 The cost of living (লিভিং) ***is going up*** every day = জীবন-যাপনের খরচ প্রতিদিন বাড়ছে

05 The number of Facebook users is ***rising*** rapidly = ফেইসবুক ব্যবহারকারীর সংখ্যা দ্রুত বাড়ছে

06 The number of death by corona is ***decreasing*** day by day = করোনায় মৃতের সংখ্যা দিন দিন কমছে

07 The number of trees ***is decreasing*** day by day = গাছপালার সংখ্যা দিন দিন কমছে

08 The number of birds ***is decreasing*** day by day = পাখির সংখ্যা দিন দিন কমছে

→ (The number অর্থ সংখ্যাটি। তাই, ***is*** হলো।)

" মুখস্থ না করে একটানা পড়ে যাও নিচের বাক্যগুলো "

(b)-এর সমাধান

(ওয়ার্‌মিং = উষ্ণায়ন) (কঅয্ = ঘটা) (ডেস্‌-ট্রাক্‌শন্‌ = ধ্বংস)

প্রশ্ন Global warming is mainly (b) _____ (cause) by the destruction of forest.

অর্থ বৈশ্বিক উষ্ণায়ন হয় প্রধানত (b) _____ (ঘটা) বন ধ্বংসের দ্বারা।

(গ্লোঔবাল্‌ = বিশ্বব্যাপী) (মেইন্‌-লী = প্রধানত)

এই বইটাই তোমার স্পীকিং পার্টনার।

ব্যাখ্যা

(b)-তে: is caused by হবে। যার অথ বনভূমি ধ্বংসের দ্বারা ঘটে। উত্তর ***caused***।

জোরে জোরে পড়ো

01. Cancer *is* ***caused by*** smoking . (ক্যান্সারের সৃষ্টি হয় ধূমপান দ্বারা।)

02. Death *is* ***caused by*** road-accident . (মৃত্যু ঘটে সড়ক দুর্ঘটনার দ্বারা।)

03. Crime *is* ***fueled by*** lack of injustice . (অপরাধ ইন্ধন পায় ন্যায়-বিচারের অভাবে।)

04. Poverty *is* ***increased by*** corruption . (দারিদ্র্য বৃদ্ধি পায় দুর্নীতির দ্বারা।)

05. Corruption *is* ***caused by*** greediness . (দুর্নীতির সৃষ্টি হয় লোভের দ্বারা।)

06. Justice *is* ***established by*** ethics . (ন্যায়-বিচার প্রতিষ্ঠা হয় নৈতিকতা দ্বারা।)

07. Accident *is* ***caused by*** over taking . (দুর্ঘটনা ঘটে ওভারটেইকিংয়ের দ্বারা।)

08. Accident *is* ***caused by*** violation of traffic rules.

09. Accident *is* ***caused by*** lack of consciousness.
(দুর্ঘটনা ঘটে সচেতনতার অভাবে।)

10. Development *is* ***hampered by*** the bureaucratic complexities.
(উন্নয়ন বাধাগ্রস্থ হয় আমলাতান্ত্রিক জটিলতার দ্বারা।)

11. Peace & discipline *are* ***distorted by*** injustice.
(শান্তি-শৃঙ্খলা নষ্ট করা হয় অবিচারের দ্বারা।)

12. Good governance will *be* ***ensured by*** justice.
(সু-শাসন নিশ্চিত হবে ন্যায়-বিচারের দ্বারা।)

13. Clash *is* ***caused by*** hostility and jealousy.
(জেলাসী) (হস্‌ঠিলিঠি)

বাংলা অর্থ বুঝে জোরে জোরে পড়ো ও দেখে দেখে লিখো !

সব ধরনের শিক্ষার্থীদের জন্য,
বাংলার মতো সহজে
ইংরেজি শেখা নিয়ে কিছু সত্য কথা !

ইংরেজি শেখার জন্য পৃথিবীর সব বই একদিকে, আর সাইফুর্স-এর প্রতিষ্ঠাতা সাইফুর স্যারের লেখা ইংরেজি বইগুলো আরেক দিকে, কারণ, তার লেখা বইগুলোতে ইংরেজি শেখানো হয়েছে মাতৃভাষা শেখার মতো সহজ করে, যেটা দুনিয়ার আর কোনো বইয়ে নেই, নেই, নেই!

হ্যাঁ, নতুনতম, ব্যতিক্রমীতম ও সহজতম পদ্ধতিতে লেখা বইগুলো দিয়ে
ইংরেজি নিজে শেখাও সহজ, আবার শেখানোটাও সহজ।

আবার, বিভিন্ন বোর্ডের পরীক্ষায়, বিভিন্ন ভর্তি পরীক্ষায়, বিভিন্ন চাকরির পরীক্ষায় চমৎকার রেজাল্ট করাটাও সহজ হয়ে যায় !!!

আমি অধম সাইফুর রহমান খান, আল্লাহ তায়ালার কাছে অত্যন্ত কৃতজ্ঞ যে, ইংরেজি শেখা নিয়ে ছোট বড় সবার জন্য তথা সতেরো কোটি বাংলাদেশীর জন্য চরম জরুরি একটা বিশাল উপকারী উদ্ভাবন তিনি করোনার লকডাউনে সাইফুর্স-এর মাধ্যমে করিয়েছেন। আর সেটা হলো, এখন যে কেউ, একা একা বই পড়েই ইংরেজিতে জিরো থেকে হিরো হতে পারবে; সে বাংলা পড়তে পারলেই হলো !!!


'যেভাবে শিখেছি বাংলা,
সেভাবে শিখবো ইংলিশ'
ইংলিশ শিখবো বাংলা দিয়ে
Book One
Saifur Rahman Khan
Saifurs

যারা নিজে নিজে ইংরেজি শিখতে চান, কিংবা,
শিক্ষার্থীদের ইংরেজি শেখাতে চান,
তাদের সবার জন্য
এটা হলো একটা ব্যতিক্রমী সুখবর !!!

Chapter-13 ক্লাসিফিখেইশন্ of Noun

Noun প্রধানত দু' প্রকার। যথা :

1. *Concrete* (খনখ্রীঠ্) Noun
2. *Abstract* (অ্যাব্স্ট্র্যাক্ট্) Noun

Noun-এর এতো প্রকার
না জেনেই ইংলিশে দক্ষ হওয়া যায়।
কোনো পরীক্ষাতেই এগুলো লাগে না!
বাজারের প্রচলিত বইয়ে
এগুলো দেয়া আছে বলে
তোমার মানসিক শান্তির জন্য
এখানে আমরাও দিলাম।

Concrete Noun (খনখ্রীঠ্ নাউন)


tree
গাছ
Flower
ফুল
Baby
শিশু
Water
পানি
Elephant
হাতি
Computer
কম্পিউটার

বাংলা ব্যাকরণের কারক,
সমাস প্রভৃতি কিছুই বাস্তবে
কাজে লাগে না = পুরোটাই
বেহুদা = যার কোনো
হুদা নাই!

(a) **Gold** is a useful metal. = সোনা হলো একটি উপকারী ধাতু।
(b) **Phone** is a useful device. = ফোন হলো একটি উপকারী যন্ত্র।

উপরের উদাহরণের মোটা হরফের Gold (স্বর্ণ), Phone (ফোন), তুমি ধরতে পারবে। তোমাকে যদি বলা হয় কম্পিউটারটি স্পর্শ করো বা ধর, তাহলে তুমি তা পারবে। যে সব noun ধরা বা স্পর্শ করা যায়, তাদেরকে **Concrete Noun** বলে।

Abstract Noun (অ্যাবস্ঠ্র্যাক্ট্ নাউন্)

চলো উদাহরণের মাধ্যমে শেখা যাক:

1. **Kindness** is a great virtue. (খাইন্ড্নেস্ ইয্ আ গ্রেট্ ভারচু) = দয়া একটি মহৎ গুণ।
2. **Honesty** is the best policy. (অনেস্টি ইয্ দা বেস্ট পলিসি) = সততা হলো সেরা পন্থা।



Bravery (সাহস)



Anger (রাগ)

দয়া, সততা, প্রভৃতি গুণাবলীকে ধরা-ছোঁয়া যায় না। এগুলোকে বলে **Abstract noun**। তার মানে, যে noun ধরা বা ছোঁয়া যায় না, তাকে **Abstract** (অ্যাব্স্ঠ্র্যাক্ট্) **Noun** বলে। **উদাহরণ:** *kindness, honesty, happiness, childhood, bravery, love, anger* ইত্যাদি।

Proper Noun (প্রোপার্ নাউন্)

(a) **Friday** is a holiday. (শুক্রবার একটি ছুটির দিন)
(b) **Ripon** is an intelligent boy. (রিপন একজন মেধাবী ছাত্র)
(c) The **Pod-daa** is a big river. (পদ্মা একটি বড় নদী)

উপরে উদাহরণগুলোতে ভালো করে লক্ষ্য করো *Friday* (শুক্রবার) নির্দিষ্ট একটি দিনের নাম, *Ripon* (রিপন) নির্দিষ্ট একজন ছেলের নাম, *Pod-daa* (পদ্মা) নদীর নাম। এগুলোকে বলে Proper Noun। (এটাই সঠিক বানান)

তার মানে, যে Noun দ্বারা কোন ব্যক্তি, স্থান প্রভৃতির নির্দিষ্ট নাম বোঝায়, তাকে Proper Noun বলে।

উদাহরণ:

Kamal, Rafiq, Sabina, Dhaka, Rajshahi, Bangladesh, China, Mount Everest **প্রভৃতি সব Proper Noun-এর প্রথম অক্ষর বড় অক্ষর বা Capital Letter হয়।**

যেমন: (a) **Chattogram** is a seaport. (b) This is **Jamal**.

Common Noun (খমন্ নাউন্)

চলো উদাহরণের মাধ্যমে শেখা যাক:

(a) The ***cow*** is a domestic animal. { **গরু** একটি গৃহপালিত পশু ।}

(b) Akbar *was a wise **king**.* { আকবর ছিলেন একজন জ্ঞানী **রাজা**।)

উপরের প্রথম বাক্যে ***cow*** (কাউ্) অর্থ **গরু** আর গরু বলতে সকল **গরুকেই** বোঝায়।

তাই ***cow*** শব্দকে বলা হয় common noun।

দ্বিতীয় বাক্যে ***king*** (খিং) অর্থ রাজা আর রাজা বলতে সকল রাজাকেই বুঝায়।

তাই ***king*** শব্দটি হলো common noun।

যে শব্দ দিয়ে একটি শ্রেণির ব্যক্তি, বস্তু বা প্রাণীর সাধারণ নাম বোঝায়,

তাকে খমন **noun** বলে। যেমন:



এগুলো সবই হলো কমন নাউন

school, **word**, **child**, **chair**,
country, **waiter**, **man**, **life**,
women, **family**, **people**, **student**,
hand, **firefighter**, **company**, **city** ইত্যাদি।

(ফায়ার্ফাইঠার্ = অগ্নিনির্বাপক)

Collective Noun (খালেক্টিভ্ তথা দলগত নাউন্)

উদাহরণের মাধ্যমে শেখা যাক:

★ মানুষ সম্পর্কিত Collective noun:

চিত্র: team

01. A *panel* of speakers. = বক্তাবৃন্দ।
02. An *audience* of listeners. = শ্রোতৃমণ্ডলী।
03. A *gang* of thieves. = চোরের দল।
04. A *choir* of singers. = গায়কদের দল।
05. A *gang* of laborers. = শ্রমিকদের দল।
06. A *band* of musicians. = সংগীতজ্ঞের দল।
07. A *tribe* of natives. = আদিবাসিদের দল।
08. A *board* of directors. = পরিচালক পরিষদ।
09. A *group* of dancers. = নর্তকীদের দল।
10. A *team* of players. = খেলোয়াড়দের দল।
11. A *troupe* of artists. = শিল্পীদের দল।
12. A *crew* of sailors. = জাহাজের নাবিক দল।
14. A *staff* of employees. = কর্মীদের দল = কর্মচারীবৃন্দ।
13. A *crowd* of people = মানুষের ভিড়।
14. A *crowd* of spectators = দর্শকের দল।

বাকা অক্ষরে লেখা সব শব্দ হলো collective noun

চিত্র: Pride

★ পশু-পাখি সম্পর্কিত Collective (সামষ্টিক) noun:

01. A *herd* of cows. = গরুর পাল।
02. A *drove* of camels. = উটের পাল।
03. A *pride* of lions. = সিংহের দল।
04. A *drove* of horses. = ঘোড়ার পাল।
05. A *troop* of lions. = সিংহের পাল।
06. A *colony* of ants. = পিঁপড়ার দল।
07. A *cluster* of grasshoppers. = ফড়িংয়ের ঝাঁক।
08. A *pack* of wolves. = নেকড়ের পাল।
09. A *colony* of penguins. = পেঙ্গুইনের দল।
10. A *swarm* of bees. = মৌমাছির ঝাঁক।
11. A *flock* of birds = পাখির ঝাঁক।
12. A *host* of sparrows. = চড়ুই পাখির ঝাক।
13. A *school* of fish. = মাছের ঝাঁক।
14. A *herd* of elephants. = হাতির পাল।
15. A *litter* of cubs. = (সিংহ / ভাল্লুক / বাঘ / কুকুর) শাবকের দল।
16. A *swarm* of ants/flies. = পিঁপড়া / মাছির দল।
17. A *swarm* of rats. = ইঁদুরের দল।

চিত্র: A herd of deer

চিত্র: A school of fish

(স্কুল = ঝাঁক)

→ উপরের প্রতিটা বাকা শব্দই হলো *collective noun*।

★ বিভিন্ন জিনিস সম্পর্কিত Collective noun:

01. A *group* of islands. = দ্বীপপুঞ্জ ।
02. A *fleet* of ships. = নৌবহর ।
03. A *stack* of wood. = কাঠের স্তূপ ।
06. A *galaxy* of stars. = তারকারাজি ।
04. A *cloud* of dust. = ধূলির মেঘ ।
05. A *range* of mountains. = পর্বতমালা ।





খেয়াল করো, ইংরেজিতে বিভিন্ন ঝাঁকের জন্য ভিন্ন ভিন্ন word।







06. A *bouquet* of flowers. (বুকেই্) = ফুলের একটা তোড়া ।
07. A *basket* of fruits. = এক ঝুঁড়ি ফল ।
08. A *bowl* (বউল্) of rice. = এক থালা ভাত ।
09. A *bunch* of keys. = এক গোছা চাবি ।
10. A *library* of books. = বইয়ের একটা লাইব্রেরি ।
11. A *pair* of shoes. = এক জোড়া জুতো ।
12. A *bunch* of grapes. = এক থোকা আঙ্গুর ।
13. A *galaxy* of stars. = তারকারাজি ।
14. A *hedge* of bushes. = ঝোঁপ-ঝাড়ের সারি ।
15. An *album* of photographs. = ফটো রাখার বই ।
16. A *string* of pearls. = মুক্তার একটা মালা ।



চলো বাক্য দিয়ে শেখা যাক

(a) The committee **has** taken its decision. { কমিটিটি নিয়েছে এটির সিদ্ধান্ত। }

* এই বাক্যে কমিটি একটা মিলিত সিদ্ধান্ত নিয়েছে। তাই ***has*** হলো।

(b) The committee **are** divided on one decision.
{ কমিটি একটি সিদ্ধান্তের ব্যাপারে বিভক্ত, তার মানে, কমিটির সদস্যরা আলাদা আলাদা মত দিয়েছে। }

* এই বাক্যে কমিটির সদস্যদের আলাদা আলাদা বুঝাচ্ছে, তাই ***are*** হলো। ***is*** হবে না।

(c) The ***jury*** are divided in their opinions. { জুরি বিভক্ত হয়েছে তাদের মতামতে। }
(d) The jury **has** reached a decision. { জুরি বোর্ড পৌছেছে একটি সিদ্ধান্তে। }
(e) The jury **consists** of twelve members. { জুরি বোর্ডটি ১২ জন সদস্য নিয়ে গঠিত। }
(f) A big ***fleet*** of ships is leaving the port. { একটি বিরাট নৌবহর চলে যাচ্ছে বন্দর ছেড়ে। }
(g) The **police** have dispersed the crowd. { পুলিশ বাহিনী জনতাকে ছত্রভঙ্গ করেছে। }
(h) Our **team** **is** better than yours. { আমাদের দল ভালো তোমাদের দল থেকে। }

উপরের বাক্যগুলো থেকে বোঝা গেলো

Collective noun বাক্যের subject হলে এবং একত্রে কাজ করলে verb singular হবে। কিন্তু, যখন group-এর *member*-রা আলাদা আলাদাভাবে কাজ করে, তখন subject-টি plural হয়।

Exercise # 1: একা একাই চেষ্টা করো solve করতে

বইয়ের শেষে উত্তর আছে।

সঠিক উত্তরটি বাছাই করো:

01. A ______________ of playing cards. (flock, pack)
02. A school of ______________. (fish / birds)
03. A ______________ of keys. (bunch / group)
04. A ______________ of events. (group / series)
05. A choir of ______________. (singers / painters)
06. A fleet of ______________. (ships / aeroplanes)
07. A pack of ______________. (cats / dogs)
08. A swarm of ______________. (bears / bees)
09. A herd of ______________. (elephants / lions)
10. A bunch of ______________. (apples / bananas)

Material Noun (ম্যাঠেরিয়্যাল্ নাউন্)

চলো উদাহরণের মাধ্যমে বুঝা যাক:

(a) **Rice** is our staple food. {ভাত আমাদের প্রধান খাদ্য}
(b) **Water** has no colour of its own. {পানির নিজস্ব কোন রং নেই।}
(c) **Coffee** is a popular drink all over the world. {কফি সারাবিশ্বে একটি জনপ্রিয় পানীয়।}



Rice চাউল | **Milk** দুধ | **Sugar** চিনি | **Water** পানি

A material noun is a name of a substance as a whole.

উপরের প্রথম sentence (বাক্য)-এ rice সম্পর্কে যদি প্রশ্ন করা হয়, কতগুলো rice (ভাত), তাহলে কিন্তু কোন উত্তর পাওয়া যায় না। চলো এবার দ্বিতীয় sentence (বাক্য)-এ, water সম্পর্কে যদি প্রশ্ন করি কতগুলো পানি তাহলেও কোন উত্তর পাওয়া যায় না। এভাবে তৃতীয় sentence (বাক্য)-এ coffee (কফি) সম্পর্কে যদি প্রশ্ন করি কতগুলো কফি তাহলেও কোন উত্তর পাওয়া যায় না।

কিন্তু লক্ষ্য করো উপরের তিনটি noun-কেই যদি কী পরিমাণ দ্বারা প্রশ্ন করি তাহলেই উত্তর পাওয়া যায়। আমরা কিন্তু কখনোই বলি না- দশটি rice (ভাত), পাঁচটি water (পানি), পনেরটি coffee (কফি)। বরং আমরা বলি দশ কেজি rice (ভাত), পাঁচ লিটার water (পানি), দুই কাপ tea (চা)। অর্থাৎ এ ধরনের noun-কে শুধু পরিমাপ করা যায়। এগুলো হলো material noun। আর material অর্থ জিনিস বা বস্তু।

আরো কিছু Material Noun এর উদাহরণ

gold, cotton, diamond, milk, paint, rubber, paper, salt, steel ইত্যাদি।

Exercise # 2

বইয়ের শেষে Answer অধ্যায়ে উত্তর দেয়া আছে।

01. নিচের word-গুলোর কোনটি কোন Noun তা নির্ণয় কর:

people, student, hand, company, Mount Everest, gang, Padma, Meghna, team, troop, cluster, truth, string, crowd, choir, mob, bouquet, jury, swarm, coffee, tea, gold, salt, jewel, water, falsehood, table, Jewel, animal, Information, Laptop, i-Phone, Twitter, Akib, tree, nurse, engineer, school, student, teacher, light, tea, cup, Google, Facebook.

Countable and Uncountable Nouns
(খাউন্‌ঠেইব্‌ল্ অ্যান্ড আন্‌খাউন্‌ঠেইব্‌ল্ নাউন্)

Sand = বালু
Uncountable
dreamstime

Count (খাউন্‌ট্) বা গণনা করা যায় কিনা, এই ভিত্তিতে noun তথা যে কোন জিনিসকে দুই ভাগে ভাগ করা যায়:

(1) Countable (গণনাযোগ্য)
(2) Uncountable (অ-গণনাযোগ্য)

উদাহরণের মাধ্যমে Countable ও Uncountable শেখা যাক:

Countable (গণনাযোগ্য)

মাত্র একবার পড়ো এই পেইয।

(a) I have two *dogs* = আমার দুটি কুকুর আছে।
(b) She has three *cars* = তার আছে তিনটি গাড়ি।
(c) Nabila has ten *pens* = নাবিলার আছে দশটি কলম।

উপরের বাক্যগুলোর dog (কুকুর), car (গাড়ি) এবং pen (কলম)-কে গণনা করা যায়। ভাষায় এদেরকে বলে countable noun। তার মানে, যে সকল জিনিসকে count বা গণনা করা যায়, তাকে countable noun বলে। যেমন: cow, candle (মোমবাতি), table, egg, hen, fewer students, many books ইত্যাদি।

Uncountable (অগণনাযোগ্য)

(a) Sadi drinks a lot of *water* = সাদি প্রচুর পানি পান করে।
Water-কে গণনা করা যায় না; একটা পানি, সাতটা পানি প্রভৃতি আমরা বলি না।

(b) He likes *milk* = সে দুধ পছন্দ করে।

milk-কেও গণনা করা যায় না, শুধু পরিমাপ করা যায়। যেমন: এক কেজি দুধ। তার মানে, যে noun-কে গণনা করা যায় না, গ্রামারের ভাষায় তাকে uncountable noun বলে। যেমন: water, milk, rice, sugar, much sleep, less food ইত্যাদি।

Exercise # 3

বইয়ের শেষে Answer অধ্যায়ে উত্তর দেয়া আছে।

01. **নিচের sentence গুলোতে কোনটি কোন noun তা নির্ণয় কর:**

(a) The **cat** is a useful **animal**.
(b) **Jute** is called the golden **fibre**.
(c) **Gold** is valuable.
(d) **Karim** should not hanker after **money**.
(e) The **Quran** is our holy **book**.
(f) The **honesty** is best policy.

02. **নিচের Word গুলো কোনটি কোন Noun তা নির্ণয় কর:**

Hasan, Rajib, Dhaka, Kindness, Group, Water, Baby, Sorrow, Oil, Jury, Fleet, Pen, Army, Cat, library, Childhood, Queen, Committee, Iron, Silver, Rose, Flower, Table, Chair, Man, Women, Flock, Team, Blindness, Child, King, Monk, death, America, Happiness, Senate.

Chapter-14 প্রোনাউন্ (**Pronoun**)-এর প্রকারভেদ

1. Personal Pronoun

I (আমি), **me** (আমাকে), **we** (আমরা), **us** (আমাদেরকে),
you (তুমি বা তোমরা), **he** (সে), **she** (সে), **him** (তাকে),
they (তারা), **them** (তাদেরকে)

প্রভৃতি pronoun-গুলোকে গ্রামারের ভাষায় personal pronoun-বলে।

2. Demonstrative Pronoun

Demonstrate (ডেমন্‌স্ট্রেইট্) শব্দের অর্থ কোনো কিছু দেখানো বা প্রদর্শন করা।

তাহলে *demonstrative* (ডেমন্‌স্ট্রেইটিভ্) অর্থ হলো প্রদর্শনমূলক।

আর demonstrative pronoun অর্থ “দেখিয়ে দেয় যে সর্বনাম”।

উদাহরণের মাধ্যমে শেখা যাক		
01.	**This** is my book.	= এটি হলো আমার বই।
02.	**That** is his mobile.	= ওটা হলো তার মোবাইল।
03.	**These** are my pens.	= এইগুলো আমার কলম।

উপরের বাক্যগুলোতে *this, that* ও these বসেছে *book, mobile* এবং *pens*-এর বদলে। তার মানে, ঐ pronoun-গুলো ব্যক্তি বা বস্তুর পরিবর্তে বসে ঐ ব্যক্তি বা বস্তুকে দেখিয়ে দিচ্ছে, এজন্য এগুলোকে demonstrative pronoun বলে।

সেনঠেন্সের অর্থ বুঝলেই হলো

3. Interrogative Pronoun

Interrogate অর্থ প্রশ্ন করা, জেরা করা, জিজ্ঞাসাবাদ করা। *interrogative* অর্থ প্রশ্নবোধক। *Interrogative* pronoun অর্থ প্রশ্নবোধক সর্বনাম।

যে pronoun কোনো প্রশ্ন করতে ব্যবহৃত হয়, তাকে interrogative pronoun বলে।

উদাহরণ		বাক্যের অর্থ
01	**Which** is the better ?	= কোনটা বেশি ভালো ?
02	**Whose** did they take ?	= কারটা নিয়েছিলো তারা ?
03	**What** did you want ?	= কী চেয়েছিলে তুমি ?
04	**Where** have you gone ?	= কোথায় গিয়েছো তুমি ?
05	**Whom** do you want ?	= কাকে চাও তুমি ?
06	**Who** **won** the game ?	= কারা জিতেছিলো খেলাটা ?

উপরের বাক্যগুলোতে which, what, who, whom, whose প্রভৃতি হলো interrogative pronoun।

4. বাক্য দিয়ে Distributive Pronoun শেখা যাক

01.	**Each new day is** different.	(প্রতিটি নতুন দিন হলো ভিন্ন)
02.	**Either girl** can do that.	(মেয়ে দুইজনের প্রত্যেকেই পারে ঐটা করতে)
03.	**Neither answer is** correct.	(দুইটার কোনো উত্তরই সঠিক নয়)
04.	**Each of the answers is** correct.	(উত্তরগুলোর প্রতিটা হলো সঠিক)
05.	**Neither of the girls** can do that.	(মেয়ে দুজনের কেউই ঐটা করতে পারবে না)
06.	**None of the three answers** is correct.	(তিনটি উত্তরের কোনোটিই সঠিক নয়)

distribute (ডিস্-ট্রি-বিউট্) অর্থ ভাগ বা বন্টন করা; *distributive* অর্থ বন্টনমূলক।

each (ইচ্ = প্রত্যেকটি), **every** (প্রত্যেকে),
either (আইদার্ = দুটির মধ্যে একটি), **neither** (নাইদার্ = দুটির একটিও না),
another (দুটোর মধ্যে অন্যটি), **other** (অন্যটা) প্রভৃতি হলো ***distributive pronoun***।

each দ্বারা অনেক জিনিস বা অনেকের মধ্যে প্রত্যেকটি বা প্রত্যেক ব্যক্তিকে, *either* মানে দুইজনের একজন, *neither* মানে দুইজনের কেউনা, *everybody* বা *everyone* অর্থ প্রত্যেকে। তাই এগুলোকে বলা হয় **distributive pronoun**।

5. Reflexive pronouns

গল্পের মতো
পড়ে যাও এই
page-গুলো।

Reflexive pronoun-গুলো হলো:

1.	**myself**	(মাই্সেল্ফ্)	- আমি	নিজে
2.	**yourself**	(ইওর্সেল্ফ্)	- তুমি	নিজে
3.	**himself**	(হিম্সেল্ফ্)	- সে	নিজে
4.	**herself**	(হার্সেল্ফ্)	- সে	নিজে
5.	**itself**	(ইট্সেল্ফ্)	- এটা	নিজে
6.	**ourselves**	(আওয়ার্সেল্ভ্স্)	- আমরা	নিজেরা
7.	**yourselves**	(ইওর্সেল্ভ্স্)	- তোমরা	নিজেরা
8.	**themselves**	(দেম্সেল্ভ্স্)	- তারা	নিজেরা

বাক্যের
অর্থ বুঝলেই
ইংলিশ শেখা
হয়ে গেলো।

মাই্সেল্ফ্ = নিজেই

বাক্যের মাধ্যমে উদাহরণ

01. I *myself* will go. { আমি নিজেই যাব }

02. He *himself* stole the car. { সে নিজেই চুরি করেছিল গাড়িটি }

03. You *yourself* must do the work. { তুমি নিজেই অবশ্যই কাজটি করবে }

04. He made a cup of coffee for ***himself***. { সে এক কাপ কফি বানিয়েছিলো তার নিজের জন্য }

05. He was talking to ***himself***. { সে কথা বলছিলো নিজের সাথে }

06. She did the work by ***herself***. { সে কাজটি করেছিলো নিজে নিজেই }

কখন self এবং selves হয় ?

Pronoun-টি একজনকে বুঝালে তার সাথে *self* এবং
একাধিক বুঝালে শেষে *selves* যুক্ত হয়; যেমন-

Singular Reflexive	Plural Reflexive
Him + self = himself Her + self = herself It + self = Itself	Them + selves = themselves
My + self = myself	Our + selves = ourselves
Your + self = yourself	Your + selves = yourselves

6. Reciprocal (রে-সিপ্-রো-কাল = একে অন্যকে) Pronoun

Each other (ইচ্ আদার্ = একে অন্যকে) এবং *One another* (ওয়ান্ অ্যানাদার্ = একে অন্যকে)।

→ [দুই জনের বেলায়] → [দুই জনের বেশি হলে]

01. The mother and baby love **each other.** { মা ও শিশুটি ভালোবাসে একে অপরকে }

02. Tom and Jerry hate **each other**. { টম ও জেরি ঘৃণা করে একে অন্যকে }

03. The thieves were fighting with **one another**.

{ চোরেরা মারামারি করছিলো একে অন্যের সাথে }

একটা ক্ষতিকর চিন্তা

" এগুলো কমন আসবে তো ? "

আমার উত্তর

কমনের পেছনে দৌড়ানো বাদ দাও।

DU, JU, RU, CU প্রভৃতি ভার্সিটি ভর্তি পরীক্ষায় প্রতি বছরই প্রায় ৯০% পরীক্ষার্থী ফেল করে **English**–এ ! আর, সব নিয়োগ পরীক্ষাতেও কিন্তু ৯৫%-ই ফেল করে **English**–এ !

সাইফুর'স-এর বইগুলো পড়লে

আনকমন প্রশ্নও কমন হয়ে যাবে,

তার মানে, পরীক্ষায় যেকোনো প্রশ্ন সলভ করতে পারবে।

7. বাক্যের অর্থ বুঝে রিলেইটিভ্ Pronoun শেখা যাক

Relate (রিলেই্ট্) অর্থ সম্পর্কিত করা। **Relative** শব্দটির কয়েকটি অর্থ আছে যেমন: তুলনামূলক, আত্মীয় প্রভৃতি। Relative Pronoun অর্থ হলো সম্পর্কসূচক সর্বনাম। নিচের উদাহরণ দেখলেই বুঝা যাবে:

(ডেলিশাস্)
The sandwich **that** I ate was delicious!
{ স্যানউইচটা / যেটি আমি খেয়েছিলাম (সেটি) ছিলো সুস্বাদু }

✳ *that* হলো relative pronoun যেটি নিচের দু'টি বাক্যকে যুক্ত করছে।
(i) The sandwich was delicious. **(ii)** I ate.

উদাহরণ: who, which, that, whose, where, whom প্রভৃতি হলো Relative Pronoun।

তার মানে, যে pronoun কোন noun-এর পরে বসে দুটি বক্তব্যকে যুক্ত করে, তাকে Relative Pronoun বলে।

বাক্য দিয়ে Relative Pronoun

(01) He helps the students **who are weak in studies.**
{সে সাহায্য করে ছাত্রদের যারা হলো দুর্বল পড়াশুনায়}

(02) This is the book **which we wanted.**
{এটা হলো সেই বইটি যেটি আমরা চেয়েছিলাম}

(03) The man **whom we saw yesterday** is his brother.
{লোকটি যাকে আমরা দেখেছিলাম গতকাল হলো তার ভাই}

[Relative Pronoun-যুক্ত এই বাক্যগুলো হলো Complex বাক্য।]

(04) The house **that (= যেটি) Opu built** is nice to look at.
{ যেই বাড়িটি অপু তৈরি করেছিলো (সেটি) সুন্দর দেখতে }

(05) I bought a new car. It is very fast.
= I bought a new car **that is very fast.**
{আমি একটি নতুন গাড়ি কিনেছিলাম যেটি খুব দ্রুত চলে}

(06) The man **who discovered America** became famous.
{ লোকটি যিনি আবিষ্কার করেছিলেন আমেরিকা (তিনি) হয়েছিলেন বিখ্যাত }

★ **Complex** বাক্য বুঝা যাক:

(দ্যাট = যেগুলো)
The birds **that** come to our country in winter **are** called migratory birds.

উপরের বাক্যটি একটি complex বাক্য। কেনো complex ?

এই বাক্যে দুটো বক্তব্য আছে:

(1) *The birds are called migratory birds.*
(পুরো স্বাধীন বাক্য)

(দ্যাট = যেগুলো)
(2) *that come to our country in winter.*
(অসমাপ্ত বক্তব্য)

২ নম্বরের অর্থ হলো "যেগুলো আসে আমাদের দেশে শীতকালে"।

এই অসম্পূর্ণ বাক্য থাকাতেই পুরো বাক্যটি একটি complex বাক্য।

তাহলে বুঝা গেলো relative pronoun-যুক্ত এই পৃষ্ঠার বাক্যগুলিও **complex** বাক্য।

8. বাংলা অর্থ বুঝে Indefinite pronoun শেখা যাক

Everybody enjoyed the match. There was **no one** at home. We could see **everything**.
উপরের বাক্যের *everybody* (= প্রত্যেক ব্যক্তি), *no one* (= কেউ না), *everything* (= প্রত্যেক জিনিস)
প্রভৃতিকে **Indefinite Pronoun** বলে, কারণ
এই pronoun-গুলো কোন ব্যক্তি বা কোন জিনিসকে সুনির্দিষ্ট করে বলে না।

somebody	(কোনো ব্যক্তি)	someone	(কেউ)	something	(কিছু)
anybody	(যেকোনো ব্যক্তি)	anyone	(যে কেউ)	anything	(কোন কিছু)
nobody	(কেউ না)	no one	(কেউ না)	nothing	(কিছুই না)
everybody	(প্রত্যেকে)	everyone	(প্রত্যেকে)	everything	

9. Possessive pronoun

Possess (পযেস্) অর্থ কোনো কিছুর অধিকারী বা মালিক হওয়া। আর, এই *possess* শব্দ থেকে এসেছে (possession - মালিকানা) পজেশন্ শব্দটি যা বাংলাদেশে খুবই প্রচলিত, যেমন: এই দোকানটির পজেশন সে নিয়েছে। আর Possessive (পযেসিভ্) অর্থ অধিকারপূর্ণ।

যেই pronoun দ্বারা কোনো কিছু কোনো ব্যক্তির অধিকারে থাকা বুঝায়,
তাকে গ্রামারের ভাষায় **Possessive Pronoun** বলে।

উদাহরণ

My (আমার), ***your*** (তোমার), ***yours*** (তোমারটা), ***his*** (তার), ***her*** (তার), ***its*** (এটির), ***our*** (আমাদের), ***ours*** (আমাদেরটা), ***whose*** (হুয্ = কার) প্রভৃতি হলো পযেসিভ্ **Pronoun** ।

বাক্য দিয়ে উদাহরণ

01. **Whose** book is this? { কার বই হলো এটি = এটি কার বই?}
02. He did **his** homework. { সে করেছিলো তার বাড়ির কাজ }
03. Look at these pictures. **My** picture is the biggest. { আমার ছবি হলো সবচেয়ে বড়টা }
04. I like your flowers. Do you like **mine**? { তোমার কি পছন্দ হয় আমারটা? }
05. I looked everywhere for **your** key.
I found Joni's key but I couldn't find **yours**. (yours = তোমারটা = your key)
06. Kamal found **his** passport, but Laili couldn't find **her** passport.
{ কামাল তার পাসপোর্ট পেয়েছিলো, কিন্তু লাইলী তার পাসপোর্ট পায়নি }
07. Your photos are good. **Ours** are terrible. { তোমার ছবিগুলো ভালো। আমাদেরগুলো হলো জঘন্য}

সুতরাং বুঝা যাচ্ছে, পেন্সিলটি কার, বইটি কার, বাড়িটি কার বা কাদের,
ছবিটা কার বা কাদের প্রভৃতির উত্তর দেয় **Possessive Pronoun**।

পরীক্ষায় আসে এমন কিছু বাক্য ও ব্যাখ্যা

খবরদার !

মুখস্থ

করিয়ো

না !

01. **অশুদ্ধ বাক্য** It can help neither you nor I.

শুদ্ধ বাক্য It can help neither you nor **me**.

এটি সাহায্য করতে পারে আপনাকেও না আমাকেও না।

ব্যাখ্যা

It can help I = এটি সাহায্য করতে পারে আমি, - **এটা আমরা বলি না।**

বরং আমরা বলি - It can help me = এটা সাহায্য করতে পারে আমাকে।

∴ *I*-এর বদলে ***me*** হলো।

এভাবে, *It can help **them*** হল সঠিক বাক্য।

02. **অশুদ্ধ বাক্য** It is me who is guilty.

শুদ্ধ বাক্য It is **I who am** guilty. (এটা হলো আমি যে হলো দোষী = আমিই হলাম দোষী)

who দিয়ে ***I***-কে বুঝাচ্ছে। তাই *who **am*** হলো।

is-এর পর *I, he, she, they* প্রভৃতি **subject pronoun** বসবে।

03. *Each, either, neither, one, none, nobody, nothing, anyone, anybody, anything, everyone, everybody, everything* ইত্যাদির পরিবর্তে pronoun হিসেবে *his* বা *her* বসবে।

ভুল

অশুদ্ধ বাক্য **Everyone** did **their** work.

শুদ্ধ বাক্য **Everyone** did ***his*** work.

everyone (= প্রত্যেকে) হচ্ছে একজন। ∴ *their*-এর জায়গায় ***his*** হবে।

04. বাক্যের subject যদি **one** হয়, তার pronoun **one's** হবে।

Correct : One should do **one's** duty. { যে কারো উচিত তার কর্তব্য পালন করা }

এরূপভাবে, One → one's, They → their, We → our etc.

05. **Committee, council, Board, Team** এবং **Jury** মিলে একটা কাজ করলে সিংগুলার প্রোনাউন হয়। যেমনঃ

(i) **The committee** (কমিটিটি) **has** elected **its** chairman.

✳ কিন্তু নিচের বাক্যে বিভিন্ন জনের বিভিন্ন মত। তাই are হলো এবং their হলোঃ

(ii) **The jury** (জুরীরা) **are** divided in **their** opinions.

06. একটি বা একজন হলে that (= এটা) হবে, আর একের অধিক হলে those (= ঐগুলো) হবে।

Incorrect : The rice of Bangladesh is better than Myanmer.
{ভুল বাক্য : বাংলাদেশের ধান বার্মার চেয়ে ভাল }
Correct : **The rice** of Bangladesh is better than **that** of Myanmar.
The rice of Bangladesh is better than the rice of Myanmar.
{সঠিক বাক্য : বাংলাদেশের ধান আরো ভালো বার্মারটার চেয়ে }

Incorrect : The mangoes of Rajshahi are better than Dinajpur.
Correct : **The mangoes** of Rajshahi are better than **those** of Dinajpur.
{সঠিক বাংলা : রাজশাহীর আম দিনাজপুরেরগুলোর চেয়ে ভালো }
= The mangoes of Rajshahi are better than the mangoes of Dinajpur.

07. Subject হিসেবে সর্বদাই *I, we, he, she, they* প্রভৃতি বসে।

Abdul Karim and I (আমি) got the same GPA.

থেমে যেও না,
অর্থ বুঝে
একটানা
পড়তে থাকো।

08. ing যুক্ত শব্দের আগে possessive pronoun *my, his, your, their* প্রভৃতি হয়, যেমনঃ

He insists **on my coming**. (সে জোরাজুরি করছে আমার আসার উপর)

নিচে pronoun-এর ব্যবহারগুলো লক্ষ্য করোঃ

- My **coming** (আমার আসা), Your **going** (তোমার যাওয়া), His leav**ing**, Their **going** (তাদের যাওয়া) etc.

09. আরো উদাহরণ :

Everyone should take care of his health. (≈ তার স্বাস্থ্য = his health)

Let **me** do the job. (≈ You let me do the job)

Let **him** go. (≈ You let him go)

He tried to follow **me**.

You
উহ্য আছে।

Chapter-15 বাংলা অর্থ বুঝে Possessive (পযেসিভ)

Possess (পজেস্) অর্থ কোনো কিছুর অধিকারী বা মালিক হওয়া। যেমন:

Bangladeshi villages possess a lot of trees. = বাংলাদেশি গ্রামগুলোর আছে অনেক গাছ।

আর, এই *possess* শব্দ থেকে এসেছে *possession* = পযে-শন্ = মালিকানা শব্দটি।

যেমন: দোকানের পযেশন।

আর *Possessive* অর্থ অধিকারসূচক। নিচের উদাহরণগুলোর মাধ্যমে ব্যাপারটা বুঝা যাক:

উদাহরণ

My (আমার), **your** (তোমার), **yours** (তোমারটা বা তোমাদেরটা), **his** (তার), **her** (তার), **its** (এটির), **our** (আমাদের), **ours** (আমাদেরটা), **their** (তাদের), **theirs** (দেয়ারস্ = তাদেরটা), প্রভৃতি হলো Possessive। **possessive** সাধারণত **দুই** ধরনের হয়:

1. **Possessive adjectives:** *my, your, his, their* এবং *our*-কে ইংরেজি গ্রামারে Possessive adjectives বলা হয়। উদাহরণের মাধ্যমে শেখা যাক:

   (i) That is **my** car. (ঐটা আমার গাড়ি।)

   (ii) **His** mother bought a present.
   (= তার মা একটি উপহার কিনেছিলো।)

কেমন গাড়ি বা কার গাড়ি ?
উত্তর: *my car*।
গাড়ি সম্পর্কে একটা তথ্য দিলো ***my*** শব্দটা।
তাই, ***my*** হলো **adjective**।

2. **Possessive pronoun:** *mine, yours, his, theirs* প্রভৃতিকে বলা হয় Possessive pronoun।

Subject	Object	**(1) Possessive adjective**	**(2) Possessive pronoun**
I	me	my (= আমার)	mine (= আমারটা)
you	you	your (= তোমার) (= তোমাদের)	yours (= তোমাদেরটা বা তোমারটা)
he	him	*his* (= তার)	- (= তারটা)
she	her	her (= তার)	hers
it	it	its (= এটির)	- (= আমাদেরটা)
we	us, our	our (= আমাদের)	ours (= তাদেরটা)
they	them	their (= তাদের)	theirs

- This is **my book**, not **your book**.
- This is **mine**, not **yours**. (তোমার বই = তোমারটা)
  [এটি হলো আমারটা, তোমারটা না]

MINE (আমারটা)	This is my laptop. It's ***mine***.
HIS (তারটা)	This is my brother's book. It's ***his***(এটা হলো তারটা)
HERS (তারটা)	This is my mobile. That is ***hers***. এটি হলো আমার মোবাইল। ঐটা তারটা (= তার মোবাইল)
OURS (আমাদেরটা)	I showed him your room. ***Ours*** is next door. (আমাদেরটা হলো পাশের দরজায় (≈ পাশেই)।)
YOURS(তোমারটা)	The house is ***yours***.
THEIRS(তাদেরটা)	The building is ***theirs***.

নিচের বাক্যগুলি জোরে জোরে পড়ো

1. This is his book, not mine.
   (= এটা হলো তার বই, আমারটা না।)
2. This is her book, not yours.
   (= এটা হলো তার বই, তোমারটা না।)
3. This is our house, not theirs.
   (= এটা হলো আমাদের বাড়ি, তাদেরটা না।)
4. This is my book, not Rahim's.
   (= এটা হলো আমার বই, রহিমেরটা না।)
5. This is Joy's book, not ours.
   (= এটা হলো জয়ের বই, আমাদেরটা না।)

তোমার ইংরেজির বেসিক খারাপ। এজন্যই এই বই খতম দাও।

বাক্যের অর্থ **বুঝলেই** **English** শেখা হয়ে গেলো!

S@ifur's SSC English A$^+$ বইটা অনার্সদের জন্যও জরুরি

Possessive questions

আমরা 'whose' (= কার / কাদের) ব্যবহার করি প্রশ্ন করতে।

Whose book is that ? (= কার বই হলো ঐটা ?)
Whose pens are those ? (= কার কলম ঐগুলি ?) →
Whose pencil is this ? (= কার পেন্সিল এটা ?)



Whose এবং **who's**-এর পার্থক্য

1. **Whose** pen is this? [হুয্ পেন্ ইয্ দিয্ = কার কলম এটা?]
2. **Who's** Rana? ≈ {(Who's = Who is)} ≈ Who is xyz ? (কে হলো রানা?)

It's এবং **Its**-এর পার্থক্য

1. The baby has broken ***its*** leg. [শিশুটি ভেঙ্গে ফেলেছে এটির পা।]
2. **It's** a book. [এটি হলো একটি বই] এখানে It's = It is।

   Note: It's = it is.

   যেমন: It's a pen (= এটি একটি কলম।);
   It's a house (= এটি হলো একটি বাড়ি।)



বাক্যে **Possessive**-এর ব্যবহার

Possessive Pronoun-গুলি
শব্দের পুনরাবৃত্তি (**repetition**) এড়ায়। যেমন:

- This book is **my book**, not **your book**. (Sounds repetitive = শুনতে পুনরাবৃত্তিপূর্ণ লাগে)
- This book is **mine**, not **yours**. (Sounds more natural = শুনতে আরো স্বাভাবিক লাগে)
- Her pen is red. *Mine* is white. (= আমারটা সাদা)

প্রশ্ন : Is that Jakir's car?
উত্তর : No, it's mine. (না, এটা আমারটা = আমার *car*)
প্রশ্ন : Whose coat is this? (কার কোট হলো এটা?)
উত্তর : Is it yours? (এটি কী তোমারটা?)

টেনশনের কিছু নাই !

Chapter-16 That দিয়ে শুরু হওয়া বাক্য

1. That he was once a famous artist is true.
= ***It*** is true that he was once a famous artist.
(এটা সত্য যে সে একসময় একজন বিখ্যাত শিল্পী ছিলো।)

The fact উহ্য আছে

= The fact is true. প্রশ্ন হলোঃ কোন্ fact is true ?
উত্তরঃ He was once a famous artist.
= The fact that he was once a famous artist is true.

That দিয়ে শুরু হওয়া বাক্যে that-এর আগে *the fact* আছে উহ্য অবস্থায়

2. That they tried their best to help him cannot be denied.
= ***It*** cannot be denied that they tried their best to help him.
(এটা অস্বীকার করা যায় না যে তারা তাকে সাহায্য করতে সর্বোচ্চ চেষ্টা করেছিলো।)
= The fact that they tried their best to help him cannot be denied.

That he overheard our conversation (কন্‌-ভার্‌-সেইশ্‌ন্‌) is clear.
= ***It*** is clear that he overheard (ঔভার্‌-হের্‌ড্‌) our conversation.
(এটা স্পষ্ট যে সে আড়ি পেতে শুনেছিলো আমাদের কথা-বার্তা।)

4. That you are not interested is clear.
= ***It*** is clear that you are not interested (ইন্‌ঠে-রেস্‌ঠেড্‌).
(তুমি যে আগ্রহী নও এটা স্পষ্ট।)
= The fact that you are not interested is clear.

The fact উহ্য আছে

5. Whether he comes or not does not matter.
= ***It*** does not matter whether he comes or not.
(সে আসে নাকি, আসে না, এতে কিছু যায় আসে না।)

6. Whether he can pay the dues is doubtful.
= ***It*** is doubtful (ডাউট্‌ফুল্‌) whether he can pay the dues.
(এটা নিয়ে সন্দেহ আছে সে বকেয়া টাকা পরিশোধ করতে পারবে কিনা।)

Chapter-17 বাংলা অর্থ বুঝে Person

I am a student. **You** are a teacher. **He** goes to school. **Corona** is a virus.

উপরের **sentence**-এ কয়েক ধরনের **Subject** (কর্তা) রয়েছে।

এই ভিন্ন ধরনের *I, you, he, Corona* প্রভৃতিকেই **person** বলা হয়।

Person-এর প্রকারভেদ

1. First person (উত্তম পুরুষ), →
2. Second person (মধ্যম পুরুষ) এবং →
3. Third Person (তৃতীয় পুরুষ)। →

এগুলো মনে না থাকলেও কোনো ক্ষতি নেই।

1. **First person** (উত্তম পুরুষ): First person দ্বারা আমি, আমাকে, আমার, আমাদের, আমাদেরকে বুঝায়। যেমন: *I, me, my, mine, we, our, us* প্রভৃতি।

Person	Singular	Plural
1st Person	I (আমি)	we (আমরা)
	Me (আমাকে)	**us** (আমাদের) ← **Object**
	My (আমার)	our (আমাদের)
	Mine (আমারটা)	ours (আমাদেরটা)

2. **Second person** (মধ্যম পুরুষ): Second person দ্বারা তুমি, তোমাকে, তোমাদের, তোমাদেরকে, আপনাকে, আপনাদেরকে বুঝায়। যেমন: You (= তুমি, তোমাদের), your (= তোমার / তোমাদের, আপনার / আপনাদের), thou (= তুমি, তুই - একজন ব্যক্তি), thy (দাই = তোমার, আপনার), thee (দী = তোমাকে, তোকে - একজন ব্যক্তি) ইত্যাদি।

সাইন্সের পিছনে দৌড়িয়ে লাখো ছাত্রের

আমও যায়, ছালাও যায়।

বিস্তারিত বুঝতে 01819 20 29 89 WhatsApp সাইফুর স্যার

Person	Singular	বহু
2rd Person	You (তুমি / তোমাকে / আপনি / আপনাকে)	you (তোমরা / তোমাদের / আপনাদের)
	Your (তোমার)	your (তোমাদের)
	Yours (তোমারটা)	yours (তোমাদেরটা)

3. **Third Person** (তৃতীয় পুরুষ): First ও Second person ছাড়া অন্যান্য সকল কিছুকে বা person-কে Third person বলে। যেমন: *He, she, it, him, his, her, Corona, mango, cat, tree, Abdul Karim, Dhaka, Beijing, London, they, them, their* প্রভৃতি।

Person	Singular	Plural
3rd Person	He, she, it (এটা)	they (তারা / এরা)
	It, This	their (তাদের)
	Him (তাকে), **her** (তাকে), **it** (একে, এটাকে)	**them** (এদেরকে, তাদেরকে) ← **Object**
	His (তারটা), **hers** (তারটা), **its** (এটির, এর)	theirs (তাদেরটা)

Chapter-18 Introductory (ইন্‌ট্রো-ডাক্‌টরি) it

It may rain = বৃষ্টি হতে পারে।

{ " **ইহা বৃষ্টি হতে পারে " কথাটা কেউ বলে না** }

এই বাক্যে "***It***"-এর অর্থ "**ইহা**" বললে ভুল হবে।

এই বাক্যে *It*-এর কোনো অর্থ নেই।

তাই *It*-কে এখানে **introductory *It*** বলা হয়।

IELTS,
O-level,
A-level,
GRE, TOEFL
পরীক্ষায় গ্রামার প্রশ্ন
আসে না !

☐ ***It*** is difficult to get good marks in chemistry.

= ভালো নাম্বার পাওয়া কঠিন রসায়নে।

{ এটা হলো কঠিন রসায়নে ভালো নম্বর পাওয়া ≈ **এমন কথা কেউ বলে না**। }

Introductory *It* দিয়ে আরো বাক্য

01. ***It*** is difficult to get GPA-5 = GPA-5 পাওয়া কঠিন ।

02. ***It*** is difficult to get chance in DU = DU-তে চান্স পাওয়া কঠিন ।

03. ***It*** is hard to get 7 in IELTS = IELTS-এ 7 পাওয়া কঠিন ।

04. ***It*** is hard to get 320 in GRE = GRE-তে 320 পাওয়া কঠিন ।

05. ***It*** is easy to send email = email পাঠানো সহজ ।

06. ***It*** is easy to contact by phone = ফোনে যোগাযোগ করা সহজ ।

07. ***It*** is difficult to earn money = টাকা আয় করা কঠিন ।

08. ***It*** is beneficial to eat timely = সময়মতো খাওয়া উপকারী ।

09. ***It*** is healthy (হেলথী) to get up early = তাড়াতাড়ি উঠা স্বাস্থ্যকর ।

বাক্যের অর্থ বুঝে শেখা যাক

1. ***It*** is difficult to understand his motive. (তার মতলব বুঝা কঠিন।)

2. ***It*** could be dangerous to drive so fast.
(এত দ্রুত গাড়ি চালানো হতে পারে বিপদজ্জনক।)

3. ***It*** is pleasant to sit on the sea-beach.
(সমুদ্র সৈকতে বসা আনন্দদায়ক।)

4. ***It*** was Rana who bought a new car.
(রানাই হলো সেই ব্যক্তি যে একটি নতুন গাড়ি কিনেছিলো।)

আরো বাক্য

Throwing away this opportunity is silly.
= ***It*** is silly throwing away this opportunity.
(এই সুযোগ হাত ছাড়া করাটা নিবুর্দ্ধিতার কাজ।) → (অপোর্‌ঠিউ্‌নিঠি)

Having so many children to look after is challenging.
= ***It*** is challenging having so many children to look after.
(এতগুলো বাচ্চাকে দেখাশুনা করা শ্রমসাধ্য।)

ঘটমান বর্তমান,
নিত্যবৃত্ত অতীত কিন্তু
বাস্তবে লাগে না!

7. Trying to stop him is no good.
= ***It*** is no good trying to stop him.
(তাকে থামানোর চেষ্টা করে কোনো লাভ নেই।)

8. Will ***it*** be any good my talking to him about it?
(কোনো লাভ হবে কি তার সাথে আমার কথা বলে এই সম্পর্কে?)

9. ***It*** is no use arguing with him. (তর্ক করার কোনো মানে হয় না তার সাথে।)
→ (আর্গুইং)

10. ***It*** won't be much good complaining to him about it.
(বেশি লাভ হবে না অভিযোগ করে তার কাছে এই সম্পর্কে।)

✳ *Seem, appear* (অ্যাপিয়ার = মনে হওয়া) এবং *look*-এর সাথে it:

01. ***It looked*** doubtful whether he would come.
(সে আসবে কিনা তা সন্দেহজনক মনে হয়েছিলো।)

02. ***It appears*** unwise to offend him.
(তাকে অসন্তুষ্ট করা বোকামি হবে বলে মনে হয়।)

03. ***It seems*** they will win. (মনে হয় তারা জিতবে।)

হাজার হাজার vocabulary-ও তুমি শিখে ফেলছো এই বই পড়তে পড়তে।

04. ***It*** does not ***seem*** much good going on with the work.
(কাজটা চালিয়ে যাওয়াতে বেশি একটা লাভ হবে বলে মনে হয় না।)

05. We think ***it improper*** that he should be so dictatorial (ডিক্‌ঠেই্‌ঠোরিআল্‌).
(সে যে এতো স্বেচ্ছাচারী হবে সেটাকে আমরা অশোভন মনে করি।)

06. He made ***it clear*** what he wanted. (সে যা চেয়েছিলো তা সে স্পষ্ট করলো।)

07. I find ***it difficult*** to talk to him. (তার সাথে কথা বলা আমার কাছে কঠিন লাগে।)

08. I ***find it difficult*** to understand the lecture. (আমার কঠিন লাগে লেকচারটি বুঝতে।)

09. He ***finds it easy*** to learn Arabic.
(আরবি ভাষা শেখা তার কাছে সহজ বলে মনে হয়।)

10. I ***find it surprising*** to see so many people here.
(আমার অবাক লাগছে এত বেশি লোককে দেখতে পেয়ে এখানে।)

প্রতিটা সেন্‌ঠেন্‌স্ দেখে দেখে একবার লিখো।

11. We ***find it interesting*** to swim in the river. →
(আমাদের কাছে আনন্দদায়ক লাগে নদীতে গোসল করা।)

12. We ***find it funny*** to mimic a voice. → (মিমিক = নকল করা)
(একটি কণ্ঠ নকল করা আমাদের কাছে মজার মনে হয়।)

Chapter-19 বাক্যের শুরুতে “ There ”

মুখস্থ করিয়ো না

01.

There **are**	uncountable	stars	in the sky.
দেয়ার্ আর্	আন্‌কাউন্‌ঠেই্‌বল্	স্টার্স্	ইন্ দ্যা স্কাই
আছে	অসংখ্য	নক্ষত্র	আকাশে।

সাবলীল অর্থ অসংখ্য তারা আছে আকাশে।

উপরের বাক্য ***There*** (দেয়ার্) দিয়ে শুরু হওয়াতে এই ধরনের *There*-কে বলে *Introductory* ***There***। আমরা জানি, *There* শব্দটির অর্থ হলো সেখানে। কিন্তু, এই ধরনের বাক্য যেগুলো *There* দিয়ে শুরু, এগুলোতে *There*-এর কোনো অর্থ নেই।

খবরদার ! মুখস্থ করিয়ো না, একটানা পড়ে যাও।

বুঝে বুঝে পড়বো, পড়ে পড়ে বুঝবো !

এই ধরনের বাক্যে *There*-কে বলা হয় Introductory (ইন্-ট্রো-ডাক্-ঠোরী) *There* (দেয়ার্)। Introduction অর্থ হলোঃ সূচনা বা আরম্ভ। আর, এই Introduction শব্দ থেকে এসেছে Introductory।

→ # 1 বাক্যটিতে *There* বাদ দিয়ে এমন করেও লিখা যায় :

Uncountable stars are in the sky.

একটি গুরুত্বপূর্ণ কথা

Introductory ‘*There*’-এর ক্ষেত্রে subject অনুযায়ী verb হয়, যেমনঃ

(1) There **is** a book on the shelf. (শেলফে একটা বই আছে।) { একটা book, তাই ***is*** হলো }

(2) There **were** many people in the meeting. → { অনেক people, তাই ***were*** হলো }
(মিটিংয়ে অনেক লোক ছিলো।)

বিভিন্ন পরীক্ষার প্রশ্ন

(1) There ***are*** two high schools in our village. [*are*-এর কর্তা হলো schools]

(2) There ***is*** hardly any person who loves drugs. [*is*-এর subject হলো person]

(3) There ***are*** village ***fairs*** on many occasions.
→ (ফেয়ার্‌স্ = মেলাগুলো)

“ গল্পের মতো শুধু পড়ে যাও ”

02.

	Long long ago,	***there*** lived	a farmer	in a certain village	who had four sons.
শাব্দিক অর্থ	অনেক দিন আগে,	বাস করতো	এক কৃষক	কোনো এক গ্রামে	যার ছিলো চার সন্তান।

সাবলীল অর্থ অনেক দিন আগে কোনো এক গ্রামে বাস করতো একজন কৃষক যার ছিলো চার সন্তান।

= Long long ago, a farmer lived in a certain village who had four sons.

03.

	There lived	a man	in a certain country.
শাব্দিক অর্থ	বাস করতো	এক লোক	কোনো এক দেশে ।

সাবলীল অর্থ কোনো এক দেশে এক লোক বাস করতো।

= A man lived in a certain country.

কোনো সেন্ঠেন্স্ মুখস্থ করিয়ো না।

04.

	Once ***there*** lived	a poor farmer	who had	a magic goose.
শাব্দিক অর্থ	একদা বাস করতো	এক গরিব কৃষক	যার ছিলো	একটা জাদুকরী রাজহাঁস।

সাবলীল অর্থ একদা এক গরীব কৃষক বাস করতো যার ছিলো একটি জাদুকরী রাজহাঁস।

05. Long long ago, ***there*** lived a mighty king Agamemnon in Greece.
অনেক অনেক দিন আগে, গ্রিসে অ্যাগামেমনন নামে এক শক্তিশালী রাজা বাস করতেন।

06. Once upon a time, ***there*** lived a saint in a deep forest.
কোন এক সময়ে একজন দরবেশ বাস করতেন এক গভীর জংগলে।
He had supernatural power = তার ছিলো অলৌকিক শক্তি।

এই বাক্যগুলোতে **there** শব্দের অর্থ **“সেখানে”** মনে করলে **ভুল হবে।**

07. Once ***there was*** a famous man in America.
একদা আমেরিকাতে একজন বিখ্যাত ব্যক্তি ছিলেন।
His name was Rip Van Winkle. = তার নাম ছিলো রিপ Van উয়িংকেল।

there was = ছিলো

08. Once ***there*** **was** a boy named Jaber. He was very honest.
একদা জাবের নামে একটি বালক ছিলো। সে ছিলো খুব সৎ।
One day he met a saint who gave him three magical things.
একদিন সে এক দরবেশের সাক্ষাৎ পেলো যিনি তাকে (জাবেরকে) তিনটি জাদুকরী জিনিস দিলেন।

09.

	Once **there** ruled	the kings	of the Paal Dynasty	in the Indian sub-continent.
শাব্দিক অর্থ	এক সময় শাসন করতেন	রাজারা	পাল রাজ বংশের	ভারতীয় উপমহাদেশটিতে।

সাবলীল অর্থ এক সময় ভারতীয় উপমহাদেশে পাল রাজ বংশের রাজারা শাসন করতেন।

একই কথা There-সহ এবং There বাদে

01. আমাদের স্কুলের সামনে একটি খেলার মাঠ আছে।

= There is a playground in front of our school.

= A playground **is** in front of our school.

02. বাংলাদেশে অনেক নদী আছে।

= There are many rivers in Bangladesh.

= Many rivers **are** in Bangladesh.

বাক্যগুলো **দেখে দেখে** তিনবার লিখো।

03. নদীতে অনেক নৌকা আছে।

= There are many boats in the river.

= Many boats **are** in the river.

04. সিলেটে অনেক চা বাগান আছে।

= There are many tea gardens in Sylhet.

= Many tea gardens **are** in Sylhet.

দেখে দেখে বাক্যগুলো জোরে জোরে পড়লেই তুমি স্পীকিং-এ দক্ষ হয় যাবে।

05. টেবিলের নিচে একটি বিড়াল আছে।

= There is a cat under the table.

= A cat **is** under the table.

06. আমাদের কলেজের সামনে একটি বড় পুকুর আছে।

= There is a big pond in front of our college.

= A big pond **is** in front of our college.

07. বাংলাদেশে ৬৪ টি জেলা আছে।

= There are sixty-four districts in Bangladesh.

= Sixty-four districts **are** in Bangladesh.

08. এমন কোন লোক নাই যে তাকে ভালবাসে না।
= There is no man who does not love him.
= No man *is there* who does not love him.

09. এমন কোন মা নেই যিনি সন্তানকে ভালবাসে না।
= There is no mother who does not love her child.
= No mother *is there* who does not love her child.

10. এমন কেউ নেই যে মিথ্যাবাদীকে ঘৃণা করে না।
= There is no one who does not hate a liar.
= No one *is there* who does not hate a liar.

সিলেবাসে আছে নাকি, এই চিন্তা বাদ দিয়ে পড়ে ফেলো এই পৃষ্ঠা।

11. এমন কেউ নেই যে সৎ মানুষকে ভালবাসে না।
= There is no one who does not love an honest man.
= No one *is there* who does not love an honest man.

12. এমন কোন গোলাপ নাই যার কাঁটা নেই।
= There is no rose which does not have a thorn (থর্ন্).
= No rose *is there* which does not have a thorn (থর্ন্)

13. সেখানে কেউ ছিল না যে আমাকে ভালবাসেনি।
= There was no one there who did not love me.
= No one *was there* who did not love me.

14. এমন কেউ ছিল না যে হাততালি দেয়নি।
= There was nobody who did not clap.
= Nobody *was there* who did not clap.

15. এমন কোন ছাত্র ছিল না যে আমাকে দেখতে আসেনি।
= There was no student who did not come to see me.
= No student *was there* who did not come to see me.

16. এমন কেউ ছিল না যে আমার বাবার মৃত্যুতে সান্ত্বনা দেয়নি। → (খন্ডৌল্)
= There was no one who did not condole me at my father’s death.
= No one *was there* who did not condole me at my father’s death.

Chapter-20 ধৈর্য ধরে **Connector** শিখবো

Connect (খানেক্ট্) শব্দটির অর্থ হলো **সংযোগ করা**।

আর *connector* শব্দটির অর্থ = connect করে যে = যে সংযোগ করে = সংযোগকারী।

connector বলা হয় ঐসব শব্দগুলিকে,

যেগুলো একটা বাক্যের দু'টো অংশকে সংযোগ করে, বা দু'টো বাক্যকে সংযোগ করে। যেমন:

He is **not only** funny,	**but also** intelligent.
তিনি কেবল মজার লোকই নন,	কিন্তু বুদ্ধিমানও বটে।

না বুঝলে WhatsApp নাম্বারে 01713 43 20 02 (সাইফুর স্যার) মেসেজ দাও

উদাহরণস্বরূপ, উপরের বাক্যে *not only .... but also* দিয়ে *funny* এবং *intelligent*-কে যোগ করা হলো। আরেকটি উদাহরণ দেখা যাক:

> Copying is a bad habit. **Moreover,** it spoils the habit of learning of the students. { নকল করা খারাপ অভ্যাস। অধিকন্তু, এটা নষ্ট করে ছাত্রদের শেখার অভ্যাস। }

উপরের দু'টো বাক্যকে *Moreover* (মোর-ওঔভার্) শব্দটি দিয়ে সংযোগ করা হলো।

তাই *Moreover* শব্দটিও আরেকটি *connector*।

উল্লেখ্য, *Connector*-কে গ্রামারের ভাষায় linker বলা হয়।

আবার, linking word এবং conjunction-ও বলা হয়।

সাইফুর'স-এর 4G অ্যাডভান্সড় গ্রামার বইটাও পড়া শুরু করো।

Complete the sentence using suitable connectors:

প্রশ্ন (c) _____ we want to develop the country, we must control the rapid growth of population. [(c) _____ আমরা চাই দেশটিকে উন্নত করতে, আমাদের অবশ্যই জনসংখ্যার দ্রুত বৃদ্ধি নিয়ন্ত্রণ করতে হবে।]

উত্তরঃ ***If*** we want to develop the country, we must control the rapid growth of population.
[যদি আমরা দেশের উন্নয়ন চাই, আমাদের অবশ্যই জনসংখ্যার দ্রুত বৃদ্ধি নিয়ন্ত্রণ করতে হবে।]

connector একদম সহজ যদি তুমি বাক্যের অর্থ বুঝো

(i) ***If*** we want to develop the country, we must control widespread corruption.
[যদি আমরা দেশটিকে উন্নত করতে চাই, আমাদের অবশ্যই ব্যাপক দুর্নীতিকে নিয়ন্ত্রণ করতে হবে।]

(ii) ***If*** we want to develop the country, we must control environment pollution.
[যদি আমরা উন্নত করতে চাই দেশটি, আমাদের নিয়ন্ত্রণ করতে হবে পরিবেশ দূষণ।]

not only this ... but also that

= শুধু এটা নয় ... বরং ঐটাও।

এগুলো সবই বিভিন্ন পরীক্ষার প্রশ্ন।

(i) He is **not only** funny, **but also** intelligent.
↓ ↓ ↓
{ হী ইয়্ নট্ অন্লি ফানি, বাট্ অল্সৌ ইন্টেলিজেন্ট্ }
{ তিনি শুধুমাত্র মজার লোকই নন, বুদ্ধিমানও বটে}

(ii) War causes **not only** death, **but also** destruction.
{ যুদ্ধ কেবল মৃতুই ঘটায় না, বরং ধ্বংসও ঘটায় }

and (এ্যান্ড) = এবং / ও

(i) We have read the book twice, ***and*** now we want to read it again.
{ আমরা বইটি দুই বার পড়েছি, এবং এখন আমরা এটা আবারো পড়তে চাই}

“ English sentence-গুলো দেখে দেখে একবার করে লিখো ”

also (অল্সৌ) = ও / আরো

(i) My friend can speak French and English. He can ***also*** speak Chinese.
{ আমার বন্ধু পারে ফ্রেঞ্চ (ফরাসি ভাষা) এবং ইংলিশ বলতে। সে চীনা ভাষায়ও কথা বলতে পারে }

(ii) I don’t like this toy that much. **Also**, it is too costly.
{ আমি এই খেলনাটা অতো পছন্দ করি না। উপরন্তু, এটা অনেক দামী }

Moreover (মোর্-ওউ্ভার্) = অধিকন্তু

(হিউমিড্)

(i) The weather is hot; ***moreover***, the air is humid. { আবহাওয়া গরম; এর উপরে, বাতাস হলো আর্দ্র}

(ii) Swimming alone here goes against the rules and, ***moreover***, it is risky.
{ এখানে একাকী সাঁতার কাটা নিয়মের বিরুদ্ধে এবং অধিকন্তু, এটা ঝুঁকিপূর্ণ }

Furthermore (ফার্-দার্-মোর্) = এছাড়াও / আরও

(i) Students should be punctual in the class.
Furthermore, they must be attentive in their classes.
(অ্যাটেন্টিভ্)
{ **অধিকন্তু,** তাদের অবশ্যই মনোযোগী হতে হবে।)

In addition (ইন্ অ্যাডিশন্) = এছাড়াও / তদুপরি

(i) You must answer this question by 10:30 a.m. ***In addition*** (তাছাড়াও), you must do the exercises on page 40. { তোমাকে অবশ্যই সকাল ১০:৩০-এর মধ্যে এই প্রশ্নটির উত্তর করতে হবে। এছাড়াও, তোমাকে অবশ্যই ৪০ নং পৃষ্ঠার অনুশীলনীগুলো করতে হবে }

(ii) There was ice cream ***in addition*** to cake and sweet.
{কেক এবং মিষ্টি ছাড়াও আইসক্রীমও ছিল।}

বুঝে বুঝে
পড়বো,
পড়ে পড়ে
শিখবো।

Besides (বিসাই্ড্স্) = তাছাড়া

(i) The trip is too expensive. ***Besides***, I don’t really like hot weather.
{ ভ্রমণটি বেশি ব্যয়বহুল। তাছাড়া, আমি আসলে গরম আবহাওয়া পছন্দ করি না }

For example (ফর্ য়েগ্যাম্পল্) = **উদাহরণস্বরূপ**

(i) He has been to many countries. { সে অনেক দেশে গিয়েছে। }
For example, he has gone to India, China, America, and France.
{ উদাহরণস্বরূপ, সে ভারত, চীন, আমেরিকা এবং ফ্রান্সে গিয়েছে }

Especially (য়েস্‌পেশালী) = বিশেষ করে

(i) I like villages, ***especially*** in winter. { আমি গ্রাম পছন্দ করি, বিশেষ করে শীতকালে }

(ii) I made it ***especially*** for you. { আমি এটি বানিয়েছিলাম বিশেষ করে তোমার জন্য }

In particular (ইন্ পার্‌ঠিকিউ্লার্), particularly (পার্‌ঠি-কিউ্লার্-লী) = বিশেষ করে

(i) I like to eat fruits. ***In particular,*** I like bananas, apples, and mangoes.
{ আমি ফল খেতে পছন্দ করি। বিশেষ করে, আমি কলা, আপেল এবং আম পছন্দ করি }

(ii) Traffic jam occurs much, ***particularly*** in the city.
(যানজট বেশি ঘটে, বিশেষ করে শহরে)

But, While, Whereas, However ইত্যাদি

এগুলো সবই বিভিন্ন পরীক্ষায় এসেছে !

but (বাট্) = কিন্তু

(i) Biplob got A$^+$ in English, **but** Piku got B.
{ বিপ্লব পেলো A$^+$ ইংরেজিতে, কিন্তু পিকু পেয়েছিলো B }

while (ওআ্ইল্) = যদিও

(i) Rana is honest and simple in nature, whereas Romi is wicked to the backbone.
{ রানা হলো সৎ এবং স্বভাবে সরল, পক্ষান্তরে রমি হাড়ে হাড়ে দুষ্ট }

However (হাউ্য়েভার্) = যাই হোক, কিন্তু

(i) We wanted to leave at 9:00 a.m. **However,** Pasha arrived too late.
{ আমরা চেয়েছিলাম চলে যেতে সকাল ৯ টায়। কিন্তু, পাশা পৌছেছিলো খুবই দেরি করে }

On the (দি) other hand = অন্যদিকে

(i) **On the one hand,** I'd like a job that pays more, ***but on the other hand*** I enjoy the work I'm doing at the moment. {একদিকে আমি পছন্দ করি এমন একটি চাকরি যেটা আরো বেশি টাকা দেয়, কিন্তু অপরদিকে আমি এখন যে কাজটি করছি সেটা উপভোগ করি।}

Otherwise (আদার্-ওআইয্) = **অন্যথায়**

(i) Students should be attentive. **Otherwise** (নয়তো), they may fail in the exam.
{ শিক্ষার্থীদের মনোযোগী হওয়া উচিত। নয়তো, তারা পরীক্ষায় ফেল করবে }

Instead (ইন্‌স্টেড্) = **বদলে; Instead of xyz** (ইন্‌স্টেড্ অফ্) = **xyz-এর বদলে**

(i) Now we can walk to school ***instead of*** going by bus.
{ এখন আমরা স্কুলে হেঁটে যেতে পারি বাসে যাওয়ার পরিবর্তে }

(ii) There is no coffee – would you like a cup of tea instead.
(কোনো কফি নেই - তুমি কি এক কাপ চা খাবে এর বদলে।)

Despite (ডেস্‌পাইট্) xyz = *xyz* **সত্ত্বেও**
In spite of (ইন্ স্পাইট্ অফ্) xyz = *xyz* **সত্ত্বেও**

(i) ***Despite*** Federer's brilliant skill, he lost the tennis match.
{ ফেদেরারের দুর্দান্ত দক্ষতা সত্ত্বেও, তিনি হারলেন টেনিস ম্যাচটিতে। }

(ii) ***In spite of*** bitter cold, he went out without sweater.

বাংলা অর্থ বুঝে বাক্যগুলো পড়ে নিলে ইংরেজি পত্রিকা, ভার্সিটির বিদেশি বই সহজে পড়তে পারবে।

In contrast (ইন্ কন্ট্রাস্ট্) = **বিপরীতে** = **পক্ষান্তরে**

(i) Women usually enjoy shopping. **In contrast,** men often dislike it.
{ মহিলারা সচরাচর শপিং করা উপভোগ করে। পক্ষান্তরে, পুরুষরা প্রায়ই এটা অপছন্দ করে থাকে }

In case = যদি ঘটে সেক্ষেত্রে

(i) Take an umbrella **in case** it rains. (নাও একটা ছাতা যদি এমন হয় যে বৃষ্টি এসেই পড়ে।}

So (সোঔ্) = **সুতরাং**

(i) Wazed got chance in Dhaka University, **so** he was in a very cheerful mood.
{ ওয়াজেদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে চান্স পেয়েছিলো, তাই সে খুব প্রফুল্ল মেজাজে ছিল}

As a result (এ্যায্ আ রেযাল্ট্) = **ফলে**

(i) Tina was too late. ***As a result,*** she missed the class.

Therefore (দেয়ার্‌ফোর্) = **অতএব**

(i) Ali is feeling unwell. ***Therefore,*** he will not be there today.
{ আলি আজ ভালোবোধ করছে না। তাই, সে আজ সেখানে থাকবে না }

প্রশ্ন Student life is the best time in life (a) _____ almost every student is free from cares (b) ______ anxieties of life.

↳(কেআর্স্ = দুশ্চিন্তা) ↳(অ্যাংযাই-য়েটি = দুশ্চিন্তা) (ফ্রী = মুক্ত)

অর্থ ছাত্রজীবন হলো জীবনের শ্রেষ্ঠ সময় (a) ______ প্রায় সকল ছাত্র মুক্ত থাকে জীবনের দুশ্চিন্তা (b) ______ উদ্বেগ থেকে।

সমাধান

“ছাত্রজীবন জীবনের শ্রেষ্ঠ সময়” কেন, সেই কারণটা বলা হলো (a)-এর পরে:
প্রায় সব ছাত্র মুক্ত থাকে জীবনের দুশ্চিন্তা (b) ও উদ্বেগ থেকে।
অতএব, বাংলা বাক্যে (a)-তে খাপ খায় “কারণ”।
“কারণ” শব্দটির English হলো *because*। আর (b)-তে হবে “ও” = *and*।

পুরো সঠিক বাক্য ও অর্থ

Student life is the best time in life
because almost every student is free from cares ***and*** anxieties of life.
(ছাত্রজীবন হলো জীবনের শ্রেষ্ঠ সময়
কারণ প্রায় সব ছাত্র জীবনের দুশ্চিন্তা ও উদ্বেগ থেকে মুক্ত থাকে।)

when দিয়ে

Student life is the best time in life
when almost every student is free from cares ***and*** anxieties of life.
(ছাত্রজীবন হলো জীবনের শ্রেষ্ঠ সময়
যখন প্রায় সব ছাত্র জীবনের দুশ্চিন্তা ও উদ্বেগ থেকে মুক্ত থাকে।)

আরো উদাহরণ

01. Childhood is the golden period of life
when every child is free from, tensions ***and*** anxieties of life.
(শৈশব হলো জীবনের সোনালী সময় যখন প্রত্যেক শিশু জীবনের টেনশন ও উদ্বেগ থেকে মুক্ত থাকে ।)

02. Youth is the best time of human life
when almost every young man is free from worries ***and*** troubles of real life.
(যৌবনকাল হলো মানবজীবনের শ্রেষ্ঠ সময় যখন প্রতিটি যুবক বাস্তব জীবনের দুশ্চিন্তা ও ঝামেলা থেকে মুক্ত থাকে।)

03. Adult life is a difficult period of human life
when many people suffer from worries, cares ***and*** complexities of life.
(বয়স্ক জীবন হলো মানবজীবনের একটা কঠিন সময় যখন প্রায় বহু মানুষ দুশ্চিন্তা, উদ্বেগ ও জটিলতায় ভোগে।)

Complete the passage using suitable connectors:

প্রশ্ন (c) _____ we want to develop the country, we must control the rapid growth of population. [(c) _____ আমরা চাই দেশটিকে উন্নত করতে, তাহলে আমাদের অবশ্যই জনসংখ্যার দ্রুত বৃদ্ধি নিয়ন্ত্রণ করতে হবে।]

উত্তর : ***If*** we want to develop the country, we must control the rapid growth of population. [যদি আমরা দেশের উন্নয়ন চাই তবে আমাদের অবশ্যই জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণ করতে হবে।]

আরো উদাহরণ : জোরে জোরে পড়ো

(i) ***If*** we want to develop the country , we must control corruption.
[যদি আমরা দেশ উন্নত করতে চাই , আমাদের অবশ্যই দুর্নীতিকে নিয়ন্ত্রণ করতে হবে।]

(ii) ***If*** we want to develop the country , we must control pollution.
[যদি আমরা দেশটিকে উন্নত করতে চাই , আমাদের অবশ্যই দূষণ নিয়ন্ত্রণ করতে হবে।]

(iii) ***If*** we want to develop the country , we must check food adulteration.
[যদি আমরা দেশটিকে উন্নত করতে চাই , আমাদেরকে অবশ্যই খাদ্যে ভেজাল নিয়ন্ত্রণ করতে হবে।]

(iv) ***If*** we want to develop the country , we must control price-hike.
[যদি আমরা দেশটিকে উন্নত করতে চাই , আমাদের অবশ্যই মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ করতে হবে।]

না বুঝলে SMS করো : 01713 43 20 02 (সাইফুর স্যার)

v) ***If*** we want to develop the country , we must eradicate drug trade.
[যদি আমরা দেশটিকে উন্নত করতে চাই , আমাদেরকে মাদক ব্যবসাকে নির্মূল করতে হবে।]

(vi) ***If*** we want develop the country , we must ensure good governance.
[যদি আমরা দেশটিকে উন্নত করতে চাই , আমাদেরকে অবশ্যই সুশাসন নিশ্চিত করতে হবে।]

জোরে জোরে পড়ো ও দেখে দেখে লিখো !

(vii) ***If*** we want to develop our health , we must maintain balanced diet.
[যদি আমরা আমাদের স্বাস্থ্যকে উন্নত করতে চাই , আমাদের অবশ্যই সুষম খাদ্য গ্রহণ করতে হবে।]

(viii) ***Should*** we want to develop our health , we must practice physical exercise daily.
[যদি আমরা আমাদের স্বাস্থ্যকে উন্নত করতে চাই , আমাদের অবশ্যই প্রতিদিন শারীরিক ব্যায়াম করতে হবে।]

(ix) ***Should*** we want develop our country , we must save our bio-diversity.
[যদি আমরা আমাদের দেশটিকে উন্নত করতে চাই , আমাদের কে অবশ্যই জীববৈচিত্রকে রক্ষা করতে হবে।]

(x) ***Should*** we want to develop the country , we must control corona unitedly.
[যদি আমরা দেশ উন্নত করতে চাই , আমাদেরকে ঐক্যবদ্ধভাবে অবশ্যই করোনা নিয়ন্ত্রণ করতে হবে।]

প্রশ্ন Every citizen has some duties and responsibilities for his nation. (a) ____ most of the people are careless in this respect.

শব্দের অর্থ

response (রেস্-পন্স্) = উত্তর; সাড়া। **respond** (রেস্পন্ড্) = উত্তর দেয়া।
responsible (রেস্-পন্-সিবল্) = *response*-এর *able* = *response*-এর যোগ্য = দায়ী।
responsibility (রেস্-পন্-সিবিলিটি) = দায়িত্ব।
in this respect = এই *respect*-এ = এই ব্যাপারে। **citizen** (সিটিযেন্) = নাগরিক।
careless (কেআর্লেস্) = *care* করে *less* = যত্ন করে কম = অসতর্ক; অবহেলাপূর্ণ।

বাক্যের অর্থ

প্রতিটি নাগরিকের রয়েছে কিছু দায়িত্ব ও কর্তব্য দেশের প্রতি।
(a) _____ অধিকাংশ মানুষ হলো এ ব্যাপারে উদাসীন।

সমাধান

উপরে দেয়া বাক্যের বাংলা অর্থ মন দিয়ে পড়লেই কিন্তু বুঝা যায়
(a)-তে উত্তর হবে: কিন্তু = *But*।
বলা হলো, প্রতিটি নাগরিকের রয়েছে দেশের প্রতি কর্তব্য ...।
বিপরীত কথাটা বলা হলো তার পরের বাক্যে।
তাই (a)-তে “কিন্তু” = *But* হবে।

খবরদার !
উত্তর মুখস্থ
করিয়ো না।

পুরো সঠিক বাক্য ও অর্থ

Every citizen has some duties and responsibilities for his nation.
(প্রতিটি নাগরিকের তার দেশের প্রতি রয়েছে কিছু দায়িত্ব এবং কর্তব্য।)
(a) ***But*** most of the people are careless in this respect.
(কিন্তু অধিকাংশ মানুষই হলো উদাসীন এই ক্ষেত্রে।)

একইরকম আরো বাক্য

01. Every man has some responsibilities to his family.
(প্রতিটি মানুষের রয়েছে কিছু দায়িত্ব তার পরিবারের প্রতি।)
But some people are careless in this regard.
(**কিন্তু** কিছু মানুষ হলো উদাসীন এই ক্ষেত্রে।)

02. Every student should pay attention to his teacher's lecture.
(প্রতিটি ছাত্রের মনোযোগ দেয়া উচিত শিক্ষকের লেকচারের প্রতি।)
But many of them are inattentive to this.
(**কিন্তু** তাদের অনেকেই অমনোযোগী লেকচারের প্রতি।)

Chapter-21 ডিঠার্মিনার্ (Determiner) ও Modifier

Determine (ডিঠার্মিন্) অর্থ হলো নির্ণয় করা। আর ডিঠার্মিনার্ মানে হলো নির্ণয়কারী।

one , two , ten প্রভৃতি সংখ্যা ,
a , an , the ,
this , that , these , those ,
my , your , her , their

প্রভৃতি সবই হলো গ্রামারের ভাষায় **determiner**।

আমাদের স্কুল জীবনে ডিঠার্মিনার্ বলে কিছু ছিলো না।

কোনো পরীক্ষাতেই এই শব্দটা জিজ্ঞেস করে না।

বাংলা দিয়ে বুঝবো ,
বুঝে বুঝে শিখবো !

উদাহরণ

(01) He is a computer engineer.

(02) Look (দেখো) at those (দোউয্ - ঐগুলো) beautiful flowers. *noun phrase*

(03) It is their (তাহাদের) black cat (কালো বিড়াল).

১নং বাক্যে a (determiner) শব্দটি তথ্য দিলো computer engineer সম্পর্কে যে, সে একজন কম্পিউটার ইঞ্জিনিয়ার। ৩নং বাক্যে *their* নামক determiner-টি তথ্য দিলো *black cat* সম্পর্কে যে, এই কালো বিড়াল কাদের ?

তুমি অনর্গল ইংলিশ বলতে পারবে এই বইয়ের বাক্যগুলো জোর পড়লে।

Article কাজ করছে determiner হিসেবে

	বাক্য	বাক্যের অর্থ
01	Sozib is **an** engineer.	{ সজিব হলো একজন ইঞ্জিনিয়ার }
02	He has got **a** job.	{ সে পেয়েছে একটি চাকরি }
03	Can you please pass me **the** salt ? *noun*	{ তুমি কি দয়া করে আমাকে লবণ এগিয়ে দিবে?}
04	It is **a** strange animal.	{ এটি হলো একটি অদ্ভুত প্রাণী }

উপরের বাক্যগুলোতে ***a, an, the*** প্রভৃতি তথ্য দিচ্ছে *job, engineer, salt* ও *animal* সম্পর্কে। এই *a, an, the*-কে বলা হয় ***determiner***।

পণ্ডিতগণ এইসব বেহুদা term বা নাম উদ্ভাবন করেই ইংরেজি শেখাকে কঠিন করেছেন !

Possessive determiner

Possess (পযেস্) অর্থ হলো অধিকারে থাকা বা মালিকানায় থাকা।
Possession (পযেশন্) অর্থ হলো মালিকানাধীন বস্তু বা সম্পদ।
Possessive (পযেসিভ্) অর্থ হলো মালিকানামূলক।

My, **your**, **his**, **her**, **its**, **our**, **their**, **whose** প্রভৃতি শব্দগুলো কারো মালিকানা বুঝায়। তাই এগুলোকে possessive determiner বলে।

01. Whose book is this? { কার বই এটি = এটি কার বই? }
{ *whose* হলো possessive determiner }

02. He did his homework. { সে করেছিলো তার বাড়ির কাজ। }

	বাক্য	বাক্যের অর্থ
01.	This is **our** house.	= এটি হলো আমাদের বাড়ি।
02.	**This** house is ours (ours = our house)	= এই বাড়িটি হলো আমাদের (বাড়ি)।
03.	The dog broke **its** leg.	= কুকুরটি ভেঙ্গেছিলো এটির পা।
04.	She looks like **her** mother.	= সে দেখতে তার মায়ের মতো।
05.	**Their** car is parked in the garage	= তাদের গাড়ি হলো পার্ক করা গ্যারেজে।
06.	Thank you for **your** e-mail.	= ধন্যবাদ তোমাকে তোমার ই-মেইলের জন্য।

Interrogative determiners

	বাক্য	বাক্যের অর্থ
01.	Which country do you want to go to ?	= কোন্ দেশে তুমি যেতে চাও ?
02.	Which countries have you gone to ?	= কোন্ কোন্ দেশে তুমি গিয়েছো ?
03.	What types of book do you like ?	= কী ধরনের বই তুমি পছন্দ করো ?
04.	Which college did you study in ?	= কোন্ কলেজে তুমি পড়েছিলে ?

Tension (টেনশন) বা দুশ্চিন্তা দূর করবে যে খবর :

SSC, HSC, ভার্সিটি ভর্তি প্রভৃতি কোনো পরীক্ষাতেই
Demonstrative determiner কোনটি বা
possessive determiner কোনটি, **এমন প্রশ্ন আসে না !**

Demonstrative (ডেম্‌ন্‌স্ট্রেইটিভ্) Determiners

This, that, these, those প্রভৃতি হলো demonstrative determiners.

	বাক্য	বাক্যের অর্থ
01.	**This** idea is great.	= এই ধারণাটা হলো দারুণ ।
02.	**That** idea is great.	= ঐ ধারণাটা হলো দারুণ ।
03.	**These** ideas are great.	= এই ধারণাগুলো হলো দারুণ ।
04.	**Those** ideas are great.	= ঐ ধারণাগুলো হলো দারুণ ।
05.	**These** pens are mine.	= এই কলমগুলো হলো আমার ।
06.	**Those** pens are yours.	= ঐ কলমগুলো হলো তোমার ।
07.	**This** time I won't be late.	= এই বার আমি দেরি করবো না ।
08.	Who lives in **that** home ?	= কে থাকে ঐ বাড়িতে ?
09.	Look at **those** lovely pictures.	= তাকাও ঐ সুন্দর ছবিগুলোর দিকে ।

উপরের বাক্যগুলো This / that / those প্রভৃতি modify করছে *idea, pens, time, home* প্রভৃতি শব্দকে। মডিফাই-এর অর্থ পরিবর্তন করা। তার মানে, *ideas, pens* প্রভৃতি সম্পর্কে তথ্য দিয়ে সেগুলো পরিবর্তন করেছে।

মডি-ফায়ার্ (Modifier)

Modify (মডিফাই্) অর্থ পরিবর্তন করা। **Modifier** অর্থ পরিবর্তনকারী।

উদাহরণ দেখলেই ব্যাপারটা সহজ হয়ে যাবে।

01. He **laughs**. { সে হাসে }

02. He **laughs** **loudly**. { সে হাসে জোরে }

loudly অর্থ জোরে জোরে। সে কীভাবে হাসে, সেটা বলা হলো *loudly* শব্দ দিয়ে।

সাইফুর'স 4G
অ্যাডভান্সড গ্রামার
বইয়ে মডিফাইয়ারের
আরো বাক্য আছে।

তার মানে, *loudly* শব্দটি একটি তথ্য দিলো *laugh* সম্পর্কে।

তার মানে, *loudly* শব্দটি modify করলো *laugh*-কে

তাই *loudly* শব্দটি একটা **Modifier**।

আবার *laughs* হলো একটি verb।

কিভাবে *laughs* ? উত্তর: **loudly**। অতএব, *loudly* হলো **adverb**।

An adverb modifying a verb

↓

= An adverb which modifies a verb

↓ ↓

= একটি adverb যেটি modify করে একটি verb-কে।

↓

= একটি adverb যেটি কিছু তথ্য দেয় একটি verb সম্পর্কে।

An adverb post-modifying a verb

= An adverb which post-modifies a verb

= একটি adverb যেটি **post**-modify করে একটি verb-কে।

= একটি adverb যেটি (verb-এর) পরে বসে modify করে ঐ verb-কে।

= একটি adverb যেটি (verb-এর) পরে বসে কিছু বলে ঐ verb সম্পর্কে।

উদাহরণ

		verb			post-modifier
03.	I	**enjoyed**	my first	journey by plane	**last week**.
	{ আমি	উপভোগ করলাম	আমার প্রথম	প্লেন ভ্রমণ	গত সপ্তাহে। }
04.	I	**enjoyed**	my first	journey by boat	**last month**.
	{ আমি	উপভোগ করলাম	আমার প্রথম	নৌকা ভ্রমণ	গত মাসে। }

বুঝতে সমস্যা হলে SMS করো সাইফুর স্যারকে: 0189 202 989-এ।

ব্যাখ্যা

কখন উপভোগ করলাম, এই প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় *last week* (= গত সপ্তাহে)। ***enjoyed***-এর পরে বসেছে *last week*। তাই *last week*-কে বলা হয় post-modifier। enjoy-এর পরে বসেছে last week, এবং enjoy-কে মডিফাই করছে last week modify করছে এর পূর্বের *enjoy* বা verb-কে।

Chapter-22

Adverb (এ্যাড্ভার্ব্)

চলো উদাহরণের মাধ্যমে শেখা যাক

The lion roared *loudly* (লাউড্লি - জোরে). (সিংহটি জোরে গর্জন করেছিলো)

সিংহটি কী ভাবে *roar* (রোওর্ - গর্জন করা) করেছিলো- এই প্রশ্নের উত্তর দিলো *loudly*।

এই *loudly* শব্দটি *roar* শব্দ সম্পর্কে তথ্য দিল যে, *roar* (রাওর্) করেছিলো জোরে।

বাংলা অর্থ থেকে বুঝা যায়, এই *roar* (গর্জন করা) শব্দ হলো একটি verb বা ক্রিয়াপদ। আর, গ্রামারের ভাষায় verb সম্পর্কে যেই শব্দগুলো তথ্য দেয়, সেই শব্দগুলোকে বলে **Adverb**।

তাই, *loudly* হলো adverb (অ্যাড্ভার্ব্)। আরো কিছু উদাহরণ দেখা যাক :

(1) He walks slowly - সে হাঁটে ধীরে ।
(2) He eats quickly - সে খায় দ্রুত ।
(3) He talks gently (জেন্ট্লি) - সে কথা বলে ভদ্রভাবে ।

আরেকটি উদাহরণ

He is a **very** good boy. {সে একটি খুব ভালো ছেলে}

আমরা জানি, ***Good*** শব্দটি হলো Adjective। কেমন *good*, সেই সম্পর্কে বলতে গিয়ে বলা হলো *very good*। তার মানে, *good* সম্পর্কে তথা এই adjective সম্পর্কে তথ্য দিল *very* শব্দটি। আর, গ্রামারের ভাষায় যে word কোনো adjective-এর অবস্থা প্রকাশ করে, তাকে adverb বলে। তাই, *very* শব্দটি একটি **Adverb**।

Adverb-এর প্রকারভেদ শেখা যাক

অর্থ অনুসারে Adverb-কে নিম্নলিখিত আট ভাগে ভাগ করা যায়:

a) Time
b) Place
c) Manner
d) Degree
e) Number
f) Order (অর্ডার্ = ধারাবাহিকতা বা সিরিয়াল)
g) Cause and effect
h) Assertion

এখন আমরা বিভিন্ন **Adverb** শিখবো বাক্য দিয়ে বাংলা অর্থ বুঝে

01. Adverb of Time (সময়)

Verb-কে when বা 'কখন' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, সেই শব্দটি Adverb of Time। যেমনঃ

Rahim will go *tomorrow*. (রহিম আগামীকাল যাবে)

উপরের sentence-এ, "কখন যাবে"-এই প্রশ্নটির উত্তর হলো "*tomorrow*"।

তাই "*tomorrow*" শব্দটি Adverb of Time ।

a. I saw him yesterday. (আমি তাকে দেখেছিলাম গতকাল)
b. I will meet your father tomorrow. (আমি তোমার বাবার সাথে দেখা করবো আগামীকাল)
c. I will go after school. (আমি যাব স্কুল শেষ করার পর)
d. I went there yesterday. (গতকাল আমি সেখানে গিয়েছিলাম)
e. I will meet him now. (আমি তার সাথে দেখা করবো এখন)
f. I have already finished the work. (আমি ইতোমধ্যে কাজটি শেষ করেছি)
g. I read the Quran daily. (আমি কোরআন পড়ি প্রতিদিন)
h. We will go now. (আমরা এখন যাব)

প্রতিটি ইংরেজি বাক্যের অর্থ বুঝে বুঝে মন দিয়ে পড়ো।
তাহলেই পরীক্ষার সময় এ ধরনের যে কোন প্রশ্ন
ইনশাআল্লাহ সমাধান করতে পারবে।

i. I will never forget you. (আমি তোমাকে কখনোই ভুলব না)
j. India has not won lately. (সম্প্রতি ইন্ডিয়া জয়লাভ করেনি)
k. He was very angry then. (সে তখন খুব রাগান্বিত ছিল)
l. I phoned him last night. (আমি তাকে ফোন করেছিলাম গতরাতে)
m. These courses are presently available. (এই কোর্সগুলো বর্তমানে পাওয়া যাবে)
n. Two years ago my father died. (দুই বছর আগে আমার বাবা মারা যান)
o. I haven't seen him recently. (আমি তাকে দেখিনি সম্প্রতি)

Adverb-এর বিভিন্ন প্রকার কোনো পরীক্ষায় আসে না, না, না।

উপরের প্রতিটি উদাহরণে আন্ডারলাইন করা শব্দগুলো হলো Adverb of time।

'কখন' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, সেটাই হলো Adverb of time.

আগের page-এর বাক্যগুলোর ব্যাখ্যা

a.	কখন	দেখেছিলাম	?	**উত্তরঃ**	*yesterday*	(ইয়েস-ঠার্-ডেই্	- গতকাল)
b.	কখন	দেখা করবো	?	**উত্তরঃ**	*tomorrow*	(ঠু-মরোঔ্	- আগামীকাল)
c.	কখন	*will go*	?	**উত্তরঃ**	*after*	(আফ্‌ঠার	- পরে)
d.	কখন	*went*	?	**উত্তরঃ**	*yesterday.*		
e.	কখন	*meet* করবো	?	**উত্তরঃ**	*now.*	(নাউ	- এখন)
f.	কখন	*have finished*	?	**উত্তরঃ**	*Already.*	(অলরেডি	- ইতোমধ্যে)
g.	কখন	*read*	?	**উত্তরঃ**	*daily.*	(ডেইলি	- প্রতিদিন)
h.	কখন	*will go*	?	**উত্তরঃ**	*now.*	(নাউ্	- এখন)
i.	কখন	*will forget*	?	**উত্তরঃ**	*never.*	(নেভার্	- কখনো না)
j.	কখন	*has not won*	?	**উত্তরঃ**	*lately.*	(লেইট্‌লি	- সম্প্রতি)
k.	কখন	*was angry*	?	**উত্তরঃ**	*then.*	(দেন্	- তখন)
l.	কখন	*go there*	?	**উত্তরঃ**	*last night.*	(লাস্ট নাইট্	- গত রাতে)
m.	কখন	*available*	?	**উত্তরঃ**	*Presently.*	(প্রেযেন্‌ট্‌লি	- বর্তমানে)
n.	কখন	*died*	?	**উত্তরঃ**	*2 years ago.*	(ঠু ইয়ারস্ অ্যাগো	- দুই বছর আগে)
o.	কখন	*haven't seen*	?	**উত্তরঃ**	*recently.*	(রিসেন্‌ট্‌লি	- সম্প্রতি)

আবারও বলছি, এই পৃষ্ঠাগুলো একটানা পড়ে যাও !

02. Adverb of Place (স্থান)

The pen is here. (কলমটি এখানে)

উপরে "*pen*-টি কোথায়" প্রশ্ন করলে উত্তরে '*here*' (এখানে) পাওয়া যায়। তার মানে, *pen*-এর অবস্থান জানা যায় here দিয়ে। '*here*'-কে বলা হয় Adverb of Place। এ ধরনের কিছু Adverb: near, out, above, below, here, there, everywhere, up, down, outside, inside, ইত্যাদি। আরো উদাহরণ দেয়া যাক:

(a)	Rahim lives far from here.	(রহিম বাস করে অনেক দূরে এখান থেকে)
(b)	Come in.	(আসো ভিতরে)
(c)	Anas built a house nearby the Jamuna.	(আনাস বানিয়েছিল একটি ঘর যমুনার নিকটে)
(d)	She went outside of Dhaka.	(সে ঢাকার বাইরে গিয়েছিল)
(e)	Look around the room.	(দেখো রুমের চারপাশে)
(f)	Put the ball there.	(বলটি রাখ সেখানে)
(g)	Please bring that book here.	(দয়া করে বইটি এখানে আনো)
(h)	Go ahead.	(সামনে এগিয়ে যাও)
(i)	We did not find the pen anywhere.	(আমরা কলমটি কোথাও খুঁজে পেলাম না)
(j)	See below the sentence.	(বাক্যটির নিচে দেখ)
(k)	I would like to go somewhere.	(আমি কোনো এক জায়গায় যেতে চাই)

উপরের underline করা প্রতিটি শব্দ হলো **Adverb of place** (স্থান)।
verb-কে কোথায় প্রশ্ন করলে যে word দ্বারা উত্তর পাওয়া যায়,
সেটা Adverb of Place (স্থান)।

03. Adverb of Manner (ম্যানার ≈ আচরণ)

Verb-এর ওপর 'কীরূপে' প্রশ্ন করলে যে শব্দটা উত্তর হিসেবে পাওয়া যায়,
সেটাই হলো Adverb of Manner (ধরণ)।

a. Rahim spoke loudly. (রহিম কথা বলেছিল উচ্চ শব্দে।)

সে কীভাবে কথা বলেছিল প্রশ্ন করলে উত্তর হিসেবে পাওয়া যায় *loudly* (উচ্চ শব্দে)। তাই *'loudly'* হলো Adverb of Manner (ধরণ).

অতএব, যে Adverb কোন verb-এর কাজ সম্পন্ন হওয়ার পদ্ধতি প্রকাশ করে,
তাকে Adverb of Manner (ধরণ) বলে।

b. They write beautifully. (তারা লেখে সুন্দরভাবে।)
c. Karim cooked badly. (করিম রান্না করেছিলো বাজেভাবে ।)
d. She speaks quietly. (সে নিঃশব্দে কথা বলে।)
e. Masum speaks loudly. (মাসুম জোরে কথা বলে ।)
f. Rasel drives too fast. (রাসেল খুব দ্রুত গাড়ি চালায় ।)
g. She knows the road well. (সে রাস্তাটি ভালো করে চিনে।)
. He eats slowly. (সে ধীরে ধীরে খায় ।)

word-এর সঠিক বাংলা অর্থ এবং sentence-এর বাংলা অর্থ বুঝে পড়ে যেতে থাকো।

কিছু Adverb of Manner-এর উদাহরণ

silently (সাইলেন্টলি - নীরবে), slowly, justly, badly, well, quickly, probably, gently, fluently, completely, hardly (হার্ড্‌লি - কদাচিৎ) ইত্যাদি।

04. Adverb of Degree (ডিগ্রী - মাত্রা)

যে Adverb কোন শব্দের degree (পরিমাণ বা মাত্রা) প্রকাশ করে, তাকে Adverb of Degree (মাত্রা) বলে। যেমন : completely (কম্‌প্লিট্‌লি - পরিপূর্ণভাবে), very, much, half, extremely, too, quite, how, fully, wholly ইত্যাদি। এখন বাক্যের মাধ্যমে উদাহরণ দেখা যাক:

Hasan is very clever (হাসান খুব চালাক)

উপরের বাক্যে *very* (ভেরি - খুব) শব্দটি *clever* (চালাক) শব্দটির পরিমাণ বা মাত্রা নির্দেশ করে। তাই *very* (খুব) এখানে Adverb of Degree (মাত্রা সংক্রান্ত Adverb) হিসেবে কাজ করছে।

আরো বাক্য

a. The situation is very serious. { পরিস্থিতি হলো খুব গুরুতর }

b. You are very kind. { তুমি খুব দয়ালু }

c. Today is much colder. { আজ অনেক বেশি ঠান্ডা }

d. Rana is much older than me. { রানা হলো আমার চেয়ে অনেক বেশি }

e. He talks extremely (য়েক্স্ট্রিমলী) fast. { সে কথা বলে ভীষণ দ্রুত }

সুখবর

"কোন্‌টি Adverb of degree" এই ধরনের প্রশ্ন

SSC / HSC / ভর্তি / চাকুরি

প্রভৃতি কোনো পরীক্ষাতেই আসে না।

05. Adverb of Frequency (ফ্রিকুয়েন্‌সি = কত ঘন ঘন = কত বার)

যে Adverb-এর মাধ্যমে verb-এর কাজটি কতবার সম্পন্ন হয়, তা জানা যায় তাকে Adverb of Frequency বলে। যেমন:
rarely (রেয়ারলী) , hardly, seldom (সেল্‌ডম্‌), occasionally, often, always, never, sometimes, again, seldom, once, twice ইত্যাদি।

উদাহরণ: Abdul always helped the poor. (আব্দুল সবসময় গরিবদের সাহায্য করত)

উপরের বাক্যে সে কত বার সাহায্য করেছিল প্রশ্ন করলে, উত্তরে *'always'* (সবসময়) আসে।

helped ব্যাপারটি কত বার সম্পন্ন হয়েছিল, তা জানা যায় *always* শব্দ থেকে।

তার মানে, *'always'* হলো Adverb of Frequency।

আরো বাক্য:

a. I have told you *twice* (টুআইস্‌). { আমি তোমাকে বলেছি দুইবার }

b. He *often* (অফেন) makes mistakes. { সে প্রায়ই ভুল করে }

c. He *seldom* comes here. { সে কদাচিৎ আসে এখানে }

d. I have not seen him *once*. { আমি তাকে দেখিনি একবারও }

06. Adverb of Order (অর্ডার্ = ধারাবাহিকতা বা ক্রম)

যে Adverb কোনো verb-এর serial বুঝায়, সেটা হলো Adverb of Order।

যেমন: firstly, secondly, thirdly, First, second, third, last, lastly ইত্যাদি।

1. Who finished *first*? { কে শেষ করেছিলো প্রথমে ? }
2. *Firstly*, government should ban smoking in public places.
   { প্রথমত, সরকারের উচিত জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানে ধূমপান নিষিদ্ধ করা }
3. I would like to thank my parents, my wife, and, *lastly* my friends.
   { আমি ধন্যবাদ দিতে চাই আমার মা-বাবা, আমার স্ত্রী এবং সবশেষে আমার বন্ধুগণকে }

এই order-এর অর্থ আদেশ নয়। এই order অর্থ হলো ধারাবাহিকতা বা সিরিয়াল

07. Adverb of কয্ and Effect

ক্রিয়া সম্পন্ন হওয়ার কারণ বা ফলাফল নির্দেশ করে যেই adverb, তাকে Adverb of Cause and Effect বলে। এরূপ কিছু Adverb: accordingly, because, therefore, why, as, yet, as a result, consequently, yet ইত্যাদি।

1. She did not want to marry at thirteen because she was too young.
   { সে ১৩ বছর বয়সে বিয়ে করতে চায়নি কারণ সে খুব অল্প বয়স্ক ছিল }
2. He had no other options; consequently, he left his job.
   { তার আর কোনো বিকল্প ছিলো না; ফলে, সে তার চাকরি ছেড়ে দিলো }
3. He therefore left school. { সে সেজন্য স্কুল ত্যাগ করলো }

উদাহরণে underline করা শব্দগুলো Adverbs of Cause and Effect.

08. Adverb of Assertion (অ্যাযার্শন্ = দাবি)

যে Adverb কোন verb-এর কাজটি সম্পন্ন হবে কি হবে না, সেটাকে Adverb of Assertion বলে।

a. **Perhaps** he will go on Monday. { সম্ভবত সে সোমবার যাবে }
b. **Certainly** he will win. { নিশ্চিতভাবে সে জিতবে }
c. **Surely** you have made a mistake. { নিশ্চয়ই তুমি একটা ভুল করেছো }

উপরের উদাহরণগুলোর underline করা words হলো Adverbs of Assertion।

কিছু Adverbs of Assertion হলো: *truly, possibly, indeed, yes, not, surely* ইত্যাদি।

" এমন মেসেজ আমি সারা দুনিয়া থেকেই পাই "

Good Morning, স্যার।

কলকাতা, ইন্ডিয়া থেকে আমি পমপা ঘোষ বলছি।

আমি জানি না কেন আমাদের কলকাতার লেখকরা আপনার মতো সহজে English শেখার বই লিখে না। আমি রেন এন্ড মার্টিন, PK দাশ এর বই পড়তাম, কিন্তু আপনার বইগুলি পুরোটাই ভিন্নরকম। আমি আপনার বই পড়ার জন্য খুবই উদগ্রীব ছিলাম। বাংলাদেশে আমার প্রিয়বন্ধুদের একজন আমাকে ৪-টা বই পাঠিয়েছে যাদের মধ্যে -

1. S@ifur's ইংলিশে Zero টু Hero
2. S@ifur's Passport টু গ্রামার
3. S@ifur's 4G Advanced গ্রামার ... বইগুলি ছিলো।


ভর্তি পরীক্ষা +
চাকুরীর পরীক্ষা +
রাইটিং-এর জন্যও
4G
Advanced
গ্রামার
অনুবাদ শেখার
Dictionary
4G গ্রামার

এই তিনটা বই আমার SPOKEN ও রিঠেন ইংলিশের দক্ষতা বাড়াতে সাহায্য করছে।

এই বইগুলি যদি আমি আগে পেতাম,

তাহলে আমার English

আরো অনেক বেশি ভালো হতে পারতো।

Chapter-23 বাক্য দিয়ে verb শেখা যাক

বর্তমান বা present

01. আমি রাজি হই = আই্ অ্যাগ্রি = I agree
02. আমি উপদেশ দেই = আই্ অ্যাড্ভাইয্ = I advise
03. আমি করতে দেই = আই্ অ্যালাউ্ = I allow
04. পাখীগুলো উড়ে = বার্ড্স্ ফ্লাই = Birds fly
05. আমি মেনে চলি = আই্ ওবেই্ = I obey
06. আমি জেগে উঠি = আই্ ওয়েই্ক্ = I wake
07. আমি জিজ্ঞাসা করি = আই্ আস্ক্ = I ask

অতীত বা past

14. সে রাজি হয়েছিল = হি অ্যাগ্রিড্ = **He** agreed .
15. সে উপদেশ দিয়েছিল = হি অ্যাড্ভাইয্ড্ = **He** advised .
16. সে করতে দিয়েছিল = হি এ্যালাউ্ড্ = **He** allowed .
17. পাখীরা উড়েছিল = বার্ড্স্ ফ্লূ = **Birds** flew .
18. সে মেনে চলেছিল = হি ওবেই্ড্ = **He** obeyed .
19. সে জেগে উঠেছিল = হি ওয়োক্ = **He** woke .
20. সে জিজ্ঞেস করেছিল = হি আস্ক্ড্ = **He** asked .

অর্থ বুঝে **English** বাক্যগুলো

জোরে উচ্চারণ করে পড়ো।

এই বইয়ের বাক্যগুলো হলো

ইংরেজির

মজবুত ভিত্তি।

08. আমি ফুটাই = আই্ বয়েল্ = I boil
09. আমি বানাই = আই্ বিল্ড্ = I build
10. আমি পোড়াই = আই্ বার্ন্ = I burn
11. আমি ধুই = আই্ ওয়াশ্ = I wash
12. আমি কিনি = আই্ বাই্ = I buy
13. আমি বাতিল করি = আই্ খ্যান্সেল্ = I cancel

21. সে ফুটিয়েছিল = হি বয়েল্ড্ = **He** boiled .
22. সে বানিয়েছিল = হি বিল্ট্ = **He** built .
23. সে পুড়িয়েছিল = হি বার্ন্ট্ = **He** burnt .
24. সে ধুয়েছিল = হি ওয়াশ্ড্ = **He** washed .
25. সে কিনেছিল = হি বও্ট্ = **He** bought .
26. সে বাতিল করেছিল = হি খ্যান্সেল্ড্ = **He** cancelled.

বাক্য দিয়ে may (মে = পারা)

যেমনঃ **He *may* go** = সে যেতে পারে।

বাক্যগুলো জোরে জোরে পড়ো

উচ্চারণ নিয়ে
ঠেন্‌শন্‌ করিয়ো না

(01) আমি কি আসতে পারি = মে আই্ খাম্ = **May I come ?**

(02) আমি কি যেতে পারি = মে আই্ গোঔ = **May I go ?**

(03) আমি কি খেতে পারি = মে আই্ ই্ইট্ = **May I eat ?**

(04) আমি কি খেলতে পারি = মে আই্ প্লেই্ = **May I play ?**

(05) আমি কি শিখতে পারি = মে আই্ লার্ন্ = **May I learn ?**

(06) আমি কি দৌড়াতে পারি = মে আই্ রান্ = **May I run ?**

(07) আমি কি ঘুমাতে পারি = মে আই্ স্লীপ্ = **May I sleep ?**

(08) আমি কি হাঁটতে পারি = মে আই্ ওয়াখ্ = **May I walk ?**

(09) আমি কি পড়তে পারি = মে আই্ রীড্ = **May I read ?**

(10) আমি কি লিখতে পারি = মে আই্ রাইট্ = **May I write ?**

(11) আমি কি জানতে পারি = মে আই্ নোঔ্ = **May I know ?**

ইংরেজি ভাষা শেখার সহজতম বই হলো এই বই

should (শুড্ = উচিত) দিয়ে বাক্য

01. আমার যাওয়া উচিত = আই্ শুড্ গো = I should *go*

02. আমার খাওয়া উচিত = আই্ শুড্ ঈট্ = I should *eat*

03. আমার লেখা উচিত = আই্ শুড্ রাইট্ = I should *write*

04. আমার পড়া উচিত = আই্ শুড্ রীড্ = I should *read*

05. আমার শোনা উচিত = আই্ শুড্ লিসেন্ = I should *listen*

06. আমার বলা উচিত = আই্ শুড্ স্পীক্ = I should *speak*

07. আমার ঘুমানো উচিত = আই্ শুড্ স্লীপ্ = I should *sleep*

08. আমার শেখা উচিত = আই্ শুড্ লার্ন্ = I should *learn*

09. আমার কেনা উচিত = আই্ শুড্ বাই্ = I should *buy*

জোরে জোরে পড়ো ও দেখে দেখে লিখো !

10. আমার বসা উচিত = আই্ শুড্ সীট্ = I should *sit*

11. আমার আসা উচিত = আই্ শুড্ খাম্ = I should *come*

12. আমার থাকা উচিত = আই্ শুড্ স্টেই্ = I should *stay*

13. আমার আলোচনা করা উচিত = আই্ শুড্ ডিস্খাস্ = I should *discuss*

একই ধরনের এই বাক্যগুলো পড়লে রুল শেখা লাগে না।

14. আমার কাজ করা উচিত = আই্ শুড্ ওয়ার্ক্ = I should *work*

15. আমার দোয়া করা উচিত = আই্ শুড্ প্রেই্ = I should *pray*

16. আমার সাহায্য করা উচিত = আই্ শুড্ হেল্প = I should *help*

must (মাস্ট্ = অবশ্যই) দিয়ে বাক্য

01. আমি অবশ্যই যাবো = আই্ মাস্ট্ গোঔ্ = I must *go*
02. আমি অবশ্যই খাবো = আই্ মাস্ট্ ঈট্ = I must *eat*
03. আমি অবশ্যই লিখবো = আই্ মাস্ট্ রাইট্ = I must *write*
04. আমি অবশ্যই পড়বো = আই্ মাস্ট্ রীড্ = I must *read*
05. আমি অবশ্যই শুনবো = আই্ মাস্ট্ লিসেন্ = I must *listen*
06. আমি অবশ্যই বলবো = আই্ মাস্ট্ স্পীখ্ = I must *speak*
07. আমি অবশ্যই ঘুমাবো = আই্ মাস্ট্ স্লীপ্ = I must *sleep*
08. আমি অবশ্যই দাঁড়াবো = আই্ মাস্ট্ স্ট্যান্ড্ = I must *stand*
09. আমি অবশ্যই শিখাবো = আই্ মাস্ট্ ঠীচ্ = I must *teach*

জোরে জোরে পড়ো ও দেখে দেখে লিখো

10. আমি অবশ্যই দৌড়াবো = আই্ মাস্ট্ রান্ = I must *run*
12. আমি অবশ্যই কিনবো = আই্ মাস্ট্ বাই্ = I must *buy*
11. আমি অবশ্যই ধুবো = আই্ মাস্ট্ ওয়াশ্ = I must *wash*
14. আমি অবশ্যই রাঁধবো = আই্ মাস্ট্ খুখ্ = I must *cook*
13. আমি অবশ্যই দোয়া করবো = আই্ মাস্ট্ প্রেই্ = I must *pray*
15. আমি অবশ্যই সেবা করবো = আই্ মাস্ট্ সারভ্ = I must *serve*

have to ... দিয়ে বাক্য তৈরি

01. আমাকে যেতে হবে = আই্ হ্যাভ্ ঠু গোঊ্ = I have to *go*

02. আমাকে খেতে হবে = আই্ হ্যাভ্ ঠু ঈট্ = I have to *eat*

03. আমাকে লিখতে হবে = আই্ হ্যাভ্ ঠু রাইট্ = I have to *write*

04. আমাকে পড়তে হবে = আই্ হ্যাভ্ ঠু রীড্ = I have to *read*

05. আমাকে শুনতে হবে = আই্ হ্যাভ্ ঠু লিসেন্ = I have to *listen*

06. আমাকে বলতে হবে = আই্ হ্যাভ্ ঠু স্পীখ্ = I have to *speak*

07. আমাকে ঘুমাতে হবে = আই্ হ্যাভ্ ঠু স্লীপ্ = I have to *sleep*

ভাষা মানেই বাক্য, বাক্য আর বাক্য।

08. আমাকে থাকতে হবে = আই্ হ্যাভ্ ঠু স্টেই্ = I have to *stay*

09. আমাকে বসতে হবে = আই্ হ্যাভ্ ঠু সীট্ = I have to *sit*

10. আমাকে দৌড়াতে হবে = আই্ হ্যাভ্ ঠু রান্ = I have to *run*

11. আমাকে দাঁড়াতে হবে = আই্ হ্যাভ্ ঠু স্ট্যান্ড্ = I have to *stand*

জোরে জোরে পড়ো ও দেখে দেখে লিখো

12. আমাকে কাজ করতে হবে = আই্ হ্যাভ্ ঠু ওয়ারখ্ = I have to *work*

13. আমাকে দোয়া করতে হবে = আই্ হ্যাভ্ ঠু প্রেই্ = I have to *pray*

14. আমাকে শিখতে হবে = আই্ হ্যাভ্ ঠু লারন্ = I have to *learn*

15. আমাকে সাহায্য করতে হবে = আই্ হ্যাভ্ ঠু হেল্প্ = I have to *help*

16. আমাকে সেবা করতে হবে = আই্ হ্যাভ্ ঠু সারভ্ = I have to *serve*

walk (ওয়াক্) অর্থ হাঁটা, ***swim*** অর্থ সাঁতার কাটা, ***play*** (প্লেই্) অর্থ খেলা করা, ***read*** (রীড্) অর্থ পড়া, ***run*** অর্থ দৌড়ানো।

তার মানে, *eat, play, walk, run, read, is, write, sleep, write* প্রভৃতি শব্দ দিয়ে কোনো কাজ করা বা হওয়া বুঝায়। যে শব্দ দিয়ে কোনো কাজ করা বা হওয়া বুঝায়, তাকে **verb** (ক্রিয়া) বলে।


Run


Walk


Read


Swim

বাক্যের মাধ্যমে উদাহরণ

(i) I **eat** lunch at 2 pm. { আমি দুপুরের খাবার খাই দুইটায়। }

(ii) He is **playing** cricket. { সে খেলছে ক্রিকেট। }

(iii) I **read** a book. { আমি একটি বই পড়ি। }

(iv) Abdul **is** a student of class 5. { আব্দুল হচ্ছে পঞ্চম শ্রেণির একজন ছাত্র। }

ফাইনাইট্ Verb = সমাপিকা ক্রিয়া


He **jumps**



She is **writing**


Jerry **is riding a bi-cycle**

যে verb কোনো বাক্যের বক্তব্য সম্পূর্ণ প্রকাশ করে, তাকে Finitve Verb (ফাইনাইট্ ভার্ব- সমাপিকা ক্রিয়া) বলে। উদাহরণ দেখা যাক:- Sabina sends an email.

উপরের Sentence-এ *sends* (সেন্ড্স্ - পাঠায়) বাক্যের বক্তব্য পুরোপুরি প্রকাশ করেছে। তাই, গ্রামারের ভাষায় "*sends*" হলো **Finite Verb**।

বাক্যের অর্থ বুঝে Non-Finite Verb

Verb দ্বারা বাক্যের বক্তব্য সম্পূর্ণ প্রকাশ না পেলে, সেটাকে **Non-Finite Verb** (অসমাপিকা ক্রিয়া) বলে। যেমন:

Sabina likes **to send** e-mail. (সাবিনা ই-মেইল পাঠাতে পছন্দ করে)

"*to send*" শব্দটির অর্থ "পাঠাতে"। "পাঠাতে" শব্দটি দিয়ে কোনো বক্তব্য শেষ হয় না এবং অর্থও সম্পূর্ণ হয় না। তাই *to send* হলো গ্রামারের ভাষায় Non-Finite Verb।

Finite Verb-এর দুটো অংশ থাকতে পারে: **1.** Principal Verb **2.** Auxiliary Verb

(প্রধান)

বাক্য দিয়ে বোঝা যাক

1. Principal Verb:

Abdul **plays** football. I **read** in class V.

উপরের বাক্য দুটিতে *plays* এবং *read* verb দুটি Abdul ও ***I***-এর কাজ *play* (খেলা) এবং *read* (পড়া) প্রকাশ করছে; তাই এগুলো **Principal Verb**।

Principal Verb একাকী বসতে পারে অথবা অন্য verb-এর সাথেও বসতে পারে।

Abdul is **laughing**. (আব্দুল হাসিতেছে)

এই বাক্যে *is* হলো Auxiliary verb আর *laughing* হলো **Principal verb বা মূল verb**। তার মানে, যে verb কাজটা প্রকাশ করে, তাকে Principal verb বা main (মূল) verb বলে।

অনেক সময় 'To be' verb বা Auxiliary verb কোনটি, তা বুঝতে সমস্যা সৃষ্টি হয়। তাই মনে রাখা দরকার :

(i) **'to be'** verb-গুলো হলো *am, is, are, was, were*.

(ii) **'am, is, are, was, were'** শব্দগুলো বাক্যের অর্থ অনুসারে কখনো Auxiliary verb কখনো Principal verb হিসেবে ব্যবহৃত হয়। নিচে উদাহরণে bold শব্দগুলো বাম দিকে Principal verb এবং ডান দিকে Auxiliary verb:

Principal verb	**Auxiliary verb**
1. I **am** a teacher. (আমি হই একজন শিক্ষক)	1. I **am** teaching English. (আমি ইংরেজি শিখাচ্ছি)
2. They **are** travelers.	2. They **are** traveling.
3. They **are** doctors.	3. They **are** treating patients (পেইশন্ট্ - রোগী).
4. Abdul **is** a player. (আব্দুল হয় একজন খেলোয়াড়)	4. Abul **is** playing football. (আবুল ফুটবল খেলিতেছে)
5. Mahmud **is** studious.	5. Mahmud **is** studying English.

(স্টুডিআস্ = পড়ুয়া)

(iii) *‘to be’*-কে তখনই Auxiliary verb, যখন তার পরে কোনো Principal verb ব্যবহৃত হয়।

যেমন: Abul ***was*** *swimming* in the river. (আবুল সাঁতার কাটছিলো নদীতে)

উপরের বাক্যে ‘*was*’ verb-টি *swimming* শব্দটির আগে ব্যবহৃত হয়ে *swimming* verb-টির পরিপূর্ণ অর্থ প্রকাশে সহায়তা করেছে, তাই *was* verb-টি Auxiliary verb বা সাহায্যকারী verb। আর, যদি কোনো বাক্যে am, is, are, was, were ছাড়া অন্য কোনো verb না থাকে, তখন সেগুলো Principal Verb হিসেবে ব্যবহৃত হয়, যেমন:

Karim ***is*** a student.

উপরের বাক্যে *is*-এর পরে কোন verb নেই। তাই এই বাক্যে *is* হলো Principal verb।

(iv) “To Have”: ‘To Have’ শব্দটি Auxiliary ও Principal Verb এই দুই ভাবেই ব্যবহৃত হয়, যেমন:

Karim ***has*** *done* the work. (করিম করেছে কাজটি)

উপরের বাক্যে has আছে ***done*** শব্দটির আগে। ***has*** verb-টি *done* শব্দটির অর্থ প্রকাশে সহায়তা করেছে। তাই ‘*has*’ হলো Auxiliary বা সাহায্যকারী verb। অন্যদিকে Karim ***has*** a pen. (করিমের একটি কলম আছে) এই বাক্যে ***has*** অর্থ ‘আছে’। *has* শব্দটি বাক্যে নিজে নিজেই পরিপূর্ণ অর্থ প্রকাশ করছে। তার মানে, এই বাক্যে *has* verb-টি Principal verb হিসেবে কাজ করেছে।

2. Auxiliary (অক্যি-লিয়ারী - আনুষঙ্গিক = আসল বা প্রধান নয়) **Verb বা Helping Verb:**

যে সব Verb-এর নিজস্ব কোনো অর্থ নেই, এবং বিভিন্ন প্রকার Sentence-এ Tense-এর বিভিন্ন রূপ গঠনের জন্য Principal verb-কে সাহায্য করে, তাকে Auxiliary Verb বলে। যেমন:

Karim ***is*** playing.	(করিম খেলছে।)
The thief ***was*** caught.	(চোরটিকে ধরা হয়েছিলো।)
He ***has*** eaten.	(সে খেয়েছে।)

সুখবর

ইংরেজি শব্দের বাংলা অর্থ সঠিকভাবে জানলে, এবং ইংরেজি বাক্যের বাংলা অর্থ তৃপ্তিসহ বুঝলে *Auxiliary verb, Principal verb* প্রভৃতি চিনতে পারাটা একদম সহজ হয়ে যায়।

উপরের বাক্যগুলোতে *is, was,* ও *has* verb-গুলো যথাক্রমে *playing, beaten* ও *eaten* verb-গুলোর অর্থকে পরিপূর্ণভাবে প্রকাশ করতে সাহায্য করেছে। উপরের বাক্যগুলোতে, is, was ও has-এর নিজস্ব কোন অর্থ নেই। অন্য verb-এর অর্থ প্রকাশে সাহায্য করাই এদের কাজ। সুতরাং *is, was, has* হলো Auxiliary verb।

ট্র্যান্‌যিঠিভ্‌ ভারব্‌ ও Intransitive Verbs

Verb-এর কোনো object লাগে নাকি, এর উপর ভিত্তি করে verb-কে দু ভাগে ভাগ করা হয়:
(1) Transitive Verb (সকর্মক ক্রিয়া) এবং **(2)** Intransitive Verb (অকর্মক ক্রিয়া)



1. Subject ↓ **The cat** — Transitive verb ↓ **caught**

2. Subject ↓ **The cat** — Transitive verb ↓ **caught** — direct object ↓ **a mouse**

কী ধরেছিলো ?

উপরের **1** নম্বর উদাহরণে "বিড়ালটি ধরেছিলো" বললে বাক্যটির অর্থ পুরোটা বুঝা যায় না।

"বিড়ালটি কী ধরেছিলো", তা জানা বাকি থেকে যায়।

কিন্তু যদি বলি, **বিড়ালটি ধরেছিলো একটি ইঁদুর**, (যা ইংরেজি 2 নং বাক্যে দেখানো হয়েছে)

- তবে বাক্যটি পরিপূর্ণ অর্থ প্রকাশ করে।

আমি সাইফুর স্যার কিন্তু কোনটি *transitive*, কোনটি *intransitive*, সেটা আদৌ শিখি নাই! এখনো জানি না।

তার মানে, *caught* verb-টি পরিপূর্ণ অর্থ প্রকাশ করতে *a mouse*-এর সাহায্য গ্রহণ করেছে।

তাই, *caught* শব্দটিকে **Transitive verb** বলে।

নিচে উদাহরণের মাধ্যমে আরো কিছু Transitive verb দেখানো হলো:

Subject ↓ Bipu — **Transitive verb** ↓ **kicks** — **object** ↓ the ball.



1. The police **arrested** the man. {কাকে *arrest* করেছিলো? = *man*-কে, তাই *arrested* হলো trans. verb}

2. Karim **read** (রেড্) the book. {করিম কী পড়েছিলো? = বই, তাই *read* হলো transitive verb}

3. Sabina **fed** the cat. {সাবিনা কাকে খাওয়ালো? = *cat*-কে, তাই *fed* হলো trans. verb}

উপরের বাক্যে *kicks, arrested, played* ও *fed* প্রভৃতি verb-এর পর *ball, man, piano* ও *cat* শব্দ বসার পর সম্পূর্ণ অর্থ প্রকাশ করছে। ∴ বুঝা যাচ্ছে, sentence-এর অর্থকে সম্পূর্ণ প্রকাশ করতে যে verb-কে object-এর সাহায্য গ্রহণ করতে হয়, তাকে **Transitive Verb** বলে।

Intransitive Verb

নিচে "ডাইনোসরটি গর্জন করেছিলো" এই বাক্যটির বক্তব্য বুঝা যায়, আর কিছু বলা লাগে না। তার মানে, *roared* শব্দটির পর কোনো object (বা কর্ম) না থাকলেও চলে। তাই গ্রামারের ভাষায় *roared* শব্দটি হলো **Intransitive verb**।



The dinosaur **roared (রোওর্ = গর্জন করা)**
(ডাইনোসরটি গর্জন করেছিলো)



Horse **runs** fast
(ঘোড়া দ্রুত দৌড়ায়)

অতএব বলা যায়, যে verb কোনো object-এর সাহায্য গ্রহণ না করে বাক্যের অর্থ সম্পূর্ণ প্রকাশ করতে পারে, তাকে Intransitive verb (অকর্মক ক্রিয়া) বলে। Intransitive verb-এর উদাহরণ:

Subject	Intransitive verb	
Karim	**stands.**	{ করিম দাঁড়ায় ।}
Karim	**runs.**	{ করিম দৌড়ায় ।}
Rain	**falls.**	{ বৃষ্টি পড়ে ।}

**ঘুরে-ফিরে
কথা একটাই ;
বাক্যের অর্থ বুঝলেই
সব সহজ।**

আরো উদাহরণ

He **began** the meeting. (তিনি সভাটি শুরু করেছিলেন)

উপরের বাক্য শুধু "তিনি শুরু করেছিলেন" বললে কিন্তু বাক্যের কথাটা শেষ হয় না। কী শুরু করেছিলেন, সেটা বলতে হবে - মিটিং। তার মানে, *began* শব্দটির সাথে গ্রামারের ভাষায় একটি object (অব্‌জেক্‌ট্ - কর্ম) লাগবে।

The meeting **began** (সভাটি শুরু হয়েছিল)

উপরের বাক্যটিও একটি পূর্ণাঙ্গ বক্তব্য প্রকাশ করল, কিন্তু এটাতে *began* শব্দের সাথে কোনো object দরকার নেই। এই বাক্যে ***began*** শব্দটি Intransitive verb হিসেবে কাজ করছে। তার মানে, একই verb কখনো transitive verb, আবার কখনো intransitive verb হিসেবে কাজ করতে পারে।

এই নাম জীবনেও কাজে লাগে না

Cognate Verb

যখন কোন intransitive verb তার সহজাতীয় Noun-কে object রূপে গ্রহণ করে তখন তাকে **cognate** verb বলে। **যেমনঃ** **1.** He ran a race. **2.** He dreamt a dream. **3.** He sang a song.

এই বাক্য তিনটিতে ***ran, dreamt, sang*** হল cognate verb।

অর্থ বুঝে Cognate verb + Cognate object শেখা যাক

1. He **slept** a nice **sleep**. (সে ঘুমিয়েছিলো একটি দারুণ ঘুম।)
2. He **laughed** a bitter **laugh**. (সে হাসলো একটি তিক্ত হাসি।)
3. He **sang** a sweet **song**. (সে গাইলো একটি মধুর গান।)
4. He **died** a painful **death**. (সে মরেছিলো একটি কষ্টের মরণ।)
5. He **danced** a cheerful **dance**. (সে নেচেছিলো একটা মনোরম নাচ।)
6. He **ran** a marathon **race**. (সে দৌড়েছিলো একটা ম্যারাথন দৌড়।)

slept, laughed, sang প্রভৃতি হলো *cognate verb* আর ***sleep, laugh, song*** প্রভৃতি হলো *cognate object*।

প্রথমে নিজেই প্রশ্নগুলোর উত্তর দেয়ার চেষ্টা করো। **বইয়ের শেষে Answer অধ্যায়ে উত্তর আছে।**

01. Honey tastes sweet. Here 'taste' is a / an – verb **[রাজশাহী বিশ্ববিদ্যালয়]**
A. intransitive B. linking C. non-finite D. none

02. He did it. Here 'did' is- **[রাজশাহী বিশ্ববিদ্যালয়]**
A. Pro-verb B. Causative verb C. Principal verb D. Reflexive verb

03. What type of verb 'make' in the following sentence is? **[রাজশাহী বিশ্ববিদ্যালয়]**
'My mother makes me take the medicine.'
A. Auxiliary B. Causative C. Week D. Strong

04. They glorify their success. Here 'glorify' is- **[খুলনা বিশ্ববিদ্যালয়]**
A. noun B. verb C. adverb D. determine

05. Mother loves me. Here "loves" is an example of – **[প্রাথমিক সহকারী শিক্ষক]**
A. Auxiliary verb B. Transitive verb C. Simple verb D. Intransitive verb

06. He took shelter under a tree. Here the verb 'took' is- **[উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা]**
A. Transitive B. Intransitive C. Both 'a' and 'b' D. Neither 'a' nor 'b'

07. The boy reads a book. What kind of verb 'read' in the sentence is- **[PSC]**
A. Principal verb B. Auxiliary verb C. Intransitive verb D. Transitive verb

08. He writes a letter. In this sentence 'write' is a- **[প্রাথমিক সহকারী শিক্ষক]**
A. Transitive verb B. Principal verb C. Auxiliary verb D. Intransitive verb

09. Mother laughs. বাক্যে Laughs কিসের উদাহরণ? **[প্রাথমিক সহকারী শিক্ষক]**
A. Auxiliary verb B. Intransitive verb C. Transitive verb D. Causative verb

10. Pick out the sentence with causative verb. **[সহকারী আবহাওয়াবিদ নিয়োগ]**
A. She is eating rice B. The letter is being written
C. Honey tastes sweet D. I shall get the work done by him

11. She takes after her mother. **[গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী]**
A. verbal idiom B. phrasal verb C. regular verb D. intransitive verb

12. The door opened automatically. The verb in this sentence is- **[পরিবেশ অধিদপ্তর]**
A. transitive B. intransitive C. neither D. linking

13. Fire burns. What kind of verb "Burn" is? **[থানা সহকারী শিক্ষা অফিসার]**
A. Causative B. Transitive C. Intransitive D. Copulative

14. I water the garden. The underlined word is- **[সংস্থাপন মন্ত্রণালয় (সহকারী পরিচালক)]**
A. noun B. verb C. pronoun D. adverb

বাক্যের অর্থ থেকে বোঝা যায় water হলো verb

15. Which of the following words is a Verb? **[উপজেলা নির্বাচন অফিসার নিয়োগ]**
A. intention B. intellect C. interim D. interest

16. I dreamt a wonderful dream. **[সহকারী পরিচালক (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর)]**
A. Cognate object B. Retained object C. Reflexive object D. Factitive object

Linking (লিংখিং = সংযোগকারী) verb

link (লিংখ্) অর্থ সংযোগ করা।

বাক্য দিয়ে *feel, look, seem* প্রভৃতি **linking verb** শেখা যাক।

উদাহরণ দেখা যাক:

01. She **seemed** intelligent. { তাকে মনে হয়েছিলো বুদ্ধিমান } **seem** = মনে হওয়া
(*she*-কে *seem* দিয়ে যোগ করা হচ্ছে *intelligent* শব্দের সাথে। এই ***seem*** শব্দটা হলো Linking verb।)
02. He **looked** hungry. { তাকে দেখালো ক্ষুধার্ত } **look** = দেখানো
03. He **appears** tired. { তাকে মনে হচ্ছে ক্লান্ত } **appear**(অ্যাপিয়ার্) = মনে হওয়া
04. The cake **smells** good. { কেকটির ভালো গন্ধ আছে }
05. He **feels** sick. { সে অসুস্থ বোধ করছে }

feel, grow, look, remain, taste, smell, ইত্যাদি কখনো **linking verb** এবং কখনো **action verb** হিসেবে কাজ করে।

কীভাবে বুঝা যাবে?

উত্তর:

verb-এর পরিবর্তে ***am / is / are*** বসালে যদি বাক্যের অর্থ ঠিক থাকে, তবে বুঝা যাবে verb-টা linking verb হিসেবে ব্যবহৃত হয়েছে।

যেমন: **He tasted honey**. (সে মধুর স্বাদ নিয়েছিলো।)

এই বাক্যে *tasted*-এর বদলে be verb বসালে *He was honey*. (সে ছিলো মধু !!) তার মানে, এখানে be verb বসালে কথাটা ঠিক হয় না। বোঝা যাচ্ছে *taste* এখানে action verb।

আবার **Honey tastes sweet.** (মধু খেতে মিষ্টি।)

এই বাক্যে *taste*-এর পরিবর্তে যদি be verb বসানো হয় অর্থাৎ *Honey is sweet*. (মধু হয় মিষ্টি) তাহলে, বাক্যের অর্থ উল্টাপাল্টা হয় না। অতএব, *taste* শব্দটি এখানে linking verb।

English লিখতে,
পড়ে বুঝতে, বলতে
কোন্টা **Action verb**,
কোন্টা **linking verb** প্রভৃতির
নাম, প্রকারভেদ বা সংজ্ঞা
আদৌ জানা দরকার নেই। যেমন:
এই বাংলা লেখাটা পড়ে বোঝার জন্য
কোন্টি সকর্মক ক্রিয়া বা
কোন্টি নিত্যবৃত্ত অতীত প্রভৃতি
ব্যাকরণের জ্ঞান আদৌ দরকার হচ্ছে না।
verb-এর বিভিন্ন প্রকারভেদ
সাদা চামড়া গ্রামারবিদগণ
আবিষ্কার করেছেন
নিজেদের পুঁথিগত বিদ্যা জাহির করার
জন্য, আপামর জনসাধারণের
উপকারের জন্য নয় !!

Chapter-24

Modal অগ্‌যিলারী

can, could, may, might প্রভৃতি মোডালগুলো বাক্য দিয়ে শেখা যাক :

1. I ***can*** swim. = আমি কাটতে পারি সাঁতার।
2. He ***may*** arrive any time. = সে করতে পারে আগমন যে কোনো সময়।
3. You ***should*** go to bed. = তোমার উচিত ঘুমাতে যাওয়া।
4. We ***must*** clean the garden. = আমরা অবশ্যই করব পরিষ্কার বাগানটি।
5. London ***can*** be very cold in winter. = লন্ডন শীতকালে খুব ঠান্ডা হতে পারে।
6. I think you ***ought to*** see a lawyer. = আমার মনে হয় তোমার দেখা করা উচিত একজন উকিলের সাথে।
7. What ***would*** you do if you had a free year?
   = কী করতে তুমি যদি তুমি একটি বছর অবসর পেতে?

উপরের বাক্যগুলোতে ব্যবহৃত *can, may, ought to, must, would, should* শব্দগুলো *swim, arrive, see, clean, do, be, go* – এই verb-গুলোর সাথে ব্যবহৃত হয়ে বক্তার সামর্থ্য, সম্ভাবনা, উপদেশ, বাধ্যবাধকতা ইত্যাদি অর্থ প্রকাশ করেছে। এগুলোই হল **Modals**। Modals-কে Modal verb বা Modal Auxiliaries-ও বলা হয়।

Can দিয়ে বাক্য

01. He **can** drive any car. = সে চালাতে পারে যেকানো গাড়ি।
02. He **can** speak English. = সে কথা বলতে পারে ইংরেজিতে।
03. He **cannot** eat fish. = সে খেতে পারে না মাছ।
04. He **cannot** read Arabic. = সে পারে না আরবি ভাষা পড়তে।
05. **Can** I take your pen? = আমি কি নিতে পারি তোমার কলমটি?
07. **Can** I help you? = আমি কি আপনাকে সাহায্য করতে পারি?
08. **Can** I lift your bag? = আমি কি তোমার ব্যাগটি উঠাতে পারি?
09. **Can** you help me? = আপনি কি আমাকে সাহায্য করতে পারেন?
10. **Can** you give me a pen? = আপনি কি একটি কলম আমাকে দিতে পারবেন?
11. **Can** I use your bike? = আমি কি তোমার সাইকেলটি ব্যবহার করতে পারি?

বুঝে বুঝে এই বাক্যগুলো পড়লে can শেখা হয়ে যাবে !

Could শিখবো বাক্যের বাংলা অর্থ বুঝে

01. He **could** run fast. = সে দ্রুত দৌড়াতে পারত ।
02. He **could** work fast. = সে দ্রুত কাজ করতে পারত ।
03. He **could** walk fast. = সে দ্রুত হাঁটতে পারত ।
04. He **could** write fast. = সে দ্রুত লিখতে পারত ।
05. He **could** speak fast. = সে দ্রুত কথা বলতে পারত ।
06. My father **could** speak English. = আমার বাবা ইংরেজিতে কথা বলতে পারতেন ।
07. My father **could** speak Arabic. = আমার বাবা আরবিতে কথা বলতে পারতেন ।
08. My father **could** speak Chinese. = আমার বাবা চীনা ভাষায় কথা বলতে পারতেন ।
09. My father **could** speak Japanese. = আমার বাবা জাপানি ভাষায় কথা বলতে পারতেন ।

অনুরোধ করতে *could* দিয়ে বাক্য

10. **Could** I use your bathroom, please? = আমি কি আপনার বাথরুম ব্যবহার করতে পারি ?
11. **Could** you lend me your book? = তুমি কি আমাকে ধার দিবে তোমার বইটি ?

বাক্য দিয়ে Must

1. It’s eleven o’clock. You **must** be hungry now.
   = বেলা ১১টা বাজে। তোমার নিশ্চয়ই এখন ক্ষুধা লেগে থাকবে।
2. You have just walked five miles. You **must** be tired.
   = তুমি এইমাত্র পাঁচ মাইল হেঁটেছ। তুমি নিশ্চয়ই ক্লান্ত হয়ে থাকবে।
3. My mother is ill. I **must** go home.
   = আমার মা অসুস্থ। আমাকে অবশ্যই যেতে হবে বাসায়।
4. My English is poor. I **must** improve it.
   = আমার ইংরেজি নিম্নমানের। আমি অবশ্যই এর উন্নতি করব।
5. As you have been sick for a week, you **must** see a doctor.
   = যেহেতু তুমি এক সপ্তাহ ধরে অসুস্থ, তুমি অবশ্যই একজন ডাক্তার দেখাবে।
6. You didn’t have your breakfast this morning. = তুমি আজ সকালে নাস্তা করনি।
   You **must** have dinner with me tomorrow.
   = তুমি অবশ্যই আগামীকাল আমার সাথে ডিনার করবে।

বাক্যের বাংলা
অর্থ বুঝলেই
ইংলিশ শেখা
হয়ে গেলো।

বাক্য দিয়ে Must

1. The lights are on. They **must be** at home.
light-গুলো জ্বালানো। তারা নিশ্চয়ই বাড়িতে আছে।

2. People must be buying a lot of mangoes because they are cheap now.
মানুষ নিশ্চয়ই কিনছে অনেক আম, কারণ এগুলো হলো এখন সস্তা।

ভিডিও
দেখে
রিডিং
শেখা
যায় না।

Must have-এর অর্থ

1. He is absent from class. He **must have gone** home.
= সে ক্লাসে অনুপস্থিত। সে নিশ্চয়ই গিয়েছে বাড়ি।

2. The grass is wet. It **must have rained** last night.
= ঘাস ভেজা। গত রাতে নিশ্চয়ই বৃষ্টি হয়ে থাকবে।

3. Kalam failed the test. He **must not have studied**.
= কালাম পরীক্ষায় ফেল করেছিল। সে নিশ্চয়ই পড়াশুনা করে নাই।

She worked all day. She **must have been tired** when she came home in the evening.
= সে সারাদিন কাজ করেছিলো। সে নিশ্চয়ই ক্লান্ত ছিল যখন সে সন্ধ্যায় বাড়িতে এসেছিল।

There has been no words from her for over a month. She **must have fallen in danger**.
= এক মাসের বেশি সময় ধরে তার থেকে কোনো খবর নেই। সে নিশ্চয়ই কোনো বিপদে পড়েছে।

6. He must have been at home, because the lights were on.
= সে নিশ্চয়ই বাসায় ছিল, কারণ বাতিগুলো জ্বালানো ছিল।

English
বাক্যগুলো
অর্থ বুঝে
জোরো জোরে
পড়ো।

মোবাইল বন্ধ করে
গল্পের মতো
এই বাক্যগুলো পড়ে যাও,
এবং দেখে দেখে
একবার করে লেখো।

Should (শুড = উচিত) দিয়ে কিছু বাক্য

01. We **should** face problems bravely. = আমাদের উচিত সাহসের সাথে সমস্যা মোকাবেলা করা।
02. We **should** do home work daily = আমাদের উচিত নিয়মিত বাড়ির কাজ করা।
03. We **should** respect our parents. = আমাদের উচিত পিতামাতাকে সম্মান করা।
04. We **should** use time properly. = আমাদের উচিত সময়ের সদ্ব্যবহার করা।
05. You are tired. You **should** go to bed. = তুমি ক্লান্ত। তোমার ঘুমাতে যাওয়া উচিত।

গ্রামারের বিভিন্ন সংজ্ঞা মুখস্থ করে ইংলিশ শেখা যায় না

Ought (অট্ = উচিত) দিয়ে কয়েকটি বাক্য

1. You **ought to** attend classes regularly. = তোমার উচিত ক্লাসে উপস্থিত থাকা নিয়মিতভাবে ।
2. We **ought to** love our country. = আমাদের উচিত আমাদের দেশকে ভালবাসা ।
3. You are ill. You **ought to** see a doctor. = তুমি অসুস্থ। তোমার উচিত ডাক্তারের সাথে দেখা করা ।

Should have = উচিত ছিলো = **ought to have**

1. He **should have** behaved correctly = তার উচিত ছিলো সঠিকভাবে আচরণ করা ।
2. He **should have** learnt English = তার উচিত ছিলো ইংরেজি শেখা ।
3. He **should have** sent the letter = তার উচিত ছিলো চিঠিটা পাঠানো ।
4. He **ought to have** written in time = তার উচিত ছিলো সময় মত লেখা ।
5. He **ought to have** been grateful = তার উচিত ছিলো কৃতজ্ঞ থাকা ।
6. He **ought to have** practiced English = তার উচিত ছিলো ইংরেজি প্র্যাকটিস করা ।
7. He **ought to have** seen a doctor earlier = তার উচিত ছিলো একজন ডাক্তারের সাথে আরো আগে দেখা করা।

Shall ও **Will** দিয়ে কয়েকটি বাক্য

1. **Shall** I open the window? = আমি কি জানালাটি খুলব?
2. **Shall** I show you around? = আমি কি তোমাকে ঘুরিয়ে দেখাবো?
3. They **will** run in the field. = তারা মাঠে দৌড়াবে।
4. They **will** read the book. = তারা বইটি পড়বে।
5. I **will** definitely work harder next year. = আমি অবশ্যই আরো বেশি পরিশ্রম করব সামনের বছর।

Will ও **Would**-এর পার্থক্য বোঝাতে কয়েকটি বাক্য

1. **Will you go**? = তুমি কি যাবে?
2. **Would you go**? = তুমি কি যাবে? [ভদ্রভাবে বলতে]
3. **Would** somebody help me? = দয়া করে কেউ কি সাহায্য করবেন আমাকে?
4. **Would** you mind shutting the door? = দয়া করে তুমি কি দরজাটি বন্ধ করবে?
5. **Will** you have a cup of tea? = তুমি কি এক কাপ চা খাবে?
6. I like apples. I **would like** some apples.
   = আমি আপেল খেতে পছন্দ করি। আমার কিছু আপেল দরকার।
7. **Will** you give me a ring as soon as possible?
   = তুমি কি আমাকে যত দ্রুত সম্ভব একটি ফোন দিবে?

বি.দ্র.: কোনো কিছু ভদ্রভাবে বলতে গেলে **Would** দিয়ে বলতে হয়।

অনুমতি নিতে **May, Might**-এর ব্যবহার

1. **May** we use the phone? = আমরা কি ফোনটি ব্যবহার করতে পারি?
2. **Might** I ask a question? = দয়া করে আমি কি একটা প্রশ্ন করতে পারি?

খেয়াল করো,

সেন্‌টেন্‌সের

অর্থ বুঝতে

রুল ও প্রকারভেদ

লাগে না।

অর্থ বুঝে May, Might প্রভৃতি শিখবো বাক্য দিয়ে

রুবেল ক্লাসে আসে নাই। অথচ রুবেল লেখাপড়ায় কখনো ক্লাস মিস দেয় না। তার দুই বন্ধু এটি নিয়ে আলাপ করছে:

টুটুল : রুবেল আজ কেন ক্লাসে আসে নাই ? উত্তরগুলো হতে পারে:
মুসা : সে নিশ্চয়ই অসুস্থ = He must be sick. [জোরালো অনুমান বুঝাচ্ছে, কিন্তু sure না।]

(a) He may be sick. = সে বোধহয় অসুস্থ। [কম সম্ভাবনা]
(b) He might (= could) be sick. = সে হয়তো অসুস্থ। [কম সম্ভাবনা]
(c) He is sick. = সে অসুস্থ। [এই বক্তব্য দ্বারা 100% নিশ্চিত বুঝা যায় যে, *Rubel* হলো অসুস্থ।]

Cannot but do = পারে না কিন্তু করে... = না করে পারে না

আক্ষরিক বাংলা **সাবলীল বাংলা**

1. He **cannot but** go there. = সে পারে না কিন্তু যায় সেখানে = সে সেখানে না গিয়ে পারে না ।
2. He **cannot but** obey the law. = সে পারে না কিন্তু মানে আইন = সে আইন না মেনে পারে না ।
3. He cannot but speak in Bangla. = সে পারে না কিন্তু বলে বাংলায় = সে বাংলায় কথা না বলে পারে না ।

Could not but do = পারলো না কিন্তু করে ...

আক্ষরিক বাংলা **সাবলীল বাংলা**

He could not but obey it. = সে পারলো না কিন্তু মেনে এটি = সে এটি না মেনে পারলো না।
2. He could not but go there. = সে পারলো না কিন্তু গিয়ে সেখানে = সে সেখানে না গিয়ে পারলো না।
3. He could not but buy a gift. = সে পারলো না কিন্তু কিনে উপহার = সে উপহার না কিনে পারলো না।
4. He could not but come here. = সে পারলো না কিন্তু এসে এখানে = সে এখানে না এসে পারলো না।

Cannot help do + ing = পারে না না করে...

1. She cannot help learning English. = সে ইংরেজি না শিখে পারে না ।
2. She cannot help listening to radio. = সে রেডিও না শুনে পারে না ।
3. She cannot help going there. = সে সেখানে না গিয়ে পারে না ।
4. She cannot help making a noise. = সে গোলমাল না করে পারে না ।

এই বইটি
তোমার
রাইটিং
দক্ষতাও
বাড়াচ্ছে।

Could not help + verb + ing = পারলো না না করে...

1. She could not help going to the class. = সে ক্লাশে না গিয়ে পারলো না ।
2. She could not help buying the pen. = সে কলমটি না কিনে পারলো না ।
3. She could not help speaking the truth. = সে সত্য কথা না বলে পারলো না ।

মোও্‌ডাল্ অগ্‌যিলিয়ারী শেখা যাক

can, could, may, might, shall, should,
will, would, ought to, must, need, would rather,
have to, used to, am to, is to, are to

প্রভৃতিকে **modal verb** বলে।

উদাহরণের মাধ্যমে modal verb শেখা যাকঃ

I can = আমি পারি। এটা বললে বুঝা যায় না যে, আমি কী পারি; বরং বলতে হবে আমি সাঁতার কাটতে পারি (= I can swim) প্রভৃতি।

swim, eat, play, talk প্রভৃতি বিভিন্ন Main verb-এর সাথে modal verb বসে বলে modal verb-কে সাহায্যকারী verb বা **Auxiliary verb** বলে।

একত্রে বলা হয় **Modal Auxiliary verb**।

তোমার আম্মু, আব্বু ও বড় ভাইকেও এই বইগুলো দেখাও।

শুধু main verb (যেমনঃ go, eat, come) প্রভৃতি দিয়ে **বাধ্যবাধকতা** (= have to), **উচিত** (= should) প্রভৃতি প্রকাশ করা যায় না।

তাই, Modal verb-এর প্রয়োজন হয়।

X used (ইউ্য্ড্) to walk / eat = X হাঁটতো / খেতো

(সে অভ্যস্থ ছিলো বিড়াল পছন্দ করতে)

01. She **used to** like cats. = সে পছন্দ করতো বিড়াল ।

02. She **used to** swim in river. = সে সাঁতার কাটতে নদীতে ।

03. She **used to** drink coffee. = সে পান করতো কফি ।

→ (ইউ্য্ড্)

04. She **used to** play cricket. = সে খেলতো ক্রিকেট ।

(= সে অভ্যস্থ ছিলো ক্রিকেট খেলতে ।)

এভাবে বাক্যের বাংলা অর্থ বুঝে শিখলে **English** **সহজ** হয়ে যায়।

এই বই পড়ার আগে তুমি **English**-কে ভয় পেতে।

→

Before reading this book, you used to fear English !

01. They **used to** walk in the morning. = তারা হাঁটতো সকালে।

02. She **used to ride** a horse. = সে চড়তো ঘোড়ায়।

03. Bobi **used to speak** English. = ববি ইংলিশে কথা বলত = ববি ইংলিশে কথা বলতে অভ্যস্ত ছিলো।

04. He used **to** walk daily = সে হাঁটতো প্রতিদিন ।

05. He used **to** take coffee daily = সে কফি খেতো প্রতিদিন ।

06. He used **to** get up early = সে উঠতো ভোরে ।

07. He used **to** read fast = সে পড়তো দ্রুত গতিতে ।

08. He used **to** collect stamps = সে সংগ্রহ করতো স্ট্যাম্প ।

09. He used **to** exercise every day = সে ব্যায়াম করতো প্রতিদিন ।

10. They used **to** exchange gifts = তারা লেন-দেন করতো উপহার । [DU: ভর্তি]

11. He used **to** trade with the Chinese = সে ব্যবসা করতো চীনাদের সাথে। [CU : ভর্তি]

12. I used **to** eat pizza = আমি অভ্যস্ত ছিলাম পিৎযা খেতে ।

13. I used **to** cook noodles = আমি অভ্যস্ত ছিলাম নুডলস রান্না করতে ।

14. He used **to** read Quran daily = সে অভ্যস্ত ছিলো কুরআন পড়তে প্রতিদিন।

(তার মানে, সে প্রতিদিন কুরআন পড়তো)

have to বা has to = করতে হবে

1. When you complete your studies, you **will have to** find a job.

   = তুমি যখন তোমার পড়াশুনা শেষ করো, তোমাকে অবশ্যই পেতে হবে একটা চাকরি।

2. I **have got to** attend a meeting at ten o'clock tomorrow.

   = আমাকে একটি মিটিংয়ে উপস্থিত হতে হবে আগামীকাল দশটায়।

3. Hena **had to** go home. *(It was necessary for her to go home.)*

   = হেনাকে বাড়ি যেতে হয়েছিল। (তার জন্য বাড়ি যাওয়াটা প্রয়োজনীয় ছিল।)

4. I **have to** pay the electricity bill by 15th of this month.

   = আমাকে বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে এই মাসের ১৫ তারিখের মধ্যে।

5. You **don't have to** tell Hamid. *(= You can if you like but it is not necessary.)*

   = তোমাকে হামিদকে বলতে হবে না (= তুমি বলতে পার যদি তুমি চাও, তবে বলাটা জরুরি না।)

   = তোমার তো হামিদকে বলার দরকার নেই।

**ইংরেজি
বাক্যগুলো
মুখস্থ
করার
দরকার
নেই।**

Had better = হবে আরো ভালো = উচিত !

01.	You **had better** go now.	= তোমার আরো ভালো হবে এখন যাওয়া	।
		= তোমার এখন যাওয়া উচিত	।
02.	He **had better** take exercise.	= তোমার আরো ভালো হবে ব্যায়াম করা	।
	(ঠেইক্)	= তার ব্যায়াম করা উচিত	।
03.	We **had better** walk regularly.	= আমাদের নিয়মিত হাঁটা উচিত	।
04.	I **had better** leave this place.	= আমার এই স্থান ত্যাগ করা উচিত	।
05.	You **had better** write a letter.	= তোমাদের একটি চিঠি লেখা উচিত	।
06.	You **had better** put off your mobile.	= তোমার মোবাইল ফোনটি বন্ধ করা উচিত	।
07.	You **had better** start your computer.	= তোমার কম্পিউটারটি চালু করা উচিত	।
08.	You **had better** go there.	= তোমার সেখানে যাওয়া উচিত	।

09. You are getting heavy. You **had better** control diet (ডায়েট).
= তুমি ভারী হয়ে যাচ্ছ। তোমার উচিত খাবার নিয়ন্ত্রণ করা।

10. **I'd better** get a taxi. The buses are so slow.
= আমার বরং ট্যাক্সি নেয়া উচিত। বাসগুলো হলো খুবই ধীর।

11. Your English is poor. You **had better** work hard.
= তোমার ইংরেজি নিম্নমানের। তোমার কঠোর পরিশ্রম করা উচিত।

12. **Had I better** speak to Kamal first before I send this?
= প্রথমে কি আমার কামালের সাথে কথা বলা উচিত হবে এটি পাঠানোর আগে?

13. **Hadn't we better** ring the college and tell them Solim is sick?
= আমাদের কি কলেজে একটা ফোন দেয়া উচিত নয় এবং তাদেরকে বলা যে সলিম অসুস্থ?

14. She **had better** get here soon or she'll miss the opening ceremony.
= তার এখানে শীঘ্রই পৌছানো উচিত, নয়তো সে উদ্বোধনী অনুষ্ঠানটি মিস করবে।

এই পৃষ্ঠার মতো
একই রকম
অনেক বাক্য
বুঝে বুঝে
পড়লে
স্ট্রাক্‌চার্‌
মুখস্থ করা
লাগে না।



15. I **had better not** leave my bag there. Someone **might** steal it.
= আমার বরং ফেলে রাখা উচিত নয় ব্যাগটি সেখানে। কেউ চুরি করে নিতে পারে এটি।

16. **You'd better not** tell her about the broken glass – she'll go crazy!
= তোমার উচিত হবে না ভাঙা গ্লাসের ব্যাপারে তাকে বলা - সে ভীষণ রেগে যাবে।

17. It's five o'clock. I **had better** go now before the traffic gets too bad.
= এখন পাঁচটা বাজে। আমার বরং এখন যাওয়া উচিত যানজটের অবস্থা খুব খারাপ হওয়ার আগেই।

Would rather = চেয়ে বরং উচিত

01. I **would rather** have coffee than tea. = আমি পছন্দ করবো কফি চায়ের বদলে ।
02. We **would rather** get a taxi now. = আমাদের বরং উচিত হবে একটি ট্যাক্সি নেয়া এখন।
03. I **would rather** study English than Business Administration.
= আমি বরং ইংরেজি পড়া বেশি পছন্দ করি ব্যবসায় প্রশাসন এর চেয়ে।

Chapter-25 Conditional (খন্‌ডিশনাল্ - শর্তযুক্ত)

First Conditional

করতে করতে শিখবো,
শিখতে শিখতে করবো।

Condition (খন্‌ডিশন্) অর্থ **শর্ত**।

Conditional অর্থ condition-যুক্ত = শর্ত-সাপেক্ষে বা শর্তাধীন।

চলো, আমরা উদাহরণের মাধ্যমে শিখি :

এই বাংলা ব্যাখ্যাগুলোই হলো তোমার ঠিচার।

1. যদি আমার একটা *typewriter* থাকে, তাহলে আমি নিজেই টাইপ করবো।

এখন এই শর্তযুক্ত তথা **conditional sentence**-টি ইংলিশে লেখা যাক :

"যদি আমার একটা typewriter **থাকে**," এর ইংলিশ হলো :

*If I **have** a typewriter*

দ্বিতীয় অংশে **"আমি টাইপ করবো নিজেই"** এর ইংলিশ হলো :

*I **will** type myself.*

If I **have** a typewriter, I **will** type myself. ←

2. যদি জনির **থাকে**, টাকা, সে **কিনবে** একটি ইয়ট্।

= If Joni **has** money, he **will** buy a yacht. ←

3. যদি আমি তোমার অবস্থানে থাকি, তবে সত্য কথা বলবো।

= যদি আমি তোমার জায়গায় হই, তবে সত্য কথা বলবো।

= If I **am** in your shoes, I **will** tell the truth. ←

Simple Present — Simple Future

ইন্ ইয়োর্ শুয্ = তোমার জুতার ভিতরে
= তোমার অবস্থানে
= তোমার জায়গায়

একটা প্রবাদ বাক্য

এই ধরনের বাক্যগুলোকে **গ্রামারবিদগণ** নাম দিয়েছেন: **First Conditional**

4. We can walk if time **allows** us.
[আমরা হাঁটতে পারি যদি আমাদের সময় থাকে।]

সেকেন্ড্ **Conditional**

01. " যদি আমার একটা typewriter **থাকতো**,
তাহলে আমি নিজেই টাইপ **করতাম**। "

এই conditional sentence-টি
ভেঙে ভেঙে ইংরেজি করা যাক:

"যদি আমার একটা টাইপরাইটার থাক**তো**",

এর ইংলিশ হলো: If I **had** a typewriter

দ্বিতীয় অংশে লেখা আছে, "আমি নিজেই টাইপ কর**তাম**",

যার ইংলিশ হলো: I **would type** myself.

রা বাক্যটির ইংলিশ : If I **had** a typewriter,
I **would** type myself.

খবরদার ! মুখস্থ করিয়ো না।

এই বই পড়ে শত শত ভোকাবুলারীও শিখতে পারছো!

2. **যদি জনির টাকা থাকতো, তবে সে একটি প্লেন কিনতো।**

= If Joni **had** the money, he **would buy** a plane.
= If Joni owned the money, he **would buy** a plane.

03. যদি আমি তোমার অবস্থানে **থাকতাম** , তবে সত্য কথাটি **বলতাম**।
= If **I were** in your shoes , I **would** tell the truth.

04. যদি আমি ধনী **হতাম** , আমি ভ্রমণ করতাম।
= If I **were** rich , I **would** travel.

05. যদি আমি তুমি **হতাম** , আমি গরীবদের সাহায্য করতাম।
= If I **were** you , I **would** help the poor.

I were = যদি আমি হতাম।

06. **If** I had the wings of a bird , I **could** fly.
= **Had** I the wings of a bird, I **could** fly. **(এই Had-এর অর্থ যদি)**
[যদি আমার থাকতো পাখির ডানা, আমি উড়তে পারতাম।]

" প্রতিটা ইংলিশ বাক্য জোরে উচ্চারণ করে নিজেকে শুনিয়ে পড়ো "

Third Conditional: পাস্ট্ Perfect

01. যদি তুমি শরীরচর্চা **করতে**, তুমি **অনুভব করতে** আরো ভালো।

এই *conditional* (শর্তযুক্ত) বাক্যটির প্রথম অংশটির ইংরেজি করা যাক:

If you **had exercised ,**

দ্বিতীয় অংশের ইংলিশ : you **would have felt** better.

পুরো বাক্যটি : If you **had exercised**, you **would have felt** better.

had + PP* ⟶ থাকলে ⟶ *would have* + PP* হবে।

* PP = Past Participle

জোরে জোরে পড়ো !

02. যদি আমি জানতাম তোমার অবস্থা , আমি তোমাকে সাহায্য করতাম।
= If I had known your situation , I **would have** helped you.
= **Had** I **known** your situation , I **would have** helped you.

03. যদি তার মোবাইল নাম্বার জানতাম , তাকে কল দিতাম। [SSC, ঢাকা বোর্ড]
= If I had known his mobile number , I would have called him.
= Had I known his mobile number , I would have called him.

04. যদি সে আরো কঠোর পড়াশুনা **করত** , সে **করত** ভাল। [Medical]
= **Had he studied** harder , he **would have done** well.
= **If he had studied** harder , he **would have done** well.

05. If they had started earlier , **they would have** finished the work.
[যদি তারা শুরু করতো আরো আগে , তারা কাজটা শেষ করতে পারতো।]

06. If I had seen him , **I would have** informed him.
[যদি আমি দেখতাম তাকে , আমি জানাতাম তাকে।] [SSC, বরিশাল বোর্ড]

07. **Had I known** you were waiting outside, [৩৯তম BCS]
(যদি আমি জানতাম তুমি অপেক্ষা করছো বাইরে,)
I **would have invited** you to come in.
(আমি আমন্ত্রণ করতাম তোমাকে ভিতরে আসার জন্য।)

বাক্যের মাধ্যমে Zero Conditional শিখা যাক

01. Water **boils** if you **heat** it to 100^0 centigrade.
(= পানি ফুটে যদি তুমি তাপ দাও এটাকে ১০০ ডিগ্রি সেন্ট্রিগ্রেড পর্যন্ত।)

02. If you heat ice, *it melts*. (যদি তুমি তাপ দাও বরফকে, এটি গলে যায়)

03. If ruby is heated, *it loses* its color. [যদি রুবি (পাথর)-কে তাপ দেয়া হয়, এটি হারায় এটার রং]

04. If we mix red and blue, we get purple. (যদি আমরা মেশাই লাল ও নীল, আমরা পাই বেগুনী)

05. If we mix H_2 and O_2, we get water. (যদি আমরা হাইড্রোজেন ও O_2 মিশাই, আমরা পাই পানি)

06. If we eat too much, we get fat. (যদি আমরা খাই খুব বেশি, আমরা হয়ে যাই মোটা)

07. If we don't eat, we get hungry. (যদি আমরা না খাই, আমাদের ক্ষুধা লাগে)

{ **If**-যুক্ত অংশ *simple present* + অন্য অংশেও *simple present*
— এটাকে গ্রামারবিদগণ নাম দিয়েছেন **Zero Conditional** }

. If we don't get enough sleep, we get tired. (যদি পর্যাপ্ত না ঘুমাই, আমরা ক্লান্ত হয়ে যাই)

19. If plants don't get enough water, they die. (যদি চারাগাছ পর্যাপ্ত পানি না পায়, সেগুলি শুকিয়ে যায়)

. If my son has a cold, I also catch it.
(যদি আমার ছেলের সর্দি থাকে, আমারও সর্দি লাগে)

11. If you want to meet, call me before 10 am.
(যদি তুমি দেখা করতে চাও, ফোন করো আমাকে সকাল ১০-টার আগে।)

বাংলা বাক্যটার **অর্থ বুঝলেই**
English-এ
অনুবাদ করা সহজ !

12. If it rains, ________. **[JU : ভর্তি]**
A. the weather was cool
B. the weather became cool
C. the weather becomes cool
D. the weather will cooling

অর্থ বুঝে solve

(বাক্যে বলতে চাচ্ছে: যদি বৃষ্টি হয়, আবহাওয়া হয় শীতল। এটার ইংরেজি হলো (C)।

(A)-টা শূন্যস্থানে বসালে পুরো বাক্যের অর্থ **বেখাপ্পা** হয়। (A) বাদ

(B)-টা শূন্যস্থানে বসালে পুরো বাক্যের অর্থ **বিদঘুটে** হয়। (B) বাদ

(C)-টা শূন্যস্থানে বসালে পুরো বাক্যের অর্থ **মিলে** যায়। তাই উত্তর: (C)

(D)-টা ভুল বাক্য .... *will cooling* ..... হয় না। (D) বাদ

বাংলা অর্থ বুঝে দেখে দেখে একবার লিখো!

সেকেন্ড ও থার্ড্ Conditional-এর বাংলা অর্থ একই!

"যদি আমি জানতাম, আমি তোমাকে বলতাম"

- এর ইংলিশ হলো নিচের দুটো বাক্যই :

1. If I knew, I would tell you.
2. If I had known, I would have told you.

বাক্যের ঘটনার ব্যাখ্যা

এক ছাত্র স্যারকে জিজ্ঞেস করলো, "স্যার, **ambiguous** শব্দের অর্থ কী ?"

স্যার তখন উত্তরে বললেন, **"যদি আমি জানতাম, তোমাকে বলতাম।"**

এটার ইংরেজি : If I knew, I would tell you.

১০ দিন পরে ঐ ছাত্রই স্যারকে আবার জিজ্ঞেস করলো, "স্যার, **ambiguous** শব্দের অর্থ ঐ দিন বললেন না কেনো ?"

স্যার উত্তর দিলেন, "যদি আমি জানতাম, তাহলে তো বলতাম।"

এটার ইংরেজি : If I had known, I would have told you.

উপরের এই উদাহরণ দেয়া হলো এই কারণে যে, ইংলিশে সেকেন্ড্ ও থার্ড্ Conditional বাক্য **দুই রকম** হলেও, বাংলাতে ঐ দুইটা বাক্যের **অর্থ** একই। কিন্তু ইংরেজিতে ঐ দুইটা বাক্য দুই ধরনের পরিস্থিতিতে ব্যবহৃত হয় - তাৎক্ষনিক উত্তর দিতে **Second conditional** আর **আগের ঘটনা** বুঝাতে **third conditional**।

এই বই পড়তে

তোমার ভালো লাগছে, কারণ

এই বইয়ে যেভাবে সব লেখা,

সেটাই হলো

ইংরেজি ভাষা শেখার

একমাত্র, একমাত্র, একমাত্র

সঠিক, সহজ ও

সাশ্রয়ী পদ্ধতি।

Chapter-26 সব পরীক্ষার Sentence কম্‌প্লিশন্

প্রশ্ন (a) **Complete the sentence : Smoking is a habit which ____________.**

তোমার জন্য একটা বিরাট সুখবর হলোঃ

এই ধরনের প্রশ্নের উত্তর মুখস্থ করার আদৌ কোনো দরকার নেই। প্রশ্নের বাংলা অর্থ বুঝলেই gap বা শূন্যস্থান fill করা বা পূর্ণ করা কিংবা sentence কম্‌প্লিশন্ করা সহজ।

যেমনঃ ধূমপান করা হলো একটা হ্যাবিট্ বা অভ্যাস যেটা ....

এখন, এই "যেটা"-র পরে তুমি-আমি সাধারণত কী বলি; সেটা একটু চিন্তা করো।

হ্যাঁ, আমরা হয়তো বলবোঃ যেটি হলো খুব ক্ষতিকর।

এই পৃষ্ঠা পড়লে স্পীকিং-ও শেখা হবে, রাইটিং-ও শেখা হবে।

এখন "যেটি হলো খুব ক্ষতিকর"-এর English করা যাক = **which is very harmful**। অতএব, উত্তর হবেঃ

উত্তর Smoking is a habit which *is very harmful to health.*

বাংলা অর্থ ধূমপান হলো একটি অভ্যাস যেটি হলো খুবই ক্ষতিকর স্বাস্থ্যের জন্য।

বাক্যের বাংলা অর্থ বুঝে which

01. Drug addiction is a habit *which is* *harmful* *to health* .
মাদকাসক্তি হলো একটি অভ্যাস যেটি হলো ক্ষতিকর স্বাস্থ্যের জন্য ।

(ডিঠারেন্ঠ্) (প্রসপারিটি)
02. Corruption is a practice *which is* *deterrent* *to prosperity* .
(দূর্নীতি হলো একটি প্র্যাক্টিস যেটি হলো প্রতিবন্ধক উন্নয়নের জন্য ।)

(খন্‌ডিউ্সিভ্)
03. Walking is a habit *which is* *conducive* *to health* .
(হাঁটা হলো একটি অভ্যাস যেটি হলো উপকারী স্বাস্থ্যের জন্য ।)

04. Eating fast food is a habit *which is* *harmful* *to health* .
ফাস্টফুড খাওয়া হলো একটি অভ্যাস যেটি হলো ক্ষতিকর স্বাস্থ্যের জন্য ।)

05. Dumping waste into rivers is a practice *which is* *disastrous* *to environment.*
(নদীতে ময়লা ফেলা হলো একটি চর্চা যেটি হলো ভীষণ ক্ষতিকর পরিবেশের জন্য ।)

Though (দোঔ) ও **Although** (অল্দোঔ = যদিও) ... দিয়ে বাক্য

প্রশ্ন (b) **Many people go on smoking though ____________.**

ডিয়াস্ট্রাস্

উত্তর Many people go on smoking *though they know its disastrous effects.*

(অনেক লোক চালিয়ে যায় ধূমপান যদিও তারা জানে এটার ভয়াবহ পরিণতি।)

Though দিয়ে বাক্য

01. Many people go on smoking *though they know its adverse impacts.*

(অনেক লোক চালিয়ে যায় ধূমপান যদিও তারা জানে এটার প্রতিকূল প্রভাবগুলো।)

02. Many people go on committing crimes *though they know the dreadful results.*

(অনেক লোক চালিয়ে যায় অপরাধ করা যদিও তারা জানে ভয়াবহ পরিণতির কথা।)

03. Many people go on taking drugs *though they know their harmful effects.*

(অনেক লোক চালিয়ে যায় ড্রাগ গ্রহণ যদিও তারা জানে এগুলোর ক্ষতিকর প্রভাবগুলো।)

কমন সেন্স use করে sentence কম্প্লিশন্-এর শূন্যস্থান fill করা যায় !

প্রশ্ন (c) Complete the sentence: ______ **, she went out without an umbrella.**

উত্তর Although it was raining, she went out without an umbrella.

(যদিও বৃষ্টি হচ্ছিলো, সে বাইরে গেলো ছাতা ছাড়াই।)

Though it was raining, she went out without an umbrella.

(যদিও বৃষ্টি হচ্ছিলো, সে বাইরে গিয়েছিলো ছাতা ছাড়াই।)

প্রশ্ন (d) Complete the sentence: **Though Bangladesh has limited resources,** ____.

উত্তর Though Bangladesh has limited resources, *it is developing day by day.*

বাংলা অর্থ যদিও বাংলাদেশের আছে সীমিত সম্পদ, এটা উন্নত হচ্ছে দিন দিন।

(রি-খগ্-নি-শন্ = স্বীকৃতি)

04. Though Bangladesh has limited resources, *it has gained recognition worldwide.*

(যদিও বাংলাদেশের রয়েছে সীমিত সম্পদ, এটা স্বীকৃতি লাভ করেছে বিশ্বব্যাপী।)

(রিসৌর্স্ = সম্পদ)

05. The people of Bangladesh are friendly (= বন্ধুসুলভ) *although they are not rich.*

06. Bangladesh is a small country *though it has a large population.*

(বাংলাদেশ হলো একটি ছোট দেশ যদিও এর রয়েছে একটা বিশাল জনসংখ্যা।)

Scarcely (স্কেআর্স্লি) ও **hardly** দিয়ে বাক্য

প্রশ্ন **No sooner had we heard the news ______.**

উত্তর No sooner had we heard the news *of the accident than we rushed to the spot.*

(দুর্ঘটনাটির সংবাদ শুনতে না শুনতেই আমরা ছুটে গেলাম ঘটনাস্থলে।)

01. No sooner had he seen me *than he rushed to me*.
(সে আমাকে দেখতে না দেখতেই সে আমার কাছে ছুটে আসল।)

02. Scarcely had the speech begun *when we went there.*
(বক্তৃতা শুরু হতে না হতেই আমরা গিয়েছিলাম সেখানে।)

03. Scarcely had the teacher gone *when the students began to make a noise*.
(শিক্ষকটি যেতে না যেতেই ছাত্ররা কোলাহল করা শুরু করল।)

04. Scarcely had we finished our duty *when we fell asleep.*
(আমরা আমাদের দায়িত্ব শেষ করতে না করতেই আমরা ঘুমিয়ে পড়লাম।)

" পরীক্ষায় এগুলোতো আসবে না " - এই চিন্তা বাদ দিয়ে এই বাক্যগুলো পড়ে যাও।

বাক্যগুলো **মুখস্থ** করিয়ো না !

Hardly had ...... when ...... দিয়ে বাক্য

01. Hardly had the leader finished his speech *when the activists started to quarrel.*
(নেতাটি তার বক্তৃতা শেষ করতে না করতেই কর্মীরা ঝগড়া শুরু করলো।)

02. Hardly had I arrived home *when my mobile phone rang*.
(বাড়িতে আমি পৌছতে না পৌছতেই আমার মোবাইল ফোনটি বেজে উঠল।)

03. Hardly had the bell rung *when the students entered the class room.*
(বেল বাজতে না বাজতেই ছাত্ররা ক্লাসে প্রবেশ করলো।)

বুঝে বুঝে জোরে জোরে পড়ো!

এই পৃষ্ঠার সবই বিভিন্ন পরীক্ষার প্রশ্ন

04. Hardly had I reached the station __________.
উত্তরঃ *when the train left*. অথবা *when the train started to leave the place*.

05. Hardly had he started for school __________. (*Complete the sentence*)
উত্তরঃ *when Abul came*.

বাক্য দিয়ে As soon as শেখা যাক

Complete this sentence:

পরীক্ষার হলে যেভাবে চিন্তা করে solve করতে হবে, সেভাবেই এই ব্যাখ্যাটা লেখা।

01. As soon as we saw him ______________.
= অত দ্রুত যতটা আমরা দেখলাম তাকে ______________.
= আমরা তাকে দেখা মাত্র ______________.

তৃপ্তিময় ব্যাখ্যা

প্রশ্নে বাক্যের শুরুতে আছে: আমরা তাকে দেখা মাত্র ____________________ ।

এখন তুমিই ভেবে চিন্তে বলো, এর পরে gap-এ কী হতে পারে ?

উত্তর: "সে পালিয়ে গেল"- কথাটি হতে পারে।

হ্যাঁ, "সে পালিয়ে গেল" অংশটুকু বসালে বাক্যটি অর্থবোধক হয়ে যায়।

∴ "সে পালিয়ে গেল" এর ইংলিশ হলো : *he fled* (ফ্লেড্) বা *he ran away.*

∴ তাহলে পুরো বাক্যটি হবে: "তাকে আমরা দেখামাত্র সে পালিয়ে গেল।"

অতএব পুরো বাক্যটির ইংলিশ হবে: *As soon as we saw him, he fled.*

তার মানে, শূন্যস্থানে কী উত্তর হবে, সেটা মুখস্থ করার দরকার নেই। **তার মানে, এইসব প্রশ্ন কমন পড়া আদৌ দরকার নেই।** বাক্যের অর্থ বুঝলেই আন-কমন প্রশ্নও solve করতে পারবে।

As soon as দিয়ে বাক্য

অত দ্রুত যতটা
↑ ↑ ↑

02. **As soon as** we reached the station, *the train left.* (আমরা স্টেশনে পৌছামাত্র ট্রেনটি ছেড়ে গেল।)
03. **As soon as** we went out, *it began to rain.* (বাইরে বের হওয়া মাত্র বৃষ্টি পড়া শুরু হল।)
04. **As soon as** he arrived, *everyone left.* (সে পৌছাতে না পৌছাতেই, প্রত্যেকে চলে গেলো।)
05. **As soon as** the police came, *the thief fled.* (পুলিশ আসামাত্র চোরটি পালাল।) → (পুলিশ আসতে না আসতেই)
06. **As soon as** the teacher entered, *the students stood up.*
(শিক্ষক প্রবেশ করা মাত্র, ছাত্ররা উঠে দাঁড়ালো।)

As long as = যতক্ষণ পর্যন্ত

01. Wait here as long as *you feel better.* (অপেক্ষা করো যতক্ষণ পর্যন্ত তুমি ভাল অনুভব করো।)
02. We worked as long as *we could.* (আমরা কাজ করেছিলাম যতক্ষণ পর্যন্ত আমরা পেরেছিলাম।)
03. I will stay as long as you want. (আমি থাকবো অতক্ষণ যতোক্ষণ তুমি চাও।)
04. You can stay here as long as (যতক্ষণ) *you keep quiet.*

শব্দের অর্থ **stay** (স্টেই্) = থাকা / অবস্থান করা। **keep quiet** = চুপ থাকা।

বাক্যের শুরুতে That

01.	**That**	he	takes bribes	is known	to all officers.
বাক্যের অর্থ	যে	সে	ঘুষ গ্রহণ করে	সেটা জানা	সকল অফিসারদের।

সাবলিল বাংলা সে যে ঘুষ নেয় এটা সব অফিসারের জানা।

02.	**That**	Abu Bokor is	the first kholifa of	Islam is	well-known.
সিরিআল বাংলা	যে	আবু বকর (রা:)	১ম খলিফা	ইসলামের	সুপরিচিত।

সাবলিল বাংলা আবু বকর (রা.) যে ইসলামের প্রথম খলিফা এটা সকলের জানা।

03.	**That**	Dhaka	is	situated on the bank	of Buriganga is	known to all.
সিরিআল বাংলা	যে	ঢাকা	হয়	তীরে অবস্থিত	বুড়িগঙ্গার	সকলের জানা।

সাবলিল বাংলা ঢাকা যে বুড়ি গঙ্গা নদীর তীরে অবস্থিত তা সকলের জানা ।

that-এর আগে উহ্য আছে *The fact* (= বাস্তবতাটি)

A. The fact that he takes bribes is known to all officers.
B. The fact that Abu Bokor is the first kholifa of Islam is well-known.
C. The fact that Dhaka is situated on the bank of Buringanga is known to all.

বাক্যের মাঝে that....

01. The doctors **suggest that** people *be aware of dangers of smoking.*

শব্দের অর্থ **suggest** (সাজেস্ট) = পরামর্শ দেয়া। **be aware** = সচেতন হওয়া।

অর্থ ডাক্তাররা পরামর্শ দেন যে ধূমপানের বিপদ বা ক্ষতি সম্পর্কে জনগণ সচেতন হোক।

এরকম কিছু বাক্য

(1) The doctors suggest that we *be aware of our health.*
(2) The doctors suggest that we *be aware of our balanced diet.*
(3) The police suggest that we *be aware of addressing traffic jam.*

balanced diet = সুষম খাদ্য।

address (অ্যাড্রেস) = মোকাবেলা করা।

মনে রেখোঃ *suggest, recommend* প্রভৃতির পর verb-এর মূল শব্দ *be, take, eat* ইত্যাদি হয়।

বাক্য দিয়ে **In spite / Despite** (= সত্ত্বেও)

01. *In spite of his poverty,* he is honest. (দারিদ্র সত্ত্বেও, সে হলো সৎ।)

02. *Despite his poverty,* he is honest. (দারিদ্র সত্ত্বেও, সে হলো সৎ।)

03. *Notwithstanding his poverty*, he is honest. (দারিদ্র সত্ত্বেও, সে হলো সৎ।)

নট্-উয়িথ্-স্ট্যান্-ডিং

04. Though he is rich, he is unhappy. (যদিও সে ধনী, সে হলো অসুখী।)

05. Though man is born free, everywhere he is in chains.
(যদিও মানুষ মুক্ত হয়ে জন্মায়, সব জায়গায় সে হয় আবদ্ধ।)

06. Though Bangladesh has limited resources, *it has a large population*.
(যদিও বাংলাদেশের আছে সীমিত সম্পদ, এটার আছে বিশাল জনসংখ্যা।)

07. Though Bangladesh is a small country, *it has a large population.*
(যদিও বাংলাদেশ হলো একটি ছোট দেশ, এটার রয়েছে বিশাল জনসংখ্যা।)

08. Though Bangladesh is a small country, *it has a bright prospect.*
(যদিও বাংলাদেশ হলো একটি ছোট দেশ, এটার রয়েছে উজ্জ্বল সম্ভাবনা।)

অর্থ বুঝলে সোজা, পড়তে তখন মজা আর মজা !

Since (সিন্স্) = যেহেতু

অর্থ বুঝে সমাধান

01. Complete this sentence: **Since they played well,** ___________.
(খম্প্লিট্ = পূর্ণ করা)

সমাধান

আলোচ্য-প্রশ্নের ইংরেজি বাক্যের প্রথমে আছে: "যেহেতু তারা ভাল খেলেছিল ___________।

এখন তুমি একটু চিন্তা-ভাবনা করে বলো তো,
কী হতে পারে উপরের এই শূণ্যস্থানে?

বাংলায় আমরা কথা বলার সময় বলি যে, "যেহেতু তারা ভাল খেলেছিল, তাই তারা খেলাটিতে জিতেছিল।"

∴ পুরো বক্তব্য বা কথাটির ইংলিশ হলো: *Since they played well, they won the game.*

Since they played well, they could beat them easily.
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
যেহেতু তারা খেলেছিল ভাল, তারা হারাতে পেরেছিল তাদেরকে সহজে।

বাংলা অর্থ যেহেতু তারা ভাল খেলেছিল, তারা তাদেরকে সহজে হারাতে পেরেছিল।

আরো বাক্য

Since they played well, they could win the match easily.

Since they played well, they gained (গেইন্ড্) an easy victory (ভিক্ট্রি).
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
যেহেতু তারা খেলেছিল ভালো, তারা অর্জন করেছিল একটি সহজ বিজয়।

02. People are advised to take oral saline since ______.
(লোকদের উপদেশ দেয়া হয় খাবার স্যালাইন খেতে যেহেতু ______ ।)

এরপর উপরের বাক্যের gap-এ কী হতে পারে বলো তো ? হ্যাঁ, হতে পারে:

এটা পানি শূন্যতা রোধ করে । এর ইংলিশ হলো: *it prevents dehydration.*

ডিহাই্ড্রেই্শন্

Since দিয়ে বাক্য

লোকদের উপদেশ দেয়া হয় খেতে খাবার স্যালাইন কারণ এটা রোধ করে পানি শূন্যতা।

(1) People are advised to take oral saline since it prevents dehydration.

(2) People are advised to take oral saline since it prevents diarrhoea (ডাইরিয়া).

শব্দের অর্থ **shortage** (শর্‌ঠেই্জ্) = ঘাটতি; কমতি। **prevent** (প্রিভেন্ট্) = প্রতিরোধ করা।

Since দিয়ে বাস্তব উদাহরণ ও পরীক্ষার প্রশ্ন সমাধান

টেকনিক মাত্র একটাই: বাক্যের অর্থ বুঝতে পারা

03. Many days **passed** since *I **had met** you last.*
(উপরের বাক্যে দুটো অতীতের ঘটনা। তাই, যেটি আগে ঘটেছে, সেটার আগে had হলো।)

04. Five years have passed since *I met you last.*
[পাঁচ বছর কেটে গেছে তোমার সাথে শেষ দেখা হওয়ার পর]

05. It **is** a long time since *I saw you last.*

As = যেহেতু

01. Complete this sentence: **As I had forgotten her, she _____.**

সমাধান

যেহেতু আমি তাকে ভুলে গিয়েছিলাম, সে __________ ।

এখন প্রশ্নের বাক্যের gap-এ কি কথা বসতে পারে চিন্তা করে বলো! হ্যাঁ, হতে পারে:
তাই সে আমাকে একটি অবাক করার মতো কিছু দেয়ার সিদ্ধান্ত নিয়েছিল।

এর ইংলিশ হলো: *she decided to give me a ‘surprise’.*

এরূপ আরো উদাহরণ

As I had forgetten her, she decided not to call me.
(যেহেতু আমি ভুলে গিয়েছিলাম তাকে, সে সিদ্ধান্ত নিয়েছিলো আমাকে ফোন না করার।)

As	I had forgetten	her,	she	decided	not to talk	to me.
↓	↓	↓	↓	↓	↓	↓
যেহেতু	আমি ভুলে গিয়েছিলাম	তাকে,	সে	সিদ্ধান্ত নিল	কথা না বলতে	আমার সাথে।

সাবলিল অর্থ যেহেতু আমি তাকে ভুলে গিয়েছিলাম ,
তাই সে আমার সাথে কথা না বলতে সিদ্ধান্ত নিল।

Whom (হোউম্) = যাকে

01. Complete this sentence: A patriot is a person whom ________________.

সমাধান

বাক্যের প্রথম অংশে আছে : দেশপ্রেমিক হলো একজন ব্যক্তি যাকে ______________ ।

এখন, উপরের এই gap-এ কী হতে পারে ? হ্যাঁ, হতে পারে " (যাকে) প্রত্যেকে ভালবাসে। "

এখন "(যাকে) প্রত্যেকে ভালবাসে" এর ইংলিশ হলো: (*whom*) *everybody loves.*

(1) A patriot is a person whom *everybody loves.*

(2) A patriot is a person whom *all people love.*
(পেইট্রিয়ট্)

whom দিয়ে আরো বাক্য

(3) A patriot is a person whom *all people like.*

(4) An honest man is a person whom *all people believe.*
(একজন সৎ লোক হলো এক ব্যক্তি যাকে সব লোক বিশ্বাস করে।)

(5) A liar is a person whom *everybody hates.*
(একজন মিথ্যাবাদী হলো এক ব্যক্তি যাকে প্রত্যেকেই ঘৃণা করে।)

(6) He is my favorite teacher whom *I respect very much.*
(তিনি হলেন আমার প্রিয় শিক্ষক যাকে আমি খুব সম্মান করি।)

তুমি ইংলিশ পারবেই !

প্রশ্ন থাকলে
সাইফুর স্যারকে
01819 20 29 89-এ
(WhatsApp)
মেসেজ পাঠাও

Whose (হুয্ = যার / যাদের

01. This is the man whose *watch is lost.* (এটি হলো সেই লোক যার ঘড়িটি হারিয়ে গেছে।)

02. This is the man whose *book is published.* (এটি হলো সেই ব্যক্তি যার বইটি ছাপা হয়েছে।)

while (= যখন) দিয়ে বাক্য

01. Let him sleep while __________. (তাকে ঘুমাতে দাও যখন ____________ ।)

উপরের এই অপূর্ণাঙ্গ বাংলা বাক্যের শূন্যস্থানে কী বসালে বাক্যটি শুদ্ধ বা অর্থবোধক হবে ?

হ্যাঁ, হতে পারে : (যখন) আমরা বিশ্রাম নেই। ঘুমাতে দাও তাকে যখন আমরা বিশ্রাম নেই।

= Let him sleep while we take a rest.

আরো উদাহরণ

(i) Let him sleep while we study. **(ii)** Let him sleep while we cook (কুক্ - রান্না করা).

When / While

01. Yesterday when I went to their house, they were quarrelling.
(গতকাল যখন আমি গিয়েছিলাম তাদের বাড়ি, তারা ঝগড়া করছিলো।)

02. While bees **are moving** from place to place, they murmur and keep flying.

03. While **he was walking** in the garden, he saw a bird.
(যখন তিনি বাগানে হাঁটছিলেন, তিনি দেখছিলেন একটি পাখি।)

04. **While I was waiting** at the station, he phoned me.
(যখন আমি স্টেশনে অপেক্ষা করছিলাম, সে ফোন করেছিলো আমাকে।)

05. Be quiet while I **sleep.**

সাজেশন হলো এই বই পড়া !

But for : ছাড়া বা ব্যতীত = without (উইদাউট্)

01. Complete this sentence: But for your help, ________.
উত্তরঃ I would have failed. (তোমার সাহায্য ছাড়া, আমি ব্যর্থ হতাম।)

(A) ***But for your help*** , I would have failed.
= **If you had not help me** , I would have failed.

(B) ***But for*** the traffic , I would have been here an hour ago.
= **Without** the traffic , I would have been here an hour ago.
(যানজটটি না থাকলে , আমি এখানে ১ ঘন্টা আগে থাকতাম)

(C) ***But for*** your timely intervention , *I would have failed to get ticket.*

Would you mind ....

প্রদত্ত প্রশ্ন Supply a suitable word in the blank:
Would you mind _____ the door?
(তুমি কী *mind* করবে ______ দরজাটি?)

সমাধান তার মানে, তুমি কী দরজাটি বন্ধ করতে mind করবে? এই ‘বন্ধ করা’ ইংলিশ: **close**;
আবার *mind*-এর পর ing যুক্ত verb বসে।

Would you mind **closing** the door? { তুমি কি *mind* করবে (তুমি) দরজাটা বন্ধ করতে ? }

নিচের উদাহরণগুলো জোরে জোরে পড়া যাক !

(1) Would you mind **having** a cup of tea ? = তুমি কি মাইন্ড্ করবে এক কাপ চা খেতে?
(2) Would you mind **opening** the window ? = জানালাটি খুলতে আপত্তি করবে কি ?
(3) Would you mind **sending** the mail ? = মেইলটি পাঠাতে মনক্ষুন্ন হবে কি ?

Lest (লেস্‌ট্) = নতুবা ; এই ভয়ে যে

01. Complete the sentence: Walk fast lest you ___ the bus.
(হাঁট তাড়াতাড়ি নতুবা তুমি ___ বাসটা।)

বাংলা অর্থ দিয়ে সমাধান

এখন তুমি বলো যে, “তাড়াতাড়ি না হাঁটলে” কি ঘটতে পারে বা কি হতে পারে ?
“না হলে তুমি বাসটি মিস্ করতে পারো”
এটার English হলোঃ *lest you should miss the bus.*
∴ পুরো বাক্যঃ *Walk fast lest you **should** miss the bus.*
(তাড়াতাড়ি হাঁট না হলে তুমি বাসটি নাও ধরতে পারো।)

lest-এর পরে *should* হয়।

Lest দিয়ে আরো বাক্য

(1) Take your umbrella ***lest you should*** get wet in rain. **[Mymensingh বোর্ড]**
(তোমার ছাতাটি নাও, না হলে তুমি ভিজে যেতে পারো বৃষ্টিতে।)
(2) He ran fast ***lest he should*** miss the train.
(সে দ্রুত দৌড়াল, না হলে সে মিস করতে পারে ট্রেনটি।)
(3) We work seriously ***lest we should*** fail. **[SSC যশোহর বোর্ড]**

It is high time ও It is time (এখনই সময়)

প্রদত্ত প্রশ্ন **Correction**: It is high time we start our journey.

প্রশ্নের উত্তর It is high time we **started** our journey. (এখনই উপযুক্ত সময় আমাদের যাত্রা শুরু করার।)

মনে রাখোঃ It is high time + $\mathbf{V_2}$ **তথা past**

(1) It is time you **gave up** your bad habits. (এখনই সময় তোমার খারাপ অভ্যাস ছাড়ার)

(2) It is high time they took proper steps against corruption.
↓ ↓ ↓
(এটাই উপযুক্ত সময় তাদের উপযুক্ত পদক্ষেপ নেয়ার দুর্নীতির বিরুদ্ধে।)

(3) It is high time we **took** measures to spread true education.
(এখনই সময় আমরা পদক্ষেপ নেই সত্যিকারের শিক্ষা প্রচারের।)

(4) It is high time that we ***changed*** our eating habit.
বাক্যের অর্থ এখনই উপযুক্ত সময় আমরা খাদ্যাভ্যাস পরিবর্তন করি।

পরীক্ষার আগের রাতে এই page-টা আরেকবার পড়ো।

(5) It is high time we ***served*** the nation.

বাক্যের অর্থ এখনই সময় আমাদের দেশকে সেবা করার।

(6) It is high time that we ***did*** something fruitful to save the city.

মনে রেখো
এতগুলো উদাহরণ থেকে পাওয়া গেলো *It is high time* ও *It is time*-এর **পরের অংশটি past** হয়।

Unless = যদি না = If not; otherwise (= অন্যথায়)

01. যদি খারাপ কিছু না ঘটে, আমি দেখা করব তোমার সাথে আগামীকাল।
(**Unless** something bad **happens**, I will meet you tomorrow.)

02. Unless you study attentively, you will not **stand first** in the exam.

বাক্যের অর্থ যদি না তুমি পড়াশোনা করো মন দিয়ে, তুমি ১ম হতে পারবে না পরীক্ষায়

03.

	Unless	you	study	attentively,	you	will not get	scholarship.
আক্ষরিক বাংলা	যদি না	তুমি	পড়াশুনা করো	মন দিয়ে,	তুমি	পাবে না	বৃত্তি ।

সাবলীল বাংলা অর্থ তুমি মন দিয়ে পড়াশুনা না করলে বৃত্তি পাবে না।

04. Unless **checked** effectively , pollution will destroy our capital in future.
(Unless pollution **is checked** effectively , it will destroy our capital in future.)
(যদি দূষণকে থামানো না হয় কার্যকরভাবে, এটা ধ্বংস করবে আমাদের রাজধানী ভবিষ্যতে।)

05. Read attentively, otherwise __________. (*Complete the sentence*)
উত্তর: Read attentively, otherwise ***you will not get good marks***.
(মন দিয়ে পড়ো, নয়তো ভালো নাম্বার পাবে না।)
(Unless you read attentively, ***you will not get good marks***.)

In case [ঘটনা চক্রে যদি (এমন ঘটে)]

01. Give her my mobile number to call **in case** she gets lost.
(দাও তাকে আমার মোবাইল নাম্বার ফোন করার জন্য যদি সে হারিয়ে যায়।)

02. I have written her mobile number **in case** I forget it.
(আমি লিখে নিলাম তার মোবাইল নাম্বার যদি আমি ভুলে যাই।)

03. Take your umbrella **in case** it rains. (তোমার ছাতা নাও, যদি বৃষ্টি হয়।)

তোমার সবচেয়ে **বড় ভুল হবে,** এই ***sentence*-গুলো মুখস্থ করা**

As if / As though (দোঔ) = যেন

01. He speaks **as if** he **were** a mad. (বাস্তবে সে mad না, তাই he were হলো।)

বাক্যের অর্থ সে কথা বলে এমনভাবে যেন সে একটা পাগল ।

02. He **talks** **as if** he **knew** everything. (সে কথা বলে এমনভাবে যেন সে সব জানত।)
present *past*

03. He **talked** **as if** he **had known** everything. (সে কথা বলেছিল এমনভাবে যেন সে সব জানত।)
past simple *past perfect* **[SSC, Mymensingh Board]**

04. He pretended **as if** nothing **had** happened. (সে ভান করলো যেনো কিছুই ঘটেনি।)

পরীক্ষার একটি প্রশ্ন

প্রশ্ন The lion attacked the tiny (ঠাইনি = ছোট্ট বা পুঁচকে) creatures as if he ____ (to possess) the most ferocious (ফেরোশাস্ = হিংস্র) nature (স্বভাব).

অর্থ সিংহটি আক্রমণ করলো খুব ছোট প্রাণীদেরকে যেনো তার মধ্যে ছিলো সবচেয়ে হিংস্র স্বভাব।

উত্তর had possessed.

প্রশ্ন **We love and help one another as if** *we were close friends and relatives*

Provided = Provided that (= যদি / এই শর্তে)

01. Complete this: She can lend you money provided ____________ .

(প্রোভাইড্ডেড়্)

তৃপ্তিকর ব্যাখ্যা

প্রশ্নের বাক্যের প্রথমে আছে: সে টাকা ধার দিতে পারে তোমাকে যদি __________.

এখন তুমিই বলো: কেউ টাকা ধার দিতে পারে কোন্ শর্তে?

'যথাসময়ে ফেরত দিলে', 'না কি' 'ফেরত না দিলে'। হ্যাঁ, নিশ্চয়ই "যথা সময়ে টাকা ফেরত দিলে"।

এখন, "তুমি যথাসময়ে টাকা ফেরত দাও "-এর ইংলিশ হলো: *you give back the money in time.*

∴ পুরো বাক্যটি : *She can lend you money* ***provided you give the money back in time.***

যদি

02. Provided that the weather is fine, *we will go to picnic.*

[যদি আবহাওয়া ভাল থাকে, আমরা বনভোজনে যাব]

03. Work hard ***so that*** (এই জন্য যে = যাতে) *we can achieve our dreams.* **[SSC ঢাকা বোর্ড]**

04. He could help you ***provided that*** *you work.* **[SSC Chattogram বোর্ড]**

প্রশ্ন Fill gap without clues:

The boy excels _____ speaking English. (বালকটি দক্ষ _____ বলা ইংলিশ।)

সমাধান

তার মানে, বালকটি ইংলিশে কথা বলায় দক্ষ ।

কথা বলায় (= কথা বলা + য়) মধ্যে "য় " শব্দটির English হলো "*at / in*"।

excel (য়েক্‌সেল্ = গুণে-মানে অতিক্রম করে যাওয়া) শব্দের সাথে ***at*** হয়। অতএব,

excels at speaking = কথা বলায় দক্ষ । ∴ উত্তরঃ (a) *at*।

উত্তর **The boy excels *at* speaking English.** (বালকটি ইংলিশে কথা বলায় দক্ষ ।)

এরূপ আরো বাক্য দিয়ে উদাহরণ

01. He is good ***at*** speaking English = সে ইংলিশে কথা বলায় ভাল ।
02. He is excellent ***at*** speaking English = সে ইংলিশে কথা বলায় চমৎকার ।
03. He is efficient ***at*** solving problems = সে সমস্যা সমাধানে কার্যকর ।
(য়ে-ফি-শিয়েন্ট্) (সল্ভিং)
04. He is adroit ***at*** handling situations = সে পরিস্থিতি মোকাবেলায় দক্ষ ।
(অ্যা-ড্র-য়েট্) (সিচুয়েইশন্)
05. He is skilled ***at*** dealing with customers = সে কাস্টমারদের ম্যানেজ করতে দক্ষ ।
06. He is proficient ***at*** driving cars = সে গাড়ি চালনোতে দক্ষ ।
(প্র-ফি-শিয়েন্ট্) (ড্রাইভিং)

একটু ধৈর্য ধরে
অর্থ বুঝে
জোরে জোরে
পড়ো।

কোন্ কোন্ শব্দের সাথে ***at*** হয়, বা ***in*** হয়,
প্রভৃতি তোমার সহজেই মনে থাকবে
এই পৃষ্ঠায় দেয়া ইংলিশ বাক্যগুলি
অর্থ **বুঝে বুঝে জোরে**
উচ্চারণ করে পড়লে !

07. He is quick ***at*** understanding physics. = সে *physics* দ্রুত বুঝতে পারে ।
08. He is expert ***at*** finding information. = সে তথ্য খুঁজে পেতে দক্ষ ।

প্রশ্ন **People (a) ____ of starvation** (স্টার্‌-ভেইশ্‌ন্‌).

উত্তর People *die of* starvation.
(মানুষ মারা যায় অনাহারে।)

কোনো রোগে বা অনাহারে মারা গেলে *died of* বা *die from* দু'ইটাই হয় Oxford ও ক্যাম্ব্রিজ ডিকশনারি অনুযায়ী।

এমন আরো বাক্য

(01) People *die of* heart diseases . (মানুষ হৃদরোগে মারা যায়।)
(02) People *die of* cancer . (মানুষ ক্যান্সারে মারা যায়।)
(03) People *die of* corona . (মানুষ করোনায় মারা যায়।)

কোনো রোগে বা অনাহারে মারা গেলে সাধারণত ***of*** হয়।
আর কোনো আঘাতে বা অতিরিক্ত খাওয়া থেকে মারা গেলে সাধারণত ***from*** হয়।

(06) People *die from* over-eating . (মানুষ অতিভোজন থেকে মারা যায়।)
(07) People *die from* injuries . (মানুষ আঘাত **থেকে** মারা যায়।)
8) People *die in the* accident . (মানুষ দুর্ঘটনাতে মারা যায়।)

[কর্মক্ষেত্রে বা দুর্ঘটনায় মারা গেলে ***in*** হবে।]

(09) People *die for* the country . (মানুষ দেশের **জন্য** মারা যায়।)
(10) People *die by* suicide . (মানুষ আত্মহত্যা **দ্বারা** মারা যায়।)
(11) People *die by* drowning . (মানুষ ডুবার দ্বারা মারা যায়।)
(12) People *die by* thunder . (মানুষ বজ্রপাত দ্বারা মারা যায়।)

উপরের বাক্যগুলো থেকে বোঝা যাচ্ছে,
দেশের জন্য বা মহৎ কাজের জন্য মারা গেলে ***die for*** এবং
আত্মহত্যা, পানিতে ডুবে ও বজ্রপাতে মারা গেলে ***die by*** হবে।

প্রশ্ন **Polluted water is (e) ____ to our health.**

(দূষিত পানি হলো (e) ____ প্রতি আমাদের স্বাস্থ্যের।)

বাংলা অর্থ দিয়ে ব্যাখ্যা

উপরের বাক্যে বলতে চাচ্ছে:
দূষিত পানি হলো আমাদের স্বাস্থ্যের প্রতি ক্ষতিকর। আর এই “ ক্ষতিকর ” শব্দের English হলো *injurious*।

উত্তর Polluted water is **injurious** to our health.
(ইন্‌জুরিআস্‌)

ইন্‌শাআল্লাহ
“কমন”
আসবে
এগুলো
থেকেই !

injurious to, good for প্রভৃতি দিয়ে বাক্য

এই
word-গুলো
ভালো
করে
শিখে
নাও।

(ডেট্রিমেন্‌ঠাল্‌)
01. Smoking is ***detrimental to*** our health.
(ধূমপান হলো ক্ষতিকর আমাদের স্বাস্থ্যের জন্য।)

02. Adulterated food is ***harmful to*** public health.
(ভেজাল মেশানো খাদ্য হলো ক্ষতিকর মানুষের স্বাস্থ্যের জন্য।)

(ওবেই্‌-সিটি)
03. Obesity is ***damaging to*** a child’s growth.
(স্থুলতা হলো ক্ষতিকর একটি শিশুর বৃদ্ধিতে।)

04. Dumping of garbage is ***deleterious to*** the environment.
{ ডাম্‌পিং গার্‌বেইজ্‌ ডেলেঠেরিয়াস্‌ য়েন্‌-ভায়োরন্‌মেন্ট্‌ }
(আবর্জনা ফেলা হলো ক্ষতিকর পরিবেশের জন্য।)

(ডেইন্‌জারাস্‌)
05. Loud sound is ***dangerous for*** our health.
(উচ্চ শব্দ হলো ক্ষতিকর আমাদের স্বাস্থ্যের জন্য।)

06. Corona virus is ***disastrous for*** our body.
{ করোনা ভাইরাস্‌ ডিযাস্‌ট্রাস্‌ ফর্‌ আও্‌আর্‌ বডি্‌ }
(করোনা ভাইরাস হলো ভীষণ ক্ষতিকর আমাদের দেহের জন্য।)

সাবলীল অর্থ করোনা ভাইরাস আমাদের দেহের জন্য অত্যন্ত ক্ষতিকর।

disaster
(ডিযাস্‌টার্‌):
বিপর্যয়
= বড় বিপদ।
disastrous
(ডিযাস্‌ট্রাস্‌):
বিপর্যয়মূলক
= অত্যন্ত ক্ষতিকর।

ভাষা হলো বাক্য, বাক্য আর বাক্য !

(মডার্ন্ = আধুনিক)

প্রশ্ন Computer has now become (a) _____ essential part of modern life.

অর্থ কম্পিউটার হয়েছে এখন (a) _____ খুবই দরকারি অংশ আধুনিক জীবনের।

অর্থ বুঝে সমাধান

essential (য়েসেন্-শিয়াল্ = য়েসেন্-শল্) = অত্যন্ত দরকারি।

উপরের বাক্যের সাবলীল বাংলা:

কম্পিউটার এখন আধুনিক জীবনের **একটি** খুবই দরকারী অংশ হয়ে দাঁড়িয়েছে।

আর **একটি** ইংলিশ হলো *a* / *an*।

essential শব্দটির শুরুতে আছে *e*, যার উচ্চারণ ‘য়ে’।

তাই gap-এ সঠিক উত্তর: ***an***।

জোরে জোরে পড়ো ও দেখে দেখে লিখো!

বাক্য দিয়ে উদাহরণের মাধ্যমে আরো শেখা যাক

1) Mobile phone has become ***an*** essential part of modern life.
(হ্যায্ বিখাম্) (অ্যান্ য়েসেন্-শল্)
(মোবাইল ফোন হয়ে দাঁড়িয়েছে একটা অত্যন্ত প্রয়োজনীয় অংশ আধুনিক জীবনের।)

2) Internet has become ***an*** essential part of modern life.
(ইন্টারনেট হয়ে গিয়েছে আধুনিক জীবনের একটা অপরিহার্য অংশ।)

(3) Electricity has become ***a*** vital part of modern life.
(বিদ্যুৎ এখন হয়ে দাঁড়িয়েছে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ আধুনিক জীবনের।)

(4) Physical exercise has become ***a*** necessary thing of daily life.
(শারীরিক ব্যায়াম হয়ে দাঁড়িয়েছে একটা প্রয়োজনীয় বিষয় দৈনন্দিন জীবনের।)

(5) Reading books has become ***an*** integral part of modern life.
(বই পড়া হয়ে দাঁড়িয়েছে আধুনিক জীবনের একটা অবিচ্ছেদ্য অংশ।)

(6) Health risk has become ***a*** vital (ভাইঠাল্) issue of modern life.
(স্বাস্থ্য ঝুঁকি হয়ে দাঁড়িয়েছে আধুনিক জীবনের একটা গুরুত্বপূর্ণ বিষয়।)

প্রশ্ন Computer has brought about (b) _____ revolutionary change in our life.
(রেভোলিউশনারী)

অর্থ কম্পিউটার নিয়ে এসেছে (b) _____ বৈপ্লবিক পরিবর্তন আমাদের জীবনে।

অর্থ বুঝে সমাধান

bring about xyz = xyz ঘটানো। **revolutionary** = বৈপ্লবিক = বিশাল।

বাক্যে বলতে চাচ্ছে, কম্পিউটার আমাদের জীবনে একটা বৈপ্লবিক পরিবর্তন এনে দিয়েছে। আর এই **একটি** শব্দের ইংরেজি হলোঃ *a* / *an*। gap-এর পরের *revolutionary* শব্দটির শুরুতে আছে ‘*r*’ (আর্)। তাই gap-এ *an* না হয়ে ***a*** হবে।

বাক্য দিয়ে উদাহরণের মাধ্যমে articles শেখা যাক

(1) Digital Bangladesh has brought about ***a*** revolutionary change.
[ডিজি-টাল্ বাংলাদেশ হ্যায্ ব্রঅ্ট্ অ্যাবাউ্ট্ এ্যা রেভো-লিউ্-শ-নারী চেইন্জ্]
(ডিজিটাল বাংলাদেশ নিয়ে এসেছে একটি বৈপ্লবিক পরিবর্তন।)

(2) Mobile banking has brought about ***a*** radical change.
(মোবাইল ব্যাংকিং নিয়ে এসেছে একটি বৈপ্লবিক পরিবর্তন।)

(রেভো-লিউ-শ-নারী)

(3) Electricity has brought about ***a*** revolutionary change.
(বিদ্যুৎ নিয়ে এসেছে একটি বৈপ্লবিক পরিবর্তন।)

(4) Corona-virus has brought about ***a*** radical change.
(করোনা ভাইরাস নিয়ে এসেছে একটা নাটকীয় পরিবর্তন।)



জোরে জোরে পড়ো ও দেখে দেখে লিখো !

(ট্রেমেন্ডাস্)

(5) Facebook and Internet have led ***a*** tremendous change to our life.
(ফেইসবুক ও ইন্টারনেট নিয়ে এসেছে একটি বিশাল পরিবর্তন আমাদের জীবনে।)

(6) The invention of wheel has caused (ক-অযড়) ***a*** massive (ম্যাসিভ্) change for human life.
(চাকার আবিষ্কার ঘটিয়েছে একটি বৈপ্লবিক পরিবর্তন মানবজীবনে।)

(7) Corona pandemic has exerted ***a*** disastrous effect on us.
(করোনা মহামারী ঘটিয়েছে একটি ধ্বংসাত্মক প্রভাব ফেলেছে আমাদের উপর।) (ডিযাস্-ট্রাস্)

influence on, effect on প্রভৃতি দিয়ে বাক্য

Travelling ______ a beneficial influence ______ our minds.

(ভ্রমণের ______ উপকারী প্রভাব ______ আমাদের মন।)

বুঝতে সোজা,
পড়তে মজা !

বাংলা অর্থ দিয়ে সমাধান

influence (ইন্‌-ফ্লুয়েন্‌স্‌) শব্দটির অর্থ হলো 'প্রভাব' ।

উপরের বাক্যে বলতে চাচ্ছে:

ভ্রমণ করার একটা উপকারী প্রভাব আছে আমাদের মনের উপর।

উপরের বাংলা বাক্যটির ইংরেজি করা যাক:

"ভ্রমণ করা" শব্দগুচ্ছের English হলো *travelling* (ট্রাভেলিং)।

"আছে" English হলো *has*।

"আমাদের মনের উপর" শব্দটির English হলো *on our minds*।

তাহলে পুরো বাক্যের English হলো:

Travelling has a beneficial influence ***on*** *our minds*।

পরীক্ষার হলে
এই ধরনের
প্রশ্নের উত্তর
দুই সেকেন্ডেই
বের করতে
পারবে,
যদি এই ব্যাখ্যা
অর্থ বুঝে বুঝে
মন দিয়ে
পড়লে।

এগুলো **থেকেই**
কমন আসবে !

বাক্যের মাধ্যমে এরূপ আরো উদাহরণ

01. Gama ray has a detrimental (ডেট্রিমেন্‌ঠাল্‌) effect **on** our skin.
(গামা রশ্মির আছে একটা ক্ষতিকর প্রভাব আমাদের ত্বকের উপর।)

02. Facebook has a significant (সিগ্‌নি-ফিক্যান্‌ট্‌) influence **on** youngsters.
(ফেইসবুকের রয়েছে একটা উল্লেখযোগ্য প্রভাব তরুণদের উপর।)

03. Exercise has a beneficial (বেনেফি-শ্যাল্‌) effect **on** our health.
(ব্যায়ামের রয়েছে একটা উপকারী প্রভাব আমাদের স্বাস্থ্যের উপর।)

04. Smoking has a harmful (হারম্‌-ফুল্‌) effect **on** our health.
(ধূমপানের রয়েছে একটা ক্ষতিকর প্রভাব আমাদের স্বাস্থ্যের উপর।)

05. Smoking produces dangerous effects **on** smokers.
(ধূমপান সৃষ্টি করে বিপদজনক প্রভাব ধূমপায়ীদের উপর।)

06. Trees bear a great impact **on** the climate.

প্রশ্ন **Punctuality** (পাংকচুয়ালিটি) **is of __________ value to a student.**

সমাধান সময়ানুবর্তিতা একজন ছাত্রের জন্য _______ দামী।

তার মানে, ... বিরাট দামী। আর “বিরাট” এর English হলোঃ *great*।

উত্তর Punctuality is of ***great*** value to a student.

(সময়ানুবর্তিতা হলো একজন ছাত্রের জন্য অত্যন্ত দামী।)

একই ধরনের আরো কয়েকটি বাক্য

01. Punctuality is of ***immense*** value to a student.
(ইমেন্‌স্‌)
(সময়ানুবর্তিতা হলো বিশাল গুরুত্বের একজন ছাত্রের কাছে।)

02. Perseverance is of ***enormous*** value to a man.
(পার্‌সিভিয়ারেন্‌স্‌) (ই-নর্‌-মাস্‌)
(অধ্যবসায় হলো বিশাল গুরুত্বের একজন মানুষের কাছে।)

03. Discipline is of ***inestimable*** importance to a student.
(শৃঙ্খলা একজন ছাত্রের জন্য অপরিমেয় গুরুত্বের।) → (ইন্‌- য়েস্‌ঠিমেই্‌বল্‌)

04. Regular study is of ***paramount*** importance to a student.
(প্যারা-মাউন্‌ট্‌)
(দৈনিক পড়াশুনা একজন ছাত্রের জন্য সর্বোচ্চ উপকারী।)

05. Moral integrity is of ***crucial*** importance to a man.
(নৈতিক সত্যতা একজন মানুষের জন্য খুবই উপকারী।) → (ক্রুশাল্‌)

06. Physical fitness is of ***tremendous*** importance to a man.
(ট্রেমেন্‌-ডাস্‌ - প্রচণ্ড)
(শারীরিক সুস্থতার প্রচণ্ড গুরুত্ব আছে একজন মানুষের কাছে।)

07. Industry is of ***great*** significance to a man.
(পরিশ্রম একজন মানুষের জন্য বিশাল তাৎপর্যের।)

08. Mobile phone is of ***great*** use for human beings.
(মোবাইল ফোন মানুষের জন্য বিরাট উপকারী।)

09. Self-confidence is of the ***utmost*** importance to a man.
(একজন মানুষের জন্য আত্মবিশ্বাস খুবই গুরুত্বপূর্ণ।)

10. The discovery of the new medicine is of ***great*** significance for people suffering from heart diseases. (হৃদরোগে ভুগছে এসব মানুষদের জন্য নতুন মেডিসিনটির আবিষ্কার বিরাট তাৎপর্যের।)

" ইংলিশ শেখা নিয়ে একজনের উপলব্ধি "

আসসলামুআলাইকুম, Saifur sir,

আমি মুকুল টরেন্টো থেকে ...... +1 (416) 522-2370

আমি আপনাকে চিনেছি অনলাইন থেকে। তারপর আপনার আরো আলোচনা ও ক্লাস দেখেছি।

আমি খুবই ইমপ্রেস্‌ড ইংরেজি শিখার আপনার পদ্ধতি নিয়ে। আমি ১৯৯৩-তে কানাডা আসি। বর্তমানে হেলথ কেয়ার প্রফেশনে কাজ করছি সাইকিয়াট্রিস্ট এবং ডাক্তারদের সাথে। এছাড়া ভার্সিটির যে সকল স্টুডেন্ট স্যোশাল ওয়ার্ক, স্যোশাল পলিসি, সাইকোলজিতে ইন্টার্নশীপ করতে আসে, তাদেরও সুপারভাইজ করি।

আপনি খুবই ইমপ্রেসিভ কাজ করছেন। আমি অলরেডি আমার পরিচিতজন যারা বাংলাদেশে আছেন, দেশের বাইরে যেতে চান, তাদেরকে আপনার লেখা-

01. সাইফুর'স স্পোকেন ইংলিশে জিরো ঠু হিরো,
02. সাইফুর'স পাসপোর্ট ঠু গ্রামার,
03. সাইফুর'স অনুবাদপিডিয়া,
04. S@ifur's 4G অ্যাডভান্‌স্‌ড্ গ্রামার,
05. S@ifur's হাতে-কলমে রিডিং স্কিল্‌স্
06. **আপনার IELTS-এর বইগুলো প্রভৃতি রিকমেন্ড করেছি।**

এবার যখন আমি দেশে যাবো, আমার একটা উদ্দেশ্য হচ্ছে আমার যারা আত্মীয়-স্বজন, ভাগনা-ভাগনি আছে তাদের জন্য অন্য কোনো গিফট না নিয়ে, তাদের বয়স অনুযায়ী আপনার প্রকাশিত যে যে বইগুলো দিলে কাজ হবে, সেগুলোই আমি দেবো। পারফিউম, চকোলেট ইত্যাদির চেয়ে আমি মনে করি এই বইগুলো তাদের কাজে লাগবে, কারণ ইংরেজি শেখানোর আপনার এই সহজতম পদ্ধতি এই কানাডাতেও নেই।


সাইফুর রহমান খান
'যেভাবে শিখেছি বাংলা, সেভাবে শিখবো ইংরেজি'
(Vocabulary-ভিত্তিক Fill-in-দ্য-ব্ল্যাংকস)
ভর্তি ও চাকুরির পরীক্ষার জন্য
বড়ো বড়ো ইংরেজি বাক্যের
অনুবাদ শেখার ডিকশনারি
অনুবাদপিডিয়া
বড়ো বড়ো ইংরেজি বাক্যের ডিকশনারি

আমি যখন আসছি সেই ১৯৯৩ তে, অনেক কষ্ট হয়েছে English ভাষা রপ্ত করতে।

যে খাটাখাটনি তখন করেছি ইংরেজি শিখতে,
সেই খাটাখাটনিটা আপনার পদ্ধতিতে দিলে আরও অনেক, অনেক ভালো করতাম এবং
সেটা এখন আরও বেশি কাজে লাগতো।

আমি এখানে মাঝে মাঝে লেখালেখি করি। আমাদের একটা ব্লগ আছে, সময় সুযোগ হলে ইংরেজি শেখানোর আপনার সহজতম পদ্ধতি নিয়ে ওখানে লিখতে চাই। পৃথিবীর বিভিন্ন দেশের লোকেরা ব্লগটা পড়ে, তারা জানলো আপনার শেখানোর পদ্ধতিটা, জেনে যদি একটা লোকেরও কাজে লাগে তাতেই ভালো লাগবে।

তো, আপনি অনেক সুন্দর কাজ করছেন, আল্লাহ আপনার মঙ্গল করুন, ভালো থাকুন।

Chapter-27

Transformation

(ট্রান্‌স্‌ফর্‌মেইশন্‌ = ট্রান্‌স্‌ফর্‌ম্‌-করণ = পরিবর্তন = বাক্যের পরিবর্তন)

Affirmative থেকে Interrogative

01.

	My friend	invited	me	to pay a visit	to Cox's Bazar.
আক্ষরিক অর্থ	আমার বন্ধু	আমন্ত্রণ করেছিল	আমাকে	বেড়াতে যেতে	কক্সবাজারে।

(Make it interrogative)

সাবলীল অর্থ

আমার বন্ধু আমাকে কক্সবাজার বেড়াতে যেতে আমন্ত্রণ করেছিল।

শব্দের অর্থ **pay a visit:** একটা ভিজিট দেয়া = দেখতে যাওয়া।

সমাধান

উপরের এই বাংলা বাক্যকে ইংরেজিতে কিভাবে প্রশ্নবোধক বাক্যের মাধ্যমে বলা যায় চিন্তা করো তো ?

হ্যাঁ, বাংলায় আমরা বলতে পারি যে:

আমার বন্ধু কি আমন্ত্রণ করেনি আমাকে কক্সবাজার বেড়াতে যেতে?

সিলেবাসে না থাকলেও এই ব্যাখ্যাসহ Transformation মন দিয়ে পড়ো, পড়ো, পড়ো!

এখন এই বক্তব্য বা বাক্যটির ইংরেজি করা যাক :

		আমার বন্ধু কি	আমন্ত্রণ করেনি	আমাকে	বেড়াতে যেতে	কক্সবাজারে?
উত্তর ⇒	**Did**	my friend	**not** invite	me	to pay a visit	to Cox's Bazar?
(ডি-ডনট্‌ =)	**Didn't**	my friend	invite	me	to pay a visit	to Cox's Bazar?

Affirmative বাক্য ⟶থেকে⟵ Interrogative বাক্য

Affirmative		Interrogative			
1. He liked	সে পছন্দ করেছিল।	1. Didn't	he	like?	= সে কি পছন্দ করেনি?
2. He opposed	সে প্রতিবাদ করেছিল।	2. Didn't	he	oppose?	= সে কি প্রতিবাদ করেনি?
3. He **wanted**	সে চেয়েছিল।	3. **Didn't**	he	want?	= সে কি চায়নি?
4. He likes	সে পছন্দ করে।	4. Doesn't	he	like?	= সে কি পছন্দ করে না?
5. He **knows**	সে জানে।	5. **Doesn't**	he	know?	= সে কি জানে না?
6. They **celebrate**	তারা উদ্‌যাপন করে।	6. **Don't**	they	celebrate?	= তারা কি উদ্‌যাপন করে না?
7. They agree	তারা একমত।	7. Don't	they	agree?	= তারা কি একমত নয়?

He (সে) হলো একজন। তাই 's' হলো।

02. We are proud of our freedom fighters. **(Make Interrogative)**

আক্ষরিক অর্থ আমরা হই গর্বিত আমাদের মুক্তিযোদ্ধাদের নিয়ে।

সাবলীল অর্থ আমরা আমাদের মুক্তিযোদ্ধাদের নিয়ে গর্বিত।

সমাধান

পড়ে বুঝা যাচ্ছে প্রশ্নের এই বাক্যটি হ্যাঁ-বোধক বা Affirmative বাক্য।
একে প্রশ্নবোধক বাক্য বললে কীভাবে বলা যায় চিন্তা করো। হ্যাঁ, আমরা বলতে পারি:

বাক্যের অর্থ আমরা কি গর্বিত নই আমাদের মুক্তিযোদ্ধাদের নিয়ে ?

উত্তর ⇒ Are we not proud of our freedom fighters?

⇒ **Aren’t** we proud of our freedom fighters?

03. Everybody knows it. **(Make it interrogative.)**

বাক্যের অর্থ প্রত্যেকে জানে এটা।

সমাধান

উপরের এই হ্যাঁ-বোধক বাংলা বক্তব্য বা বাক্যকে কীভাবে প্রশ্নবোধক কথা বা বক্তব্যের মাধ্যমে প্রকাশ করা যায় বলো তো ?
হ্যাঁ, আমরা বলতে পারি:

কে জানে না এটা ?

উত্তর ⇒ Who doesn’t know it ?

Everybody বা *Everyone* থাকলে কীভাবে **Interrogative** করা যায় , তা লক্ষ্য করো

Affirmative বাক্য	**Interrogative বাক্য**
1. Everybody realizes it. (প্রত্যেকে উপলব্ধি করে এটা ।)	1. Who doesn’t realize it ? (কে করে না উপলব্ধি এটা ?)
2. Everybody hates it (প্রত্যেকে ঘৃণা করে এটা ।)	2. Who doesn’t hate it ? (কে করে না ঘৃণা এটা ?)
3. Everybody loves it. (প্রত্যেকে ভালোবাসে এটা ।)	3. Who doesn’t love it ? (কে না ভালোবাসে এটা ?)
4. Everybody uses it. (প্রত্যেকে ব্যবহার করে ইহা ।)	4. Who doesn’t use it ? (কে করে না ব্যবহার এটা ?)
5. Everybody tastes (ঠেইস্ট্) it. (প্রত্যেকে স্বাদ নেয় এর ।)	(ডায়ন্ট্) (ঠেইস্ট্) 5. Who doesn’t taste it ? (কে নেয় না এর স্বাদ ?)

Affirmative থেকে Negative

01. A brave man **alone** can do this. **(Make it negative)**

A brave man	alone	can do	this.
একজন সাহসী মানুষ	একাকী	করতে পারে	এটা।

সমাধান

উপরের এই হ্যাঁ-বোধক বাক্যকে কিভাবে negative বা না-বোধকে বলা যায় ? হ্যাঁ, আমরা বলতে পারি:

একজন সাহসী মানুষ ছাড়া কেউ করতে পারে না এটা।

এখন এটার ইংরেজি করা যাক:

উত্তর ⇒	কেউ না	ছাড়া	একজন সাহসী মানুষ	করতে পারে	এটা।
	None	**but**	**a brave man**	**can do**	**this**

সাবলীল অর্থ একজন সাহসী মানুষ ছাড়া কেউ এটা করতে পারে না।

অর্থ বুঝে শিখে রাখো যে, *alone* বা *only* থাকলে *negative*-এ None but হয়।

এখানে but অর্থ 'ব্যতীত' বা 'ছাড়া'

02. Affirmative : **Only** Almighty can do this. (কেবল সর্বশক্তিমান করতে পারে এটা।)

Negetive : **None but** Almighty can do this. (সর্বশক্তিমান ছাড়া কেউ এটা করতে পারে না।)

বিপরীত শব্দ দিয়ে negative-এ রূপান্তর

03. A life with work is **an actual** (অ্যাকচুয়াল = প্রকৃত) **life**. **(Make Negative)**

বাক্যের অর্থ কাজসহ একটি জীবন হলো একটি সত্যিকারের জীবন।

বাংলা অর্থ বুঝে সমাধান

উপরের এই বাংলা বক্তব্যকে না-বোধক বাক্যের মাধ্যমে কীভাবে বলা যায় ? হ্যাঁ, বাংলায় বলা যায় বা আমরা বলতে পারি যে: **"কাজসহ জীবন মিথ্যা জীবন নয়।"**

এখন এই বাক্যটির ইংরেজি করা যাক:

	জীবন	কাজ সহ		মিথ্যা জীবন নয়।
উত্তর →	A life	with work	is	not a **false** life

actual-এর বিপরীত false।

04. Biplob is a **regular** student (Make it negative)

বাক্যের অর্থ বিপ্লব হয় একজন নিয়মিত ছাত্র।

বাংলা অর্থ দিয়ে সমাধান

উপরের এই বাংলা হ্যাঁ-বোধক বাক্যকে কীভাবে না-বোধক বা negative কথা বা বাক্যের মাধ্যমে প্রকাশ করা যায় বলুন তো? হ্যাঁ, আমরা বাংলায় বলতে পারি: **বিপ্লব একজন অনিয়মিত ছাত্র নয়।**

এখন এই বাংলা বাক্যটির ইংরেজি করা যাক:

বিপ্লব নয় অনিয়মিত ছাত্র।
↓ ↓ ↓

উত্তর → Biplob is not an **ir**regular (ইরেগিউলার্) student.

শরীর সুস্থ রাখতে প্রতিদিন কমপক্ষে ত্রিশ মিনিট ঘাম-ঝরানো হাঁটা দাও, বা দৌড়াও।

05. It takes only a few seconds to send a message. (Make negative)

↓ ↓ ↓ ↓ ↓

আক্ষরিক অর্থ লাগে কেবল কয়েক সেকেন্ড পাঠাতে একটি সংবাদ।

সাবলীল অর্থ একটি সংবাদ পাঠাতে কেবল কয়েক সেকেন্ড সময় লাগে।

শব্দের অর্থ **send** = পাঠানো। **a few** = কিছু।

তৃপ্তি নিয়ে সমাধান

প্রশ্নের প্রদত্ত affirmative বা হ্যাঁ-বোধক বাক্যটিকে negative বাক্য বানাতে হবে। এখন, উপরের এই হ্যাঁ-বোধক বাংলা বাক্যটিকে কীভাবে negative বাক্যের মাধ্যমে প্রকাশ করা যায় বলুন তো? হ্যাঁ, আমরা বাংলায় বলতে পারি:

একটি মেসেজ পাঠাতে কয়েক সেকেন্ডের বেশি সময় লাগে না।

এখন এর ইংলিশ করা যাক:

লাগে কয়েক সেকেণ্ডের বেশি না পাঠাতে একটি মেসেজ।
↓ ↓ ↓ ↓

উত্তর ⇒ It takes no more than a few seconds to send a message.

HSC মানবিক থেকে DU, IU, RU, CU-তে চান্স পাওয়া সহজ।

06. I need 100 taka **only.** (আমার দরকার মাত্র ১০০ টাকা।)
= I need **no more than** 100 taka
(আমার ১০০ টাকার চেয়ে বেশি দরকার না।)
= I need no less than 100 taka.

only থাকলে *no more* কিংবা *no less* হয়।

" তোমারই ক্ষতি হবে এইসব বাক্য মুখস্থ করলে "

Affirmative বাক্য	**Negative বাক্য**
(অ্যাঠেন্‌ঠিভ্) 01. He is attentive. - সে মনোযোগী।	01. He is not inattentive. - সে নয় অমনোযোগী।
02. He is sincere. - সে আন্তরিক।	02. He is not insincere. - সে নয় আন্তরিকতাহীন।
03. He is clever. - সে চালাক।	03. He is not foolish. - সে বোকা নয়।
04. He is happy. - সে সুখী।	04. He is not unhappy. - সে অসুখী নয়।
05. He is unable. - সে অক্ষম। (আনেইবল্)	05. He is not able. - সে নয় সক্ষম।
06. He is polite. - সে হলো ভদ্র। (পোলাইট্)	06. He is not impolite. - সে নয় অভদ্র।

তুমি সহজেই মনে রাখতে পারবে এভাবে বাংলা অর্থ বুঝে পড়লে।

Negative বাক্য	**জোরালো বাক্য**
01. cannot but go (পারি না না যেয়ে = না যেয়ে পারি না)	01. must go - অবশ্যই যাবো।
02. cannot but do (পারি না না করে = না করে পারি না)	02. must do - অবশ্যই করবো।
03. cannot but solve (পারি না সমাধান না করে)	03. must solve - অবশ্যই সমাধান করবো। (সলভ্)
04. cannot but obey (পারি না না মেনে) { I cannot but obey my mom →	04. must obey - অবশ্যই মেনে চলবো। (ওবেই) I must obey my mom.}
05. cannot but jump (পারি না লাফ না দিয়ে) { I cannot but jump into the pond =	05. must jump - অবশ্যই লাফ দিবো। (জাম্প্) I must jump into the pond}

পরীক্ষার দুই দিন আগে রিভিশন দাও এই পৃষ্ঠাগুলো

07. Sakib is the best cricket player. (Make it negative)

বাক্যের অর্থ সাকিব হলো সবচেয়ে সেরা ক্রিকেট খেলোয়াড়।

এই ব্যাখ্যাগুলো বুঝে বুঝে পড়ুন!

সহজতম ব্যাখ্যা

উপরের এই বাংলা বাক্যকে কীভাবে negative তথা না-বোধক বাক্যের মাধ্যমে প্রকাশ করা যায় বলুন তো? হ্যাঁ, আমরা বলতে পারি:

সকিবের মতো এতো ভাল খেলোয়াড় আর নাই।

এখন এর ইংরেজি করা যাক:

আর নাই অন্য	ক্রিকেট খেলেয়োড়	এত	ভাল	সাকিবের মতো।
↓	↓	↓	↓	↓
No other	cricket player	is	so good	as Sakib.

08. **Who** does not like flowers? (Make Affirmative)

বাক্যের অর্থ কে ফুল পছন্দ করে না?

টেকনিক ও রুল দিয়ে শেখা হলো ভুল

এখন এই বক্তব্য বা কথাটিকে হ্যাঁ-বোধক বাক্যে বললে আপনি কীভাবে বলবেন, বলুন তো?

হ্যাঁ, আপনি নিশ্চয়ই বলতেন: “সকলে পছন্দ করে ফুল।”

এখন এর ইংরেজি করা যাক:

Who does not-এর বদলে ***Everybody*** বা ***All*** বা ***Everyone*** হয়।

সকলে	পছন্দ করে	ফুল।
↓	↓	↓
Everybody	likes	flowers.

এর আরো উত্তর হতে পারে

① **All** like flowers.

② Everyone likes flowers.

Optative থেকে Assertive

(অপ্‌ঠেইটিভ্ = আদেশমূলক)

01. Don’t go out in the rain. (Make Assertive)

বাক্যের অর্থ	বাইরে যাওয়া	বৃষ্টির মধ্যে।

শব্দের অর্থ **go out** = বাইরে যাওয়া; **in the rain** = বৃষ্টিতে।

সমাধান উপরের এই বাক্যটিকে কীভাবে assertive বক্তব্যের মাধ্যমে প্রকাশ করা করা যায়, বলুন তো?

হ্যাঁ! আমরা বলতে পারি :

তোমার উচিত নয় বের হওয়া বৃষ্টিতে।

উত্তর ⇒ You should not go out in the rain.

পরীক্ষার তিন দিন আগে থেকে তুমি এই transformation চ্যাপ্টারটা রিভিশন দাও !

কিছু গুরুত্বপূর্ণ Transformation

01. Affirmative : **Both** Biplob and Sopon can do the work.

বাক্যের অর্থ *Biplob* এবং *Sopon* উভয়ে কাজটি করতে পারে।

নেগেটিভ্ : **Not only Biplob** **but also Sopon** **can do** **the work**.

বাক্যের অর্থ শুধু *Biplob* নয় কিন্তু *Sopon*-ও করতে পারে কাজটি।

02. Affir : **Every** mother loves her child.

বাক্যের অর্থ প্রতিটি মা ভালোবাসেন তার সন্তানকে।

Neg : (১) **There is no** mother who does not **love** her child.

বাক্যের অর্থ এমন মা নেই যিনি তার সন্তানকে ভালোবাসেন না।

(২) **No mother** **hates** her child.

বাক্যের অর্থ কোন মা ঘৃণা করেন না তার সন্তানকে।

“ এই পৃষ্ঠার sentence-গুলো অর্থ বুঝে পড়ে গেলেই হলো ”

03. Affir : **Everybody** will **die**.
(য়েভ্রিবডি)

বাক্যের অর্থ সকলে মৃত্যুবরণ করবে।

Neg : **Nobody** will **live forever.**

বাক্যের অর্থ কেউ চিরকাল বেঁচে থাকবে না।

মনে রেখো
a, all* বা *every
পরিবর্তন হয়ে
there is no বা
Nobody* বা *No man
ইত্যাদি ব্যবহৃত হয় এবং
Verb-এর আগে ***who*** বসে।
Everybody থাকলে
Nobody হয়।

04. Affir : **All men** are **mortal**.

বাক্যের অর্থ সকল মানুষ মরণশীল।

Neg : **No man** is **immortal**.

বাক্যের অর্থ কোনো মানুষ অমর নয়।

05. Affir : **He** is **always** **regular** **in his duties.**

আক্ষরিক বাংলা সে সবসময় নিয়মিত তার দায়িত্বে ।

সাবলীল বাংলা তার দায়িত্বের ক্ষেত্রে সে সবসময় নিয়মনিষ্ঠ ।

Neg : He is **never** **irregular** (অনিয়মিত) in his duties.

বাক্যের অর্থ সে কখনই অনিয়মিত নয় তার দায়িত্বে।

Interro : Is not he **always** **regular** in his duties?

বাক্যগুলো
পড়লেই
বুঝা যায়
বাংলা অর্থ
বুঝলে
transformation
করা
সহজ।

06. Affir : They **always** **remember** us.

বাক্যের অর্থ তারা সব সময় স্মরণ করে আমাদের।

Neg : They **never** **forget** us.

বাক্যের অর্থ তারা কখনই ভুলে না আমাদেরকে।

Interro : Do they **ever** **forget** us?

বাক্যের অর্থ তারা আদৌ কি কখনো ভুলে যায় আমাদের?

Affirmative
বাক্যের ***always***
negative বাক্যে
পরিবর্তন হয়ে
never হয়।

07. **Assertive** : Smoking **is** a bad habit. (ধূমপান একটি খারাপ অভ্যাস)

Interrogative: **Isn't** smoking a bad habit? (ধূমপান কি একটি খারাপ অভ্যাস নয়?)

08. **None** can do this. অর্থ এটা কেউ করতে পারে না।

⇒ **Who** can do this? অর্থ কে এটা করতে পারে?

⇒ Can **anyone** do this? অর্থ কেউ কি এটা করতে পারে?

09. **No one** can deny the truth. (Make it interrogative)

বাক্যের অর্থ সত্যকে কেউ অস্বীকার করতে পারে না।

⇒ **Who** can deny the truth?

বাক্যের অর্থ কে সত্যকে অস্বীকার করতে পারে?

⇒ Can **anyone** deny the truth?

বাক্যের অর্থ কেউ কি সত্যকে অস্বীকার করতে পারে?

মনে রেখো

Interrogative বাক্যে *None / Nobody*-এর পরিবর্তে *Who* ব্যবহৃত হয়। আর No one, None হবে Anyone এবং Nobody থেকে Anybody-তে রূপান্তর করে Interrogative করা যায়।

মূল কথা হলো প্রচুর ইংলিশ বাক্য শিখতে পারছো এই চ্যাপটার থেকে

10. **Negative:** **Nothing can stop them.**

আক্ষরিক বাংলা	Nothing can	stop	them.
	কিছুই পারবে না	থামাতে	তাদেরকে।

সাবলীল বাংলা কোনো কিছুই তাদেরকে থামাতে পারবে না।

Interrogative:	**What**	**can**	**stop**	**them**?
আক্ষরিক বাংলা	কী	পারবে	থামাতে	তাদেরকে ?

বাক্যের অর্থ **কী** থামাতে পারবে তাদেরকে?

মনে রেখো

Interrogative বাক্যে ***Nothing***-এর পরিবর্তে ***anything*** বসে। কিন্তু ***nothing*** যদি Subject হয়, সেক্ষেত্রে ***Nothing*** উঠে গিয়ে তার স্থানে ***What*** বসে।

11. Negative: You will find him **nowhere**.

বাক্যের অর্থ তুমি তাকে কোথাও খুঁজে পাবে না।

Interrogative: Will you find him **anywhere**?

সাবলীল বাংলা তুমি কি কোথাও খুঁজে পাবে তাকে?

মনে রেখো

প্রশ্নবোধক বাক্যে *nowhere* পরিবর্তিত হয়ে *anywhere* এবং *never* থাকলে *ever*-এ পরিবর্তিত হয়।

12. Negative: I can **never** forget you. (আমি তোমাকে কখনো ভুলতে পারি না।)

Interrogative: Can I **ever** forget you? (আমি কি কখনো তোমাকে ভুলতে পারি?)

13. Negative: **There is nobody** happier than Kamal. অর্থ কেউ কামালের চেয়ে সুখী নয়।

Interrogative: **Who is** happier than Kamal? অর্থ কে কামালের চেয়ে সুখী?

Assertive to Exclamatory (য়েক্স্-ক্লেই্-মেইঠরী)

01. Asser : You are **a great** fool.

বাক্যের অর্থ তুমি একজন মহা বোকা।

Excla : **What a** fool you are!

বাক্যের অর্থ কতই না বোকা তুমি !

Assertive বাক্যে **a Very** থাকলে, exclamatory বাক্য শুরু হয় **What a** দিয়ে।

02. Asser : That was **a very** terrible sight.

বাক্যের অর্থ ঐটা একটা ভয়ানক দৃশ্য ছিল।

Excla : **What a** terrible sight that was!

বাক্যের অর্থ কী ভয়ানক দৃশ্য এটা ছিল !

মনে রেখো

Hurrah থাকলে *We rejoice that.......* হয়।

আনন্দসূচক ঘটনার ক্ষেত্রে *We rejoice that..,*

It is a pleasure that..,

It is a great joy that.. ইত্যাদি হয়।

গ্রামার তোমার পিছনে দৌড়ুবে যদি তুমি সেন্‌ঠেন্‌সের অর্থ বুঝো !

03. Asser : **We rejoice that** we have won the innings.

বাক্যের অর্থ আমরা আনন্দ করি যে, আমরা জিতেছি *innings*-টি।

Excl : **Hurrah!** we have won the innings.

বাক্যের অর্থ কী মজা! আমরা *innings*-টি জিতেছি।

বু ঝো !

04. Asser : **I regret that** the man is dead.

বাক্যের অর্থ আমি অনুতাপ করছি যে লোকটি হলো মৃত।

Excl : **Alas!** the man is dead.

বাক্যের অর্থ হায়! লোকটি মৃত।

05. Asser : **I regret that** this has happened.

Excl : **Alas!** this has happened .

বাক্যের অর্থ হায় ! এটা ঘটেছে।

মনে রেখো

Alas! থাকলে *I regret that*।

মানে, বেদনাদায়ক ঘটনার ক্ষেত্রে

It is a matter of regret,

It is a matter of pity that,

I regret that ইত্যাদি হয়।

Exclamatory to Assertive

01. How thrilling the day was ! (Make Assertive)

বাক্যের অর্থ কতই না রোমাঞ্চকর ছিল দিনটি !

সমাধান উপরের বাক্যটি একটি exclamatory বাক্য বা কথা।

একে assertive বাক্যে বা কথায় কীভাবে প্রকাশ করা যায় বলুন তো?

হ্যাঁ, বাংলায় আমরা যেভাবে বলতে পারি ঃ

দিনটি ছিল খুব রোমাঞ্চকর।

উত্তর ⇒ The day was very thrilling.

ইংরেজি বাক্যগুলো জোরে জোরে পড়ুন ! এতে মুখের জড়তা দূর হবে !

02. **How** nice it was! (কতই না সুন্দর এটি ছিল!)

= It was **very** nice. (এটি ছিল খুব সুন্দর)

03. Exclamatory **How glad** I was to see the sea beach!

(কতই না আনন্দ আমি পেয়েছিলাম সমুদ্র সৈকতটি দেখে।)

Assertive I **was very glad** to see the sea beach.

বাক্যের অর্থ আমি খুব আনন্দিত হয়েছিলাম দেখে সমুদ্র সৈকতটি।

আন্তরিক ও পরোপকারী ইংলিশ টিচারগণ তার ছাত্রদের এই বই পড়তে বলেন।

04. **What** a simple life he leads! (Make Assertive sentence)

↓ ↓ ↓

বাক্যের অর্থ | কতই না সাদাসিধা সহজ-সরল জীবন সে অতিবাহিত করে!

শব্দের অর্থ | **simple** = সাদামাটা , সরল ; **lead a life** = জীবন অতিবাহিত করা।

সমাধান

সে অতিবাহিত করে একটা খুব সাদামাটা জীবন।

↓ ↓ ↓ ↓

He leads a very simple life.

Positive, কম্প্যারাটিভ্ ও Superlative

(ফ্রুগাল) ← (এই শব্দের জন্য বাক্যটা হয়ে গেলো *comparative* বাক্য)

01. A frugal man is happier than a prodigal **(Make it positive)**

↓ ↓ ↓ ↓

বাক্যের অর্থ | একজন মিতব্যয়ী ব্যক্তি অধিকতর সুখী চেয়ে একজন অমিতব্যয়ীর।

বাংলা অর্থ দিয়ে ব্যাখ্যা

উপরের এই বক্তব্য বা কথাটি একটি তুলনামূলক বাক্য। একে positive বা সাধারণ তুলনামূলক বাক্যের মাধ্যমে প্রকাশ করলে হয় :

একজন অমিতব্যয়ী ব্যক্তি এত সুখী নয় যতটা একজন মিতব্যয়ী লোক।

↓ ↓ ↓

উত্তর ⇒ A prodigal (প্রডিগাল) man is not so happy as a frugal man.

02. No other day in my life is as memorable as my first day at school (Make it superlative)

↓ ↓ ↓ ↓

অন্য কোনো দিন নাই আমার জীবনে এতো স্মরণীয় যেমন আমার প্রথম দিনটি স্কুলের ।

আমার স্কুলের প্রথম দিন হলো সবচেয়ে স্মরণীয় দিন আমার জীবনে।

↓ ↓ ↓

উত্তর → My first day at school is the most memorable day in my life

03. Very few women were as **needy** as Ayesha Begum (Make it superlative)

(খুব কম মহিলা ছিল অতো অভাবী যততা আয়েশা বেগম ।)

Very few থাকলে superalive-এ one of the most হয়।

তৃপ্তিময় সমাধান

উপরের এই বাংলা বক্তব্য বা বাক্যটিকে superlative degree-তে রূপান্তর করতে হবে। তার মানে, আয়েশা বেগমই যে সবচেয়ে বেশি অভাবী ছিলেন এবং তার মতো অভাবী অল্প কয়জন ছিলেন। এই তথ্যটিকে প্রকাশ করতে হবে। এটাকে বলা যায়:

সকল মহিলার মধ্যে আয়েশা বেগম ছিলেন সবচেয়ে বেশি অভাবী মহিলাদের একজন।

চলুন এবার ইংরেজি করা যাক :

সকল মহিলার মধ্যে = Of all women

আয়েশার বেগম ছিলেন = Ayesha Begum was

সবচেয়ে বেশি অভাবী মহিলাদের একজন = One of the most needy women.

∴ পুরো ইংরেজি বাক্যটি হলো :

এই ব্যাখ্যগুলো মন দিয়ে পড়ো।

Among all women Ayesha Begum was one of the most needy women.

আয়েশা বেগম ছিলেন সবচেয়ে বেশি **অভাবীদের** একজন সকল মহিলাদের মধ্যে।

উত্তর ⇒ Ayesha Begum was one of the most **needy** of all women.

04. Positive — Very few students in the class are as meritorious as Sajib.

Superlative — Sajib is one of the most meritorious students in the class.

আক্ষরিক অর্থ — সজিব হলো সবচেয়ে মেধাবী ছাত্রদের মধ্যে একজন ক্লাসের।

সাবলিল বাংলা — সজিব ক্লাসের সবচেয়ে মেধাবী ছাত্রদের মধ্যে একজন।

05. Positive — Very few metals are so precious as gold **(Make comparative)**

(সোনার মতো এতো দামি ধাতু খুব কমই আছে।)

সমাধান

উপরের এই বাংলা বক্তব্য বা কথাটিকে comparative করতে হলে 'চেয়ে' বা than লাগবেই। আর than-এর আগে more কিংবা wiser, stronger প্রভৃতি হবে। অতএব, আমরা বলতে পারি :

সোনা হলো অধিকতর মূল্যবান অধিকাংশ অন্যান্য ধাতুর চেয়ে ।

উত্তর ⇒ Gold is more precious than most other metals.

(***more*** থাকাতে এই বাক্যটা ***comparative*** বাক্য হয়ে গেলো)

গুরুত্বপূর্ণ Positive ⇔ Comparative ⇔ Superlative

1. Positive : **No other** city in Bangladesh is **so big** **as Dhaka**.

বাক্যের অর্থ   অন্য কোনো   শহর নেই বাংলাদেশে   এত বড়   ঢাকার মতো

Comparative: Dhaka is **bigger** than **any other** city in Bangladesh.

বাক্যের অর্থ   ঢাকা হয় বৃহত্তর | বাংলাদেশের অন্য যে কোনো শহরের চেয়ে।

Superlative : Dhaka is **the biggest** city in Bangladesh.

ঢাকা সবচেয়ে বড় শহর বাংলাদেশে

> **মনে রেখো**
>
> *No other* হলে, comparative বাক্যে *any other* হয়।

2. Positive : **Very few** metals are **as** precious **as** gold.

বাক্যের অর্থ   খুবই কম ধাতু আছে সোনার মত এতো মূল্যবান।

Comparative : Gold is **more precious than most other** metals.

বাক্যের অর্থ   সোনা হচ্ছে অধিকতর | মূল্যবান অন্যান্য বেশির ভাগ ধাতুর চেয়ে।

Superlative : Gold is one of **the most** precious metals.

বাক্যের অর্থ   সোনা হচ্ছে সবচেয়ে মূল্যবান ধাতু।

> ***very few*** থাকলে, comparative বাক্যে ***most other*** হয়।

Positive থেকে Comparative

Positive : **Very few** subjects are **so easy as** English.

বাক্যের অর্থ   ইংরেজির মত এত সহজ বিষয় খুব কমই আছে।

Comparative : English is **easier than most other** subjects.

বাক্যের অর্থ   ইংরেজি সহজতর অন্যান্য অধিকাংশ বিষয়ের চেয়ে।

2. Positive : Raju is **as good as** Ajad.

বাক্যের অর্থ   Raju হয় Ajad-র | মতো ভালো।

Comparative: Ajad is **not better than** Raju.

বাক্যের অর্থ   Raju-র চেয়ে ভাল না Ajad ।

> **মনে রেখো**
>
> *as good as*-এর বদলে comparative-এ ব্যক্তির ক্ষেত্রে *not better than...*, আর বস্তুর ক্ষেত্রে *...not less than.* অথবা *than* ব্যবহৃত হয়।

3. Positive : He is **not as strong as** Rahul.

বাক্যের অর্থ সে রাহুলের মতো এতো শক্তিশালী নয়।

Comparative : Rahul is **stronger than** he.

বাক্যের অর্থ রাহুল হলো তার চেয়ে শক্তিশালী।

4. Positive : No other girl in the class is **as intelligent as** Rita.

বাক্যের অর্থ ক্লাসের অন্য কোন বালিকা রিতার মতো বুদ্ধিমতী নয়।

Superlative : Rita is **the most intelligent** girl in the class.

বাক্যের অর্থ রিতা হলো ক্লাসের সবচেয়ে বুদ্ধিমতী বালিকা।

মজাটা হলো,
সেন্‌ঠেন্‌সের অর্থ বুঝতে
কোনো গ্রামার
লাগে না !

Comparative to Positive

1. Comparative : Mita is **wiser than** Dina.

বাক্যের অর্থ Mita হলো বুদ্ধিমতি Dina-র চেয়ে ।

Positive : Dina is **not so wise as** Mita.

বাক্যের অর্থ মিতার মতো বুদ্ধিমতী নয় দিনা।

2. Comparative : Zaed is **not more intelligent than** Asad.

বাক্যের অর্থ আসাদের চেয়ে বুদ্ধিমান না Zaed। → (ইন্‌ঠেলিয়েন্‌ট্‌)

Positive : Zaed is **as intelligent as** Asad.

বাক্যের অর্থ আসাদের মতোই বুদ্ধিমান Zaed।

Superlative-এ
One of the most,
the most,
the best
ইত্যাদি হয়।

Comparative → Positive → Superlative

1. Comparative : Foiz is more intelligent than **all other boys** in the class.

বাক্যের অর্থ Foiz ক্লাসের অন্য সব বালকদের চেয়ে বুদ্ধিমান।

Positive : **No other** boy in the class is **so intelligent as** Foiz.

বাক্যের অর্থ ক্লাসে অন্য কোন বালক নেই ফয়েজের মতো এত বুদ্ধিমান।

Superlative : Foiz is **the most intelligent** boy in the class.

বাক্যের অর্থ ফয়েজ ক্লাসের সবচেয়ে বুদ্ধিমান বালক।

Simple-কম্‌প্লেক্‌স-Compound

করতে করতে শিখবো ,

শিখতে শিখতে করবো !!

বুঝতে বুঝতে করবো ,

করতে করতে বুঝবো !!

এই chapter-য়ে উদাহরণ করতে করতেই আমরা শিখব

simple sentence,

compound sentence ও

complex sentence + Voice

কীভাবে এগুলো পরিবর্তন করতে হয় ।

Transformation তথা পরিবর্তন করার বিভিন্ন ব্যাপারও আমরা শিখব

উদাহরণ solve করতে করতে ।

উদাহরণের মাধ্যমে **Transformation** শেখার

যুগান্তকারী সহজ পদ্ধতিতে

ব্যাখ্যা করা হচ্ছে পরবর্তী পৃষ্ঠাগুলোতে ।

নিচের ব্যাখ্যা মন দিয়ে পড়তে থাকো

1. Although I hate gathering, I enjoy activities of the flood of masses this day.

(উপরের complex বাক্যকে compound বাক্য বানাতে হবে।)

তুলনাহীন সমাধান

শব্দের অর্থ

hate (হেইট্) = ঘৃণা করা ।
activities = কাজকর্মগুলো ।
mass = সাধারণ জনগণ ।
flood = ঢল বা বন্যা ।
gathering = জনসমাবেশ।
(গ্যা-দারিং)

জনতার ঢল

শব্দগুচ্ছ

of the flood = বন্যার / ঢলের।
কিসের *flood* ? **উত্তর:** *of masses* = জনগণের।
flood of masses = জনস্রোত বা মানুষের ঢল।

বাক্যটির প্রথম অংশ (P) *Although I hate gathering* (যদিও আমি ঘৃণা করি জনসমাবেশ)

এটি কোন পূর্ণাঙ্গ বাক্য নয়। কেননা, "যদিও আমি ঘৃনা করি" বললে কথাটা শেষ হয় না। তাই এই ধরণের বাক্যকে গ্রামারের ভাষায় বলে dependent (নির্ভরশীল) বা অধীন বাক্য। **'যদিও'** শব্দটিকে বাদ দিলে উপরের *I hate gathering* কথাটি একটি পূর্ণাঙ্গ বা simple sentence হয়ে যাবে।

বাক্যের দ্বিতীয় অংশ (Q) *I* *enjoy* *activities* *of the flood of masses* *this day*.

আক্ষরিক অর্থ আমি উপভোগ করি কর্মকান্ড উপচে পড়া মানুষের এই দিনে।

সাবলিল বাংলা আমি এই দিনে উপচে পড়া মানুষের কর্মকাণ্ড উপভোগ করি।

(Q) চিহ্নিত বাক্যটি একটি পূর্ণাঙ্গ বাক্য। কেননা, *I enjoy activities of ..... this day* বললে আর কোনো কিছু না বললেও কথা শেষ হয়ে যায়। তাই, (Q) একটি simple sentence।

(P) এবং **(Q)**-তে দুইটা ঘটনা আছে :

(P)-এর ঘটনা : ঘৃণা করা।

(Q)-এর ঘটনা : উপভোগ করা।

এমন বড় বড় sentence বলতে, বুঝতে, পড়তে ও লিখতে শিখতে পারবে এই চ্যাপটার থেকে।

" তুমি শান্তি পাবে নিচের ব্যাখ্যা মন দিয়ে পড়লে "

"ঘৃণা করা" এবং **" উপভোগ করা "** হলো দুটো বিপরীত ঘটনা।

এই বিপরীত ঘটনা দুটিকে একই বাক্যের মাধ্যমে প্রকাশ করার জন্য কোন্ বাংলা শব্দ সঠিক হবে?

হ্যাঁ, **'কিন্তু'**! অতএব P এবং Q-কে যোগ করে লেখা যায় ঃ

আমি ঘৃণা করি জনসমাবেশ, কিন্তু আমি উপভোগ করি উপচে পড়া মানুষের কাজকর্ম এই দিনে।

সম্পূর্ণ বাক্য — সম্পূর্ণ বাক্য

উত্তর

(R) *I hate gathering,* ***but*** *I enjoy activities of the flood of masses this day.*

Simple বাক্য — Simple বাক্য বা স্বাধীন বাক্য

দুটো পূর্ণাঙ্গ বাক্যকে '*but*' দিয়ে যোগ করাতে (R) বাক্যটি হলো compound sentence। এইভাবেই, প্রশ্নে প্রদত্ত complex বাক্যকে compound বাক্য বানানো হলো।

উপরের বাক্যটির Simple রূপ

জনসমাবেশের প্রতি আমার ঘৃণা সত্ত্বেও, আমি উপভোগ করি উপচে পড়া মানুষের কর্মকাণ্ড এই দিনে।

(S) ***In spite of*** *my hatred of gathering, I enjoy activities of the flood of masses this day.*

১ম অংশ — দ্বিতীয় অংশ

উপরের বাক্য কেন simple, একটু বুঝা যাক। উপরের বাক্যের [,] (কমা)-এর পরের অংশ তথা দ্বিতীয় অংশ হলো পূর্ণাঙ্গ বাক্য। আর, প্রথম অংশ কিন্তু কোনো বাক্য নয়। বরং প্রথম অংশ হলো শব্দগুচ্ছ তথা phrase। তার মানে, উপরের পুরোটি হলো একটি মাত্র পূর্ণাঙ্গ বাক্য। তাই (S) বাক্য হলো একটি simple বাক্য।

In spite of = Despite = Notwithstanding

(T) *Despite my hatred of gathering, I enjoy activities of the flood of masses this day.*

(W) *Notwithstanding* (সত্ত্বেও) *my hatred of gathering, I enjoy activities of the flood of masses this day.*

গত দুই পৃষ্ঠার simple ও কম্প্লেক্স্ বাক্যের Compound রূপ

I hate gathering, yet I enjoy activities of the flood of masses this day.

১ম পূর্ণাঙ্গ বাক্য — দ্বিতীয় পূর্ণাঙ্গ বাক্য

পরীক্ষায় না থাকলেও নিচের ব্যাখ্যা মন দিয়ে পড়ো

2. Although a healthy (হেল্থি - স্বাস্থ্যবান) man is an asset (অ্যাসেট্ = সম্পদ) to his family, an unhealthy (আন্-হেল্থি - স্বাস্থ্যহীন) man is a liability (লায়্যা-বিলিটি - দায় বা বুঝা). (Make it compound) = যদিও একজন স্বাস্থ্যবান মানুষ হলো একটা সম্পদ তার পরিবারের কাছে, একজন স্বাস্থ্যহীন মানুষ হল একটা বোঝা।

সমাধান

প্রশ্নের বাক্যটি একটি complex বাক্য। কিন্তু বাক্যটি কেন complex, তা আগে বোঝা যাক।

প্রশ্নের প্রথম অংশ *Although a healthy man is an asset to his family,*

(যদিও একজন স্বাস্থ্যবান মানুষ হল একটা সম্পদ তার পরিবারের কাছে)

এটি কোন স্বাধীন বাক্য নয়। কেননা, *Although* বা "যদিও" থাকাতে বক্তব্যটা শেষ হয় না। এ ধরণের বাক্যকে গ্রামারের ভাষায় বলে dependent sentence বা নির্ভরশীল বাক্য। "*Although*" বা "যদিও" বাদ দিলে এটি simple বাক্য হবে : *a healthy man is an asset to his family.*

দ্বিতীয় অংশ *an unhealthy man is a liability,* (একজন স্বাস্থ্যহীন মানুষ হল একটা বোঝা।)

দেখা যাচ্ছে অপূর্ণাঙ্গ প্রথম অংশ ও পূর্ণাঙ্গ দ্বিতীয় অংশ যোগ হয়ে তৈরি হয়েছে প্রশ্নের পুরো বাক্যটি।

∴ পুরোটা মিলে একটি complex বাক্য। এই complex বাক্যকে compound করতে হলে দু'টো স্বাধীন বাক্য লাগবে। এখন একটু মাথা খাটান্। প্রশ্নের দুই অংশের বিপরীত বক্তব্য দুটিকে একত্র করে একই বাক্যে লেখা যায়:

XYZ : একজন স্বাস্থ্যবান মানুষ হল একটা সম্পদ তার পরিবারের কাছে,

কিন্তু একজন স্বাস্থ্যহীন মানুষ হল একটা বোঝা।

'কিন্তু' -এর ইংরেজি হল ***but***। অতএব XYZ-কে ইংরেজি করলে হয়:

উত্তর → *A healthy man is an asset to his family,* ***but an unhealthy man is a liability.***

but দিয়ে দু'টো simple বাক্যকে যোগ করাতে (XYZ)-কে বলা হয় compound বাক্য।

এ ধরণের আরেকটি Complex বাক্য

Although a skilled man is an asset to society, an unskilled man is a burden.

এই বাক্যের Compound রূপ

A skilled man is an asset to society ***but*** *an unskilled man is a burden.*

3. When I reached there, my friend received me cordially. (Make compound)
(যখন আমি পৌঁছলাম সেখানে, আমার বন্ধু গ্রহণ করল আমাকে আন্তরিকভাবে।)

শব্দের অর্থ

reach (রিচ্) = পৌঁছানো। **cordially** (কর্-ডি-য়ালি) = আন্তরিকভাবে। **receive** (রি-সী-ভ্) = গ্রহণ করা।

সমাধান

বাক্যটির প্রথম অংশ (MN) : *When I reached there* (যখন আমি পৌঁছলাম সেখানে)

এটি পূর্ণাঙ্গ বাক্য নয়। কেননা, **“যখন”** বললে কথা শেষ হয় না। তাই MN হলো dependent clause বা নির্ভরশীল বাক্যাংশ। *when* বাদ দিলে *I reached there* একটি simple বা পূর্ণাঙ্গ বাক্য।

বাক্যটির দ্বিতীয় অংশ (PQ) : *my friend received me cordially.*
(আমার বন্ধু গ্রহণ করল আমাকে আন্তরিকভাবে।)

MN ও PQ-এ দুইটা ঘটনা আছে:

১-নং ঘটনা : কোনো স্থানে পৌঁছা।

২-নং ঘটনা : অভ্যর্থনা পাওয়া।

প্রতিটি বাংলা ব্যাখ্যা মন দিয়ে বুঝে বুঝে পড়ো !

এবার এই ঘটনা দুটিকে একই বাক্যে এমনভাবে লিখতে হবে যাতে একটি compound বাক্য পাওয়া যায়। আর আমরা জানি, compound বাক্য হলো দুটো পূর্ণাঙ্গ বাক্যের সমষ্টি। ∴ *when*-কে বাদ দিয়ে দুটি বাক্যের মাঝে **‘এবং’** বসালে হয় :

আমি পৌঁছলাম সেখানে **এবং** আমার বন্ধু গ্রহণ করল আমাকে আন্তরিকভাবে।

উপরের বাক্যকে ইংরেজি করলে হয়

উত্তর: (C) *I reached there* ***and*** *my friend received me* ***cordially***.

পূর্ণাঙ্গ বাক্য compound বাক্য পূর্ণাঙ্গ বাক্য

and দিয়ে দুটো পূর্ণাঙ্গ বাক্যকে যোগ করা হলো। তাই (C) হলো compound sentence।

একই রকম complex বাক্য: When the telephone rang, my friend called me loudly.

বাক্যের অর্থ: যখন টেলিফোনটি বাজলো, আমার বন্ধু ডাকলো আমাকে জোরে।

অপূর্ণাঙ্গ কথা পূর্ণাঙ্গ কথা

Compound বাক্য: *The telephone rang* ***and*** *my friend called me loudly.*

সিলেবাসে না থাকলেও নিচের ব্যাখ্যাটা পড়ো

4. Water vehicles pollute rivers by dumping oil, food waste, and human waste into them.
(জলযান দূষিত করে নদীগুলোকে ফেলার মাধ্যমে তৈল, খাদ্য বর্জ্য এবং মানব বর্জ্য নদীতে।)

সাবলীল অর্থ

জলযানগুলো নদীতে তেল, খাদ্যের উচ্ছিষ্ট ও মানব বর্জ্য (= প্রস্রাব-পায়খানা) ফেলার মাধ্যমে নদীগুলোকে দূষিত করে।

শব্দের অর্থ

vehicle (ভেহিক্‌ল্) = গাড়ি ; যানবাহন। **pollute** (পলিউট্) = দূষিত করা।
dump (ডাম্প) = (ময়লা / আবর্জনা) ফেলে দেয়া।
waste (ওয়েইস্ট্) = উচ্ছিষ্ট ; বর্জ্য।
them = তারা = ওগুলো = নদীগুলো।

অর্থ দিয়ে সমাধান

এই বাক্যে দুইটা ঘটনা ঘটল। ঘটনা দু'টিকে আলাদা simple বাক্যে লেখা যাক:

১-নং ঘটনা *Water vehicles pollute rivers* (নৌযান দূষিত করে নদীগুলোকে)

২-নং ঘটনা *Water vehicles dump oil, food waste* ***and*** *human waste into rivers.*
(নৌযান ছুড়ে ফেলে তৈল, খাদ্য বর্জ্য এবং মানব বর্জ্য নদীতে।)

২-নং ঘটনার কারণে ১নং ঘটনাটা তথা 'পানি দূষিত হওয়া' ঘটছে।

কারণটা হল - "*waste* ছুড়ে মারে পানিতে" আর ফলাফলটা হল - "নদীর পানি *pollute* হয়"।

তাহলে উপরের simple বাক্য দুটিকে একত্র করে compound বাক্য করা যাক :

(Q) নৌযান তৈল, খাদ্য বর্জ্য এবং মানব বর্জ্য নদীতে ফেলে **এবং এভাবে** নদীকে দূষিত করে।

'এবং এভাবে'-এর ইংরেজি হল: ***and thus***।

Q বাক্যের ইংরেজি

Water vehicles dump oil, food waste, and human waste into rivers and thus they pollute rivers.

5. Men pollute water by throwing waste into it. (Make it compound)

সিরিআল অর্থ মানুষ দূষিত করে পানি আবর্জনা ছুড়ে ফেলে পানিতে।

শব্দের অর্থ

pollute (প-লিউট্) = দূষিত করা। **throw** (থ্রোউ্) = ছুড়ে মারা।

by throwing waste = বর্জ্য ছুড়ে মারার দ্বারা = ময়লা ফেলার মাধ্যমে ।

it (ইট্) = ইহা = water । **into it** = এটাতে।

অর্থ বুঝে সমাধান

প্রশ্নের বাক্যটি মন দিয়ে বুঝে বুঝে পড়া যাক।

এই বাক্যে দুইটা ঘটনা ঘটল:

১-নং ঘটনা : মানুষ দূষিত করে পানি (*Men pollute water*)।

২-নং ঘটনা : মানুষ পানিতে আবর্জনা ছুড়ে মারে (*Men throw waste into water*)।

চিত্র: নদীতে যত্রতত্রভাবে ময়লা ফেলা

এখন, চিন্তা করুন তো, এ দু'টো ঘটনার মধ্যে কোন্‌টি আগে এবং কোন্‌টি পরে ঘটছে, অথবা, কোন্ ঘটনাটি কারণ, ও কোনটি ফলাফল। .... হ্যাঁ, ২-নং ঘটনার কারণে ১-নং ঘটনাটা তথা 'পানি দূষিত হওয়া' ঘটছে। অতএব compound বাক্য বানানোর সময় প্রথমে কারণটা লিখা যাক এবং পরে ফলাফল। তার মানে,

Men throw waste into water ***and thus*** *they pollute it.*

এটি একটি compound বাক্য এবং এটিই উত্তর। উপরের **and thus** (এবং এইভাবে) আনা হলো 'কারণ' এবং 'ফলাফল'-কে যোগ করার জন্য।

উপরের প্রশ্নের বাক্যটির complex রূপ

(১) Men pollute water when they throw waste into it.

অথবা

(২) When men throw waste into water, they pollute it.

6. But I know the place where he was born. (Make it Simple)

বাক্যের অর্থ কিন্তু আমি চিনি জায়গাটি যেখানে সে জন্মেছিল।

সমাধান

এটি একটি complex বাক্য।

কেননা: **But I know** হলো একটি স্বাধীন বা পূর্ণাঙ্গ বাক্য।

এর পরে আছে : ***where he was born.***

এটি একটি অপূর্ণাঙ্গ বাক্য। **কিন্তু কেন বলোতো** ? যদি ইংরেজিতে বলা হতোঃ

ভিন্ন কিছু !

where was he born? (কোথায় সে জম্মেছিলো ?)

তাহলে এটি একটি প্রশ্নবোধক পূর্ণাঙ্গ বাক্য হতো। অতএব প্রশ্নে প্রদত্ত

But I know the place — সম্পূর্ণ বাক্য
where he was born. — অসম্পূর্ণ বাক্য

এই পুরো বাক্যটি একটি complex বাক্য। এটিকে simple বাক্যে পরিণত করতে এটির অসম্পূর্ণ বাক্যের বক্তব্য বা তথ্যকে কোনো **verb ছাড়াই** প্রকাশ করতে হবে। তার মানে,

“কোথায় সে জম্মেছিলো” কথাটি থেকে **"জম্মেছিলো"** শব্দটিকে বাদ দিয়ে এমনভাবে বলতে হবে যাতে,

“কোথায় সে জম্মেছিলো” কথাটি বা তথ্যটি প্রকাশ পায়।

“কোথায় সে জম্মেছিলো” কথাটিকে বাংলা ভাষায় আরেকভাবে বলা যায়

“তার জম্মের স্থান”। এটির ইংরেজি হলো :

the place of his birth ← এই ইংরেজি শব্দগুচ্ছের মধ্যে কোন verb নেই

উপরের বাক্যটির simple রূপ হবে

উত্তর
But I know the place of his birth.
But I know his birthplace.

(কিন্তু আমি জানি তার জন্মস্থান।)

too xyz ... to pqr (এত *xyz* .... যে *pqr* করা যায় না)

1.	too	expensive	to	buy	- এত দামি	যে কেনা	যায় না।
2.	too	obscure (অবস্‌কিওর্)	to	**perceive** (পার্‌সীভ্)	- এত অস্পষ্ট	যে বুঝা	যায় না।
3.	too	cold	to	go out	- এত ঠান্ডা	যে বের হওয়া	যায় না।
4.	too	steep	to	climb up	- এত খাড়া	যে বেয়ে উঠা	যায় না।
5.	too	difficult	to	explain (য়েক্স-প্লেইন্)	- এত কঠিন	যে ব্যাখ্যা করা	যায় না।
6.	too	hot	to	touch	- এত গরম	যে স্পর্শ করা	যায় না।
7.	too	bad	to	imagine (ইম্যা-জিন)	- এত খারাপ	যে কল্পনা করা	যায় না।
8.	too	old	to	repair	- এত পুরাতন	যে মেরামত করা	যায় না।
9.	too	serious	to	control	- এত চরম	যে নিয়ন্ত্রণ করা	যায় না।
10.	too	pathetic (প্যাথেটিখ্)	to	express (য়েক্সপ্রেস্)	- এত করুণ	যে প্রকাশ করা	যায় না।

নিচের বাক্যগুলো জোরে জোরে পড়ো

11. Complex : He is so weak that he cannot walk.

বাক্যের অর্থ সে এতো দুর্বল যে সে হাঁটতে পারে না।

Simple : He is **too** weak **to** walk.

12. Complex : *The bag is so heavy that* ***it*** *cannot be carried.*

বাক্যের অর্থ ব্যাগটা এত ভারী যে এটা বহন করা যায় না।

Simple : The bag is too **heavy** to carry.

13. Simple: **In spite of** his poverty, he was honest. (Make it complex)

পভার্টি : দারিদ্র্য

বাক্যের অর্থ   তার দারিদ্র্য সত্ত্বেও,   সে ছিলো সৎ।

সমাধান

উপরের বাক্যটিকে complex বানাতে হলে

“*In spite of his poverty*” বা “তার দরিদ্রতা সত্ত্বেও,”

কথাটিকে subject ও verb দিয়ে প্রকাশ করতে হবে।

“ তার দারিদ্র সত্ত্বেও ” এই শব্দগুচ্ছে subject + verb নেই।

এখন চিন্তা করো ! ....

হ্যাঁ, “তার দরিদ্রতা সত্ত্বেও” কথাটির বদলে বলা যায় “যদিও সে দরিদ্র”

যার ইংরেজি হলো: ***Though** he was poor*।

তুমি আরো দক্ষভাবে লেটার, প্যারাগ্রাফ লিখতে পারবে এই পৃষ্ঠাগুলো পড়লে

প্রশ্নে প্রদত্ত বাক্যের complex রূপ হবে

উত্তর   *Though he was poor, he was honest.*

অপূর্ণাঙ্গ বাক্য   পূর্ণাঙ্গ বাক্য.

বাক্যের অর্থ   যদিও সে ছিল দরিদ্র,   সে ছিল সৎ।

এটি একটি complex বাক্য, কারণ
এতে একটি অপূর্ণাঙ্গ এবং একটি পূর্ণাঙ্গ বাক্য রয়েছে।

উপরের বাক্যটির **complex** রূপ

(১) ***Though** he was poor, he was honest.*

অথবা

(২) *He was honest **though** he was poor.*

14. They fade soon and lose their beauty. (Make simple)

শব্দের অর্থ **fade** (ফেইড্) = রং মলিন (ফ্যাকাশে) হয়ে যাওয়া। **soon** = শীঘ্রই।
lose (লুউয্) = (কোন কিছু) হাতছাড়া হওয়া ; হারানো।

লুয্ = হারিয়ে ফেলা

সমাধান

প্রশ্নের বাক্যে দু'টি স্বাধীন বা simple বাক্য :

(১) *They fade soon.* (প্রথম স্বাধীন বাক্য)
(২) *They lose their beauty.* (২য় স্বাধীন বাক্য)

দুটি simple বাক্য ***and*** দ্বারা যুক্ত হয়েছে। প্রশ্নে প্রদত্ত বাক্যটি একটি compound বাক্য, যার **বাংলা অর্থ :** তারা ফ্যাকাশে হয়ে যায় দ্রুত এবং তাদের সৌন্দর্য হারায়।

এই বক্তব্যটিকে তথা বাক্যটিকে একটি simple বাক্যে পরিণত করতে হবে। প্রশ্নে প্রদত্ত বাক্যে একটি ঘটনা ঘটছে 'আগে' এবং আরেকটি 'পরে'।

(১) দ্রুত ফ্যাকাশে হয়ে যাওয়াতে (আগের ঘটনা)।

(২) তারা তাদের সৌন্দর্য হারায় (পরের ঘটনা)।

∴ উপরের এই compound বাক্যকে ***and*** উঠিয়ে লেখা যায়:

"দ্রুত মলিন হয়ে তারা তাদের সৌন্দর্য হারায়"।

যার ইংরেজি হলো:

উত্তর → **Fading soon, they lose their beauty.**

বাক্যের অর্থ দ্রুত মলিন হয়ে তারা তাদের সৌন্দর্য হারায়। এটি একটি simple বাক্য, কারণ এটি একটি মাত্র পূর্ণাঙ্গ বাক্য এবং **fading soon** হলো শব্দগুচ্ছ।

এর complex রূপ হবে

(১) When they fade soon, they lose their beauty.

অথবা (লুয্)

(২) As soon as they fade, they lose their beauty.

বাক্যের অর্থ মলিন হওয়া মাত্র তারা হারায় তাদের সৌন্দর্য।

15. Complex : **Unless** you work hard , you will not pass the exam.

বাক্যের অর্থ যদি না তুমি কঠোর পরিশ্রম করো , তুমি পাস করবে না পরীক্ষায়।

Simple : **Without working hard** , you will not pass the exam.

বাক্যের অর্থ কঠোর পরিশ্রম ছাড়া তুমি পরীক্ষায় পাস করবে না।

(য়েন্‌রিচ্ = রিচ করা = সমৃদ্ধ করা)

16. Complex : **If we read books** , we can enrich our mind. **(Simple)**

বাক্যের অর্থ যদি আমরা বই পড়ি , আমরা আমাদের মনকে সমৃদ্ধ করতে পারি।

Simple **By reading books** , we can enrich our mind.

বাক্যের অর্থ বই পড়ার দ্বারা আমরা আমাদের মন সমৃদ্ধ করতে পারি।

অথবা,

Reading books , we can enrich our mind.

Compound We read books , **and thus** we can enrich our mind.

(আমরা বই পড়ি **এবং এভাবে** আমরা আমাদের মন সমৃদ্ধ করতে পারি ।)

কমপক্ষে একবার হলেও
sentence-গুলো দেখে দেখে লিখো।

17. Complex : **If you are honest**, you will always be trusted. **(Make compound)**

Compound বাক্য You are honest, and therefore you will always be trusted.

Simple ❶ **Being honest** , you will always be trusted.

(সৎ হওয়াতে তোমাকে সর্বদাই বিশ্বাস করা হবে।)

❷ **By virtue of honesty** , you will always be trusted (ট্রাস্‌টেড্‌).

(সততার গুণে তুমি সবসময়ই হবে বিশ্বাসযোগ্য।)

এটা একটা **phrase** বা শব্দগুচ্ছ

18. As demand for flowers is increasing day by day, we should cultivate flowers on commercial basis. (Make Compound)

অ্যায্‌ - যেহেতু

বাণিজ্যিক

কাল্‌ঠি-ভেই্‌ট করা

বিস্তারিত সমাধান

"*As demand for flowers is increasing day by day*" কোন স্বাধীন বাক্য নয়। কেননা, "যেহেতু ফুলের চাহিদা দিন দিন বাড়ছে" বললে কথাটা শেষ হয় না। তাই এ ধরণের বাক্যকে গ্রামারের ভাষায় বলে dependent বাক্য বা নির্ভরশীল clause (ক্লঅ্য্‌)। এটাকে স্বাধীন বাক্য বানাতে 'যেহেতু' বা *As* বাদ দিতে হবে:

বাক্যটির দ্বিতীয় অংশ *we should cultivate flowers on commercial basis.*

(আমাদের চাষ করা উচিত ফুল বাণিজ্যকভাবে।)

প্রশ্নের লম্বা বাক্যটি একটি complex বাক্য।
কেননা, প্রথমে আছে (*As .... day*) অসম্পূর্ণ বাক্য ও
পরে আছে (*we.......basis*) পূর্ণাঙ্গ বাক্য।
এই দুইটি মিলে হয় COMPLEX বাক্য।

তাহলে এই বাক্যে দুইটা ঘটনা আছে:

১নং ঘটনা : ফুলের চাহিদা বাড়ছে।

২নং ঘটনা : চাষ করা উচিত বাণিজ্যিকভাবে।

চিত্র : ফুল চাষ

১-নং ঘটনার কারণে ২-নং ঘটনা ঘটছে। এই ঘটনা দুটিকে একত্র করে একই বাক্যে লেখা যায় : ফুলের চাহিদা দিন দিন বাড়ছে **এবং এই কারণেই** বাণিজ্যিকভাবে আমাদের ফুল চাষ করা উচিত।

এবং এই কারণেই-এর ইংরেজি হল : ***and therefore*** (দেয়ার্‌ফৌর্‌ = সেজন্য)।

উপরের বাক্যের ইংরেজি এবং প্রশ্নের উত্তর

Demand for flowers is increasing day by day ***and, therefore*** *we should cultivate flowers on commercial basis.*

এই **and therefore** দিয়ে দুটো স্বাধীন বাক্যকে যোগ করা হলো।

এজন্যই এই বাক্যকে নাম দেয়া হয়েছে **compound sentence**।

19. E-mail is a computer-based messaging system. (Make complex)

সমাধান

উপরের বাক্যটিকে complex বাক্য বানানো যাক।

a computer-based messaging system

[একটি কম্পিউটার-ভিত্তিক মেসেজিং সিস্টেম]

এই বক্তব্যে subject + verb নেই।

এটিকে complex বানাতে হলে “একটি কম্পিউটার ভিত্তিক মেসেজিং সিস্টেম” কথাটিকে subject ও verb দিয়ে প্রকাশ করতে হবে। এখন একটু চিন্তা করুন! ....

হ্যাঁ, এই “কম্পিউটার ভিত্তিক মেসেজিং সিস্টেম” কথাটিকে ঘুরিয়ে বলা যায়, “একটি *messaging* সিস্টেম বা পদ্ধতি যেটা হলো কম্পিউটার ভিত্তিক বা কেন্দ্রিক।”

যার ইংরেজি হলো: *a messaging system* ***which is*** *computer-based*

∴ উপরের বাক্যটির complex রূপ হবে

E-mail is a messaging system *which is* computer-based. (Ans.)

এই বাক্যটির compound রূপ

পূর্ণাঙ্গ বাক্য

Email is a messaging system, **and it** is computer-based.

(E-mail হল তথ্য আদান-প্রদানের একটি সিস্টেম, **এবং এটি** হল কম্পিউটার ভিত্তিক)

একই ধরনের বাক্য

Simple	S@ifur's is an English-based educational firm.
Complex	S@ifur's is an educational firm **which is** English-based.
Compound	S@ifur's is an educational firm, **and it is** English-based.

20. People who live in the villages are farmers. (Make it Simple)

who → যারা

সমাধান

উপরের বাক্যটি কেন complex, সেটা আগে বোঝা যাক। এই বাক্যে দুটো বক্তব্য আছে :

(1) *People are farmers.* (স্বাধীন বা প্রধান বাক্য)
(2) *who live in the villages.* (যারা বাস করে গ্রামে)

দ্বিতীয় বক্তব্যটি অপূর্ণাঙ্গ বাক্য হওয়াতে প্রশ্নের পুরো বাক্যটা একটি complex বাক্য।

তার মানে, পুরো বাংলা হল :

(খ) মানুষ যারা বসবাস করে গ্রামে তারা হলেন কৃষক।

এখন উপরের এই বাংলা কথাটিকে simple বাক্যে পরিণত করতে হবে। আর simple বাক্য মানে হলো এখানে একটি মাত্র verb থাকবে। অতএব উপরের (খ) বাক্যটিকে কীভাবে ঘুরিয়ে বলা যায় একটু চিন্তা করো তো ? হ্যাঁ উত্তর হলো “ গ্রামের মানুষরা হলেন কৃষক ” এখন, এই বাংলা বাক্যটিকে ইংরেজি করা যাক -

Village people are farmers. (এটিই উত্তর)

∴ এটিই হল প্রশ্নের বাক্যের simple রূপ।

simple বাক্য মানে হলো মাত্র একটা মূল verb থাকবে বাক্যে।

নিচের মতো করেও simple করা যায়

People ***living*** in the villages ***are*** farmers.

বাক্যের অর্থ গ্রামে বসবাসরত লোকেরা হল কৃষক।

Compound People live in the villages ***and they*** are farmers.

(কম্পাউন্ড্ বাক্যে দুটো মূল **verb**)

[বলা হয়ে থাকে] (মাই-গ্রেই-ঠোরী)

21. The bird**s** **that** come to our country in winter **are called** migratory birds. **(Make Simple)**

(যেগুলো = পাখিগুলো)

[শীতের আগে যেসব পাখি এক জায়গা থেকে অন্য জায়গায় যায়।]

সমাধান

উপরের বাক্যটি কেন complex, সেটা আগে বোঝা যাক। এই বাক্যে দুটো বক্তব্য আছে;

(1) *The birds are called migratory birds.* (পুরো স্বাধীন বাক্য)
(2) *that come to our country in winter.* (অসমাপ্ত বক্তব্য)

২ নম্বরের অর্থ হলো "যেগুলো শীতকালে আমাদের দেশে আসে"। এই অধীন বাক্য বা dependent clause থাকাতেই প্রশ্নের পুরো বাক্যটি একটি complex বাক্য। এটিকে simple করতে হলে এটার ভিতরের dependent clause-কে তথা অসমাপ্ত কথাকে পরিণত করতে হবে phrase-এ। এর জন্য তিনটি উপায়:

(**1**) subject ***that*** উঠাতে হবে।
(**2**) verb ***come*** বদলাতে হবে।
(**3**) দুটোকেই বাদ দিতে হবে।

"that come to our country in winter".

অর্থ "যেগুলো শীতকালে আমাদের দেশে আসে"।

এই বক্তব্যকে অন্যভাবে বলা যায়:

শীতকালে আমাদের দেশে আসা।

যার ইংরেজি হলো:

coming to our country in winter.

চিত্র: migratory birds

∴ উপরের বাক্যের simple রূপ

The birds coming to our country in winter are called migratory birds.

এর compound রূপ

*The birds come to our country in winter **and they** are called migratory birds.*

উপরের sentence-গুলো দেখে দেখে একবার লিখো

Complex থেকে Simple করার আরো উদাহরণ

22. Complex : When the sun had set, we stopped our playing.
Simple : The sun having set, we stopped our playing.

23. খম্প্লেক্স্ : Since he was weak, he couldn't work hard.
Simple : Because of his weakness, he couldn't work hard.

24. Complex : If you don't work hard, you won't succeed in life.
Simple : Without working hard, you won't succeed in life.

25. Complex : If you work hard, you will succeed in life.
Simple : By working hard, you will succeed in life.

26. Complex : Unless you work hard, you won't pass the exam.
Simple : Without working hard, you won't pass the exam.

27. Complex : When the thief saw the police, he ran away.
Simple : Seeing the police, the thief ran away.

28. Complex : Since the weather was very bad, we didn't go outside.
Simple : The weather being very bad, we didn't go outside.

29. Complex : The sum which was done by the teacher was very hard.
Simple : The sum done by the teacher was very hard.

30. Complex : Sakib is a boy who is very intelligent.
Simple : Sakib is a very intelligent (ইন্-ঠেলি-জেন্ট) boy.

31. Complex : The answer that he wrote was not correct.
সিম্পেল্ : His answer was not correct.

মুখস্থ না করে বুঝে বুঝে পড়ো !

32. Complex : A lady who carried a white umbrella was standing there.
Simple : A lady with a white umbrella was standing there.

33. Complex : He was so tired that he couldn't move.
Simple : He was too tired to move.

(রিচেস্ = সম্পদ)

34. Complex : Although the man has vast riches, he wants more.
Simple : In spite of having vast riches, the man wants more.

35. Complex : That he is honest is known to all.
Simple : His honesty is known to all.

36. Complex : When the boy was climbing a tree, he fell down.
Simple : At the time of his climbing a tree, the boy fell down.

37. Complex : He woke up when it was day light.
Simple : At day light, he woke up.

ধৈর্য ধরে পড়ো এই page-টা !

খেয়াল করো:
Complex বাক্যে **Though**, **who**, **while**, **that**, **when**, **If**, **Since**, **Unless** ইত্যাদি থাকে এবং বাক্যে দুটি অংশ থাকে।

Simple বাক্য থেকে Complex-এ রূপান্তর

38. Simple : In spite of his poverty (পভার্টি = দারিদ্র্য), he is honest.

Complex : Though he is poor, he is honest.

39. Simple : I saw a bird flying in the sky.

Complex : I saw a bird which was flying in the sky.

40. Simple : The man is too weak to walk.

Complex : The man is so weak that he cannot walk.

এই বাক্যে মাত্র একটাই verb

41. Simple : I went there to see my friend.

Complex : I went there so that I could see my friend.

42. Simple : Going home, I found my mother asleep.

Complex : When I went home, I found my mother asleep.

দুটো করে verb এই বাক্যে

43. Simple : Having done the work, he went away.

Complex : When he had done the work, he went away.

44. Simple : **Because of my illness**, I could not attend the meeting.

Complex : **Since I was ill**, I **could not attend** the meeting.

45. Simple : I don't know **his father's name**.

Complex : I don't know **what his father's name is**.

46. Simple : I am **sure of passing** the examination.

Complex : I am sure **that I will pass** the examination.

তোমার রাইটিং দক্ষতা বাড়াচ্ছে এই ব্যাখ্যাগুলো

Simple sentence থেকে Compound বাক্যে transform

47. Simple : He was too late to catch the train.

Compound : He was very late and so he could not catch the train.

এটা একটা শব্দগুচ্ছ বা phrase

48. Simple : **Hearing a noise**, he woke up.

Compound : He heard a noise and so he woke up.

49. Simple : Being honest, he could not tell a lie.

Compound : He was honest and so he could not tell a lie.

50. Simple : **Having eaten rice**, I went to bed.

Compound : I had eaten rice and went to bed.

এটা একটা শব্দগুচ্ছ বা phrase

51. Simple : The sun having set, we started for home.
Compound : The sun had set, hence we started for home.

52. Simple : He went to market in order to buy a book.
Compound : He went to market and bought a book.

53. Simple : Because of his being ill, he cannot move.
Compound : He is ill so he cannot move (মুভ্)

54. Simple : Because of my illness, I could not attend school.
Compound : I was ill so I could not attend school.

55. Simple : In spite of his being poor, he is happy.
Compound : He is poor yet he is happy.

56. Simple : To avoid (এড়াতে) punishment, you must do your homework.
Compound : Either you do your homework, or you will be punished.

এগুলি শব্দগুচ্ছ বা phrase কারণ এখানে কোনো subject নেই।

Compound থেকে simple বাক্যে পরিবর্তন

57. Compound : **I closed** the door and went to work.
Simple : **Closing** the door, I went to work.

58. Compound : **Work hard** or you will not prosper in life.
Simple : **Without working hard**, you will not prosper in life.

59. Compound : **He had much experience**, so he got the job.
Simple : **Because of his having much** experience, he got the job.
(তার অনেক অভিজ্ঞতা থাকার কারণে, সে চাকুরিটা পেলো।)

60. Compound : **He is weak** but he can speak loudly.
Simple : **In spite of his** weakness, he can speak loudly (লাউ-ড্-লী).

বাক্যের অর্থ বুঝাই হলো আসল ব্যাপার !

Compound থেকে Complex বাক্যে transformation

61. Compound : He was ill and he could not attend school. (ডিস্-পার্স্ = অদৃশ্য হওয়া).
Complex : As he was ill, he could not attend school.

62. Compound : The sun had risen and the fog dispersed.
Complex : As soon as the sun rose, the fog dispersed.
(সূর্য উঠামাত্র কুয়াশা কেটে গেলো।)

(যেটার জন্য)

63. My brother was honest, for which he was rewarded. (Make simple)

(পুরস্কৃত করা হয়েছিল)

তৃপ্তিকর সমাধান ও শান্তিময় ব্যাখ্যা

(1) My brother was honest (আমার ভাই ছিল সৎ)

(2) for which he was rewarded (যেটার জন্য সে পুরস্কৃত হয়েছিল)

দ্বিতীয় বক্তব্যটি অপূর্ণাঙ্গ বাক্য হওয়াতে প্রশ্নের পুরো বাক্যটা একটি complex বাক্য।

তার মানে, পুরো বাংলা হল: **(খ) আমার ভাই ছিল সৎ যেটার জন্য সে হয়েছিল পুরস্কৃত।**

এখন উপরের এই বাংলা কথাটিকে simple বাক্যে পরিণত করতে হবে।

আর simple বাক্য মানে হলো এখানে একটি মাত্র verb বা ক্রিয়াপদ থাকবে।

অতএব উপরের (খ) বাক্যটিকে কিভাবে ঘুরিয়ে বলা যায়

একটু চিন্তা করো তো ?

হ্যাঁ উত্তর হলো- **আমার ভাই পুরস্কৃত হয়েছিল তার সততার জন্য।**

এখন, এই বাংলা বাক্যটিকে ভেঙে ভেঙে ইংরেজি করা যাক।

প্রথমেই মূল verb-টিকে ইংরেজি করুন।

পুরস্কৃত হয়েছিল = *was rewarded* ; কে পুরস্কৃত হয়েছিল?

উত্তর - My brother।

আর, কীসের জন্য পুরস্কৃত হয়েছিল ?

উত্তর - তার সততার জন্য; এটার English হল - *for his honesty.*

∴ উপরের বাক্যের simple রূপ হবে

My brother was rewarded for his honesty.

অনলাইনে ভিডিও লেকচারের চেয়ে এই বই থেকে অনেক বেশি শিখতে পারবে। এটা গীবত নয়, বরং বাস্তবতা।

প্রথমে নিজে চেষ্টা করো; না পারলে মন খারাপ করিয়ো না

Exercise : Transformation

বইয়ের শেষে Answer অধ্যায়ে উত্তর দেয়া আছে।

01. Change the following sentences as directed in the brackets:
(a) Acid throwing is a very heinous act. (Exclamatory) (b) Everyone hates it. (Interrogative) (c) It is not a human act. (Affirmative) (d) The acid throwers should be punished. (Active) (e) We must become aware of it. (Negative)

02. (a) Man is the best creation of God. (Comparative) (b) Isn't it our responsibility to do good deeds? (Assertive) (c) Our life is not measured by months or years. (Active) (d) Honest people lead a happy life. (Complex) (e) It matters little if a man lives many years or not. (Interrogative) (f) Nobody is absolutely happy on the earth. (Affirmative) (g) So, we should not waste time in vain. (Passive) (h) If we use time properly, we can be benefited. (Simple) (i) All men must die. (Negative) (j) Though we take utmost care, we cannot avoid death. (Compound)

03. You must have heard the name of Bayazid Bostami. (a) He was one of the greatest saints of Islam. (Positive) One night he was learning his lessons. (b) At that time his mother asked him for a glass of water. (Passive) (c) There was no drinking water in the house, so he went out to fetch it. (Complex) (d) When he came back, he found his mother sleeping. (Compound) Then he passed the whole night standing with a glass of water beside his mother. (e) He showed a great love and respect to his mother. (Exclamatory)

04. 'A rolling stone gathers no moss' The complex form of the sentence is– [৩৭তম বিসিএস]
A. Since a stone is rolling, it gathers no moss. B. Though a stone rolls, it gathers no moss.
C. A stone what rolls gathers no moss. D. A stone that rolls gathers no moss.

05. I know you. (Complex) [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব; **RU** ভর্তি]
A. I know what you are B. I know who you are
C. I know who are you D. I know what are you

06. Which of the following is a compound sentence? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট-A]
A. After he came here, he talked to him. B. He came here but I did not talk to him.
C. He stopped to talk to him. D. He could not but talk to him

07. The negative form of 'I must do it' is– [রাজশাহী বিশ্ববিদ্যালয় ইউনিট-E (জোড়) ভর্তি]
A. I must not do it B. I should not do it C. I cannot but do it D. I do not do it

08. Choose the best interrogative form of: 'Everyone hates acid-throwing.' [**DU, B unit** ভর্তি]
A. Do anyone like acid-throwing? B. Is there anyone who can hate acid-throwing?
C. Who does accept acid-throwing? D. Does any one like acid throwing?

09. Salman is one of the richest persons in the town. What does the sentence imply? [**DU, C**]
A. No other man is as rich as Salman in this town.
B. No one in this town is rich.
C. Very few persons in the town are as rich as Salman.
D. Salman is very rich but others are also rich.

মজার ব্যাপার হলো বাক্যের অর্থ বুঝলেই এটার সঠিক উত্তর বের করা সম্ভব !!

10. I saw him going to market. (Make it Compound) [১৪তম শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়)]
A. I saw him and he was going to market B. I saw him who was going to market
C. I saw him to go to market D. I go to market which he was

(এটার উত্তর বের করা যাবে যদি তুমি বাক্যের অর্থ বুঝো)

গ্রামার রুল শেখানোটা

যে কত হাস্যকর পর্যায়ে গিয়েছে,

সেটার একটি নমুনা প্রচলিত বই থেকে দেয়া হলো :

“Although” যুক্ত complex বাক্যকে

simple বাক্য বানানোর রুলঃ

Though / Although-এর পরিবর্তে *Inspite of* বসে +

সেই clause-এর subject-এর possessive form বসে +

সেই clause-এর *am / is / are / was*-এর পরিবর্তে *being* বসে বা

সেই clause-এর *has / have / had*-এর পরিবর্তে *having* বসে বা

সেই বাক্যের মূল Verb-এর

Present form-এর সাথে ***ing*** যোগ করতে হয় +

clause-এর বাকি অংশ বসে +

অপর **clause** বসে ।

Chapter-28 বাক্যের অর্থ বুঝে Preposition শিখবো

Pre (প্রি) অর্থ **পূর্বে**। ***position*** অর্থ **অবস্থান**।



বইটি টেবিলের উপর

Noun বা pronoun-এর পূর্বে preposition বসে, যেমন:

The book is **on** the table.

এই বাক্যে *on* হলো preposition, যেটা *table*-এর আগে বসেছে।

He sat **beside** me. { বিসাইড্ = পাশে }

এই বাক্যে *beside* হলো Preposition, যা pronoun *me*-এর আগে বসেছে।

আরো কিছু Preposition-এর উদাহরণ হলো:

at, in, to, into, across, over, with, through ইত্যাদি।

Preposition & Prepositional phrase

01. They went ***to*** ***Dhaka.*** { তারা ঢাকা গেছে। }

এই বাক্যে *to* হলো **Preposition**। *to* এবং *Dhaka* এই দু'টি শব্দ মিলে হলো **Prepositional phrase** (ফ্রেইয্)

02. We will be back **in a few days.** { আমরা ফিরবো কয়েক দিনের মধ্যে }

Prepositional phrase (ফ্রেইয্ = শব্দগুচ্ছ)

03. The tiger was killed **by the villagers.** { বাঘটি হত্যা করা হয়েছিলো গ্রামবাসীদের দ্বারা }

Prepositional phrase

04. The book *belongs* **to me.** { বইটি আমার }

05. I had an argument **with my cousin.** { চাচাত ভাইয়ের সাথে আমার মতবিরোধ **হয়েছিলো** }

Prepositional phrase

06. I feel sorry **for the man.** { আমি লোকটার জন্য দুঃখ অনুভব করছি }

✱ ∴ **Prepositional phrase** গঠিত হয় **preposition + noun** দিয়ে।

in মানে ভিতরে আর ***to*** মানে দিকে। **into** (ইনটু) = ভিতরের দিকে

বাক্য দিয়ে into শেখা যাক

(1) Abdul Karim jumped ***into*** the river. { আব্দুল করিম ঝাঁপ দিলো নদীতে। }

ঝাঁপ দেয়ার পরে সে যখন নদীতে, তখন বলা যায়:

Abdul Karim is **in** the river.



(2) Sozib poured coffee ***into*** the glass. { সজীব কফি ঢাললো গ্লাসটিতে। }

তার মানে, এভাবে তীর থেকে নদীতে *jump* দেয়া,

গ্লাসটির ভিতরে চিনি বা কিছু ঢালা ইত্যাদি বুঝাতে ***into*** হয়।

(3) Move the table ***into*** your room. { সরিয়ে নাও টেবিলটি তোমার রুমে। }

(4) Jerry jumped ***into*** the box. { জেরী লাফ দিলো বাক্সটির ভিতর। }

(5) They threw polybags ***into*** the drain. { তারা ছুঁড়ে ফেললো পলিব্যাগগুলো ড্রেনের ভিতর। }

(6) The teacher walked ***into*** the class.
{ শিক্ষক হেঁটে ক্লাসের ভিতর গেলেন }

ডিভাইড্ = ভাগ করা

(7) Once Greece was divided ***into*** many cities.
{ একদা গ্রিস অনেকগুলো শহরে বিভক্ত ছিলো }

বাক্যের অর্থ বুঝলে **preposition** সহজেই মনে থাকবে।



চিত্র: The paper ***went into*** the garbage can.
{ পেপারটা গেলো ময়লার ক্যানের ভিতর }



চিত্র : They are ***going into*** the room.
{ তারা রুমটির ভিতরে যাচ্ছে }

বাংলা শিখতে ব্যাকরণ লাগে না ,
ইংলিশ শিখতে রুল মুখস্থ লাগে না !

টেকনিক খুঁজিয়ো না।

বাক্যের অর্থ বুঝলে তুমি সহজেই মনে রাখতে পারবে !

under (আন্-ডার্) = নিচে

ফ্লোঔয্

01. The river flows ***under*** the bridge.
{ নদীটি প্রবাহিত হয় ব্রিজটির নিচ দিয়ে }

02. They boated ***under*** the bridge.
{ তারা নৌকা চালিয়ে গেলো ব্রিজের নিচ দিয়ে }

03. The ship is going ***under*** the bridge.
{ জাহাজটি যাচ্ছে ব্রিজটির নিচ দিয়ে }

04. They walked ***under*** the flyover.
{ তারা হেঁটে গেলো ফ্লাইওভারের নিচ দিয়ে }

05. The ball is going ***under*** the box. { বলটি যাচ্ছে বাক্সের নিচ দিয়ে। }





across (অ্যা-ক্রস্) = এক পাশ থেকে অপর পাশে

01. Nur is going ***across*** the bridge. { নুর যাচ্ছে ব্রিজের একপাশ থেকে অন্য পাশে }

02. They walked ***across*** the field. { তারা হেঁটে গেলো মাঠের একপাশ থেকে অন্য পাশে }

03. They boated (বোঔটেড্ - নৌকা চালিয়ে গিয়েছিলো) ***across*** the river.
{ তারা নৌকা চালিয়ে গেলো নদীটির এক পাশ থেকে অন্য পাশে }

04. Kamal was walking ***across*** the road.
{ কামাল হেঁটে যাচ্ছিলো রাস্তাটির একপাশ থেকে অন্য পাশে }

05. Nur is swimming ***across*** the river.
{ নুর নদীটির এক পাশ থেকে অন্য পাশে সাঁতার কেটে যাচ্ছে }

06. The cat is walking ***across*** the street. { বিড়ালটি রাস্তাটির একদিক থেকে অন্যদিকে হেঁটে যাচ্ছে }

07. Tom is going ***across*** the street. { টম রাস্তাটির এক পাশ থেকে অপর পাশে যাচ্ছে }

08. Nur ran ***across*** the road. { নুর দৌড়ে গেলো রাস্তাটির এক পাশ থেকে অন্য পাশে }

09. It is the first time I've flown ***across*** the Atlantic by plane.
{ এই প্রথম বার আমি উড়ে গেলাম আটলান্টিকের এপাড় থেকে ওপাড়ে প্লেনে }

10. Drivers drove ***across*** the desert. (ড্রোঔভ্ = চালিয়েছিলো)
{ চালকরা মরুভূমির এক পাশ থেকে অন্য পাশে গাড়ি চালিয়ে গেলো }

Rule দিয়ে নয়, এভাবে বাক্যের অর্থ বুঝে English শিখতে হয় !

along (অ্যালং) = বরাবর

(1) To get to their house, go ***along*** the road. { তাদের বাড়ি যেতে, যাও রাস্তা বরাবর। }
তার মানে, রাস্তা ধরে এগিয়ে যাও।

(2) I walked ***along*** the road. { আমি হেঁটে গেলাম রাস্তা বরাবর। }

(3) The ship is sailing ***along*** the coastline. { জাহাজটি চলছে সমুদ্রতীর বরাবর। }
তার মানে, সমুদ্রতীরের পাশ দিয়ে তীর ধরে এগিয়ে যাওয়া।

(4) The boat sailed ***along*** the river up to the sea. { নৌকাটি নদী বেয়ে সমুদ্র পর্যন্ত গেলো }

past (পাস্ট্) = পাশ দিয়ে অতিক্রম করা



(1) Nur walked ***past*** the igloo (ইগ্লু = বরফের তৈরি ঘর)
অর্থ নুর হেঁটে গেলো ইগলুর পাশ দিয়ে।

(2) Nur is walking ***past*** the building.
অর্থ নুর হেঁটে যাচ্ছে ভবনটির পাশ দিয়ে।

(3) I dashed ***past*** him and went out of the door.
{ আমি দ্রুত তার পাশ দিয়ে গেলাম এবং দরজার বাইরে গেলাম। }

(4) The ball is going ***past*** the box.
{ বলটি যাচ্ছে বাক্সটির পাশ দিয়ে। }

চলো, বাক্যের অর্থ বুঝে শেখা যাক।



(5) Anas hurried ***past*** them without stopping.
{ আনাস দ্রুত চলে গেলো তাদের পাশ দিয়ে না থেমে। }

(6) They took a walk ***past*** the park.
{ তারা একটা হাঁটা দিয়েছিলো পার্কটির পাশ দিয়ে। }

(7) Mithu ***drove*** his car ***past*** the mountains.
{ মিঠু পর্বতের পাশ দিয়ে গাড়ি চালিয়ে গেলো। }

(8) If you go ***past*** the store, could you please bring some tomatoes for me?
{ যদি তুমি যাও দোকানের পাশ দিয়ে, তুমি কি দয়া করে আমার জন্য কিছু টমেটো আনতে পারবে? }

up (আপ্) = উপরের দিকে



(1) Nur is walking ***up*** the stairs.
{ নুর উপরে হেঁটে যাচ্ছে সিঁড়ি বেয়ে }

(2) They are climbing ***up*** Mount Everest.
{ তারা এভারেস্ট পর্বত বেয়ে উপরে উঠছে }

(3) The man is climbing (ক্লাইমিং) ***up*** the tree.
{ লোকটি গাছটি বেয়ে উপরে উঠছে }

(4) Tom is going ***up*** the stairs.
{ টম সিঁড়ি দিয়ে উপরে উঠছে }

উপরে, নিচে,
মধ্যে প্রভৃতি শব্দ
কিন্তু আমরা
ব্যাকরণ দিয়ে
শিখি নাই !



(5) Khoka is climbing ***up*** the ladder.
{ খোকা মই বেয়ে উপরে উঠছে }





down (ডাউন্) = নিচে



(1) Tomi is going ***down*** the stairs.
{ টমি নিচে যাচ্ছে সিঁড়ি দিয়ে। }

(2) Abul walked ***down*** the stairs.
{ আবুল হেঁটে নিচে নামলো সিঁড়ি বেয়ে। }



(3) Jerry was skiing ***down*** the hill.
{ জেরী স্কি করে নামছিলো পাহাড় বেয়ে। }

(4) Don't look ***down*** while climbing **up** hills.
{ নিচের দিকে তাকাইও না যখন উপরে উঠো পাহাড় বেয়ে। }

(5) The ball is rolling ***down*** the hill.
{ বলটি গড়িয়ে নামছে পাহাড়ের নিচে।}

দক্ষ ডাক্তার,
দক্ষ lawyer
হওয়া
তোমার জন্য
সহজ হবে
এই বই
খতম দিলে

round (রাউন্‌ড্‌) / **around** = চারদিকে



(1) The earth moves ***round*** the sun. { পৃথিবী ঘুরে সূর্যের চারদিকে। }

(2) He walked ***round*** the room. { সে হাঁটলো ঘরটির চারদিকে। }

(3) We walked ***around*** the lake. { আমরা হেঁটে গেলাম লেকটির চারদিক দিয়ে। }

(4) Tom suddenly chased Jerry **round** the chair.
{ টম হঠাৎ ধাওয়া করলো জেরীকে চেয়ারের চারদিকে।}



(5) He went ***around*** the chair. { সে ঘুরে গেলো চেয়ারের চারদিকে। }

তার মানে, কোনো কিছুর চারদিকে ঘোরার গতি বা কোনো কিছুর পাশ দিয়ে ঘুরে আসা বোঝাতে ‘*round*’ বসে।

through (থ্রু) = ভিতর দিয়ে

(1) The ball is going ***through*** the box. { বলটি যাচ্ছে বাক্সটির মধ্য দিয়ে। }

(2) The arrow is going ***through*** the frame.
{ তীরটি যাচ্ছে ফ্রেমটির মধ্য দিয়ে }



(3) Nur walked ***through*** (থ্রু) the forest. { নুর হেঁটে গেলো বনের মধ্য দিয়ে }

(4) They are walking ***through*** the field. { তারা হেঁটে যাচ্ছে মাঠটির মধ্য দিয়ে }

(5) We drove ***through*** the tunnel.
{ আমরা গাড়ি চালিয়ে গেলাম সুড়ঙ্গের মধ্য দিয়ে }

তার মানে, কোন কিছুর মধ্য দিয়ে অতিক্রম করে যাওয়া বোঝাতে ‘*through*’ ব্যবহার করা হয়।

to (টু) = দিকে

(1) This train runs from Rangpur ***to*** Dhaka. { এই ট্রেনটি রংপুর থেকে ঢাকা যায়।}

(2) Mithu returned ***to*** his flat. { মিঠু ফিরলো তার ফ্ল্যাটে।}

(3) He has gone ***to*** Dhaka. { সে গিয়েছে ঢাকায়।}

(4) We drove (ড্রোঔভ্) ***to*** the store. { আমরা গাড়ি চালিয়ে গেলাম দোকানটিতে।}

(5) Take me ***to*** the airport. I actually want to arrive at the airport.
{ আমাকে বিমানবন্দরে নিয়ে যাও। আমি আসলে বিমানবন্দরে পৌঁছতে চাই }

towards (টু-ওআর্ড্স্) xyz = *xyz*-এর দিকে



(1) The car is going ***towards*** the city.
{ গাড়িটি যাচ্ছে শহরের দিকে।}

(2) The plane is flying ***towards*** the mountains.
{ প্লেনটি উড়ে যাচ্ছে পর্বতের দিকে।}

(3) The plane was heading ***towards*** a storm cloud.
{ প্লেনটি অগ্রসর হচ্ছিলো একটি ঝড়ো মেঘের দিকে।}

(4) They are travelling ***towards*** Rajshahi. { তারা ভ্রমণ করছে রাজশাহীর দিকে।}

(5) The golf ball is rolling ***towards*** the hole. { গলফ বলটি গড়িয়ে যাচ্ছে গর্তের দিকে।}



(6) Biplob kicked the ball ***towards*** the goalpost.
{ বিপ্লব কিক করলো বলটি গোলপোস্টের দিকে।}

(7) Anas is walking ***towards*** the house.
{ আনাস হেঁটে যাচ্ছে বাড়ির দিকে। }

তার মানে, কোনো দিকে চলার গতি বোঝাতে '*towards*' বসে।

বেচারা
মেসি, রোনালদোর জন্য
হেদায়েতের দোয়া করিয়ো !

To-এর ব্যবহার

(1) I am going ***to the store***. { আমি দোকানে যাচ্ছি }

তার মানে, ***to***-এর পরে কোনো noun বসলে, তখন ***to*** হলো preposition।

(2) I am going ***to hit*** the ball. { আমি আঘাত করতে যাচ্ছি বলটিতে }

উপরের বাক্যে ***to hit*** অর্থ আঘাত করতে। বোঝাই যাচ্ছে এখানে ***hit*** একটি verb।

এজন্য এই ***to*** হলো infinitive-এর ***to***।

ঈমানহীন মৃত্যু
সবচেয়ে
ব্যর্থ মৃত্যু

to শব্দটি preposition না ইনফিনিটিভ, সেটা জানা লাগে না।
এখানে একটু আলোচনা করা হলো, তোমার মনের শান্তির জন্য।

over (ওঔ্ভার্) = অল্প উপরে



(01) The bird flew ***over*** the garden. { পাখিটি উড়ে গেলো বাগানের উপর দিয়ে। }
(02) The cat jumped ***over*** the box. { বিড়ালটি লাফিয়ে গেলো বাক্সটির উপর দিয়ে। }
(03) He never ***skims over*** the text. { সে কখনই চোখ বুলায় না text-এ। }
[স্কিম্ - চোখ বুলিয়ে যাওয়া]
(04) The birds ***were flying over*** the lake. { পাখিগুলো উড়ে যাচ্ছিলো লেকের উপর দিয়ে। }
(05) The cyclone ***hovered over*** the Bay of Bengal. [**hover** (হোভার্) - ভেসে থাকা]
{ সাইক্লোনটি ভাসছিলো বঙ্গোপসাগরের উপরে। }



(06) The ball ***went over*** the wall. {বলটি গেলো দেয়ালের উপর দিয়ে। }
(07) The ball ***went over*** the goalpost.
(08) The Pod-daa bridge stands ***over*** the Padma river.
(09) The canopy was ***over*** our head. { শামিয়ানা ছিলো আমাদের মাথার উপরে। }
(10) They held a large umbrella **over** her.
(11) The tree is standing over my head.
(12) There was a lamp hanging **over** the table.

above (অ্যাবাভ্) = অনেক উপরে

(1) The plane is flying ***above*** the clouds. { প্লেনটি উড়ে যাচ্ছে মেঘের উপর দিয়ে। }
(2) The birds are flying ***above*** the sea. { পাখিগুলো উড়ছে সমুদ্রের উপর দিয়ে। }
(3) The stars are shining ***above*** the world. { তারাগুলো জ্বলজ্বল করছে পৃথিবীর উপরে। }

তার মানে, 'above' দিয়ে সাধারণত '*over*'-এর চেয়ে বেশি দূরত্ব বা বেশি উপরে বুঝানো হয়।



01. The umbrella is ***flying over*** her head.
{ ছাতাটি তার মাথার অল্প উপর দিয়ে উড়ে যাচ্ছে }



02. The umbrella is ***flying above*** her head.
{ ছাতাটি তার মাথার অনেক উপর দিয়ে উড়ে যাচ্ছে }

onto (অন্‌ঠু)

on মানে উপরে আর ***to*** মানে দিকে। ∴ ***onto xyz*** মানে xyz-এর দিকে উপরে।

(1) Kamal **jumped *onto*** the mat.
{ কামাল লাফ দিয়ে মাদুরের উপর পড়লো। }

(2) Jerry jumped **onto** the table.
{ জেরী লাফ দিয়ে টেবিলের উপর উঠলো। }



(3) Sabbir moved the chair ***onto*** the deck. { সাব্বির সরিয়ে আনলো চেয়ারটিকে (জাহাজের) ডেকের উপরে। }
= সাব্বির চেয়ারটাকে সরিয়ে ডেকের উপর নিলো।

(4) The waves crashed **onto** the beach. { ঢেউগুলো আছড়ে পড়লো সৈকতের উপর। }
(5) I stepped **onto** the platform. { আমি পা ফেলে উঠলাম প্লাটফর্মের উপরে। }
(6) The sheep were loaded **onto** the truck. { ভেড়াগুলোকে বোঝাই করে উঠানো হলো ট্রাকের উপরে। }

between (বিঠুইন্) = দুটি জিনিসের মধ্যে



(1) The river runs ***between*** two mountains.
{ নদীটি গিয়েছে দু'টি পর্বতের মধ্য দিয়ে। }

(2) Jerry is running ***between*** the two houses.
{ জেরী দৌড়াচ্ছে বাড়ি দু'টির মাঝ দিয়ে। }

out of (আউট্ অফ্) xyz = xyz থেকে বের হওয়া

(1) The rabbit is popping ***out of*** the hat.
{ খরগোশটি টুপি থেকে হঠাৎ করে বের হচ্ছে। }



(2) Papers are coming ***out of*** the printers.
{ কাগজ বাইরে বের হচ্ছে প্রিন্টার থেকে। }

(3) Water is coming ***out of*** tube-well.
{ পানি বের হচ্ছে নলকূপ থেকে বাইরে। }

(4) Nur came ***out of*** the house.
{ নুর বের হয়ে আসলো বাড়ি থেকে। }



off (অফ্) = থেকে; সামান্য দূরে



(01) Jerry **fell *off*** the bike. { জেরী বাইক থেকে পড়ে গেলো }

= Jerry **fell down from** the bike.

(02) The dog jumped ***off*** the box. { কুকুরটি লাফ দিল বাক্স থেকে }

(03) A narrow lane come ***off*** Tipu Sultan Road. { টিপু সুলতান রোড থেকে বের হয়ে আসলো সরু লেন }



(04) Abdul Karim jumped ***off*** the bridge **into** the river.

{ আব্দুল করিম সেতু থেকে লাফ দিয়ে পড়লো নদীতে }

(05) The paint is falling ***off*** the table. { রং পড়ছে টেবিল থেকে }

(06) Tom rolled ***off*** the bed. { টম গড়িয়ে পড়লো বিছানা থেকে }



(07) He jumped ***off*** the plane. { সে ঝাঁপ দিলো বিমান থেকে }

(08) They are **getting *off*** the train. { তারা নামছে ট্রেন থেকে }

= They are **getting down from** the train.



(09) The ball is **falling *off*** the box.

(10) Mitu is **jumping *off*** the bridge.



(11) Salam took the sunglasses ***off*** his eye. { সালাম সানগ্লাস খুলে ফেললো তার চোখ থেকে। }
✳ আলাদা বোঝাতে ‘**off**’।

from (ফ্রম্) = থেকে



(09) The prisoner ran away ***from*** the jail.

{ বন্দিটি দৌড়ে চলে গেলো জেল থেকে }

(10) The ball is going *away* ***from*** the box.

{ বলটি চলে যাচ্ছে দূরে বাক্সটি থেকে }

সমাস, সন্ধিবিচ্ছেদ, অব্যয়, তৎসম কিছুই জানা লাগে না বাংলায় দক্ষ হওয়ার জন্য

against (য়েগেইন্স্ট্) = বিরুদ্ধে

(1) The two cars dashed ***against*** each other.
{ দু'টি গাড়ি পরস্পর আঘাত করলো অর্থাৎ সংঘর্ষ হলো }

(2) A car dashed ***against a tree.***
{ একটা গাড়ির জোরে ধাক্কা লেগেছিলো একটি গাছের সাথে }



(3) The car dashed ***against*** the wall.
{ গাড়িটি দেয়ালের সাথে জোরে ধাক্কা খেলো }



(4) Rain beat ***against*** my window.
{ বৃষ্টি আমার জানালাকে আঘাত করেছিলো }

(5) He leaned ***against*** the tree. { সে গাছে হেলান দিয়ে দাঁড়ালো }

(6) I was cycling ***against*** the wind. { বাতাসের বিপরীতে আমি সাইকেল চালাচ্ছিলাম }

(7) Swimming upstream (আপ্-স্ট্রিম্ = উজানের দিকে) is to swim ***against*** the current. { **stream** (স্ট্রিম্ = স্রোত = নদী)-এর *up*-এ তথা উজানের দিকে সাঁতার কাটা অর্থ হলো **current** (কারেন্ট্ = প্রবাহ = স্রোত)-এর বিপরীতে সাঁতার কাটা। }

behind (বি-হাইন্ড্) = পিছনে

(1) The policeman is running ***behind*** the extortionist.
{ পুলিশটি দৌড়াচ্ছে চাঁদাবাজটির পিছনে পিছনে }

য়েক্স্-ঠর্-শনিস্ট

extort করে যে

(2) The sun disappeared ***behind*** the clouds.
{ সূর্য অদৃশ্য হয়ে গেলো মেঘের পিছনে }

ডিস্যাপিয়ার্ড্

(3) The policeman ***ran behind*** the criminal (ক্রিমিনাল্).
{ পুলিশটি দৌড়ালো অপরাধীর পিছনে }

Preposition of place (জায়গা সম্পর্কিত)

In	On	At
in Dhaka / Bangladesh	**on** the Internet / TV	**at** a conference
in the journal / newspaper	**on** the ceiling	**at** dinner
in the store / the kitchen	**on** the way	**at** a concert / cinema / party
in a room / car / taxi / box	**on** the phone	**at** the exit / the entrance
in a building / a lift / the tower	**on** the menu (= মেনুতে)	**at** the reception / front / back
in a boat / helicopter	**on** the floor / wall	**at** home / work
in the garden / park	**on** a page / cover	**at** school / college / university
in the traffic jam	**on** an island	**at** the bus station / the bus stop

on (অন্) = উপরে

01. The ball is ***on*** the box. { বলটি বক্সটির উপরে }

02. Humpty Dumpty sat ***on*** a wall.
{ হামটি ডামটি একটি দেয়ালের উপরে বসা ছিলো}



below (বিলোঔ) = নিচে

01. Write your name ***below*** the line.
{ লাইনটির নিচে তোমার নাম লিখো }

গল্পের মতো পড়ে যাও; মুখস্থ করিয়ো না।

in a pool	**on** the left / right	**at** the window / desk / door
in a line in a row	**on** a map / list	**at** the traffic light
in the sky / the world	**on** XYZ street	**at** the hospital
in bed / the bedroom	**on** the corner	**at** 71 Green Road / XYZ street
in the sea / water	**on** a ship / bicycle	**at** the store / shop / cafe
in the room / the yard	**on** a bus	**at** the top end of XYZ
in a river	**on** a train	**at** the bottom of XYZ
in a lake	**on** a plane	**at** the end of pqr

under (আন্ডার্) = নিচে



1. The cat is ***under*** the table. { বিড়ালটি হলো টেবিলের নিচে }
2. The pillow is ***under*** the quilt. { বালিশটি হলো লেপের নিচে }
3. Omor is ***under*** the table. { ওমর হলো টেবিলের নিচে }
4. Fatema sits ***beneath*** the tree. { ফাতেমা বসে গাছটির নিচে }



in front of pqr (ইন্ ফ্রন্ট্ অফ্) = **pqr**-এর সামনে



1. There is a garden ***in front of*** the house.
   (বাড়িটির সামনে একটি বাগান আছে)
2. Jerry is ***in front of*** the box.
   (জেরী হলো বাক্সটির সামনে)
3. The accused was brought ***before*** the judge.
   { অভিযুক্ত ব্যক্তিকে আনা হলো বিচারকের সামনে }

অ্যাখিউয্ড্

in (ইন্) = ভিতরে / মধ্যে



1. The bird is ***in*** the cage. (পাখিটি খাঁচার ভিতরে)
2. There is hot water ***in*** the flask.
3. He lives ***in*** Dhaka.
4. The football is ***in*** the box.

✳ কোনোকিছুর ভিতরে বা 'মধ্যে' অবস্থিত বোঝাতে 'in' বসে।

between (বিটুইন্) = দু'টি বস্তুর মাঝে

3. The ball is ***between*** the shoes.
   { বলটি হলো জুতাগুলোর মাঝখানে }
4. The spoon is ***between*** two poached eggs.
   { চামচটি পোচ করা দু'টি ডিমের মাঝে }
5. Tamal kept the ball ***between*** his two legs.
   { তমাল তার দুই পায়ের মাঝে রাখলো বলটা }
6. Nose is ***between*** the two eyes.
7. Head is ***between*** the two ears.



4. The rat is ***between*** the boxes. { ইঁদুরটি হলো বাক্সগুলোর মাঝখানে }
5. Sabina is ***between*** two trees. { সাবিনা হলো দু'টি গাছের মাঝখানে }



among (অ্যামঙ) = দু'য়ের অধিক জিনিসের মধ্যে

1. The house is hidden ***among*** trees. { বাড়িটি গাছগুলোর মধ্যে ঢাকা পড়েছে }

✳ কোন কিছুর অবস্থান তিন বা ততোধিক জিনিসের মাঝে হলে '*among*' বসে।

out of (আউট্ অফ্) / outside (আউট্সাইড্) xyz = xyz-এর বাইরে

1. He is ***out*** of home now. { তিনি বাড়ির বাইরে এখন }
2. You can park your car ***outside*** of our house.
3. Fantasy Kingdom is ***outside*** Dhaka city. { ফ্যান্টাসি কিংডম হলো ঢাকা শহরের বাইরে }
4. A gold watch was ***inside*** the box. { একটি সোনার ঘড়ি ছিলো বক্সটির ভিতরে }
5. Tom is ***inside*** and Jerry is ***outside*** of the house.

by (বাই্) xyz = xyz-এর পাশে

1. The student sat ***by*** the teacher. { ছাত্রটি বসেছিলো শিক্ষকের পাশে }
2. The post office is ***by*** the school. { পোস্ট অফিসটি স্কুলের পাশে }
3. The telephone is ***by*** the window. { টেলিফোনটি হলো জানালার পাশে }
4. He walked ***by*** me without talking. { সে আমার পাশ দিয়ে হেঁটে গেলো কথা না বলে }

তার মানে, অন্য কোন কিছুর পাশে বোঝাতে *by* বসে।

Beside (বিসাই্ড্), next to (নেক্সট্ টু) = পাশে / নিকটে

1. The cow is standing ***next*** to the boy.
   { গরুটি দাঁড়িয়ে আছে বালকটির পাশে }
2. The ball is ***beside*** the box. {বলটি হলো বাক্সটির পাশে }
3. The girl is standing ***beside*** the boy.
   { বালিকাটি বালকটির পাশে দাঁড়িয়ে আছে }



✳ কোনো কিছু অন্য কোনো কিছুর পাশে বুঝাতে *beside / next to* বসে।

near (নিআর্) xyz = xyz-এর কাছে

1. Their house is ***near*** (নিকটে) / ***adjacent*** (অ্যা-জাসেন্ট্ - সংলগ্ন) to our house.
   { তাদের বাড়ি আমাদের বাড়ির কাছাকাছি অবস্থিত }
   (ক্লোঔয্ = কাছে)
2. The tree is ***close to*** our house. { গাছটি আমাদের বাড়ির কাছেই }

✳ কোনো কিছু অন্য কোনো কিছুর নিকটে বোঝাতে ***near / close to*** বসে।



সময় সংক্রান্ত Preposition

Long Days, Time, Periods	Specific Days, Dates, Hours	Very specific time
in	**on**	**at**
in May / June / March	**on** Sunday / Tuesday	**at** 3 o'clock
in (the) summer / (the) spring	**on** a summer / a spring	**at** 10am/pm
in the evening / the morning	**on** 6th March	**at** noon / night
in 1990 / 2016 / 2013	**on** 16th Dec., 2014	**at** dinner time / bedtime
in the 1990s	**on** a hot day / a cold day	**at** breakfast
in the 20th century	**on** the Independence Day	**at** sunrise / sunset
in the Ice Age / middle ages	**on** Eid Day /vacation/holiday	**at** Eid-ul-Fitr/Christmas
in the past / the future	**on** Christmas Day	**at** the moment
in an hour	**on** my birthday / that day	**at** Midday/dusk/dawn
in 2 weeks / a few days	**on** weekdays / New Year's Eve	**at** the same time
in 6 months	**on** Tuesday evening	**at** this moment
in a year / the New Year	**on** break / my lunchtime	**at** that time

on (অন্)

✳ **বাক্য দিয়ে শেখা যাক:**

(1) Workers of this factory don't work ***on*** Tuesday.
(2) Our exam will be held **on** June 26.
(3) Come and see us ***on*** Eid Day.
(4) Salam lives **on** the fifteenth floor of that building. {সালাম ঐ বিল্ডিংয়ের 15 তলায় থাকে}

একটানা
পড়ে যাও।

নিচেরগুলোও মনে রাখা উচিত:

on street	**on** television	**on** a diet	**on** strike
on street corner	**on** the radio	**on** fire	**on** the list
on a road	**on** the phone	**on** the other hand	**on** the whole
on a map	**on** a page	**on** a train	**on** the YouTube

ON TIME & IN TIME

i) **নির্দিষ্ট সময় (যেমন কাঁটায় কাঁটায় 9 am) বা exact time-এর সাথে on time বসে। যেমন:**

⇒ The train left ***on*** time. (ট্রেনটি যথা সময়ে ছেড়ে গিয়েছিলো।)
The opposite of "on time" is "late".

ii) **নির্দিষ্ট সময় বা exact time-এর পূর্বে বোঝালে in time** (যথা সময়ের মধ্যে) বসে।

⇒ The bus comes in time. (বাসটি সময়ের মধ্যে আসে।)

বাক্যে সময় উল্লেখ
থাকলে **at** হবে:
The train left at 9 am.

ছবির মাধ্যমে Preposition of movement and direction

মুখস্থ করিয়ো না

মনে রাখো,
বাক্য দিয়ে
শেখাই হলো
সহজতম।


above
over
on
Up
onto
the floor
(থ্রু = মধ্য দিয়ে)
through the field
around the field
toward
দিকে
to
in, inside of, within
off, from, away from
into the field
মাঠ
out of the field
• by, beside the wall
go past the field
beneath
under
below
down
the stairs
রাস্তা
along the road
Across the road

অন্য পৃষ্ঠাগুলোর বাক্য মন দিয়ে বুঝলে
এই পৃষ্ঠার সব কিছু মনে রাখা সহজ

বাক্যের বাংলা অর্থ বুঝে **Preposition** যেগুলো দিয়ে নড়া-চড়া বুঝায়

01.	He	**ran**	across	**the road.**
			(রাস্তার এপার থেকে ওপারে)	
02.	He	walked	**along**	the road.
			(রাস্তাটা বরাবর)	
03.	He	ran	**around**	the field.
			(মাঠের চার পাশে)	
04.	He	ran	**away from**	the policeman.
	(সে	দৌড়িয়ে	দূরে গেলো	পুলিশটি থেকে)
05.	He	ran	**down**	the stairs.
	(সে	দৌড়িয়ে	নামলো	সিঁড়ি দিয়ে)
06.	He	walked	**up**	the stairs.
	(সে	হেঁটে	উঠলো	সিঁড়ি দিয়ে)
07.	He	went	**into**	the room.
	(সে	ঢুকেছিলো	রুমের	ভিতরে)
08.	He	walked	**off**	the stage.
	(সে	হেঁটে গেলো	থেকে	স্টেজ)
09.	He	walked	**onto**	the platform.
	(সে	হেঁটে	উপরে উঠলো	প্লাটফরমের)
10.	He	ran	**out of**	the woods.
	(সে	দৌড়িয়ে	বের হলো	জঙ্গল থেকে)
11.	He	ran	**past**	the park.
	(সে	দৌড়িয়ে গেলো	পাশ দিয়ে	পার্কটা)
12.	He	drove	**over**	the bridge.
13.	He	ran	**round**	the field.
14.	He	ran	**through**	the field.
15.	He	ran	**to**	the field.
16.	He	went	**towards**	the field.
	(সে	গিয়েছিলো	মাঠের দিকে)	









in (ইন্) = মধ্যে

(**1**) His birthday is ***in*** January. (মাসের আগে ***in*** হলো।)

(**2**) That singer was popular **in** the eighties. (ঐ গায়কটি জনপ্রিয় ছিল আশির দশকে।)

(**3**) We came here ***in*** the summer of 2004. (ঋতুর আগে ***in*** হয়।)

✳ Longer parts of the day-এর আগে in বসে। যেমনঃ He walks ***in the morning / afternoon.*** তবে morning / afternoon / evening প্রভৃতিকে নির্দিষ্ট করে বলা হয়, এদের আগে on বসে। যেমনঃ See you ***on*** Monday morning.

ব্যতিক্রমঃ longer part of day হওয়া সত্ত্বেও night-এর সাথে *in* না বসে ***at*** বসে।

যেমন- I often work ***at*** night.

in-এর কয়েকটি ব্যবহার

in a moment
in a year
in a car
in a few minutes
in the sun
in bed
in the sky
in pencil
in country
in the dark
in a row
in a queue
in a week
in short
in the past
in the future
in the rain
in a word
in ink

at (অ্যাট্)

১. দিনের সংক্ষিপ্ত অংশ বুঝাতে আগে ***at*** বসে। যেমনঃ at dawn (ঊষা), at noon, at dusk (গোধূলী), at midday, at midnight.

২. নির্দিষ্ট কোনো সময় (clock time) উল্লেখ করতে ***at*** বসে। কিন্তু যদি ঐ নির্দিষ্ট সময়ের কাছাকাছি কোনো সময় বোঝায়, তাহলে at about / at around বসে। যেমনঃ

(a) I will meet you ***at*** 4 pm. { বিকাল ৪ টায় আমি তোমার সাথে সাক্ষাৎ করবো }

(b) We will leave ***at*** about / around six. {প্রায় ছয়টার দিকে আমরা চলে যাবো }

৩. কারো address বোঝাতে at বসে, যেমনঃ

He lives ***at*** 712 Mirpur Road বা at 16th avenue.

since (সিন্‌স্) = থেকে

নির্দিষ্ট সময় থেকে ঘটা বুঝাতে since, যেমনঃ

(1) It has rained ***since*** morning.
(2) It has been raining ***since*** morning. { বৃষ্টি হচ্ছে সকাল থেকে, তার মানে, এখনও বৃষ্টি হচ্ছে }

for (ফর্) = নির্দিষ্ট সময় ধরে

hour, day, month, year etc. ধরে কোনো ঘটনার ব্যাপ্তি বোঝাতে *for* বসে। যেমনঃ It has been raining *for* two hours. { বৃষ্টি হচ্ছে দুই ঘণ্টা ধরে। }

by (বাই্)-এর কিছু ব্যবহার

১. কোন নির্দিষ্ট সময় বা তারিখের মধ্যে বুঝাতে **by** হয়। যেমনঃ
   (a) We have to be there ***by*** 8: 15 pm. { আমাদের সেখানে থাকতে হবে রাত ৮ : ১৫-এর মধ্যে }
   (b) The dress was not ready ***by*** Saturday { ড্রেসটি তৈরি হয়নি শনিবারের মধ্যে }

২. কোনো কিছুর পাশ দিয়ে হেঁটে যাওয়া বুঝাতে **by** বসে।
   I walked ***by*** the PG Hospital on the way to DU.
   { আমি হেঁটে গেলাম পিজি হাসপাতালের পাশ দিয়ে ঢাবিতে যাওয়ার পথে। }

৩. পাশে অবস্থিত বুঝালে **by** বসে।
   Our house is **by** the mosque. { আমাদের বাড়িটি মসজিদের পাশে অবস্থিত। }

৪. কর্মসম্পাদনকারীকে বুঝাতে **by** বসে। This task was done **by** (বাই = দ্বারা) him.

within / in (উয়িদিন / ইন্) = নির্দিষ্ট সময়ের মধ্যে

নির্দিষ্ট সময়ের মধ্যে বুঝাতে within এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বা শেষে বুঝাতে in ব্যবহৃত হয়। যেমনঃ

1. The project has to be finished ***within*** a week.
   { প্রজেক্টটি এক সপ্তাহের মধ্যে সমাপ্ত করতে হবে }
2. The bomb exploded (বিস্ফোরিত হওয়া) ***in*** 5 seconds.

during

কোনো ঘটনা চলাকালীন সময়ের ব্যাপ্তি বোঝাতে *during* বসে।

যেমনঃ She was born **during** the war (যুদ্ধের সময়). { সে জন্মগ্রহণ করেছিল যুদ্ধের সময়। }
She died during Covid pandemic.

with (উয়িথ্) = দ্বারা

The boy killed the snake **with** a stick. { বালকটি সাপটিকে মারল লাঠি দিয়ে }

আরো বাক্য

discuss, approach, finish, obey, permit, reach, resemble, include, fancy প্রভৃতি শব্দগুলোর পর সাধারণত **preposition** বসে না ।

বাক্যের মাধ্যমে শেখা যাক

01. ভুল বাক্য : Kamal ordered ~~for~~ a glass of water.
Correct : Kamal **ordered** a glass of water. { কামাল এক গ্লাস পানির অর্ডার দিলো }

02. Incorrect : They **reached** ~~at~~ the station.
Correct : They **reached** the station. { তারা স্টেশনে পৌঁছলো }

03. Incorrect : Nur **resembles** ~~to~~ his father.
Correct : Nur **resembles** his father. { নুর তার বাবার মতো দেখতে}

resemble (রিযেম্‌বল্‌) = চেহারায় মিল থাকা

04. ভুল বাক্য : They **met** ~~with~~ me yesterday.
Correct : They **met** me yesterday. {তারা গতকাল আমার সাথে সাক্ষাৎ করলো}

05. Incorrect : This **violates** (ভায়োলেইট্‌ = লঙ্ঘন করা) ~~against~~ the rule.
Correct : This **violates** the rule. { এটা ভঙ্গ করে নিয়মকে }

06. Incorrect : Arian **contradicted** ~~against~~ my opinion.
Correct : Arian **contradicted** (কন্‌-ট্র্যাডিক্ট্‌ = খণ্ডন করা) my opinion.

07. Incorrect : The police **investigated** ~~into~~ the matter.
Correct : The police **investigated** the matter. { পুলিশ ব্যাপারটা তদন্ত করলো }

08. Incorrect : I **emphasized** ~~on~~ the matter. { কিন্তু ... **gave emphasis on** ... সঠিক }
Correct : I **emphasized** the matter. { আমি বিষয়টিতে জোর দিলাম }

09. Incorrect : I shall **inform** ~~to~~ your father.
Correct : I shall **inform** your father. { আমি জানাবো তোমার বাবাকে }

10. Incorrect : I don't **fancy** ~~about~~ going out. { fancy = কোনো কিছু পেতে বা করতে চাওয়া }
Correct : I don't **fancy** going out tonight. { আমি বাইরে যেতে চাই না আজ রাতে }

নিচের শূন্যস্থানগুলো সঠিক preposition দিয়ে পূরণ করো:

01. The family doesn't feel _____ going outing this season. [৩৭তম বিসিএস]
A. in B. on **C. like** D. of

02. He has eminence _____ painting. [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ইউনিট-B ভর্তি পরীক্ষা]
A. on B. at **C. in** D. for

03. John Smith is good _____ Mathematics. [৩৬তম বিসিএস]
A. at B. in C. of D. after

04. Nobody _____ Alam knew the way. [বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল)]
A. without **B. but** C. that D. beside

05. Death is preferable _____ humiliation. [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা]
A. for **B. to** C. after D. than

06. Honesty is indispensable ____ success. [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব / পরিচালক (প্রশাসন)]
A. about B. for C. at **D. to**

07. We insist _____ your leaving the room. [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী]
A. on B. in C. for D. at

08. Student are concerned _____ their result. [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী]
A. for B. in C. on **D. with**

09. He has been ill _____ last Sunday. [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৬]
A. from **B. since** C. on D. at

10. We shall refrain _____ doing it. [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার]
A. from B. of C. by D. at

11. The girl was reclining _____ the couch. [১৩তম প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়)]
A. on B. by C. in D. to

12. Man has no escape _____ death. [১৩তম শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়)]
A. before **B. from** C. by D. in

13. He takes pride _____ his wealth. [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO)]
A. on **B. in** C. at D. upon

14. The new rule is advantageous _____ us. [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO)]
A. for B. of **C. to** D. with

15. Frustration results ____ violence. [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (১৭ জেলা)]
A. in B. at C. with D. of

16. The climate is congenial _____ health. [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (১৭ জেলা)]
A. to B. for C. with D. on

17. Government has been entrusted _____ elected politicians. [প্রাক-প্রাথমিক (১৭ জেলা)]
A. with B. for **C. to** D. at

18. Do you know the solution _____ the problem? [ঢাকা বিশ্ববিদ্যালয় ইউনিট-ক ভর্তি পরীক্ষা]
A. to B. into C. for D. about

19. Cyber attacks are much easier to carry out than to defend _____.
[ঢাকা বিশ্ববিদ্যালয় ইউনিট-গ ভর্তি পরীক্ষা]
A. against B. about C. after D. at

সঠিক উত্তরগুলো Bold করা আছে

Chapter-29 বাক্য দিয়ে Appropriate Preposition

01. **abide by** *xyz* (এ্যাবাইড্ বাই্ *xyz*) = *xyz*-কে মেনে চলা।

[*xyz* দিয়ে কোনো নিয়ম-কানুনকে বুঝানো হলো]

বাক্য দিয়ে উদাহরণ

A good student ***abides by*** the rules

{ আ গুড্ স্টুডেন্ট্ অ্যাবাইড্স্ বাই্ দা রুলস্ }

{ একজন ভালো ছাত্র মেনে চলে নিয়ম-কানুন }

02. **abstain from** *xyz* (অ্যাব্-স্টেইন্ ফ্রম্ *xyz*) = *xyz* থেকে বিরত থাকা।

[এখানে *xyz* দিয়ে কোনো মন্দ কিছু বা মন্দ কাজ বুঝানো হলো]

We should ***abstain from*** evil deeds.

{ উঈ শুড্ অ্যাব্-স্টেইন্ ফ্রম্ ঈভিল্ ডীড্স্ }

{ মন্দ কাজ থেকে আমাদের বিরত থাকা উচিত }

abide-এর পর *by* হয় abstani-এর পরে *from* হয়, beneficial-এর পরে *to* হয় এভাবে শিখলে আসলে মনে থাকেবে না।

03. **beneficial to** *xyz* (বেনি-ফি-শল্ টু *xyz*) = *xyz*-এর জন্য উপকারী।

[*xyz* দিয়ে কোনো ব্যক্তিকে বুঝানো হলো]

Smiling is ***beneficial to*** patients who suffer ***from*** heart diseases.

হাসি হলো উপকারী ঐ রোগীদের জন্য যারা ভুগে হৃদরোগে।

= Smiling is ***beneficial to*** patients suffering ***from*** heart diseases.

হাসি হলো উপকারী রোগীদের জন্য ভুগছে হৃদরোগে ।

সাবলীল বাংলা হৃদরোগে ভুগছে এমন রোগীদের জন্য উপকারী হলো হাসি।

04. **benefit from** *pqz* (বেনি-ফিট্ ফ্রম্ *pqz*) = *pqz* থেকে উপকার পাওয়া

[এখানে *pqr* দিয়ে কোনো জিনিসকে বুঝানো হলো]

People can be ***benefitted*** much ***from*** computer.

{ মানুষ কম্পিউটার থেকে অনেক উপকৃত হতে পারে }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
01	***abhor*** (অ্যাব্হোর) = ঘৃণা করা; ***abhorrent*** = ঘৃণ্য	***abhorrent to*** *xyz* (অ্যাব্হোরেন্ট টু *xyz*) = *xyz*-এর কাছে ঘৃণ্য	Racism (রেই্সিয্ম্) is ***abhorrent to*** a civilized society. { জাতিগত বৈষম্যবাদ হলো ঘৃণ্য একটা সভ্য সমাজে। }
02	***absorb*** = মগ্ন হওয়া	***absorbed in*** *xyz* (অ্যাব্-যর্ব্ড্ ইন্ *xyz*) = *xyz*-এর মধ্যে মগ্ন	He was ***absorbed in*** deep thought. { সে ছিলো মগ্ন গভীর চিন্তায় }
03	***admire*** (এ্যাড্মাই্আর্) = প্রশংসা করা	***admire of*** *xyz* (এ্যাড্মাই্আর্ অফ্ *xyz*) = *xyz*-এর প্রশংসা করা	Everyone ***admires him*** of his success { প্রত্যেকে তার সফলতার জন্য তার প্রশংসা করে }
04	***accuse*** (এ্যা-কিউ্য্) = অভিযোগ করা	***accused of*** *xyz* (এ্যা-কিউ্য্ড্ অফ্ *xyz*) = *xyz* কাজের জন্য অভিযুক্ত	He ***was accused of*** stealing money. { সে টাকা চুরির জন্য অভিযুক্ত হলো }
05	***abound*** (অ্যাবাউন্ড্) = ভরা	***abound in*** *xyz* (অ্যাবাউন্ড্ ইন্ *xyz*) = *xyz* ভরা	Hilsha fish ***abound in*** the river. { ইলিশ মাছে পরিপূর্ণ নদীটি }
06		***abound with*** *xyz* (অ্যাবাউ্ন্ড্ উয়িথ্ *xyz*) = *xyz* দ্বারা ভরপুর	The Pod-daa river ***abounds with*** ilish. { পদ্মা নদী পরিপূর্ণ ইলিশ দ্বারা }
07	***absent*** (অ্যাব্সেন্ট্) = অনুপস্থিত	***absent from*** *xyz* (অ্যাব্সেন্ট্ ফ্রম্ *xyz*) = *xyz* থেকে অনুপস্থিত	He was ***absent from*** the meeting. { তিনি অনুপস্থিত ছিলেন সভা থেকে (= সভায়) }
08	***accede*** (অ্যাক-সীড্) = সম্মত হওয়া	***accede to*** *xyz* (অ্যাক্সীড্ টু *xyz*) = *xyz*-এর ব্যাপারে সম্মত হওয়া	I ***acceded to*** his request. { আমি মেনে নিলাম তার অনুরোধ }
09	***acceptable*** (অ্যাক-সেপ্টে-বল্) = গ্রহণযোগ্য	***acceptable to*** *xyz* (অ্যাক-সেপ্টে-বল্ টু *xyz*) = *xyz*-এর কাছে গ্রহণযোগ্য	His offer is ***acceptable to*** us. { তার প্রস্তাব আমাদের কাছে গ্রহণযোগ্য }
10	***access*** (অ্যাক্সেস্) = প্রবেশের অধিকার	***access to*** *xyz* (অ্যাক্সেস্ টু *xyz*) = *xyz*-এ প্রবেশাধিকার	There is no free ***access to*** the MP's room. { MP সাহেবের রুমে কোনো ফ্রি প্রবেশাধিকার নেই }
11	***according*** (অ্যাকর্ডিং) = অনুসারে	***according to*** *xyz* (অ্যাকর্ডিং টু *xyz*) = *xyz* অনুসারে	A pious man leads his life ***according to*** his religion { একজন ধার্মিক লোক তার ধর্ম অনুযায়ী তার জীবনকে পরিচালনা করেন }
12	***accountable*** = দায়ী থাকা	***accountable to*** *xyz* ***for*** *pqr* = *pqr*-এর জন্য *xyz*-র কাছে দায়ী থাকা	Everyone is ***accountable to*** Almighty ***for*** his deeds. { প্রত্যেককে তার কর্মের জন্য সর্বশক্তিমানের কাছে জবাবদিহি করতে হবে }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
13	***account*** (অ্যাকাউন্ট্) = হিসাব	***account with** xyz* (অ্যাকাউন্ট্ উয়িথ্ *xyz*) = *xyz*-এ হিসাব বা অ্যাকাউন্ট	I have a savings ***account with*** Sonali Bank. { আমার একটি সঞ্চয়ী হিসাব আছে সোনালী ব্যাংকে }
14	**adapt** (অ্যাডাপ্ট্) = খাপ খাওয়ানো	***adapt to** xyz* (অ্যাডাপ্ট্ টু *xyz*) = *xyz*-এর সাথে খাপ খাওয়ানো	He cannot ***adapt to*** new situation. {সে নতুন পরিস্থিতির সাথে খাপ খাওয়াতে পারে না }
15	***addict*** (অ্যাডিক্ট্) = আসক্ত	***addict to*** (অ্যাডিক্ট্ টু *xyz*) = *xyz*-এ আসক্ত	Never start smoking because you will become ***addicted to*** cigarettes. { কখনো ধূমপান শুরু করো না, কারণ, তুমি এতে সিগারেটে আসক্ত হয়ে যাবে }
16	***adhere*** (অ্যাড্হিআর্) = লেগে থাকা	***adhere to** xyz* (অ্যাড্হিআর্ টু *xyz*) = লেগে থাকা *xyz*-এর সাথে	He ***adhered to*** his ideals. { সে লেগে ছিলো তার আদর্শের সাথে }
17	***afraid*** (অ্যাফ্রেইড্) = ভীত	***afraid of** xyz* (অ্যাফ্রেড্ অফ্ *xyz*) = *xyz*-এর ভয়	She is ***afraid of*** cockroach { সে তেলাপোকাকে ভয় পায় } 
18	***agree*** = রাজি হওয়া	***agree to** xyz* (এ্যাগ্রী টু *xyz*) = *xyz*-এর ব্যাপারে রাজি হওয়া	I ***agreed to*** his proposal. { আমি রাজি হয়েছিলাম তার প্রস্তাবে }
19	***agree*** (এ্যাগ্রী) = একমত হওয়া	***agree with** xyz* (এ্যাগ্রী উইথ্ *xyz*)	Nur **agreed with** him **on** this matter. { নুর এই ব্যাপারে তার সাথে একমত হয়েছিলো }
20	***advent*** (অ্যাড্ভেন্ট্) = আগমন	***advent of** xyz* (অ্যাড্ভেন্ট্ অফ্ *xyz*) = *xyz*-এর আগমন	With the ***advent of*** spring, nature awakes from slumber. { বসন্তের আগমনের সাথে সাথে প্রকৃতি ঘুম থেকে জেগে ওঠে }
21	***adorned*** (অ্যাড্র্নড্) = সজ্জিত	***adorned with** xyz* (অ্যাড্র্নড্ উয়িথ্ *xyz*) = *xyz* দ্বারা সজ্জিত	All trees get ***adorned with*** new leaves in spring. {বসন্তে সমস্ত গাছ নতুন পাতা দিয়ে সজ্জিত হয়}
22	***akin*** (অ্যাকিন্) = মতো	***akin to** xyz* (অ্যাকিন্ টু *xyz*) = *xyz*-এর মতো	Foxes are closely ***akin to*** dogs. { শিয়াল প্রায় একেবারে কুকুরের মতো }
23	***allergic*** (অ্যালার্জিক্) = বিরাগ	***allergic to** xyz* (অ্যালার্জিক্ টু *xyz*) = *xyz*-এর প্রতি বিরাগ	Some people are ***allergic to*** shrimp. { কিছু মানুষের চিংড়ির প্রতি অ্যালার্জি বা অপছন্দ আছে }
24	***alternative*** (অল্টার্নেটিভ্) = বিকল্প	***alternative to** xyz* (অল্টার্নেইটিভ্ টু *xyz*) = *xyz*- এর বিকল্প	There is no ***alternative to*** education. { শিক্ষার কোনো বিকল্প নেই }
25	***ambition*** (অ্যাম্-বিশ্ন্) = উচ্চাকাঙ্ক্ষা	***ambition for** xyz* (অ্যাম্-বিশ্ন্ ফর্ *xyz*) = *xyz*-এর জন্য উচ্চাকাঙ্ক্ষা	He has no ***ambition for*** worldly things. {জাগতিক জিনিসের জন্য তার কোনো উচ্চাকাঙ্ক্ষা নেই}

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
26	**amenable** (অ্যামিনেব্‌ল্) = মেনে চলে এমন	**amenable to** *xyz* (অ্যামেনেইব্‌ল্ টু *xyz*) = *xyz*-এর প্রতি অনুগত	Citizens are ***amenable to*** the law. { নাগরিকরা আইনের প্রতি অনুগত }
27	**angry** (অ্যাংগ্রী) = রাগান্বিত	**angry at** *xyz* (অ্যাংগ্রী অ্যাট্ *xyz*) = *xyz*-এর প্রতি রাগান্বিত	Nur is ***angry at*** the student's behavior. { নুর ছাত্রটির আচরণে রাগান্বিত }
28	ইংরেজি বাক্য তৃপ্তিমতো বুঝা !	**angry with** ***pqr*** **for** ***xyz*** (অ্যাংগ্রী উয়িথ্ *pqr* ফর্ *xyz*) = *pqr*-এর সাথে *xyz*-এর জন্য বা *xyz* নিয়ে রাগান্বিত	Nur was angry ***with*** him ***for*** having done this. { এটি করায় নুর তার উপর রাগান্বিত হলো }
29	**answerable** (আন্-সারেব্‌ল্) = দায়ী	**answerable to** *xyz* (আন্-সারেব্‌ল্ ঠু *xyz*) = *xyz*-এর কাছে দায়ী	He is ***answerable to*** the committee for all his decisions. {সে তার সকল সিদ্ধান্তের জন্য কমিটির কাছে দায়ী}
30	**antipathy** (অ্যান্‌টি-প্যাথি) = অপছন্দ, বিতৃষ্ণা	**antipathy towards** *xyz* (অ্যান্-ঠি-প্যাথি ঠুআর্‌ড্‌স্ *xyz*) = *xyz*-এর প্রতি বিতৃষ্ণা	Abdul has an ***antipathy towards*** smoking. { ধূমপানের প্রতি আব্দুলের রয়েছে প্রচন্ড ঘৃণা }
31	**anxious** (অ্যাংক্‌শাস্) = উদ্বিগ্ন	**anxious about** *xyz* (অ্যাংক্‌শাস্ অ্যাবাউট্ *xyz*) = *xyz* নিয়ে উদ্বিগ্ন	Her mother is ***anxious about*** her poor health. { তার মা তার খারাপ স্বাস্থ্য নিয়ে উদ্বিগ্ন }
32	**anxious** (অ্যাংক্‌শাস্) = চিন্তিত	**anxious for** *xyz* (অ্যাংক্‌শাস্ ফর্ *xyz*) = *xyz*-এর জন্য চিন্তিত	Her parents are ***anxious for*** her happiness. { তার মাতা-পিতা তার সুখ নিয়ে চিন্তিত }
33	**apart** (অ্যাপারট্) = আলাদা	**apart from** *xyz* (অ্যাপারট্ ফ্রম্ *xyz*) = *xyz* ছাড়া বা *xyz* বাদে	I ate everything ***apart from*** soup. { আমি স্যুপ ছাড়া সবই খেয়েছিলাম }
34	**apathy** (অ্যাপ্যাথী) = উদাসীনতা	**apathy towards** *xyz* (অ্যাপ্যাথী ঠুআর্‌ড্‌স্ *xyz*) = *xyz*-এর প্রতি উদাসীনতা	Nur has no ***apathy towards*** his studies. { নুরের তার পড়াশুনার প্রতি কোন উদাসীনতা নেই}
35	**apology** (অ্যা-পো-লজী) = ক্ষমা	**apology to** ***pqr*** **for** ***xyz*** (অ্যা-প-লজী ঠু *pqr* ফর্ *xyz*) = ক্ষমা চাওয়া *pqr*-এর কাছে *xyz*-এর জন্য	The company issued an apology ***to*** its customers ***for*** its error.{ কোম্পানিটি তার ভুলের জন্য তার গ্রাহকদের কাছে ক্ষমা চেয়ে নোটিশ ইস্যু করেছিলো }
36	**appetite** (অ্যা-পে-টাইট্) = ক্ষুধা	**appetite for** *xyz* (অ্যা-পে-টাইট্ ফর্ *xyz*) = *xyz*-এর জন্য ক্ষুধা	I have no ***appetite for*** lunch. { আমার দুপুরের খাবারের জন্য ক্ষুধা নেই }
37	**apply** (অ্যাপ্লাই) = দরখাস্ত করা	**apply for** *xyz* (অ্যাপ্লাই ফর্ *xyz*) = *xyz*-এর জন্য দরখাস্ত করা	Nur ***applied for*** a marketing job. { নুর একটি মার্কেটিংয়ের job-এর জন্য আবেদন করেছিলো }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
38	**appear** = আবির্ভাব হওয়া	**appear in** *xyz* = *xyz*-এ প্রকাশিত হওয়া	The news ***appeared*** (অ্যাপিআর্ড্) ***in*** some newspapers. { খবরটি কিছু পত্রিকায় প্রকাশিত হয়েছিলো }
39	**appear** (অ্যাপীআর্) = আবির্ভাব হওয়া	**appear before** *xyz* (অ্যাপীআর্ বিফর্ *xyz*) = *xyz*-এর সামনে উপস্থিত হওয়া	He ***appeared before*** the committee. { সে হাজির হলো কমিটির সামনে }
40	**appoint** (অ্যাপ-য়েন্ট) = নিযুক্ত করা	**appointed to** *xyz* (অ্যাপ-য়েন্টেড ঠু *xyz*) = *xyz*-এ নিযুক্ত হওয়া	Nur was ***appointed to*** this post. { নুরকে নিয়োগ দেয়া হলো এই পদে }
41	**appointment** (অ্যাপয়েন্ট্-মেন্ট্) = সাক্ষাৎকার	**appointment with** *xyz* (অ্যাপ-ইন্ট্-মেন্ট্ উয়িথ্ *xyz*) = *xyz*-এর সাথে সাক্ষাৎকার	I have an ***appointment with*** the principal at 10 am. {দশটায় প্রিন্সিপালের সাথে আমার সাক্ষাৎকার আছে}
42	**aptitude** (অ্যাপ্-টি-চুড্) = মেধা / দক্ষতা	**aptitude for** *xyz* (অ্যাপ্-টি-চুউড্ ফর্ *xyz*) = *xyz*-এ মেধা / দক্ষতা	He has no ***aptitude for*** math. { অঙ্কে তার মেধা নেই }
43	**argue** (আর্-গিউ্) = তর্ক করা	**argue against** *xyz* = *xyz*-এর বিপক্ষে বলা (আর্-গিউ্ অ্যাগেইন্স্ট্ *xyz*)	He ***argued against*** capital punishment. { মৃত্যুদন্ডের বিরুদ্ধে সে যুক্তি দেখালো }
এখানে দেয়া **ইংরেজি বাক্যগুলো** বাংলা অর্থসহ **বুঝে বুঝে** পড়লে ***Appropriate Prepostion*** মনে রাখাটা অনেক বেশি **সহজ হয়ে যাবে !**	44.	**argue over** *xyz* (আর্-গিউ্ ওভার্ *xyz*) = *xyz* নিয়ে তর্ক করা	The children were ***arguing over*** which TV program to watch. { বাচ্চারা তর্ক করছিলো টিভিতে কোন প্রোগাম দেখবে সেটা নিয়ে }
	45.	**argue with** *xyz* (আর্-গিউ্ উই্থ্ *xyz*) = *xyz*-এর সাথে তর্ক করা	They ***argued with*** the MP. { তারা MP-র সাথে তর্ক করেছিলো }
	46.	**ascend to** *xyz* (অ্যাসেন্ড্ ঠু *xyz*) = *xyz*-এ আরোহণ করা	He ***ascended to*** the peak (পীক্) of the m`ountain. { তিনি পর্বতের শীর্ষে আরোহণ করলেন }
	47.	**ask for** *xyz* (অ্যাস্ক্ ফর্ *xyz*) = *xyz* চাওয়া	He ***asked for*** information. { সে তথ্য চেয়েছিলো }
48	**arrive** (অ্যারাই্ভ্) = পৌছানো	**arrive at** *xyz* (অ্যারাই্ভ্ এ্যাট্ *xyz*) = *xyz*-এ পৌছানো	They ***arrived at*** a decision at last. { অবশেষে তারা একটা সিদ্ধান্তে পৌছলো }
49	**ascend** (অ্যাসেন্ড্) = উপরে উঠা	**ascend from** *xyz* (অ্যাসেন্ড্ ফ্রম্ *xyz*) = *xyz* থেকে উপরে উঠা	Mist is ***ascending from*** the valley. { কুয়াশা উপরে উঠছে উপত্যকা থেকে }
50	**ashamed** (অ্যা-শেই্ম্ড্) = লজ্জিত	**ashamed of** *xyz* (অ্যা-শেই্ম্ড্ অফ্ *xyz*) = *xyz*-এর কারণে লজ্জিত	I am ***ashamed of*** his conduct. { আমি তার আচরণে লজ্জিত }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
51	**ask** (অ্যাস্ক্) = জিজ্ঞেস করা	**ask about** *xyz* (অ্যাস্ক্ অ্যাবাউট্ *xyz*) = *xyz* সম্পর্কে জিজ্ঞেস করা	They ***asked about*** our trip. {তারা আমাদের ভ্রমণের ব্যাপারে জিজ্ঞেস করলো}
52	**assure** (অ্যাশিউর্) = নিশ্চয়তা দেয়া	**assure of** *xyz* (অ্যাশিউর্ অফ্ *xyz*) = *xyz*-এর ব্যাপারে নিশ্চয়তা দেয়া	Nur ***assured*** me ***of*** his help. {নুর আমাকে তার সাহায্যের ব্যাপারে নিশ্চয়তা দিলো}
53	**ease** (ঈয্) = স্বাচ্ছন্দ্য	**at ease with** *xyz* (অ্যাট্ ঈয্ উয়িথ্ *xyz*) = *xyz*-এর সাথে স্বাচ্ছন্দ্যবোধ করা।	She was never quite ***at ease with*** Taju. {সে কখনো তাজুর সাথে পুরোপুরি স্বাচ্ছন্দ্য বোধ করে নাই}
54	**atone** (অ্যাটোউন্) = অনুতপ্ত হওয়া	**atone for** *x* (অ্যাটৌন্ ফর্ *x*) = অনুতপ্ত হওয়া *x*-এর জন্য	A sinner should ***atone for*** his sin. { একজন পাপীকে তার পাপের জন্য অনুতপ্ত হওয়া উচিত }
55	**attentive** (এ্যাটেন্‌টিভ্) = মনোযোগী	**attentive to** *xyz* (এ্যাটেন্‌টিভ্ টু *xyz*) = মনোযোগী *xyz*-এর প্রতি	You are not ***attentive to*** your study. { তুমি তোমার পড়ালেখার প্রতি মনোযোগী নও }
56	**attitude** (অ্যাটিটিউড্) = দৃষ্টিভঙ্গি	**attitude towards** *xyz* (অ্যাটিটিউড্ টুওয়ারড্‌স্ *xyz*) = *xyz*-এর প্রতি দৃষ্টিভঙ্গি	His ***attitude towards*** life is very simple. { জীবনের প্রতি তার দৃষ্টিভঙ্গি খুবই সাদামাটা }
57	**attach** (অ্যাটাচ্) = জুড়ে দেয়া	**attach to** *xyz* (অ্যাটাচ্ টু *xyz*) = *xyz*-এর সাথে জুড়ে দেয়া	***Attach*** this slip **to** the letter. { জুড়ে দাও এই স্লিপটি চিঠির সাথে }
58	**authority** (অ-থ-রিটি) = কর্তৃত্ব	**authority over** *xyz* (অ-থ-রিটি ওভার্ *xyz*) = *xyz*-এর উপর কর্তৃত্ব	The parents should have ***authority over*** their children. {শিশুদের ওপর মাতা-পিতার কর্তৃত্ব থাকা উচিত}
59		**authority on** *xyz* (অ-থ-রিটি অন্ *xyz*) = *xyz*-এর উপর দখল / দক্ষতা	He has an ***authority on*** grammar. { তার দখল আছে গ্রামারের উপর }
60	**avail** (অ্যাভেইল্) = কাজে লাগানো	**avail (oneself) of** *xyz* {অ্যাভেইল্ (...) অফ্ *xyz*} = *xyz*-এর সুযোগ গ্রহণ করা	You must ***avail yourself of*** it. { তুমি অবশ্যই এই সুযোগ গ্রহণ করবে }
61	**aware** (অ্যাওয়ের্) = সচেতন	**aware of** *x* (অ্যাওয়ের্ অফ্ *x*) = *x*-এ সচেতন	People are not ***aware of*** the harmful effects of smoking. { মানুষ ধূমপানের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতন না }
62	**because** (বি-কজ্) = কারণ	**because of** *xyz* (বি-কজ্ অফ্ *xyz*) = *xyz*-এর কারণে	All are not equally well-off ***because of*** unequal distribution of wealth. (সম্পদের অসম বণ্টনের কারণে সকলে সমানভাবে স্বচ্ছল না।)
63	**blind** (ব্লাইন্ড) = অন্ধ	**blind of** *xyz* (ব্লাইন্ড অফ্ *xyz*) = *xyz*-এ অন্ধ	He is ***blind of*** one eye. {সে এক চোখে অন্ধ}

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
64	**blind** (ব্লাইন্ড্) = অন্ধ	***blind to*** *xyz* (ব্লাইন্ড্ টু *xy*) = *xy*-এর ব্যাপারে অন্ধ / উদাসীন	Parents are often ***blind to*** the faults of their children. { বাবা-মারা প্রায়ই তাদের সন্তানদের দোষের প্রতি উদাসীন থাকেন }
65	**blow** (ব্লো) = প্রবাহিত হওয়া	***blow over*** *pqr* (ব্লো ওভার্ *pqr*) = *pqr*-এর উপর দিয়ে প্রবাহিত হওয়া	Storms ***blew over*** the south-western areas. {ঝড়টি বয়ে গেলো দক্ষিণ-পশ্চিম অঞ্চলের উপর দিয়ে}
66	**bad** (ব্যাড্) = অদক্ষ	***bad at*** *pqr* (ব্যাড্ এ্যাট্ *pqr*) = *pqr*-এ অদক্ষ	He is ***bad at*** math. { সে অদক্ষ গণিতে }
67	**bent** (বেন্ট্) = বাঁকা	***bent upon / on*** *xyz* (বেন্ট্ আপন্ / অন্ *xyz*) = *xyz* করতে সংকল্পবদ্ধ	He is ***bent on*** quitting smoking. { সে ধূমপান ত্যাগ করতে সংকল্পবদ্ধ }
68	**bias** (বাই্আস্) = বদ্ধমূল ধারণা	***bias against*** *xyz* (বাই্আস্ য়েগেই্ন্স্ট্ *xyz*) = *xyz*-এর বিপক্ষে বদ্ধমূল ধারণা	I have no ***bias against*** late marriage. { দেরিতে বিবাহের বিরুদ্ধে আমার কোনো বদ্ধমূল ধারণা নেই }
69	**bias** (বাই্আস্) = পক্ষপাত	***bias towards*** *xyz* (বাই্আস্ টুআর্ড্স্ *xyz*) = *xyz*-এর দিকে পক্ষপাত	The newspapers (সংবাদপত্র) have ***biased*** people towards new candidate. { পত্রিকাগুলো মানুষদেরকে পক্ষে এনেছে নতুন প্রার্থীর }
70	**base** (বেই্য্) = ভিত্তি	***based on*** *xyz* (বেই্স্ড্ অন্ *xyz*) = ভিত্তি করে	Your remarks are not ***based on*** facts. {তোমার মন্তব্যগুলো বাস্তবের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত নয়}
71	**believe** (বিলীভ্) = বিশ্বাস করা	***believe in*** *x* (বিলীভ্ ইন্ *x*) = *x*-এ বিশ্বাস করা	I do not ***believe in*** his honesty. { আমি বিশ্বাস করি না তার সততায় }
72	**belong** (বিলং) = মালিকানাধীন হওয়া	***belong to*** *xyz* (বিলং টু *xyz*) = *xyz*-এর মালিকানাধীন হওয়া	This book ***belongs to*** me. { এই বইটি আমার }
73	**beware** (বি-ওয়ার্) = সচেতন হওয়া	***beware of*** *xyz* (বি-ওয়ার্ অফ্ *xyz*) = *xyz*-এর ব্যাপারে সচেতন হওয়া	***Beware of*** pollution { দূষণের ব্যাপারে সতর্ক হও }
74	**blush** (ব্লাশ্) = লাল হওয়া	***blush with*** *xyz* (ব্লাশ্ উয়িথ্ *xyz*) = লাল হওয়া xyz-এর কারণে	The girl ***blushed with*** shame (শেইম্). {বালিকাটি লাল হয়ে গেলো লজ্জায় }
75	**bring** (ব্রিং) = আনা	***bring up*** *xyz* (ব্রিং আপ্ *xyz*) = লালন-পালন করা	Parents ***bring*** their children ***up***. {পিতা-মাতারা তাদের সন্তানদের লালন-পালন করে থাকেন}
76		***bring about*** *xyz* (ব্রিং আবাউট্ *xyz*) = *xyz* ঘটানো	Evil deeds ***bring about*** ruin. { মন্দ কাজ বয়ে আনে ধ্বংস }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
77	**boast** (বোওস্ট্) = অহংকার করা	***boast of*** xyz (বৌস্ট্ অফ্ xyz) = xyz নিয়ে অহঙ্কার করা	Do not ***boast of*** your wealth. { তোমার সম্পদের গর্ব করো না } (অভিজাত পরিবার)
78	**born** (বর্ন্) = জন্ম নেয়া	***born into*** xyz (বর্ন্ ইনটু xyz) = জন্মগ্রহণ করা xyz-এ	He was ***born into*** an aristocratic family. { তিনি জন্মগ্রহণ করেছিলেন একটি অভিজাত পরিবারে }
79	**bound** (বাউন্ড্) = বাধ্য	***bound for*** xyz (বাউন্ড্ ফর্ xyz) = xyz-এর উদ্দেশ্যে যাত্রা করা	The ship is ***bound for*** Chottogram. { জাহাজটি চট্টগ্রামের উদ্দেশ্যে যাচ্ছে } { জাহাজটির গন্তব্য হলো চট্টগ্রাম }
80	**brood** (ব্রুড্) = দুশ্চিন্তা করা	***brood over*** xyz (ব্রুড্ ওভার্ xyz) = xyz নিয়ে দুশ্চিন্তা করা	Do not ***brood over*** your GPA. { GPA নিয়ে দুশ্চিন্তা করো না }
81	**burden** (বার্ডেন্) = বোঝা; ভার	***burden with*** xyz (বার্ডেন্ উয়িথ্ xyz) = xyz দ্বারা ভারাক্রান্ত	She is ***burdened with*** her worries (ওয়ারিয্). { সে ভারাক্রান্ত তার দুশ্চিন্তায় }
82	**burst** (বার্স্ট্) = ফেটে পড়া	***burst into/ out*** xyz (বার্স্ট্ ইনটু xyz) = হঠাৎ xyz-এ ফেটে পড়া	He ***burst into*** tears at the sad news. {দুঃসংবাদটি শুনে সে হঠাৎ কান্নায় ভেঙ্গে পড়লো} He ***burst out*** laughing at my joke.
83	**busy** (বিযি) = ব্যস্ত	***busy with*** xyz (বিযি উয়িথ্ xyz) = xyz নিয়ে ব্যস্ত	He is always ***busy with*** reading books. { সে সব সময় বই পড়া নিয়ে ব্যস্ত }
84	**callous** (ক্যালাস্) = উদাসীন	***callous to*** abc (খ্যালাস্ টু abc) = abc-র ব্যাপারে উদাসীন	He is always ***callous to*** his family. { সে তার পরিবারের প্রতি সবসময় উদাসীন }
85	**capable** (খেইপাব্ল্) = সক্ষম	***capable of*** abc (খেইপাব্ল্ অফ abc) = abc করতে সক্ষম	He is ***capable of*** doing this alone. { সে এই কাজটি একাকী করতে সক্ষম }
86	**capacity** (ক্যাপাসিটি) = সামর্থ্য	***capacity for*** xyz (ক্যাপাসিটি ফর্ xyz) = xyz করার সামর্থ্য	He has a ***capacity for*** hard work. { তার কঠোর পরিশ্রম করার ক্ষমতা আছে }
87	**care** = যত্ন	**care of** xyz (খেআর্ অফ্ xyz) = xyz-এর যত্ন	Take ***care of*** your health. { যত্ন নাও তোমার স্বাস্থ্যের }
88	**catch** (খ্যাচ) = ধরা	***catch at*** xyz (খ্যাচ এ্যাট xyz) = xyz-কে আঁকড়ে ধরা	A drowning man ***catches at*** a straw. {একজন ডুবন্ত মানুষ (বাঁচার আশায় এমনকি) খড়কুটো ধরে থাকে}

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
89	**careful** (খেআর্ফুল্) = যত্নবান	**careful of** *xyz* (কেআর্ফুল্ অফ্ *xyz*) = *xyz*-এর ব্যাপারে যত্নবান	Smokers are not ***careful of*** their health. { ধূমপায়ীরা তাদের স্বাস্থ্যের ব্যাপারে যত্নবান না }
90	**certain** (সার্-টেইন্) = নিশ্চিত	**certain of** *xyz* (সার্-টেইন্ অফ্ *xyz*) = *xyz*-এর ব্যাপারে নিশ্চিত	Nur is ***certain of*** his success. { নুর নিশ্চিত তার সফলতার ব্যাপারে }
91	**charge** (চার্জ্) = অভিযুক্ত করা	**charge with** *abc* (চার্জ্ উয়িথ্ *abc*) = *abc*-এ অভিযুক্ত করা	He was ***charged with*** theft. { চুরির দায়ে অভিযুক্ত করা হয়েছিলো তাকে }
92	**cautious** (খঅ্শাস্) = সচেতন	**cautious of** *xyz* (কঅ্শাস্ অফ্ *xyz*) = *xyz* সম্পর্কে সতর্ক বা সচেতন	Parents should be ***cautious of*** the faults of their children. {সন্তানদের ভুলের ব্যাপারে পিতা-মাতাদের সতর্ক থাকা উচিত}
93	**cling** (খ্লিং) = লেগে থাকা	**cling to** *xyz* (ক্লিং টু *xyz*) = *xyz*-এর সাথে লেগে থাকা	A good student ***clings to*** his studies. {একজন ভালো ছাত্র তার পড়াশুনায় লেগে থাকে}
94	**close** (খ্লৌয্) = নিকটে	**close to** *abc* (খ্লৌয্ টু *abc*) = *abc*-এর নিকটে	The school is very ***close to*** our house. { স্কুলটি আমাদের বাড়ির খুব নিকটে }
95	**come** (খাম্) = আসা	**come of** *abc* (খাম্ অফ্ *abc*) = *abc*-তে জন্মগ্রহণ করা	Abul ***comes of*** a noble family. { আবুল একটা অভিজাত পরিবারে জন্ম নিয়েছে }
96	**command** (খমান্ড্) = দখল	**command over** *xyz* (খমান্ড্ ওভার্ *xyz*) = *xyz*-এর উপর দক্ষতা বা দখল	***Command over*** English is needed to get a good job. {ভালো চাকরি পেতে হলে ইংরেজির উপর দখল দরকার}
97	**content** (খন্টেন্ট্) = সন্তুষ্ট	**content with** *abc* (খন্টেন্ট্ উয়িথ্ *abc*) = *abc*-এ সন্তুষ্ট	He should be ***content with*** what he has. { তার উচিত সন্তুষ্ট থাকা তার যা আছে তা নিয়ে }
98	**commence** (খমেন্স্) = শুরু হওয়া	**commence on** *abc* (খমেন্স্ অন্ *abc*) = *abc*-তে শুরু হওয়া	Our examination ***commences on*** 20 February. { আমাদের পরীক্ষা ২০শে ফেব্রুয়ারি শুরু হবে }
99	**compete** (খম্পীট্) = প্রতিযোগিতা করা	**compete with xyz for pqr** (খম্পীট্ উয়িথ্ *xyz* ফর্ *pqr*) = প্রতিযোগিতা করা *xyz*-এর সাথে *pqr*-এর জন্য	I will ***compete with*** him ***for*** the first prize. {আমি প্রথম পুরস্কারটির জন্য তার সাথে প্রতিযোগিতা করবো }
100	**compare** = তুলনা করা	**compare with** *xyz* (খম্পে-আর্ উয়িথ্ *xyz*) = *xyz*-এর সাথে তুলনা করা	Robindronath may be ***compared with*** Shelly. { রবীন্দ্রনাথকে তুলনা করা যেতে পারে শেলীর সাথে ।}
		compare to *pqr* = pqr-এর সাথে তুলনা করা	Anger is ***compared to*** fire. { রাগকে তুলনা করা যায় আগুনের সাথে }

✳ ব্যাখ্যা: রাগ এবং আগুন হলো ভিন্ন ধরনের দুটো জিনিস। তাই ***compare to*** হলো। আর "রবীন্দ্রনাথকে" তুলনা করা হলো আরেকজন মানুষ "শেলীর" সাথে। তাই, ***with*** হলো।

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
101	**complain** (কম্প্লেইন্) = অভিযোগ করা	**complain to** *xyz* **against** *pqr* **about** *abc* (কম্প্লেইন্ টু *xyz* এ্যাগেইন্স্ট্ *pqr* এ্যাবাউট্ *abc*) = *xyz*-এর কাছে *abc* নিয়ে *pqr*-এর বিরুদ্ধে অভিযোগ করা	They ***complained to*** the director ***against*** the manager ***about*** his misbehaviour. { তারা পরিচালকের নিকট ম্যানেজারের বিরুদ্ধে তার খারাপ আচরণের ব্যাপারে অভিযোগ করলো }
102	**compensate** (কম্-পেন্-সেইট্) = ক্ষতিপূরন করা	**compensate for** *abc* (কম্-পেন্-সেইট্ ফর্ *abc*) = *abc*-এর জন্য ক্ষতিপূরণ করা	Nothing can ***compensate for*** the loss of a loved one. { কোনো কিছুই একজন ভালোবাসার মানুষের হারিয়ে যাওয়ার ক্ষতিপূরণ করতে পারে না }
103	**competent** (কম্-পিটেন্ট্) = দক্ষ	**competent in** *xyz* (কম্-পিটেন্ট্ ফর্ *xyz*) = *xyz*-এ দক্ষ	He is ***competent in*** computer skills. { সে কম্পিউটারে দক্ষ }
104	**comply** (কম্প্লাই) = মেনে চলা	**comply with** *xyz* (কম্প্লাই উয়িথ্ *xyz*) = *xyz* মেনে চলা	I shall ***comply with*** your request. { আমি তোমার অনুরোধ মেনে নিবো }
	compose (কম্পৌয) = গঠন করা	**composed of** *xyz* (কম্পৌযড্ অফ্ *xyz*) = *xyz* দিয়ে গঠিত	Water is ***composed of*** hydrogen and oxygen. { পানি হাইড্রোজেন ও অক্সিজেন দ্বারা গঠিত }
105	**comprise** (কম-প্রাইযড্) = গঠিত হওয়া	**comprised of** *xyz* (কম-প্রাইযড্ অফ্ *xyz*) = *xyz* নিয়ে গঠিত	A family is ***comprised of*** parents and children. {একটি পরিবার মাতা-পিতা এবং সন্তানদের নিয়ে গঠিত }
106	**contribute** (কনট্রি-বিউট্) = অবদান রাখা	**contribute to** *xyz* (কনট্রি-বিউট্ টু *xyz*) = *xyz*-এ অবদান রাখা	Garment industry ***contributes*** a lot ***to*** the development of our economy. { পোশাক শিল্প আমাদের অর্থনৈতিক উন্নয়নে অনেক অবদান রাখে }
107	**connect** (কানেক্ট) = সংযুক্ত করা	**connected to** *xyz* by *pqr* (কানেক্-টেড্ টু *xyz* বাই *pqr*) = *pqr*-এর দ্বারা *xyz*-এর সাথে সংযুক্ত বা সম্পর্কিত	They are ***connected to*** one another ***by*** blood. {তারা রক্তের মাধ্যমে একে অপরের সাথে সম্পর্কিত}
108		**connect with** *xyz* = *xyz*-এর সাথে যুক্ত করা	Digitalization will ***connect*** men ***with*** the whole world. { ডিজিটালকরণ মানুষকে পুরো বিশ্বের সাথে যুক্ত করবে }
109	**conscious** (কনশাস) = সচেতন	**conscious of** *p* (কনশাস অফ *p*) = *p* সম্পর্কে সচেতন	He is ***conscious of*** his weakness (উইকনেস). { সে তার দুর্বলতা সম্পর্কে সচেতন }
110	**consist** (কনসিস্ট) = গঠিত হওয়া	**consist of** *xyz* (কনসিস্ট অফ *xyz*) = *xyz* নিয়ে গঠিত হওয়া	This class ***consists of*** forty students. { এই ক্লাসটি ৪০ জন ছাত্র নিয়ে গঠিত }
111	**consist** (কনসিস্ট) = নিহিত থাকা	**consist in** *xyz* (কনসিস্ট ইন *xyz*) = *xyz*-এর মধ্যে নিহিত	Happiness ***consists in*** contentment { সন্তুষ্টির মধ্যে সুখ নিহিত আছে }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
112	**consistent** (খন্-সিস্-ঠেন্ট্) = সামঞ্জস্যপূর্ণ	**consistent with** *xyz* (খন্-সিস্-ঠেন্ট্ উয়িথ্ *xyz*) = *xyz*-এর সাথে সামঞ্জস্যপূর্ণ	Your action is not ***consistent with*** what you say. { তোমার কাজের সামঞ্জস্য নেই বা মিল নেই তুমি যা বলো সেটার সাথে }
113	**contrary** (খন্-ঠ্রা-রী)-বিপরীত	**contrary to** *a* (কন্-ঠ্রা-রী টু *a*) = *a*-এর বিপরীত	His action is ***contrary to*** his words. { তার কাজ হলো তার কথার বিপরীত }
114	**contrast** = পার্থক্য	**contrast between** *x* **and** *y* = *x* এবং *y*-এর মধ্যে পার্থক্য	There is a ***contrast between*** (কন্ট্রাস্ট্ বি-টুইন্) the culture of India and Japan.
115	**concentrate** (খন্সেন্ঠ্রেইট্) = মনোযোগ দেয়া	**concentrate on** *abc* (খন্সেন্ঠ্রেইট্ অন্ *abc*) = *abc*-এর উপর মনোযোগ দেয়া	You must ***concentrate on*** your study. {তোমাকে অবশ্যই তোমার পড়াশুনায় মনোযোগ দিতে হবে}
116	**cope** (খৌপ্) = পেরে ওঠা	**cope with** *ab* (খৌপ্ উয়িথ্ *ab*) = *ab*-এর সাথে পেরে ওঠা	He cannot ***cope with*** the situation (সিচুয়েইশন্). { সে পরিস্থিতির সাথে খাপ খাওয়াতে পারে না }
117	**count** (কাউন্ট্) = গণনা করা; নির্ভর করা।	**count upon** *abc* (খাউন্ট্ আপন্ *abc*) = *abc*-এর উপর নির্ভর করা	I ***count upon*** your help ***for*** this work. { আমি নির্ভর করি তোমার সাহায্যের উপর এই কাজের জন্য ।}
118	**cut** (খাট্) = কাটা	**cut down** (খাট্ ডাউন্) *abc* = *abc*-কে কাটা	They ***cut down*** a lot of trees. {তারা অনেক গাছ কেটে ফেলেছিলো }
119	**concern** (কন্সারন্) = দুশ্চিন্তা করা	**concerned about** *xyz* = খন্-সারন্ড্ অ্যাবাউট্ *xyz* = *xyz* সম্পর্কে উদ্বিগ্ন	He was ***concerned about*** your health. { সে ছিলো তোমার স্বাস্থ্যের ব্যাপারে উদ্বিগ্ন }
120	**confident** (খন্ফিডেন্ট্) = আত্মবিশ্বাসী	**confident of** *xyz* (খন্ফিডেন্ট্ অফ্ *xyz*) = *xyz*-এর ব্যাপারে আত্মবিশ্বাসী	I am ***confident of*** my success. { আমি আত্মবিশ্বাসী আমার সফলতার ব্যাপারে }
121	**confined** (খন্ফাইন্ড্) = আবদ্ধ।	**confined in** *xyz* (খন্ফাইন্ড্ ইন্ *xyz*) = *xyz*-এর মধ্যে আবদ্ধ।	He is ***confined in*** a room ***for*** five days. { সে আবদ্ধ একটা রুমে পাঁচ দিন ধরে }
122	**confine** = সীমাবদ্ধ হওয়া	**confined to** *pqr* = *pqr*-এর মধ্যেই সীমাবদ্ধ	This illness is ***confined*** only ***to*** children. { এই অসুখটি শুধু শিশুদের মধ্যে সীমাবদ্ধ, তার মানে, এই অসুখে শুধুমাত্র বাচ্চারা আক্রান্ত হয় }
123	**congratulate** (খংগ্র্যাচু-লেইট্) = অভিনন্দন জানানো	**congratulate on** *xyz* (খংগ্র্যাচু-লেইট্ অন্ *xyz*) = *xyz*-এর জন্য অভিনন্দন জানানো	I ***congratulate*** you ***on*** your success. { আমি অভিনন্দন জানাই তোমাকে তোমার সফলতার জন্য }
124	**consult** (খন্সাল্ট্) = পরামর্শ করা	**consult with** *x* **about** *p* = পরামর্শ করা *x*-এর সাথে *p* সম্পর্কে	I ***consulted with*** him **about** the matter. {আমি ব্যাপারটা নিয়ে তার সাথে পরামর্শ করেছিলাম}

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
125	**control** (খন্‌ট্রোঔল্) = নিয়ন্ত্রণ	**control over** *x* (খন্‌ট্রোঔল্ ওভার্ *x*) = *x*-এর উপর নিয়ন্ত্রণ	He has no ***control over*** his brother. { তার ভাইয়ের উপর তার কোনো নিয়ন্ত্রণ নেই }
126	**cure** (খিওর্) = আরোগ্য হওয়া	**cure of** *xyz* (খিওর্ অফ্ *xyz*) = *xyz* থেকে আরোগ্য হওয়া	He will be ***cured of*** this disease very soon. { সে খুব শীঘ্রই এই রোগ থেকে সেরে উঠবে }
127	**crave** (ক্রেইভ্) = প্রবল আকাঙ্খা করা	**crave for** (ক্রেইভ্ ফর্) *xyz* = *xyz*-এর জন্য প্রচন্ড আকাঙ্খা করা	He ***craves for*** wealth. { = সে প্রবলভাবে সম্পদের আকাঙ্ক্ষা করে }
128	**creep** (ক্রীপ্) = হামাগুড়ি দেয়া	**creep up** (ক্রীপ আপ্) = ধীরে ধীরে বৃদ্ধি পাওয়া	Prices are ***creeping up***. { দাম ধীরে ধীরে বাড়ছে }
129	**cruise** (ক্রূয্) = উড়ে যাওয়া	**cruise to** *xyz* (ক্রূয্ টু *xyz*) = উড়ে উড়ে *xyz*-এ পৌছানো = সহজেই অর্জন করা *xyz*।	Our team ***cruised to*** victory. { আমাদের দল সহজেই জয়লাভ করলো }
130	**curse** (খারস্) = অভিশাপ দেয়া	**curse for** *x* (খারস্ ফর্ *x*) = *xyz*-এর জন্য অভিশাপ দেয়া	He ***cursed*** himself ***for*** his stupidity. {সে তার বোকামির জন্য নিজেকে অভিশাপ দিলো}
131	**dangerous** (ডেইন্‌জারাস্) = বিপজ্জনক	**dangerous for** *abc* (ডেইন্‌জারাস্ ফর্ *abc*) = *abc*-এর জন্য বিপজ্জনক	 Dirt is ***dangerous for*** babies. { ময়লা বাচ্চাদের জন্য বিপজ্জনক }
132	**descend** (ডিসেন্‌ড্) = নিচে নামা।	**descend on** *ab* (ডিসেন্ড্ অন্ *ab*) = *ab*-র উপর হঠাৎ ঝাঁপিয়ে পড়া	Armed thieves ***descended on*** the villagers. { সশস্ত্র চোররা গ্রামবাসীদের উপর ঝাঁপিয়ে পড়লো }
133	**delight** (ডিলাইট্) = আনন্দ পাওয়া	**delight in** *abc* = *abc*-র মধ্যে আনন্দ পাওয়া	He takes ***delight in*** reading books. { সে নেয় মজা বই পড়ার মধ্যে = সে বই পড়ে মজা পায় }
134	**depart** (ডিপারট্) = চলে যাওয়া	**depart from** *abc* (ডিপারট্ ফ্রম্ *abc*) = *abc* থেকে বিচ্যুত হওয়া	He never ***departs from*** the rules of good behaviour. { সে কখনো বিচ্যুত হয় না সদাচরণের নিয়মাবলি থেকে }
135	**depend** (ডিপেন্ড্) = নির্ভর করা	**depend on** *abc* (ডিপেন্ড্ অন্ *abc*) = *abc*-এর উপর নির্ভর করা	Success (সাক্-সেস্) ***depends on*** hard work. { সফলতা নির্ভর করে কঠোর পরিশ্রমের উপর }
136	**deprive** (ডিপ্রাইভ্) = বঞ্চিত করা	**deprived of** *xyz* (ডিপ্রাইভড্ অফ্ *xyz*) = *xyz* থেকে বঞ্চিত	Workers were ***deprived of*** their rights. {শ্রমিকদেরকে বঞ্চিত করা হলো তাদের অধিকার থেকে }
137	**desire** (ডেযায়ার্) = ইচ্ছা করা	**desire for** *x* (ডেযায়ার্ ফর্ *x*) = *x*-এর জন্য ইচ্ছা করা	Everyone ***desires for*** wealth. { প্রত্যেকেই সম্পদের জন্য আকাঙ্ক্ষা করে }
138	**destitute** (ডেস্‌টিটিউট্) = রিক্ত; নিঃস্ব	**destitute of** *xyz* = *xyz* শূন্য	He is ***destitute of*** a sense of humour. { তার অভাব রয়েছে হাস্যরসবোধের }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
139	**deviate** (ডেভিয়েইট্) = বিচ্যূত হওয়া	**deviate from** *xyz* (ডেভিয়েইট্ ফ্রম্ *xyz*) = *xyz* থেকে বিচ্যূত হওয়া	An honest man does not ***deviate from*** the path of honesty. {একজন সৎ লোক বিচ্যুত হয় না সততার পথ থেকে}
140	**devoid** (ডিভয়েড্) = বর্জিত	**devoid of** *x* (ডিভয়েড্ অফ্ *x*) = *x* বর্জিত	They are ***devoid of*** honesty (ওনেস্‌টি). { তারা হলো সততা বিহীন }
141	**devoted** (ডিভৌটেড্) = অনুরক্ত	**devoted to** *xyz* (ডিভৌটেড্ ঠু *xyz*) xyz-এর প্রতি গভীর ভালোবাসাপূর্ণ	Salma is devoted to her cats. { সালমা তার বিড়ালগুলোর প্রতি খুবই অনুরক্ত, তার মানে, সালমা তার বিড়ালগুলোকে খুব ভালোবাসে }
142	**deaf** (ডেফ্) = বধির	**deaf of** *xyz* (ডেফ্ অফ্ *xyz*) = *xyz*-এ বধির	He is ***deaf of*** one ear. { সে এক কানে শোনে না }
143	**deal** (ডীল্) = ব্যবসা করা	**deal in** *xyz* (ডীল্ ইন্ *xyz*) = *xyz* নিয়ে ব্যবসা করা	He ***deals in*** garments. { তিনি গার্মেন্টসের ব্যবসা করেন }
144	**deal** (ডীল্) = আচরণ করা	**deal with** *xyz* (ডীল্ উয়িথ্ *xyz*) = *xyz*-এর সাথে আচরণ করা	Teachers should tactfully ***deal with*** unruly (আন্‌রুলি = অবাধ্য) children. { শিক্ষকদের উচিত অবাধ্য বাচ্চাদের সাথে কৌশলী আচরণ করা }
145	**dedicate** (ডেডিকেইট্) = উৎসর্গ করা	**dedicate to** *xyz* (ডেডিকেইট্ ঠু *xyz*) = *xyz*-কে উৎসর্গ করা	This book is ***dedicated to*** his father. { বইটি তার পিতাকে উৎসর্গ করা হয় }
146	**desirous** (ডিযাই্রাস্) = ইচ্ছুক	**desirous of** *xyz* (ডিযাই্রাস্ অফ্ *xyz*) = *xyz*-এর জন্য ইচ্ছুক	He is ***desirous of*** building a new house. { সে ইচ্ছুক একটি নতুন বাড়ি বানাতে }
147	**despair** (ডেস্‌পেয়ার্) = হতাশ হওয়া	**despair of** *xyz* (ডিস্‌পেআর্ অফ্ *xyz*) = *xyz*-এর ব্যাপারে হতাশ হওয়া	Do not ***despair of*** your success. { তোমার সফলতার ব্যাপারে হতাশ হয়ো না }
148	**die** = মারা যাওয়া	**die of (a disease)** = (অসুখ-বিসুখে) মারা যাওয়া	He ***died of*** diarrhoea. { সে ডায়রিয়ায় মারা গেলো }
149	**বাংলা অর্থ বুঝে বুঝে পড়ো।**	**die from xyz** = xyz-এর কারণে মারা যাওয়া	He ***died from*** hunger. {সে ক্ষুধার কারণে মারা গেল }
150		**die for (a cause)** = কোনো উদ্দেশ্যে মৃত্যুবরণ করা	He ***died for*** his country. { সে তার দেশের জন্য জীবন দিলো}
151		**die in (peace)**	Let me ***die in*** peace. { আমাকে শান্তিতে মরতে দাও।}
152	**differ** (ডিফার্) = ভিন্ন হওয়া	**differ with** *xyz* **on** *pqr* = *xyz*-এর সাথে *pqr*-এর ব্যাপারে ভিন্নমত পোষণ করা	I ***differ with*** you ***on*** this point. { এই বিষয়ে আমি তোমার সাথে ভিন্নমত পোষণ করি }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
		differ from *xyz* = *xyz* থেকে ভিন্নরূপ হওয়া	X ***differs from*** Y. (X, Y থেকে ভিন্ন)
153	**difference** = পার্থক্য	**difference between** *X & Y* = *X* এবং *Y*-এর মধ্যে পার্থক্য	There is no ***difference between*** the two friends. (তাদের দুই বন্ধুর মধ্যে কোনো পার্থক্য নেই)
154	**different** = ভিন্ন	**different from** *xyz* = *xyz*-থেকে ভিন্ন	This book is ***different from*** that. (এই বইটি আলাদা ঐটি থেকে)
155	**difficult** = কঠিন	**difficult to** *xyz* = *xyz* করা কঠিন	Long sentences are ***difficult to*** understand. (লম্বা বাক্য বুঝা কঠিন)
156	**disgrace** = কলঙ্ক	**disgrace to** *xyz* = *xyz*-এর নিকট কলঙ্ক	He is ***a disgrace to*** his family. (সে তার পরিবারের নিকট একটা কলঙ্ক)
157	**disgusted** (ডিসগাসটেড) = ভীষণ বিরক্ত	**disgusted with** *xyz* = *xyz* নিয়ে ভীষণ বিরক্ত	I am ***disgusted with*** his behaviour. (আমি ভীষণভাবে বিরক্ত তার আচরণ নিয়ে)
158	**displeased** = অসন্তুষ্ট	**displeased with** *y* = *y*-এর প্রতি অসন্তুষ্ট	Nur is ***displeased with*** him. (নুর হলো অসন্তুষ্ট তার প্রতি)
159	**dissatisfied** = অসন্তুষ্ট	**dissatisfied with** *xyz* = *xyz* নিয়ে অসন্তুষ্ট	An honest man is never ***dissatisfied with*** what he has. (একজন সৎ লোক কখনোই তার যা আছে তা নিয়ে অসন্তুষ্ট নন)
160	**distinguish** = পৃথক করা	**distinguish** *pqr* **from** *xyz* = *xyz* থেকে *pqr*-কে পৃথক করা	A child cannot ***distinguish*** good ***from*** bad. (একজন শিশু মন্দ থেকে ভালোকে আলাদা করতে পারে না)
		distinguish between *x & y* = *x* ও *y*-এর মধ্যে পার্থক্য করা	***Distinguish between*** good and bad. (ভালো এবং মন্দের মধ্যে পার্থক্য করো)
161	**divide** (ডিভাইড) = ভাগ করা	**divide between** *x & y* = *x* এবং *y* দু'জনের মধ্যে ভাগ করে দেয়া	Divide the mangoes ***between*** Rubel & Ruma. (রুবেল এবং রুমার মধ্যে আমগুলো ভাগ করে দাও)
		divide among *xyz* = দু'য়ের অধিকের মধ্যে ভাগ করা	***Divide*** the mangoes ***among*** them. (তাদের মধ্যে আমগুলো ভাগ করে দাও)
162	**trap** = ফাঁদ **entrap** (এনট্র্যাপ) = ফাঁদে ফেলা	**entrapped by** *xyz* = *xyz*-এর ফাঁদে আটকা পড়া	The country is ***entrapped by*** unemployment problem. (দেশটি বেকারত্বের সমস্যায় আটকে আছে)
163	**effect** (এফেক্ট) = প্রভাব	**effect on** *abc* (এফেক্ট অন *abc*) = *abc*-এর উপর প্রভাব	His lecture had a profound ***effect on*** pupils. (তার লেকচার ছাত্রছাত্রীদের উপরে গভীর প্রভাব ফেলেছিলো) 
164	**eager** (ঈগার) = আগ্রহী	**eager for** *xyz* = *xyz*-এর জন্য আগ্রহী	He is ***eager for*** promotion. (সে হলো আগ্রহী পদোন্নতির জন্য)

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
165	**eligible** (য়েলিজিবল) = যোগ্য	**eligible for** *abc* = *abc*-র জন্য যোগ্য	Nur is ***eligible for*** the post. { নুর পদটির জন্য যোগ্য }
166	**end** = শেষ হওয়া	**end up in smoke** = ব্যর্থতায় শেষ হওয়া	All his plans ***ended up in smoke***. { তার সব পরিকল্পনা ব্যর্থতায় পর্যবসিত হলো }
167	**entitle** (য়েনটাইটেল) = টাইটেল দেয়া = অধিকার দেয়া	**entitled** (য়েনটাইটেল্ড) **to** *xyz* = *xyz*-এর অধিকারপ্রাপ্ত = *xyz* পাওয়ার অধিকার রাখা	Nur is ***entitled to*** a reward for honesty. {নুর অধিকার রাখে সততার জন্য একটা পুরস্কার পাওয়ার}
168	**escape** (য়েসকেইপ) = পলায়ন করা	**escape from** *xyz* = *xyz* থেকে পলায়ন করা	The man ***escaped*** (য়েস্কেইপ্ট) ***from*** the village. { লোকটি পালালো গ্রাম থেকে } 
169	**essential** (য়েসেনশল্) = অপরিহার্য	**essential to** *abc* (য়েসেনশল্ টু *abc*) = *abc*-এর জন্য অপরিহার্য	Exercise is ***essential to*** health. Experience is **essential for** this job. { অভিজ্ঞতা অত্যাবশ্যক এই চাকরির জন্য }
170	**esteem** (য়েস্টীম্) = শ্রদ্ধা	**esteem for** *x* (য়েস্টীম্ ফর্ *x*) = *x*-এর প্রতি শ্রদ্ধা	Abdul Karim has ***esteem for*** his teacher. { Abdul করিমের শ্রদ্ধা রয়েছে তার শিক্ষকের প্রতি }
171	**excel** (য়েক্সেল্) = খুব ভালো করা	**excel in** *xyz* = *xyz*-এ খুব ভালো করা	He ***excels in*** (য়েক্সেল্ ইন) math. { সে খুবই ভালো করে গণিতে }
172	**excuse** (য়েক্সকিউয্) = ক্ষমা করা	**excuse for** *x* (য়েক্সকিউয্ ফর্ *x*) = *x*-এর জন্য ক্ষমা করা	He will not be ***excused for*** coming so late. { এত দেরি করে আসার জন্য তাকে ক্ষমা করা হবে না }
173	**exempt** (য়েকযেম্পট) = অব্যাহতি দেয়া	**exempt from** *xyz* = *xyz* থেকে অব্যাহতি দেয়া	He was ***exempted*** (য়েকযেম্পটেড) ***from*** the fine { তাকে অব্যাহতি দেয়া হলো জরিমানা থেকে }
174	**fail** = ব্যর্থ	**fail in** *xyz* (ফেইল ইন *xyz*) = *xyz*-এ ব্যর্থ হওয়া	Most of the students ***failed in*** English. { অধিকাংশ ছাত্র ইংরেজিতে ফেল করেছিলো }
175	**faith** (ফেইথ্) = বিশ্বাস	**faith in** *xyz* = *xyz*-এ বিশ্বাস/আস্থা	I have no ***faith in*** him. { আমার কোনো আস্থা নেই তার প্রতি }
176	**faithful** (ফেইথফুল) = বিশ্বস্ত	**faithful to** *xyz* = *xyz*-এর প্রতি বিশ্বস্ত	The dog is ***faithful to*** its master. { কুকুরটি হলো বিশ্বস্ত তার প্রভুর প্রতি }
177	**fall** = পরাজিত হওয়া	**fall to** *xyz* = *xyz*-এর নিকট পরাজিত হওয়া	Pakistani army finally ***fell to*** the freedom fighters in 1971. {পাকিস্তানী সেনাবাহিনী অবশেষে মুক্তিযোদ্ধাদের নিকট পরাজিত হয়েছিল ১৯৭১ সালে }
178	**fall** = পরিণত হওয়া	**fall a victim to** *xyz* = *xyz*-এর শিকারে পরিণত হওয়া	The prisoners ***fell a victim to*** the cruelty of them. (কয়েদিরা তাদের নিষ্ঠুরতার শিকারে পরিণত হয়েছিল)
179	**familiar** (ফ্যামি-লিআর্) = পরিচিত	**familiar with** *xyz* = *xyz*-এর সাথে পরিচিত	Nur is quite ***familiar with*** our software. { নুর আমাদের সফটওয়্যারের সাথে বেশ পরিচিত }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
180	**famous** (ফেইমাস্) = বিখ্যাত	**famous for** *xyz* = *xyz*-এর জন্য বিখ্যাত	Once Dhaka was ***famous for*** its rivers. { একদা ঢাকা বিখ্যাত ছিলো এটার নদীগুলোর জন্য ।}
181	**friendly** (ফ্রেন্ডলী) = বন্ধুত্বপূর্ণ	**friendly with** *xyz* (ফ্রেন্ডলী উয়িথ্ *xyz*)	Abdul Karim is ***friendly with*** us. { Abdul করিম আমাদের সাথে বন্ধুত্বপূর্ণ }
182	**favor** (ফেইভার্) = পক্ষে	**in favor of** *x* {ইন্ ফেইভার্ অফ্ *x*} = *x*-এর পক্ষে	Nur spoke ***in favor of*** death penalty. { নুর মৃত্যুদণ্ডের পক্ষে কথা বলল }
183	**favorable** (ফেইভারেব্‌ল্) = অনুকুল	**favorable to** *xyz* (ফেইভারেব্‌ল্ টু *xyz*) = *xyz*-এর অনুকুলে	This situation is ***favorable to*** us. { এই পরিস্থিতিটি আমাদের অনুকূলে }
184	**feel** (ফীল্) = অনুভব করা	**feel for** *xyz* = *xyz*-এর জন্য অনুভব করা	I ***feel for*** you in your trouble. { তোমার বিপদে আমি তোমাকে অনুভব করি }
185	**fight** (ফাইট্) = ঝগড়া	**fight among** *xyz* = *xyz*-এর মধ্যে ঝগড়া	They used to ***fight among*** (ফাইট্ এ্যামাং) themselves
186	**fit** (ফিট্) = যোগ্য	**fit for** *xyz* (ফিট্ ফর্ *xyz*) = *xyz*-এর জন্য যোগ্য	The people of developed countries are ***fit for*** it. { উন্নত দেশগুলোর মানুষরা এটার জন্য যোগ্য }
187	**fill** (ফিল্) = পূর্ণ করা	**be filled with** *xyz* (ফিল্ উয়িথ্ *xyz*) = *xyz* দ্বারা ভর্তি	This glass is ***filled with*** water. { গ্লাসটি পানি দিয়ে পূর্ণ } * **full**-এর পর **of** হয় = This glass is full of water.
188	**fond** (ফন্‌ড্) = অনুরাগী	**fond of** *xyz* (ফন্‌ড্ অফ্ *xyz*) = *xyz*-এর অনুরাগী	Abdul Karim is ***fond of*** books. { আব্দুল করিম হলেন বইয়ের অনুরাগী }
189	**free** (ফ্রী) = মুক্ত	**free from** *xyz* = *xyz*-থেকে মুক্ত	Sohel is now ***free from*** danger. { সোহেল এখন বিপদ থেকে মুক্ত }
190	**furnish** (ফার্নিশ্) = প্রদান করা	**furnish** *xyz* **with** *pqr* = *xyz*-কে *pqr* প্রদান করা	She has ***furnished*** a theme ***with*** poets & artists. { তিনি কবি ও শিল্পীদের বিষয়বস্তু যোগান দিয়েছেন }
191	**get** (গেট্) = পাওয়া	**get from** *xyz* (গেট্ ফ্রম্ *xyz*) = *xyz*-থেকে পাওয়া	What kind of information can we ***get from*** it? {আমরা কী ধরণের তথ্য পেতে পারি এটা থেকে ? }
192	**give** (গিভ্) = দেয়া	**give up** *xyz* (গিভ্ আপ্ *xyz*) = *xyz* ত্যাগ করা	We should ***give up*** evil deeds. { আমাদের ছেড়ে দেয়া উচিত সব মন্দ কাজকে }
193	**glance** (গ্লান্স্) = ক্ষণিক সময় তাকানো	**glance at** *xyz* (গ্লান্স্ এ্যাট *xyz*) = *xyz*-এর দিকে তাকানো	He ***glanced at*** me casually (ক্যাযু-অ্যালী). { সে মাঝে মাঝে আমার দিকে তাকাতো }
194	**greed** (গ্রীড্) = লোভ	**greed for** *xyz* (গ্রীড্ ফর্ *xyz*) = *xyz*-এর প্রতি লোভ	Unusual ***greed for*** money leads to danger. {টাকার প্রতি অস্বাভাবিক লোভ বিপদ বয়ে আনে}
195	**good** = ভালো	**good at** *xyz* (গুড্ এ্যাট *xyz*) = *xyz*-এ দক্ষ	Razib is ***good at*** Math and English. {রাজীব গণিত এবং ইংরেজিতে দক্ষ} **6 + 2(1+2) =**

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
196	**go** (গৌ) = যাওয়া	**go on with** *xyz* (গৌ অন্ উইথ্ *xyz*) = *xyz* চালিয়ে যাওয়া	Let's ***go on with*** our practice. { চল আমরা আমাদের অনুশীলন চালিয়ে যাই }
197	**grateful** (গ্রেইট্ফুল্) = কৃতজ্ঞ	**grateful to** *xyz* (গ্রেইট্ফুল্ টু *xyz*) = *xyz*-এর নিকট কৃতজ্ঞ	I am ***grateful to*** you for your help. { আমি তোমার সাহায্যের জন্য তোমার নিকট কৃতজ্ঞ }
198	**guilty** (গিইল্টি) = দোষী	**guilty of** *xyz* (গিইল্টি অফ্ *xyz*) = *xyz*-এ দোষী	Abdul was not ***guilty of*** theft. { আব্দুল চুরির জন্য দোষী ছিলো না }
199	**hanker after** = পিছনে ছোটা	**hanker after / for** *xyz* (হ্যাংকার্ আফ্টার্ / ফর্ *xyz*) = *xyz*-এর পিছনে ছুটা	Do not ***hanker after / for*** riches. { সম্পদের পিছনে ছুটিও না }
200	**heir** (য়েআর্) = উত্তরাধিকারী	**heir of** *xyz* = *xyz* এর উত্তরাধিকারী	He is the ***heir of*** father He is the ***heir to*** his father's property.
201	**hit** = আঘাত করা	**hit upon** *xyz* (হিট্ আপন্ *xyz*) = *xyz* হঠাৎ মাথায় আসা	He ***hit upon*** a plan. { তার মাথায় হঠাৎ একটি পরিকল্পনা আসলো }
202	**hover** (হঔ্ভার্) = ভেসে থাকা	**hover over** *xyz* (হঔ্ভার্ ওঔ্ভার্ *xyz*) = *xyz*-এর উপর ভেসে থাকা	After ***hovering over*** the Bay of Bengal, Cyclone has finally ***gone over*** Bangladesh. { বঙ্গোপসাগরের উপর ভেসে থাকার পর সাইক্লোনটি অবশেষে বাংলাদেশের ভূ-খণ্ড অতিক্রম করলো }
203	**hunger** (হাংগার্) = তীব্র আকাঙ্ক্ষা	**hunger for** *xyz* = *xyz*-এর জন্য তীব্র আকাঙ্ক্ষা	His ***hunger for*** knowledge baffled us. { জ্ঞানের জন্য তার আকাঙ্ক্ষা আমাদের হতভম্ভ করলো }
204	**hard** = কঠিন	**hard of** *hearing* = কানে কম শোনা	He is **hard of** hearing. { তিনি কানে কম শুনেন }
205	**hope** (হোঔ্প্) = আশা করা	**hope for** *xyz* = আশা করা **hopeful about/ of**	Let us ***hope for*** the best. He was ***hopeful*** (আশাবাদী) ***about/ of*** it.
206	**indifferent** (ইন্-ডিফ্-রেন্ট্) = উদাসীন	**indifferent to** *xyz* (ইন্-ডিফ্-রেন্ট্ টু *xyz*) = *xyz*-এ উদাসীন	A good student is never ***indifferent to*** his study. {একজন ভালো ছাত্র কখনই তার পড়াশুনায় উদাসীন হয় না }
207	**indulge** (ইন্ডাল্জ্) = (খারাপ কিছুতে) ডুবে যাওয়া	**indulge in** *xyz* (ইন্ডাল্জ্ ইন্ *xyz*) = *xyz*-এ লিপ্ত হওয়া	Some officers ***indulge in*** corruption. { কিছু কর্মকর্তা লিপ্ত হয় দুর্নীতিতে }
208	**inform** (ইন্ফর্ম্) = জানানো	**inform of/about** *xyz* (ইন্ফর্ম্ অফ্ *xyz*) = *xyz*-কে জানানো	He ***informed*** the police ***of*** the matter. { সে পুলিশকে ব্যাপারটা জানালো } ***Inform*** him ***about*** it.
209	**interest** = আগ্রহ	**interest in** *xyz* = *xyz* নিয়ে আগ্রহ	He has a great ***interest in*** sums. {অংকে তার ব্যাপক আগ্রহ রয়েছে }
210	**involve** = জড়িত হওয়া	**involved in** *xyz* = *xyz*-এ জড়িত	He ***was involved*** in this crime. { সে জড়িত ছিলো এই অপরাধটিতে }
211	**indebted** (ইন্ডেটেড্) = কৃতজ্ঞ	**indebted to** = ঋণী; কৃতজ্ঞ **debt** (ডেট্) = ঋণ	I am ***indebted to*** him for this help. { এই সাহায্যের জন্য আমি তার কাছে কৃতজ্ঞ/ঋণী }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
212	**inferior** = নিকৃষ্ট	**inferior to** (ইন্-ফে-রি-ওর্) = নিকৃষ্ট	This apple *is* inferior *to* that. { এই আপেলটি ওটার চেয়ে নিকৃষ্টমানের }
213	**injurious** (ইন্জুরিআস্) = ক্ষতিকর	**injurious to** *xyz* (ইন্জুরিআস্ টু *xyz*) = *xyz*-এর জন্য ক্ষতিকর	Smoking is ***injurious to*** health. { ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর }
214	**inquire** (ইন-ক-আর্) = অনুসন্ধান করা	**inquire of / into** *xyz* = *xyz*-এর অনুসন্ধান করা inquire into *xyz*	***Inquire of*** him about it. ***Inquire into*** the matter. (খোঁজ নাও ব্যাপারটা নিয়ে)
215	**insist** = জোরাজুরি করা	**insist on xyz** (ইন্-সিস্‌ট্ অন্ *xyz*) = *xyz* করার উপর জোরাজুরি করা	He ***insisted on*** my going home. { সে জোর দিলো আমার যাওয়ার উপর }
216	**interfere** (ইন্-টার্-ফিআর্) = নাক গলানো	**interfere in xyz** = xyz-এ নাক গলানো	Do not ***interfere in my affairs.*** { আমার বিষয়ে নাক গলাবে না }
217	**jealous** (জেলাস্) = ঈর্ষাপরায়ণ	**jealous of** *xyz* = *xyz*-এর ঈর্ষাপরায়ণ	I am not ***jealous of*** his fortune. { আমি তার সৌভাগ্যে ঈর্ষাপরায়ণ নই }
218	**jump** = লাফ দেয়া	**jump to** *xyz* = তাড়াহুড়ো করে *xyz* করা	Do not ***jump to*** a conclusion without thinking. { চিন্তাভাবনা না করে দ্রুত সিদ্ধান্ত নিও না }
219	**junior** = পদে বা বয়সে ছোট	**junior to** *xyz* = *xyz*-এর চেয়ে নিচে	He is ***junior to*** me in service. (সে হলো আমার অধঃস্তন চাকুরীর দিক দিয়ে)
220	**knock** (নক্) = কড়া নাড়া	**knock at** *xyz* (নক্ এ্যাট্ *xyz*) = *xyz*-এ করা নাড়া	Your examination is ***knocking at*** the door {তোমার পরীক্ষা খুব নিকটে / দরজায় কড়া নাড়ছে}
221	**laugh** (লাফ্) = হাসা	**laugh at** *xyz* = *xyz*-কে উপহাস করা	Do not ***laugh at*** the poor. { গরীবদের উপহাস করো না }
222	**key** (কী) = চাবি	**key to** *xyz* = *xyz*-এর চাবি	Hard work is the ***key to*** success. { কঠোর পরিশ্রম হলো সফলতার চাবিকাঠি। }
223	**kind** (কাইন্ড) = দয়ালু	**kind of** *xyz* = *xyz*-এর দয়া	It is ***kind of*** you to help him. { তাকে সাহায্য করা তোমার দয়াসুলভ আচরণ }
224	ইংরেজি বাক্যগুলো **না পড়লে, শুধু** *Preposition* **পড়লে,** **মনে রাখা যাবে না** ও পরীক্ষার হলেও **Answer বের করা যাবে না।**	**kind to** = সদয়	She is very **kind to** the children.
225		**keep away from** *pqr* (কীপ্ আওয়ে ফ্রম *pqr*) = *pqr* থেকে দূরে থাকা	We should ***keep away from*** evil deeds. { আমাদের উচিত মন্দ কাজ থেকে দূরে থাকা }
226		**lead to** *xyz* (লীড টু *xyz*) = *xyz* এর দিকে নিয়ে যাওয়া	It may ***lead*** us ***to*** troubles. { এটা নিয়ে যেতে পারে আমাদেরকে সমস্যার দিকে }
227		**lie in** *pqr* (লাই ইন *pqr*) = *pqr*-এ নিহিত থাকা	Success ***lies in*** hard work. { সফলতা নিহিত আছে কঠোর পরিশ্রমে }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
228	**liable** (লাই্য়েবল্) = দায়ী	**liable for** *x* (লাই্এই্বল্ ফর্ *x*) = *x*-এর জন্য দায়ী	Abdul Karim is ***liable for*** this damage. { আব্দুল করিম দায়ী এই ক্ষতির জন্য }
229	**link** (লিংক্) = যুক্ত করা	**link to** *xyz* (লিংক টু *xyz*) = *xyz*-এর সাথে যুক্ত থাকা	The video cameras are ***linked to*** a computer. { একটা কম্পিউটারের সাথে ভিডিও ক্যামেরা যুক্ত থাকে }
230	**look** (লুক্) = তাকানো	**look at** *xyz* = *xyz*-এর দিকে তাকানো	***Look at*** the moon. { তাকাও চাঁদের দিকে }
231	ইংরেজি বাক্যগুলো অর্থ বুঝে বুঝে মন দিয়ে পড়লে ***Appropriate*** ***Prepostion*** মনে রাখাটা অনেক অনেক বেশি সহজ হয়ে যাবে !	**look after** *xyz* = *xyz* দেখাশোনা করা	There is none to ***look after*** her. { কেউ নেই তাকে দেখাশোনা করার }
232		**look for** *xyz* = *xyz* খোঁজা	Abdullah is ***looking for*** a good job. { আব্দুল্লাহ একটি ভালো চাকরি খুঁজছে }
233		**look into** *xyz* = *xyz* তদন্ত করা	The police are ***looking into*** the matter. { পুলিশ বিষয়টি তদন্ত করছে }
234		**look up** *xyz* = *xyz* খোঁজা 	***Look*** the word ***up*** in the dictionary. { ডিকশনারিতে শব্দটি খোঁজো }
235		**make up of** *xyz* = *xyz* দিয়ে গঠিত	The cricket team is ***made up*** of 11 players. {ক্রিকেট দলটি ১১ জন খেলোয়াড় নিয়ে গঠিত}
236		**make out** *xyz* = *xyz* বুঝতে পারা	I cannot ***make out*** (মেইক্ আউট্) what you say. { তুমি যা বলো তা আমি বুঝতে পারি না }
237	**made** (মেইড্) = তৈরি	**made of** *xyz* = *xyz* দিয়ে তৈরি ***made from*** *xyz* = *xyz* থেকে তৈরি	The ring is ***made of*** (= composed of) gold. { আংটিটি সোনা দিয়ে তৈরি } Plastic is ***made from*** oil.
238	**marry** (ম্যারী) = বিয়ে দেয়া/করা	**marry to** *xyz* = *xyz*-এর কাছে বিবাহ দেয়া	He ***married*** his daughter ***to*** a rich merchant. { তিনি বিবাহ দিলেন তার মেয়ের একজন ধনী ব্যবসায়ীর সাথে }
239	**merge** (মার্জ্) = একীভূত করা	**merge with** *xyz* = *xyz*-এর সাথে মিলিত হওয়া	His department will ***merge with*** mine.
240	**mindful** (মাইন্ড্ফুল্) = মনোযোগী	**mindful of** *xyz* (মাইন্ড্ফুল্ অফ্ *xyz*) = *xyz*-এর প্রতি মনোযোগী	The student is ***mindful of*** his studies. { ছাত্রটি তার পড়াশুনায় মনোযোগী }
241	**mix** (মিক্স্) = মেশা	**mix with** *xyz* = *xyz*-এর সাথে মেশা	He does not ***mix with*** other boys. { সে অন্য বালকদের সাথে মিশে না }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
242	**mourn** (মোউর্‌ন্‌) = শোক করা	**mourn for / over** *xyz* = *xyz*-এর জন্য শোক করা	We ***mourn for*** the Bangladeshis killed in 1971. {১৯৭১ সালে মারা যাওয়া বাংলাদেশীদের জন্য আমরা শোক করি }
243	**ইংরেজি বাক্যগুলো বুঝে বুঝে পড়ো !**	**moved by** *xyz* = *xyz* দ্বারা অভিভূত হওয়া	I was ***moved by*** the bravery of freedom fighters. { আমাকে অভিভূত করেছিলো মুক্তিযোদ্ধাদের সাহস }
244	**move** = চলা: যাওয়া	**move from** *xyz* (মুভ্‌ ফ্রম্‌ *xyz*) = *xyz* থেকে চলে যাওয়া	Adib has ***moved from*** Uttara. { আদিব চলে গিয়েছে উত্তরা থেকে }
245	**move** (মুভ্‌) = চলে যাওয়া	**move to** *xyz* = *xyz*-এ চলে যাওয়া	Where has he ***moved to*** ? { সে কোথায় চলে গিয়েছে ?}
246	**name** (নেইম্‌) = নাম রাখা	**name after** *xyz* = *xyz*-এর অনুসারে নাম রাখা	The Olympic Games were ***named after*** the town of Olympia in Greece. { অলিম্পিক গেমসের নাম রাখা হয়েছিলো গ্রিসের অলিম্পিয়া শহরের নামানুসারে }
247	**obedience** (ওবিডিয়েন্স) = আনুগত্য	**obedience to** *xyz* (ওবেডিয়েন্স্‌ টু *xyz*) = *xyz*-এর প্রতি আনুগত্য	***Obedience to*** parents is necessary for success. { মাতা-পিতার প্রতি আনুগত্য সফলতার জন্য দরকার }
248	**object** (অব্‌জেক্ট) = আপত্তি করা	**object to** *xyz* (অব্‌জেক্ট্‌ টু *xyz*) = *xyz*-এ আপত্তি করা	He ***objected to*** my proposal. { সে আমার প্রস্তাবে আপত্তি করলো }
249	**obliged** (অবলাইযড্‌) = কৃতজ্ঞ	**obliged to** *xyz* = *xyz*-এর কাছে কৃতজ্ঞ	I am ***obliged to*** him **for** his help. { আমি তার কাছে কৃতজ্ঞ তার সাহায্যের জন্য }
250	**oblivious** (অবলি-ভি-আস্‌) = অসচেতন	**oblivious of** *xyz* (অবলি-ভি-আস্‌ অফ্‌ *xyz*) = *xyz* সম্পর্কে অসচেতন	He was ***oblivious of*** her surroundings. { সে অসচেতন ছিলো তার চারপাশ সম্পর্কে }
251	**obstacle** (অবস্‌-টেকল্‌) = প্রতিবন্ধকতা	**obstacle to** *xyz* (অবস্‌-টেকল্‌ টু *xyz*) = *xyz*-এর পথে বাধা	Corruption acts as an ***obstacle to*** development. { উন্নয়নের পথে বাধা হিসেবে কাজ করে দুর্নীতি }
252	**occupy** (অকিউপাই) = দখল করা	**occupied with / in** *xyz* = *xyz*-এ নিয়োজিত / মগ্ন	Ranu is ***occupied with*** his studies. Rajib is ***occupied in*** sending an email.
253	**occur** (অকার্‌) = ঘটা	**occur to** *xyz* = *xyz*-এর মনে আসা	The idea ***occurred to*** me in a dream. { ধারণাটি এসেছিলো আমার মনে একটি স্বপ্নের মধ্যে }
254	**offend** (অফেন্ড) = ক্ষুব্ধ করা	**offended** *xyz* **with** *pqr* = *xyz*-কে *pqr* দ্বারা বিরক্ত / রাগান্বিত করা	Selim ***offended*** everybody ***with*** his rough behaviour. { সেলিম তার উগ্র আচরণ দ্বারা প্রত্যেককে রাগান্বিত করেছিলো }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
255	**offensive** (অফেন্‌-সিভ্) = বিরক্তিকর	**offensive to** *xyz* (অফেন্‌-সিভ্ টু *xyz*) = *xyz*-এর কাছে বিরক্তিকর	His behaviour is ***offensive to*** us. { আমাদের কাছে তার আচরণ হলো বিরক্তিকর }
256	**open** (ওপেন্) = খোলা	**open at** *xyz* (ওপেন্ অ্যাট্ *xyz*) = *xyz*-এ খোলা	***Open at*** page 20. { খোলো ২০ তম পৃষ্ঠা }
257	**provide** (প্রোভাইড্) = সরবরাহ করা	**provide with** *xyz* (প্রোভাইড্ উয়িথ্ *xyz*) = *xyz* প্রদান করা	They must be ***provided with*** their dues. {তাদেরকে অবশ্যই বকেয়া প্রদান করতে হবে }
258	**provide** = ব্যবস্থা নেয়া	**provide against** *xyz* **for** *pqr* = যোগান দেয়া *xyz*-এর বিরুদ্ধে *pqr*-এর জন্য	You must ***provide against*** a food shortage ***for*** your children. { তোমাকে অবশ্যই খাদ্য ঘাটতির বিরুদ্ধে আগে থেকেই খাদ্য জমা করে রাখতে হবে তোমার বাচ্চাদের জন্য }
259	**put** (**পুট্**) = রাখা	**put off** *xyz* (পুট্ অফ্ *xyz*) = *xyz* স্থগিত করা	They **put off** their wedding until December. { তারা ডিসেম্বর মাস পর্যন্ত তাদের বিবাহ পিছিয়ে দিলো }
260	**part** = আলাদা করা	**part from** *xyz* = *xyz* থেকে বিচ্ছিন্ন হওয়া	He ***parted from*** his friend. { সে তার বন্ধু থেকে আলাদা হয়ে গেলো }
261	**pass** = অতিক্রম করা	**pass away** = মারা যাওয়া	His father ***passed away*** last night.
262	**persist** = লেগে থাকা	**persist in xyz** = **xyz**-এ লেগে থাকা	He ***persisted in*** asking awkward questions.
263	**pity** (পিটি) = করুণা	**pity for xyz** = *xyz*-এর জন্য করুণা **play on xyz** = **xyz** বাজানো	Have ***pity for*** the poor. He can ***play on*** guitar.
264	**plead** (প্লিইড্) = অনুরোধ করা	**plead with** *xyz* **for** *pqr* = *pqr*-এর জন্য *xyz*-এর কাছে অনুরোধ জানানো	I ***pleaded with*** him ***for*** justice. { ন্যায় বিচারের জন্য তার কাছে কাকুতি মিনতি করলাম }
265	**pleased** = সন্তুষ্ট	**pleased with** *xyz* (প্লীযড্ উয়িথ্ *xyz*) = *xyz* নিয়ে সন্তুষ্ট	Abdul is ***pleased with*** the student's conduct. { আব্দুল সন্তুষ্ট ছাত্রটির আচরণ নিয়ে }
266	**poor** = দুর্বল	**poor in** *xyz* = *xyz*-এ দুর্বল	He is ***poor in*** English { সে ইংরেজিতে দুর্বল }
267	**pray** (প্রেই) = প্রার্থনা করা	**pray to** *xyz* (প্রেই টু *xyz*) = *xyz*-এর কাছে প্রার্থনা করা	A sinner ***prays to*** Allah for forgiveness.
268	**preside** (প্রিসাইড্) = সভাপতিত্ব করা	**preside over** *xyz* = *xyz*-এর সভাপতিত্ব করা	He ***presided over*** the meeting.

মূল শব্দ		মূল phrase	তৃপ্তি নিয়ে **Preposition** শেখা যাক
269	**proud** (প্রাউড্) = গর্বিত	**proud of** *xyz* = *xyz* নিয়ে গর্বিত	He is proud of his position.
270	**prior** (প্রাইয়োর্) = পূর্বে: আগে	**prior to** (প্রাইয়োর্ টু) *xyz* = *xyz*-এর পূর্বে	***Prior to*** his China trip, he went to Delhi.
271	**prohibit** (প্রো-হিবিট্) = নিষেধ করা	**prohibit from** *xyz* (প্রোহিবিট্ ফ্রম্ *xyz*) = *xyz* থেকে বারণ করা	Rickshaws are strictly ***prohibited from*** plying on the main roads. { প্রধান সড়কগুলোতে রিকশা চলাচল কঠোরভাবে নিষিদ্ধ। }
272	**prompt** (প্রম্প্ট্) = চটপটে	**prompt in** *xyz* = *xyz* করতে খুব চটপটে	He is ***prompt in*** carrying out his orders. { সে তার উপর প্রদত্ত আদেশ খুব দ্রুত পালন করে। }
273	**prone** (প্রোউন্) = প্রবণ / ঝোঁক	**prone to** *xyz* (প্রৌন্ টু *xyz*) = *xyz*-এর প্রতি প্রবণ / ইচ্ছুক	She is prone to exaggerate. { তার বাড়িয়ে বলার প্রবণতা রয়েছে }
274	**proportionate** (প্রোপর-শ-নেট্) = সমানুপাতিক	**proportionate to** *xyz* (প্রোপর-শ-নেট্ টু *xyz*) = *xyz*-এর সমানুপাতিক	An employee's salary should be ***proportionate to*** his performance. { একজন কর্মচারীর বেতন তার কাজের সমানুপাতিক হওয়া উচিত }
275	**qualified** (কুআলি-ফাইড্) = যোগ্য	**qualified for** *xyz* (কু-আলি-ফাইড্ ফর্ *xyz*) = *xyz*-এর যোগ্য	Abdul Karim is *qualified for* the post. { আব্দুল করিম হলো পদটির যোগ্য }
276	**quick** (কুয়িক্) = দ্রুত	**quick at** *xyz* (কুয়িক্ এ্যাট্ *xyz*) = *xyz*-এ চটপটে / দ্রুত	He is ***quick at*** understanding difficult questions. { সে কঠিন প্রশ্ন দ্রুত বুঝতে সক্ষম }
277	**quarrel** = কলহ করা	**quarrel with** *xyz* **for / over** *pqr* = *pqr*-নিয়ে *xyz*-এর সাথে কলহ করা	They ***quarreled with*** one another ***for / over / about*** the property. { তারা সম্পত্তি নিয়ে একে অপরের সাথে ঝগড়া করেছিলো }
278	**remedy** (রেমেডি) = প্রতিকার	**remedy for** *xyz* (রেমেডি ফর্ *xyz*) = *xyz*-এর প্রতিকার	There is no ***remedy for*** some fatal diseases. { কিছু প্রাণঘাতি রোগের কোন প্রতিকার নেই }
279	**repentant** (রিপেন্ট্যান্ট্) = অনুতপ্ত	**repentant for** *xyz* (রিপেন্ট্যান্ট্ ফর্ *xyz*) = *xyz*-এর জন্য অনুতপ্ত	A sinner should feel ***repentant for*** his sin. {একজন পাপীর উচিত অনুতপ্ত বোধ করা তার গুনাহের জন্য}
280	**result** = ফল	**result of** *xyz* (রেজাল্ট অফ *xyz*) = *xyz*-এর ফল	The ***result of*** honesty is mental peace. { সততার ফল হলো মানসিক শান্তি }
281	**retire** (রিটাই-আর্) = অবসর নেয়া	**retire from** *xyz* (রিটাই-আর্ ফ্রম্ *xyz*) = অবসর নেয়া *xyz* থেকে	He ***retired from*** the Navy in 2025. { তিনি ২০২৫ সালে নৌ-বাহিনী থেকে অবসর নিয়েছিলেন }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
282	**refrain** (রিফ্রেইন্) = বিরত থাকা	**refrain from** *xyz* (রিফ্রেইন্ ফ্রম্ *xyz*) = *xyz* থেকে বিরত থাকা	You should **refrain from** smoking. { তোমার উচিত ধূমপান করা থেকে বিরত থাকা }
283	**refer** (রেফার্) = পাঠানো	**refer to** *xyz* (রেফার্ টু *xyz*) = *xyz*-এর কাছে পাঠানো	***Refer*** the matter ***to*** him for enquiry. { তদন্তের জন্য এই বিষয়টি তার কাছে পাঠাও }
284	**rejoice** (রি-জয়েস্) = আনন্দ করা	**rejoice at** *xyz* (রি-জয়েস্ এ্যাট্ *xyz*) = *xyz* নিয়ে আনন্দ করা।	They ***rejoiced at*** winning the match. { তারা ভীষণ আনন্দিত হলো ম্যাচটিতে জয়লাভ নিয়ে।} They ***rejoiced at*** the victory of the election.
285	**relevant** (রেলেভ্যান্ট্) = প্রাসঙ্গিক	**relevant to** *xyz* (রেলেভ্যান্ট্ টু *xyz*) = *xyz*-এর সাথে প্রাসঙ্গিক	Your remark is not ***relevant to*** the point. { তোমার মন্তব্য বিষয়টির সাথে প্রাসঙ্গিক না }
286	**rely** (রিলাই্) = নির্ভর করা	**rely on** *xyz* (রিলাই্ অন্ *xyz*) = *xyz*-এর উপর নির্ভর করা	You can **rely *on*** him. { তুমি নির্ভর করতে পারো তার উপর }
287	**remind** (রি-মাইন্ড্) = মনে করিয়ে দেয়া	**remind** ***xyz*** **of** ***pqr*** (রি-মাইন্ড্ *xyz* অফ্ *pqr*) = মনে করিয়ে দেয়া *xyz*-কে *pqr* এর কথা	I ***reminded*** him ***of*** his promise. { আমি মনে করিয়ে দিলাম তাকে তার প্রতিশ্রুতির কথা }
288	**render** (রেন্ডার্) = করা	**render into** *xyz* (রেন্ডার্ ইনটু *xyz*) = *xyz*-এ পরিণত করা	***Render*** the passage ***into*** Bengali. { এই অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করুন }
289	**replace** (রিপ্লেইস্) = প্রতিস্থাপন করা	**replace** *x* **with** *y* = *x*-এর জায়গায় *y*-কে বসানো	***Replace*** this chair ***with*** a new one. { এই চেয়ারটির জায়গায় একটি নতুন চেয়ার বসাও}
290	**respect** = গণ্য করা	**(with) respect to** *xyz* = *xyz* সম্পর্কে	We are talking ***with respect to*** that matter. { আমরা কথা বলছি ঐ ব্যাপার সম্পর্কে }
291	**respond** (রেস্পন্ড্) = সাড়া দেয়া	**respond to** *xyz* (রেস্পন্ড্ টু *xyz*) = *xyz*-এ সাড়া দেয়া	Nobody ***responded to*** his call. { কেউই সাড়া দিলো না তার ডাকে }
292	**responsible** = দায়ী	**responsible to** *x* **for** *p* = *x*-এর কাছে দায়ী *p*-এর জন্য	He is ***responsible to the committee for*** his action { সে তার কর্মকাণ্ডের জন্য কমিটির নিকট দায়বদ্ধ }
293	**rest** = নির্ভর করা	**rest with / upon** *xyz* = *xyz*-এর উপর নির্ভর করা	The whole matter **rests with** you. { পুরো ব্যাপারটা তোমার উপর নির্ভর করছে }
294	**restore** (রিস্টোর্) = ফিরিয়ে দেয়া	**restore** (রিস্টোর্) **to** *xyz* = *xyz*-এর কাছে ফিরিয়ে দেওয়া	***Restore*** his property ***to*** him. { তাকে তার সম্পদ ফিরিয়ে দাও }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
295	**restrict** (রেস্ট্রিক্ট) = সীমাবদ্ধ করা	**restrict to** *xyz* (রেস্ট্রিক্ট টু *xyz*) = *xyz*-এর মধ্যে সীমাবদ্ধ	Admission is ***restricted to*** students. { প্রবেশ কেবল ছাত্রদের মধ্যে সীমাবদ্ধ। তার মানে, কেবল ছাত্র-ছাত্রীরাই প্রবেশ করতে পারবে }
296	**result** (রেযাল্ট) = ফলাফল	**result from** *xyz* (রেযাল্ট্ ফ্রম্ *xyz*) = *xyz* থেকে আসা	Misery ***results from*** vice. { পাপ থেকে ফলস্বরূপ আসে দুঃখ-কষ্ট }
297	**অর্থ বুঝে** **বুঝে পড়ো**	**result in** *xyz* (রেযাল্ট্ ইন্ *xyz*) = ফল হিসেবে *xyz* ঘটা	Honesty ***results in*** peace { সততার পরিনতিতে শান্তি আসে }
298	**rich** (রিচ্) = ধনী	**rich in** *xyz* (রিচ্ ইন্ *xyz*) = *xyz*-এ সমৃদ্ধ	Bangladesh is ***rich in*** natural gas. { বাংলাদেশ প্রাকৃতিক গ্যাসে সমৃদ্ধ } Meat is **rich** in protein. { মাংস প্রোটিনে সমৃদ্ধ }
299		**Get rid of** (রিড্ অফ্) *xyz* = *xyz* থেকে রেহাই পাওয়া	Get ***rid of*** bad company. { খারাপ সঙ্গ থেকে দূরে থাকো }
300	**rob** = ডাকাতি করা	**rob of** *xyz* = *xyz* কেড়ে নেয়া / ছিনতাই করা	The mugger **robbed** the woman **of** her purse. (ছিনতাইকারীটি মহিলার মানিব্যাগটি ছিনতাই করেছিলো।)
301	**run** (রান্) = দৌড়ানো	**run after** *xyz* (রান্ আফ্টার্ *xyz*) = *xyz*-এর পিছনে ছুটা	We should not ***run after*** money. { আমাদের টাকার পিছনে ছুটা উচিত নয় }
302	**sanguine** (স্যাংগুয়িন্) = আশাবাদী	**sanguine about** *xyz* (স্যাংগুয়িন্ অ্যাবাউট্ *xyz*) = *xyz*-এর ব্যাপারে আশাবাদী	She is ***sanguine about*** her success. { সে হলো আশাবাদী তার সফলতা সম্পর্কে }
303	**satisfiy** = সন্তুষ্ট করা	**satisfied with** *pqr* (স্যাটিস্ফাইড্ উয়িথ্ *pqr*) = *pqr* নিয়ে সন্তুষ্ট	Man is never ***satisfied with*** what he has. { মানুষ কখনই সন্তুষ্ট না সেটা নিয়ে যা তার আছে }
304	**search** (সার্চ) = সন্ধান করা	**in search of** (সার্চ অফ্) *xyz* = *xyz*-এর সন্ধানে	He went into the kitchen ***in search*** of food. { সে খাবারের সন্ধানে রান্না ঘরে গেল }
305		**search for** *xyz* = *xyz* অনুসন্ধান করা	She ***searched*** the room ***for*** her missing ring. { সে কক্ষটিতে তার হারানো আংটি খুঁজলো }
306	**see through**	= কোনো কিছুর আসল রূপ বা ছবি বুঝতে পারা।	He can see through her lies.
307	**sensitive** (সেন্-সিটিভ) = স্পর্শকাতর	**sensitive** (সেন্-সিটিভ) **to** *xyz* = *xyz*-এর প্রতি স্পর্শকাতর। তার মানে, সহজেই প্রভাবিত হয় *xyz* দ্বারা	She is ***sensitive to*** cold. { সে সহজেই ঠান্ডায় আক্রান্ত হয় }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
308	**serious** (সিরিআস্) = গুরুত্ব দেয়া	**serious about** *xyz* (সিরিআস্ *xyz*) = *xyz* সম্পর্কে গুরুত্ব দেয়া	He is not ***serious*** **about** your studies. { সে তার পড়াশুনার ব্যাপারে আন্তরিক না }
309	**sentence** = (বিচারে) শাস্তি দেয়া	**sentence to** *xyz* **for** *pqr* (সেন্-টেন্স টু *xyz* ফর্ *pqr*) = *pqr*-এর জন্য *xyz*-কে শাস্তি দেয়া	He was ***sentenced to*** death ***for*** murder. { হত্যার জন্য মৃত্যুদণ্ড দেয়া হয়েছিলো তাকে }
310	**set out** = রওয়ানা দেয়া	**set out for** *xyz* (সেট্ আউট্ ফর্ *xyz*) = xyz-এর উদ্দেশ্যে রওয়ানা দেয়া	He ***set out for*** the station. { সে স্টেশনের উদ্দেশ্যে রওয়ানা দিলো }
311	**similar** (সিমিলার্) = অনুরূপ; একই	**similar to** *xyz* = *xyz*-এর মতো	This pen is ***similar to*** (সিমি-লার্) that pen. { এই কলমটি হলো ঐ কলমটির মতো }
312	**sincere** (সিন্‌সিআর্) = আন্তরিক	**sincere in** *xyz* = *xyz*-এ আন্তরিক	He is ***sincere in*** (সিন্-সিআর্ ইন্) his work { সে তার কাজে আন্তরিক }
313	**senior** (সিনিয়র্) = বয়সে বা পদে বড়	**senior to** *xyz* = *xyz*-এর চেয়ে বড়	He is ***senior to*** me by four years. { তিনি আমার চেয়ে চার বছরের বড় }
314	**sick** (সিক্) = বিরক্ত	**sick of** *xyz* = xyz-এর কারণে ভীষণ বিরক্ত	I am ***sick of*** your misbehaviour. {আমি তোমার খারাপ আচরণে ভীষণ বিরক্ত}
315	**skim** (স্কিম্) = দ্রুত পড়ে যাওয়া	**skim through** *xyz* (স্কিম্ থ্রু *xyz*) = *xyz*-এ দ্রুত চোখ বুলিয়ে পড়া	He never ***skims through*** the text. { সে কখনো পাঠ্যবইয়ে চোখ বুলায় না }
316	**smile** (স্মাইল্) = হাসা	**smile on** *xyz* (স্মাইল্ অন্ *xyz*) = *xyz*-এর উপর খুশি হওয়া	Fortune ***smiled on*** him at last. { অবশেষে তার উপর ভাগ্য প্রসন্ন হলো }
317	**stare** (স্টেআর্) = এক দৃষ্টিতে তাকিয়ে থাকা	**stare at** *xyz* (স্টেআর্ অ্যাট্ *xyz*) = *xyz*-এর দিকে এক দৃষ্টিতে তাকিয়ে থাকা	Nur ***stared at*** me. { নুর আমার দিকে এক দৃষ্টিতে তাকিয়ে রইলো}
318	**stick** (স্টিক্) = লেগে থাকা	**stick to** *xyz* (স্টিক্ টু *xyz*) = *xyz*-এর সাথে লেগে থাকা	We should stick to our principles. { আমাদের উচিত লেগে থাকা আমাদের নীতিতে }
319	**stretch** (স্ট্রেচ্) = প্রসারিত করা	**stretch out** (স্ট্রেচ্ আউট্) *xyz* = *xyz*-কে প্রসারিত করা	He ***stretched out*** his right hand. { তার ডান হাতটিকে প্রসারিত করলো সে }
320	**subject** (সাব্‌জেক্ট্) = সিকার হওয়া	**subject to** *xyz* (সাব্‌জেক্ট্ টু *xyz*) = *xyz*-এর শিকার হওয়া	The refugees have been subjected to unfair treatment { শরণার্থীরা অন্যায় আচরণের শিকার হয়েছে }
321	**succumb** (সাকাম্) = হার মানা বা মারা যাওয়া	**succumb to** *xyz* (সাকাম্ব্ টু *xyz*) = *xyz*-এর কারনে মারা যাওয়া	Smokers ***succumb to*** many fatal diseases. { ধূমপায়ীরা অনেক প্রাণঘাতি রোগে মারা যান }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
322	**succeed** (সাক্-সীড) = সফল হওয়া	**succeed** (সাক্-সীড্) **in** *xyz* = *xyz*-এ সফল হওয়া	Nur will ***succeed in*** this work. { নুর এই কাজে সফল হবে }
323	**suffer** (সাফার্) = ভোগা	**suffer from** *xyz* (সাফার্ ফ্রম্ *xyz*) = *xyz*-এ ভোগা	He is suffering from fever. { তিনি জ্বরে ভুগছেন }
324	**superior** (সুপি-রি-ওর্) = উৎকৃষ্ট	**superior to** *xyz* = *xyz*-এর চেয়ে উৎকৃষ্টতর	This type of rice is ***superior to*** that. { এই ধরনের চাউল হলো উৎকৃষ্ট ঐ ধরনের (চাউলের) চেয়ে }
325	**supply** (সাপ্লাই) = সরবরাহ করা	**supply** ***pqr*** **with** *xyz* = *pqr*-কে *xyz* যোগান দেয়া **supply** *xyz* **to** ***pqr*** = *pqr*-কে *xyz* যোগান দেয়া	He ***supplies us*** with food. { তিনি আমাদেরকে খাবার সরবরাহ করেন } He ***supplied*** food ***to*** us.
326	**sure** (শিওর্) = নিশ্চিত	**sure of** (শিওর্ অফ্) *xyz* = *xyz*-এর ব্যাপারে নিশ্চিত	I am ***sure of*** (শিওর্ অফ্) his success. { আমি তার সফলতার ব্যাপারে নিশ্চিত }
327	**sympathy** (সিম্-প্যাথী) = সহানুভূতি	**sympathy for** *xyz* (সিম্-প্যাথী ফর্ *xyz*) = *xyz*-এর জন্য সহানুভূতি	I have no ***sympathy for*** him. { তার জন্য আমার কোনো সহানুভূতি নেই }
328	**take** (টেইক্) = নেয়া	**take after** *xyz* = *xyz*-এর মতো হওয়া	The boy ***takes after*** his father. { বালকটি দেখতে তার বাবার মত }
329	**talk** = কথা বলা	**talk to / with** xyz { টক্ টু / উয়িথ্ xyz (পার্সন্) = xyz-এর সাথে কথা বলা	I am ***talking to / with*** Razon. { আমি রাজনের সাথে কথা বলছি }
330	**talk** = কথা বলা	**talk about** pqr = pqr (বস্তু) সম্পর্কে কথা বলা	I am ***talking about*** *death*. { আমি মৃত্যু সম্পর্কে কথা বলছি }
331	**taste** (টেইস্ট্) = স্বাদ; রুচি	**taste** (টেইস্ট্) **for** *xyz* = *xyz*-এর প্রতি অনুরাগ।	He has no ***taste for*** music. { গানের প্রতি তার কোনো অনুরাগ নেই }
332	**Tell** = বলা	**tell upon** *xyz* (*টেল্ আপন্ xyz*) = *xyz*-এর ক্ষতি করা	Hard work is ***telling upon*** him. { কঠিন পরিশ্রম তার ক্ষতি করছে }
333	**think** (থিংক্) = চিন্তা করা	**think about** *xyz* (*থিংক এ্যাবাউট xyz*) = *xyz* সম্পর্কে ভাবা	He ***thought about*** this problem. { সে এই সমস্যাটি নিয়ে ভাবলো }
334	**think** (থিংক) = চিন্তা করা	**think of / over** *xyz* (*থিংক অফ / ওউভার্ xyz*) = *xyz*-এর চিন্তা করা = *xyz* সম্পর্কে চিন্তা করা	Think carefully ***over*** his advice. { তার উপদেশ সম্পর্কে গভীরভাবে চিন্তা করো } We cannot ***think of a*** single day without newspaper { পত্রিকা ছাড়া একটা দিনের কথা আমরা ভাবতেই পারি না }

মূল শব্দ		মূল phrase	বাক্য দিয়ে preposition শেখা
	thirst (থার্স্ট্) = তৃষ্ণা	**thirst for** *xyz* = *xyz*-এর জন্য তৃষ্ণা	Man has an unquenchable (আন্কোয়েন্-চেইবল্ - অতৃপ্ত) ***thirst for*** knowledge. { মানুষের জ্ঞানের জন্য অতৃপ্ত তৃষ্ণা রয়েছে }
335	**tired** (টায়ার্ড্) = ক্লান্ত	**tired of** *xyz* = *xyz*-এর দ্বারা ক্লান্ত	I am ***tired*** (টায়ারড্ অফ্) ***of*** doing the same thing. {একই কাজ করে আমি ক্লান্ত }
336	**tolerant** = সহিষ্ণু	**tolerant of** *xyz* (টলারেন্ট্ অফ্ *xyz*) = *xyz*-এর প্রতি সহিষ্ণু	We must be ***tolerant*** **of** the opposition. {আমরা অবশ্যই প্রতিপক্ষের প্রতি সহিষ্ণু হবো}
337	**point** (পয়েন্ট্) = আসল কথা বা বিষয়	**to the point** (টু দ্যা পয়েন্ট) = পয়েন্টের সাথে = প্রাসঙ্গিক	Keep your sentences short and ***to the point***. { তোমার বাক্যগুলো সংক্ষেপ এবং প্রাসঙ্গিক করো }
338	**triumph** (ট্রায়াম্ফ্) = জয়ী হওয়া	**triumph over** *xyz* (ট্রায়া-ম্ফ্ ওভার্ *xyz*) = *xyz*-এর উপর জয়ী হওয়া	Finally, good ***triumphed over*** evil. { অবশেষে, ভালো জয়ী হল মন্দের উপর }
339	**true** (ট্রু) = সত্য	**true to** *xyz* (ট্রু টু *xyz*) = *xyz*-এর প্রতি বিশ্বস্ত	An honest man is ***true to*** his word. { একজন সৎ লোক তার কথার প্রতি বিশ্বস্ত }
340	**useful** = উপকারী/প্রয়োজনীয়	**useful to** *xyz* = *xyz*-এর কাছে উপকারী	This book is ***useful to*** us. { এই বইটি আমাদের কাছে উপকারী }
		useful for ***pqr*** = *pqr*-এর জন্য উপকারী	This book is ***useful***(ইউয্ফুল) ***for*** examination. {পরীক্ষার জন্য এই বইটি প্রয়োজনীয় }
341	**unite** (ইউনাইট্) = একত্রিত হওয়া	**unite** (ইউনাইট্) **with** *xyz* = ঐক্যবদ্ধ হওয়া *xyz*-এর সাথে	Be ***united with*** your friends. { হও ঐক্যবদ্ধ তোমার বন্ধুদের সাথে }
342	**vary** (ভ্যারী) = ভিন্ন হওয়া	**vary from** *xyz* = *xyz* থেকে ভিন্ন হওয়া	His opinion ***varies from*** his brother's (ভাইয়েরটা). { তার অভিমত তার ভাইয়ের মত থেকে ভিন্ন }
343	**vex** (ভেক্স্) = বিরক্ত হওয়া	**vexed with** = ব্যক্তির প্রতি বিরক্ত	He ***is vexed with*** me for opposing him. { সে আমার প্রতি বিরক্ত তার বিরোধিতা করার জন্য }
		vexed at = ব্যাপার নিয়ে বিরক্ত	He is ***vexed at*** my insolent behaviour. { সে আমার উদ্ধত আচরণে বিরক্ত }
344	**void** (ভয়েড্) = নেই; বর্জিত	**void of** *xyz* = *xyz* বিহীন	He is ***void of*** common sense. { সে হলো সাধারণ বিবেকবুদ্ধি বর্জিত }
345	**want** (ওআন্ট্) = অভাব; ঘাটতি	**want of** *xyz* (ওআন্ট অফ্ *xyz*) = *xyz*-এর অভাব	We could not do it for ***want of*** money. { টাকার অভাবের কারণে আমরা এটা করতে পারিনি }
346		**well off** (ওয়েল্ অফ্) = স্বচ্ছল	All men are not equally (ইকুয়্যালী) ***well off***.
347	**warn** (ওয়ার্ন্) = সতর্ক করা	**warn of** *xyz* = *xyz* সম্পর্কে সতর্ক করা	He ***warned*** me ***of*** the danger. { সে সতর্ক করেছিলো আমাকে বিপদ সম্পর্কে }

মূল শব্দ		**মূল phrase**	**বাক্য দিয়ে preposition শেখা**
348	**weak** (উয়িক্) = দুর্বল	**weak in** *xyz* = *xyz*-এ কাঁচা / দুর্বল	He is ***weak in*** Mathematics. { সে গণিতে কাঁচা } He is ***weak in*** English. { সে ইংরেজিতে দুর্বল }
349	**wish** (উয়িশ্) = আকাঙ্ক্ষা করা	**wish for** *xy* = *xy*-এর জন্য আকাঙ্ক্ষা করা	We ***wished for*** peace. { আমরা শান্তির জন্য আকাঙ্ক্ষা করেছিলাম }
350	**wonder** (ওআন্-ডার্) = অবাক হওয়া	**wonder at** *xyz* (ওআন্-ডার্ এ্যাট্ *xyz*) = *xyz*-এর ব্যাপারে অবাক হওয়া	I ***wondered at*** his stupidity. { আমি অবাক হলাম তার নির্বুদ্ধিতা দেখে }
351	**worry** = চিন্তিত হওয়া	**worry about** *y* (ওআরি্ অ্যাবাউট্ *y*) = *y* সম্পর্কে চিন্তিত হওয়া	Don't ***worry about*** your examination. { দুশ্চিন্তা করো না তোমার পরীক্ষা নিয়ে }
352	**worthy** (ওআর্দি) = যোগ্য	**worthy of** *xyz* (ওআর্দি অফ্ *xyz*) = *xyz*-এর যোগ্য	Ruhit is ***worthy of*** praise (প্রেইয্ - প্রশংসা). { রুহিত হলো প্রশংসার যোগ্য }
353		**wait on** (ওয়েট্ অন্) *x* = *x*-কে দেখাশুনা বা সেবা করা	Nurses ***wait on*** patients (পেইশেন্ট্স্ - রোগী) { নার্সরা রোগীর সেবা করে }
354	**yield** (ঈল্ড্) = হার মানা	**yield to** *xyz* (ঈল্ড্ টু *xyz*) = *xyz*-এর কাছে আত্মসমর্পণ করা	He ***yielded to*** his enemy. { সে তার শত্রুর কাছে আত্মসমর্পণ করল }
355	**zeal** (যিইল্) = প্রচণ্ড আগ্রহ	**zeal for** *xyz* = *xyz*-এর প্রতি প্রবল আগ্রহ	He has ***a zeal for*** social work. { সামাজিক কর্মকাণ্ডের প্রতি তার প্রবল আগ্রহ রয়েছে}

অর্থ বুঝে সলভ্ করার চেষ্টা করো

Exercise Basic : Appropriate Preposition

বইয়ের শেষে Answer অধ্যায়ে উত্তর দেয়া আছে।

01. The manager looked into the matter. Meaning of *look into* – [DU, A ভর্তি পরীক্ষা]
A. take decision B. investigate C. neglect D. ignore E. None

02. The family doesn't feel _____ going outing this season. [৩৭তম বিসিএস]
A. in B. on C. like D. of

03. He has eminence _____ painting. [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, B ভর্তি পরীক্ষা]
A. on B. at C. in D. for

04. Do you know the solution _____ the problem? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ইউনিট-ক) ভর্তি পরীক্ষা]
A. to B. into C. for D. about

05. Cyber attacks are much easier to carry out than to defend _____. [DU, C ভর্তি পরীক্ষা]
A. against B. about C. after D. at

06. My father was angry _____ me. [ঢাকা বিশ্ববিদ্যালয় (ইউনিট-ঘ) ভর্তি পরীক্ষা]
A. at B. with C. of D. on

07. He is resolved _____ going away. [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ইউনিট-o) ভর্তি পরীক্ষা ভর্তি পরীক্ষা]
A. on B. for C. at D. upon

08. He attributed the loss _____ me. [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইউনিট-ঘ) ভর্তি পরীক্ষা]
A. from B. by C. to D. of

09. I have a passion _____ games. [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইউনিট-ক) ভর্তি পরীক্ষা]
A. with B. for C. of D. in

10. The conservative persist _____ their orthodox view. [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়]
A. in B. with C. on D. for

11. Students spent a lot of money _____ recreation when they are on a study tour.
A. for B. on C. in D. by [RU, D ভর্তি]

12. They were really annoyed _____ his activities. [RU, E ভর্তি পরীক্ষা]
A. at B. with C. about D. for

13. The scientist was absorbed _____ his work. [রাজশাহী বিশ্ববিদ্যালয় ইউনিট-জ ভর্তি পরীক্ষা]
A. by B. at C. in D. for

14. It is natural in every man to wish _____ distinction. [Combined 6 Banks]
A. on B. for C. of D. to

15. I am exactly like my mother. I think I have _____ her. [Combined 6 Banks]
A. taken to B. taken off C. taken over D. taken after

16. Nature has given us an abundant wealth _____ the form of forests. [কম্বাইন্ড 5 Banks]
A. by B. in C. at D. with

17. Many modern medicines are derived ____ plants and animals.
A. from B. on C. for D. in

18. I decided that I couldn't put ______ their thoughtless behavior any longer. [সোনালী ব্যাংক]
A. up B. off C. up with D. through to

19. I _____ him on this point. [Pubali Bank Ltd.]
A. admitted to B. agreed with C. agree to D. agreeing with

20. A good judge never jumps _____ the conclusion. [Pubali Bank Ltd.]
A. to B. on C. at D. for

চাকরিজীবীরা আর্লি ক্যারিয়ারে কোন ২০টা খাতে বাজে খরচ না করলে, আপনি দ্রুত ফাইনান্সিয়াল ফ্রিডম পাবেন।

উত্তর.

০১. প্রয়োজনের বাইরে দামি মোবাইল/গ্যাজেট বারবার বদলানো।



০২. প্রায়ই বাইরে খাওয়া (ফাস্টফুড, কফি শপ, রেস্তোরাঁ)।

০৩. বাহুল্যপূর্ণ বিয়ের গিফট, শাড়ি, জুয়েলারি বা পোশাক কেনা।

০৪. ফ্যান্সি ব্র্যান্ডের জামা-জুতা, অথচ সস্তা বিকল্প চলতো।

০৫. ক্রেডিট কার্ডের বিল সময়মতো না দিয়ে সুদ গুণা।

০৬. প্রায়ই কসমেটিকস, স্কিনকেয়ারে অতিরিক্ত খরচ।

০৭. অপ্রয়োজনীয় সাবস্ক্রিপশন (নেটফ্লিক্স, OTT, প্রিমিয়াম অ্যাপস) ।

০৮. অনেকবার পার্লার / সেলুনে বড় বিল করা।

০৯. প্রায়ই ইমপালসিভ শপিং — অনলাইনে অফার দেখে না ভেবে কেনা।

১০. বেশি দামি গাড়ি/মোটরসাইকেল লোনে নেওয়া।

১১. ফ্যাশনেবল গ্যাজেট (স্যামার্টওয়াচ, হেডফোন) এর শখ।

১২. হাই-ফাই বিয়ের বা জন্মদিন পার্টি করা।

১৩. অপ্রয়োজনীয় মিউচুয়াল ফান্ড / ইন্সুরেন্স পলিসি যেখানে কমিশন বেশি।

১৪. বন্ধুদের দেখাতে গিয়ে দামি হোটেলে ঘোরাঘুরি।

১৫. মার্কেটিং প্রোমোশন দেখে ফালতু জিনিস কেনা।

১৬. রেস্টুরেন্টে প্রায়ই ফ্যামিলি আউটিং করা (বাসায় স্পেশাল মেনু ট্রাই করুন)।

১৭. সিগারেট, হুক্কা, অ্যালকোহল ইত্যাদিতে মাসিক খরচ।

১৮. বারবার বাসা পরিবর্তন ও নতুন সেটআপ খরচ।

১৯. প্রতিবার ছুটিতে বিদেশ ভ্রমণের চেষ্টা, দেশের ভেতরে কম খরচে অপশন খুঁজুন।!

২০. অদরকারি সাবস্ক্রিপশন নেয়া।

একজন জব হোল্ডারের ৩ বছরের ফাইনান্সিয়াল ফ্রিডম রোডম্যাপ

প্রথম ১২ মাস (Year 1) — বেসিক স্ট্যাবিলিটি

১. বাজে খরচগুলোর হিসাব রাখা শুরু করুন (এক্সেল/অ্যাপ)। নয়তো হাতে।

২. ৩-৬ মাসের ইমার্জেন্সি ফান্ড তৈরি করুন (মাসিক খরচ × ৩)।

৩. লোন, ক্রেডিট কার্ড ক্লিয়ার করা শুরু করুন।

৪. মাসিক ইনকামের ২০-৩০% সেভ করুন।

৫. কোন স্কিল/সার্টিফিকেটে ইনভেস্ট করুন যাতে প্রমোশন বা ভালো জব মেলে।

২য় বছর (Months 13-24) — ইনকাম গ্রোথ ও সেভিং বাড়ানো

১. মাসিক সেভিংস টার্গেট ৩০-৪০% করুন।

২. সাইড ইনকামের চেষ্টা করুন (ফ্রিল্যান্স, টিউশন, কনসাল্টিং)।

৩. অতিরিক্ত ইনকাম দিয়ে সঠিক বিনিয়োগ শুরু করুন (মিউচুয়াল ফান্ড, শেয়ার, সঞ্চয়পত্র)।

৪. বাজে খরচ পুরো বাদ দিয়ে বছরে ১বার কোনো স্মার্ট ট্রিপ রাখুন।

৫. অফিসে নতুন দায়িত্ব নিন বা নতুন কোম্পানিতে নেগোশিয়েট করে স্যালারি বাড়ান।

৩য় বছর (Months 25-36) — এ্যাসেট বিল্ডিং ও প্যাসিভ ইনকামের দিকে যাওয়া

১. মাসিক সেভিংস ৫০% টার্গেট করুন (ইনকাম বেড়ে গেলে করা সহজ হবে)।

২. প্যাসিভ ইনকামের চেষ্টা করুন (অনেক উপায় আছে, যেটা আপনার জন্য সুইটেবল হয় আর কি)

৩. মোট ইনভেস্টেড অর্থ মাসিক খরচের ১২-১৫ গুণ হয়ে গেলে 'ফিনান্সিয়াল ফ্রিডম লেভেল ১' ধরা যাবে।

৪. এখনো এই ২০টি বাজে খরচ থেকে দূরে থাকুন — যাতে এগুলো আপনার অর্জিত সম্পদ নষ্ট না করে।

এভাবে ৩ বছর বাজে খরচ বাদ দিয়ে

অর্থ সঞ্চয়, ইনকাম বৃদ্ধি এবং ইনভেস্টমেন্টে মনোযোগ দিলে আপনি সহজেই

এক প্রকার ফাইনান্সিয়াল সিকিউরিটি পাবেন।

আর তখন চাইলে ঝুঁকি নিয়ে নতুন কিছু শুরুও করতে পারবেন।

Chapter-30 বাংলা অর্থ বুঝে Conjunction

রেল জংশন শব্দটার সাথে আমরা অনেকেই পরিচিত। রেল জংশন মানে হলো, যে রেলস্টেশনে কয়েকদিক থেকে লাইন এসে মিলেছে। এই জংশন শব্দটি এসেছে ইংরেজি '*junction*' (জাংক্‌শন্‌) থেকে। এই *junction* শব্দটির অর্থ হলো সংযোগস্থল। আর Conjunction শব্দটার অর্থ হল যে সংযোগ করে।

আর গ্রামারের ভাষায়, যে word দুই বা ততোধিক শব্দ বা বাক্য যুক্ত করে, তাকে Conjunction বলে, যেমন:

গল্পের মতো পড়ে যাও।

(i) Iron man can fly
(লৌহ্ মানব পারে উড়তে)

(ii) Iron man can fight
(লৌহ্ মানব পারে যুদ্ধ করতে)

= Iron man can fly **and** fight
(লৌহ মানব পারে উড়তে ও যুদ্ধ করতে)

✳ এই বাক্যে *Iron man*-এর দুইটি কাজকে বা *Iron man* সম্পর্কে দু'টি বাক্যকে and দিয়ে যুক্ত করে একটি মাত্র বাক্যে (= Iron man can fly **and** fight) পরিণত করা হলো। তাই এই ***and*** হলো Conjunction।



A boy **and** a girl.
(একটি বালক এবং একটি বালিকা)



Walk carefully **or** you will fall into the drain.
(হাঁটো সাবধানে **নইলে** তুমি ড্রেনে পড়ে যাবে)

উপরের *and* (এবং), এবং *or* (অথবা, নতুবা), দুই বা ততোধিক word বা বাক্যকে যুক্ত করেছে। এই *and* এবং *or* হলো **conjunction**।

আরো কিছু conjunction

and, or, yet, but, either .. or, not only...but also, also, besides, for example, for instance, especially, yet, though, however প্রভৃতি হলো conjunction-এর উদাহরণ।

বাক্য দিয়ে conjunction শেখা যাক

and (এ্যান্ড) = এবং, ও

(i) Rahim and Abdul Karim are two brothers. { রহিম ও আব্দুল করিম দুই ভাই }

(ii) She cooked dinner and made a nice cake.
{ সে রাতের খাবার রান্না করেছিলো এবং বানিয়েছিলো একটি সুন্দর কেক }

also (অল্‌সৌ) = ও / আরো

(i) My friend can speak English. He ***also*** speak Chinese.
{ আমার বন্ধু পারে ইংলিশ বলতে। সে কথা বলতে পারে চাইনিজ ভাষায়ও। }

(ii) Nur's grandfather was also an engineer.
{ নুরের নানা ছিলেন একজন ইঞ্জিনিয়ারও }

not (নট্) = না; **only** (অন্‌লি) = কেবল; শুধু; **but** (বাট্) = কিন্তু; **also xyz** = *xyz*-ও।

not only this ... but also that
= নয় শুধু এটাই ... কিন্তু ঐটাও

(i) War causes **not only** death, **but also** destruction.
{ যুদ্ধ ঘটায় কেবল মৃত্যুই না, ধ্বংসও (ঘটায়) }

(ii) He is **not only** funny, **but also** intelligent.
{ তিনি কেবলমাত্র রসিকই নন, বুদ্ধিমানও }

(iii) Shahrukh Khan is **not only** a famous actor, **but also** a famous producer.
↓ ↓ ↓
{ শাহরুখ খান ইয়্ নট্ অন্‌লি এ্যা ফ্যামাস্ এ্যাক্টর, বাট্ অল্‌সৌ এ্যা ফ্যামাস্ প্রডিউ্সার্ }
{ শাহরুখ খান কেবল একজন বিখ্যাত অভিনেতাই না, কিন্তু একজন বিখ্যাত প্রযোজকও }

but (বাট্) = কিন্তু

Biplob got A^+, **but** Piku got B grade. { বিপ্লব পেয়েছে A^+, কিন্তু পিকু পেয়েছে B গ্রেড }

Moreover (মৌর্-ওঔ্ভার্) = অধিকন্তু

(i) The weather is hot; **moreover**, the air is humid.

{ আবহাওয়া গরম; এর উপর বাতাস হলো আর্দ্র}

(ii) Copying is a bad habit. **Moreover,** it hinders (হিন্ডার্স্) learning.

{ নকল করা একটি খারাপ অভ্যাস। উপরন্ত, এটা বাধা দেয় শেখাকে }

Tips

বাংলা অর্থ

বুঝে বুঝে

বাক্যগুলো

পড়ো !

However (হাওএভার্) = যাই হোক, কিন্তু

We wanted to meet him. **However,** he arrived late.

{ আমরা চেয়েছিলাম তার সাথে দেখা করতে। কিন্তু, তিনি পৌছে ছিলেন দেরিতে }

For example (ফর্ য়েগ্ঝ্যাম্পল্) = উদাহরণস্বরূপ

He has gone to many countries.

For example, he has gone to India, China, America, and France.

{ তিনি অনেক দেশে গিয়েছেন। উদাহরণস্বরূপ, তিনি ইন্ডিয়া, চায়না, আমেরিকা এবং ফ্রান্সে গিয়েছেন }

especially (য়েস্-পেশালী) = বিশেষ করে

I brought it **especially** for you. { আমি এটা এনেছিলাম বিশেষ করে তোমার জন্যই }

On the other hand (অন্ দা আদার্ হ্যান্ড্) = অপরপক্ষে / অপরদিকে

She dislikes cleaning. **On the other hand,** she likes cooking.

{ সে অপছন্দ করে পরিষ্কার করার কাজটা। অপরদিকে, সে রান্না পছন্দ করে }

Yet (ইয়েট্) = অথচ

He should do his homework, **yet** he never does it.

{ তার উচিত তার বাড়ির কাজ করা, অথচ কখনই সে এটি করে না }

Though (দৌ) / Although (অলদৌ) = যদিও

Although he is poor, he is honest.

(যদিও সে গরীব, তবে সে সৎ)

Firstly = প্রথমত

Firstly, he is studying hard.

{প্রথমত, সে কঠোর পড়াশুনা করছে}

Secondly = দ্বিতীয়ত

Secondly, he is a bright student.

{ দ্বিতীয়ত, সে একজন মেধাবী ছাত্র }

Finally = অবশেষে

Finally, I know that he has great potential.

{ অবশেষে, আমি জানি তার রয়েছে বিপুল সম্ভাবনা }

যেই লাউ, সেই .... !

এই **conjunction**-গুলোই
SSC / HSC / ভর্তি পরীক্ষা,
চাকুরি নিয়োগ পরীক্ষা,
IELTS, Bank প্রভৃতি

সারাজীবনই কাজে লাগেব।

কখনো **connectors,**
কখনো **without clues,**
কখনো **connectives,**
কখনো **Fill-in-the blanks,**
কখনো **linkers** প্রভৃতি নামে

বিভিন্ন পরীক্ষাতে এগুলো লাগবে।

In conclusion (খন্-ক্লুযন) = উপসংহারে

In conclusion, I think that he deserves to get the scholarship.

{ উপসংহারে, আমি মনে করি সে বৃত্তিটা পাওয়ার যোগ্য }

In summary (সামারি) = সংক্ষেপে

In summary, physical exercise is necessary in every sphere of life.

{ সারাংশ হিসেবে, শারীরিক ব্যায়াম হলো প্রয়োজনীয় জীবনের প্রত্যেক ক্ষেত্রে }

To sum up, briefly, In brief = সংক্ষেপে

In brief, our cricket team is now one of the best teams in the world.

{সংক্ষেপে, আমাদের ক্রিকেট দল হলো বর্তমানে বিশ্বের সবচেয়ে সেরাদের অন্যতম}

Use appropriate sentence connectors in the blank spaces of the following passage

Honesty is a divine (ডিভাইন্ = স্বর্গীয়) virtue. The man (a) ______ possesses this rare quality is the happiest man on earth.

সমাধান

01. Honesty is a divine (ডিভাইন্) virtue. (সততা হলো একটি স্বর্গীয় গুণ।)

The man (a) ***who*** possesses this rare quality is the happiest man on earth.

(ব্যক্তিটি যিনি অধিকারী এই বিরল গুণটির তিনি হলেন জগতের সবচেয়ে সুখী মানুষ।)

সারাংশ বাক্য

The man is the happiest man on earth.

কোন্ *man?*

উত্তর: *who possesses this rare quality.*

{ যিনি অধিকারী (= যার আছে) এই দুর্লভ গুণ }

who দিয়ে আরো উদাহরণ

02. Forgiveness is a divine virtue. (ক্ষমা হলো একটি মহৎ গুণ।)

The man ***who*** has this great quality is the happiest person on earth.

(মানুষটি যার আছে এই মহান গুণ তিনি হলেন জগতের সবচেয়ে সুখী ব্যক্তি।)

= এই মহানগুণের অধিকারী ব্যক্তি হলেন জগতের সবচেয়ে সুখী ব্যক্তি।

03. Health is wealth. (স্বাস্থ্য হলো সম্পদ।)

The man ***who*** possesses sound health is the happiest person in the world.

(মানুষটি যিনি অধিকারী ভালো স্বাস্থ্যের তিনি হলেন দুনিয়ার সবচেয়ে সুখী ব্যক্তি।)

04. Sincerity is a great quality. (আন্তরিকতা হলো একটি বড় গুণ।)

The employee ***who*** has sincere to his duties gets promoted.

(কর্মীটি যার আছে আন্তরিকতা তার দায়িত্বে তিনি পান পদোন্নতি ।)

05. Truthfulness is a great virtue. The man ***who*** is truthful is respected by all.

(সততা হলো একটি বড় গুণ। মানুষটি যিনি হলেন সত্যবাদী সম্মানিত হন সকলের দ্বারা।)

“ বাক্যের অর্থ বুঝলে নিচের বাক্য solve করা সহজ ”

Exercise Conjunctions / Linkers / Connective words

বইয়ের শেষে Answer অধ্যায়ে উত্তর দেয়া আছে।

(সাক্সিডিং = সফল হওয়া)

01. Succeeding in college often is a challenge for students; _____, most colleges provide services designed to help students. **[DU, (A) ভর্তি পরীক্ষা]**
A. moreover B. in addition C. therefore D. as a result

02. I will stay with you _____ there is a room free. **[DU ভর্তি পরীক্ষা]**
A. as much as B. as many as C. as long as(যতক্ষণ পর্যন্ত) D. as important as

03. You have to take the full course of your antibiotics _____ you feel better, _____, your illness will simply return. **[DU, (A) ভর্তি পরীক্ষা]**
A. although, so that B. even if, otherwise C. so that, or D. unless, and

04. _____ he is not tall, he could not be a basketball player. **[DU, (A) ভর্তি পরীক্ষা]**
A. Although B. However C. Because D. Despite

05. They like to keep their old houses rather than build new ones _____ it is very difficult and expensive to maintain them (দেম্ = সেগুলো). **[DU, (A) ভর্তি পরীক্ষা]**
A. because B. even though C. on the contrary D. for example

06. The referee blew the whistle to end the game ____ there were two minutes left. **[DU, (D) ভর্তি]**
A. therefore B. since C. although D. however

07. I went to the market and purchased sweets and ate them. The underlined word is: **[JU ভর্তি]**
A. Preposition B. Conjunction C. Interjection D. None of these

08. _____ some employers oppose (অপৌয্ = বিরোধিতা করা) the very existence of unions, many theorists felt the necessity of unions. **[JU, (A) ভর্তি পরীক্ষা]**
A. Because B. Due to C. However D. Although

09. Jamil is reading Shakespeare closely _____ he can get better marks. **[RU, (A)ভর্তি পরীক্ষা]**
A. so that B. for C. because D. while

10. The reform bill was passed in the parliament _____ the objections. **[CU, (B) ভর্তি পরীক্ষা]**
A. instead of B. despite C. in spite D. despite of

11. She went out _____ the fact that it was snowing. **[CU ভর্তি পরীক্ষা]**
A. despite B. even though C. although D. though

12. You will miss the train _____ you go to the railway station in time. **[SUST, (B) ভর্তি]**
A. because B. till C. unless D. as long

13. Use appropriate sentence connectors in the blank spaces: [HSC Exam]

Unemployment is a great problem in our country. (a) _____ it is the burning question of the day. (b) _____ almost all the countries of the world suffer from the curse of unemployment problem. (c) _____ Bangladesh is the worst sufferer of this so-called problem. (d) _____ nowhere in the world this problem is so acute as in our country. (e) _____ there are many reasons behind it. (f) _____, our country is industrially backward. (g) _____, our system of education fails to give a student an independent start of life. (h) _____ it has little provision for vocational training. (i) _____ our students and youths have false sense of dignity. (j) _____, they run after jobs blindly.

সব পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ এই পৃষ্ঠার বাক্যগুলো

Chapter-31 Interjection (ইন্টার্জেক্শন্)

Interject (ইন্টারজেক্ট্) অর্থ কারো কোনো কথা বা কাজের মাঝখানে কোনো মন্তব্য যোগ করা। Interjection অর্থ বিস্ময়, সুখ-দুঃখ, উত্তেজনা ইত্যাদি প্রকাশক শব্দ। যে শব্দ বা শব্দসমষ্টি দুঃখ-কষ্ট, আনন্দ-বেদনা, ভালোবাসা, ঘৃণা, ক্ষোভ, আবেগ, অনুভূতি ইত্যাদি প্রকাশ করে, গ্রামারের ভাষায় তাকে Interjection বলে। যেমন:

1. Hurrah ! We have won. { হুররে ! আমরা জিতেছি }
2. Alas ! He has died. { হায় ! সে মারা গিয়েছে }
3. Oh, no ! I have broken it ! { ওহ্, না ! আমি ভেঙ্গে ফেলেছি এটা !
4. Ouch ! That hurts ! { আহ্ ! ব্যথা লাগছে !
5. Wow ! You look terrific ! { বাব্বা ! তোমাকে দেখাচ্ছে দারুণ !



Hurrah, Alas, Wow, Oh প্রভৃতি শব্দ দিয়ে আনন্দ-বেদনা সুখ-দুঃখ প্রকাশ পাচ্ছে।
Hurrah / Hoorah (হুর্‌রে) অর্থ কী মজা আর Alas (অ্যালাস্) অর্থ হায়।

ছবি দিয়ে উদাহরণ









Oh, no !!

Ouch! I hurt my legs.
(উফ্! আমার পায়ে আঘাত পেয়েছি)

Alas ! I forgot !
(হায়! আমি ভুলে গিয়েছিলাম!)

Wow ! What a victory !
(ওয়াও! কী বিজয়!)

Chapter-32

বাংলা অর্থ বুঝে ভয়েস চেইঞ্জ

I **take** tea. (আমি চা খাই)

এই বাক্যে কর্তা **I** মানে আমি সরাসরি কাজটি করছি, তার মানে, আমি চা খাচ্ছি।

সেই জন্য এটি **Active** বাক্য।

Active বাক্যে কর্তা সক্রিয় থাকে আর Passive বাক্যে কারো দ্বারা কাজটি করা হয়।

Passive Voice: Tea **is taken by** me.
(চা খাওয়া হয় আমার দ্বারা)

এই বাক্যে চা খাওয়ার কাজটা কারো দ্বারা সম্পাদিত হচ্ছে।

তার মানে, চা খাওয়ার কাজটি কর্তা **I** অর্থাৎ আমার দ্বারা সম্পাদিত হয়।

Voice শব্দের অর্থ বাচ্য আর Change শব্দের অর্থ পরিবর্তন।

সুতরাং Voice Change অর্থ বাচ্য বা কথার পরিবর্তন।

এই পরিবর্তন **Active** বাক্য থেকে **Passive** বাক্যে করতে হয়,

অথবা **Passive** বাক্য থেকে **Active** বাক্যে রূপান্তর করতে হয়।

উদাহরণ দিয়ে শেখা যাক

01. **Active** : His friends **love** him.

Passive : He **is loved by** his friends

বাক্যের অর্থ তাকে ভালোবাসা হয় তার বন্ধুদের দ্বারা।

আল্লাহর ওয়াস্তে মোবাইল বন্ধ করো।

নিচের ইংরেজি বাক্যগুলো অর্থ বুঝে বুঝে খুব মন দিয়ে জোরে জোরে পড়ো !

	Active			**Passive**		
02.	We	***use***	water.	Water	***is used***	by us.
	(আমরা	ব্যবহার করি	পানি)	(পানি	ব্যবহৃত হয়	আমাদের দ্বারা)
03.	They	***play***	football.	Football	***is played***	by them .
	(তারা	খেলে	ফুটবল)	(ফুটবল	খেলা হয়	তাদের দ্বারা)
04.	Karim	***sells***	rice.	Rice	***is sold***	by Karim.
	(করিম	বিক্রি করে	চাউল)	(চাউল	বিক্রি হয়	করিমের দ্বারা)
04.	Masud	***drives***	a car.	A car	***is driven***	by Masud.
	(মাসুদ	চালায়	একটি গাড়ি)	(একটি গাড়ি	চালানো হয়	মাসুদের দ্বারা)
05.	We	***take***	coffee.	Coffee	***is taken***	by us.
06.	Selim	***speaks***	English.	English	***is spoken***	by Selim.
07.	Kabir	***runs***	a computer.	A computer	***is run***	by Kabir.
08.	They	***kill***	a bird.	A bird	***is killed***	by them.
09.	Abdul	***likes***	you.	You	***are liked***	by Abdul.
10.	Forhad	***reads***	a novel.	A novel	***is read***	by Forhad.
11.	Masum	***sings***	a song.	A song	***is sung***	by Masum.
12.	Moli	***cooks***	noodles.	Noodles	***are cooked***	by Moli.

01. Active:

Books	introduce us	to the realm of knowledge.
↓	↓	↓
বই	পরিচয় করিয়ে দেয় আমাদেরকে	জ্ঞানের রাজ্যের সাথে

সাবলীল বাংলা বই জ্ঞানের রাজ্যের সাথে আমাদের পরিচয় করিয়ে দেয়।

Passive:

	We	are introduced	to the realm of knowledge	by books.
	↓	↓	↓	↓
আক্ষরিক বাংলা	আমরা	পরিচিত হই	জ্ঞানের রাজ্যের সাথে	বই দ্বারা

সাবলীল বাংলা বইয়ের মাধ্যমে আমরা জ্ঞানের রাজ্যের সাথে পরিচিত হই।

শব্দের অর্থ **introduce** (ইন্‌ট্রোডিউস্‌) : পরিচয় করিয়ে দেয়া। **realm** (রিল্‌ম্‌) : রাজ্য।

02. Active: The teacher **introduces** students to the realm of knowledge.

বাক্যের অর্থ শিক্ষক ছাত্রদেরকে পরিচয় করিয়ে দেন জ্ঞানের রাজ্যের সাথে।

Passive: The realm of knowledge **is introduced to** students by the teacher.
or, Students are **introduced** to the realm of knowledge by the teacher.

03. Active: Trade fair **introduces** us to various products of the world.

বাক্যের অর্থ বাণিজ্য মেলা বিশ্বের বিভিন্ন পণ্যের সাথে আমাদের পরিচয় করিয়ে দেয়।

Passive : We **are introduced to** various products of the world by trade fair.

04. Active : He **introduced** me to some of his classmates.

বাক্যের অর্থ সে আমাকে তার কিছু সহপাঠীর সাথে পরিচয় করিয়ে দিয়েছিলো।

Passive : I **was introduced to** some of his classmates by him.

05. Active : It paralyses the whole nation. (*Make it Passive*)

	It	paralyses	the whole nation.
	↓	↓	↓
বাক্যের অর্থ	এটা	অচল করে দেয়	পুরো জাতিকে ।

শব্দের অর্থ **paralyse** (প্যারালাইয্‌) : অচল করে দেয়া; স্থবির করে দেয়া; অবশ করে দেয়া।

Passive : The whole nation **is paralysed** by it.

বাক্যের অর্থ পুরো জাতি অচল হয়ে যায় এটির দ্বারা।

06. Active: A clash **paralyses** the whole family.

বাক্যের অর্থ সংঘাত পুরো পরিবারকে স্থবির করে দেয়।

Passive: The whole family **is paralysed by** a clash.

07. Active: A clash **paralyses** the whole nation.

বাক্যের অর্থ সংঘাত পুরো জাতিকে অচল করে দেয়।

Passive: The whole nation **is paralysed by** a clash.

08. Active: War paralyses (প্যারালাইয্‌-অচল করে দেয়া) the country.

বাক্যের অর্থ যুদ্ধ দেশকে অচল করে দেয়।

Passive: The country **is paralysed by** war.

তোমার প্রাইভেট স্যার হলো এই বই।

09. Active: Corruption **paralyses** a nation.

বাক্যের অর্থ দুর্নীতি অচল করে দেয় একটি জাতিকে।

Passive: A nation **is paralysed by** corruption.

More Examples

01.	A country	is paralysed	by	war.
02.	A city	is paralysed	by	traffic jam.
03.	A city	is paralysed	by	rain.
04.	A society	is paralysed	by	corruption.
05.	A factory	is paralysed	by	strike.
06.	The government	is paralysed	by	indecision.

খেয়াল করো, উপরের উদাহরণগুলো একই ধরনের বাক্য তিনবার করে পড়ো।

10. **Passive:**	**Water**	**is contaminated**	**by various kinds of waste.**
আক্ষরিক বাংলা	পানি	দূষিত করা হয়	বিভিন্ন ধরনের আবর্জনা দ্বারা ।

সাবলীল বাংলা পানি বিভিন্ন ধরনের আবর্জনা দ্বারা দূষিত হয়।

Active:	**Various kinds**	**of waste**	**contaminate**	**water** .
আক্ষরিক বাংলা	বিভিন্ন প্রকার	আবর্জনা	দূষিত করে	পানি

সাবলীল বাংলা বিভিন্ন প্রকার আবর্জনা পানি দূষিত করে।

11. **Passive:** The Buriganga is contaminated by rampant dumping of industrial waste.

শব্দের অর্থ

rampant	(র‍্যাম্প্যান্ট)	= অবাধ; অনিয়ন্ত্রিত ।
contaminate	(কনট্যামিনেইট্)	= দূষিত করা ।
dump	(ডাম্প্)	= ময়লা এবং আবর্জনা ফেলা ।

বাক্যের অর্থ কল-কারখানার বর্জ্য যত্রতত্র ফেলার দ্বারা বুড়িগঙ্গা দূষিত হয়।

Active: Rampant dumping of industrial waste contaminates the Buriganga.

12. Mills and factories also **pollute** water. (*Make it passive*)

বাক্যের অর্থ মিল এবং কারখানাও পানিকে দূষিত করে।

Passive : Water **is also polluted by** mills and factories.

13. Tourists from home and abroad visit this beach. (**প্যাসিভ বানাও এটাকে**)

বাক্যের অর্থ দেশ-বিদেশের পর্যটকরা এই সমুদ্র সৈকত ভ্রমণে আসে।

Passive: This beach **is visited** by tourists from home and abroad.

14. He **loves** his relatives very much. (*Make it Passive*)

বাক্যের অর্থ সে খুব ভালবাসে তার আত্মীয়দের।

Passive: His relatives **are loved** very much **by** him.

প্রেযেন্ট্ Continuous-এর ভয়েস চেঞ্জ

Continue অর্থ অব্যাহত থাকা বা ঘটতে থাকা। **Continue** শব্দটি থেকেই এসেছে *continuous*; যার অর্থ হলো চলমান বা ঘটমান। আর present অর্থ হলো **বর্তমান**। তার মানে, এখন ঘটছে এমন ঘটনাকে বলা হয়ে **Present Continuous**.

01. He is beating the extortionist. (*Make it passive*)

বাক্যের অর্থ সে প্রহার করছে চাঁদাবাজটিকে।

Passive: The extortionist **is being beaten by** him.

বাক্যের অর্থ চাঁদাবাজটি প্রহৃত হচ্ছে তার দ্বারা ।

is beating

হয়ে গেলো

is being beaten

Active Passive

02. Rajib **is eating** a lunch. → A lunch **is being eaten** by Rajib.
(রাজীব খাচ্ছে দুপুরের খাবার) (দুপুরের খাবার খাওয়া হচ্ছে রাজীবের দ্বারা)

03. Sakib **is giving** a lecture. → A lecture **is being given** by Sakib.

04. I **am sending** an e-mail. → An e-mail **is being sent** by me.

05. He **is writing** a letter. → A letter **is being written** by him.

06. Sir **is teaching** him. → He **is being taught** by sir.

07. Coach **is training** Messi. → Messi **is being trained** by coach.

08. Aunt **is cooking** food. → Food **is being cooked** by aunt.

09. Police **is guarding** the bank. → The bank **is being guarded** by police.

10. Rana **is reading** this book. →This book **is being read** (রেড্) by Rana.

“ এই পৃষ্ঠার বাক্যগুলো অবশ্যই পড়ো ”

	Active				Passive		
01.	I am	driving (চালাচ্ছি)	a car	→ A car is	being driven (চালানো হচ্ছে)	by me.
02.	I am	giving (দিচ্ছি)	a book	→ A book is	being given (দেয়া হচ্ছে)	by me.
03.	I am	helping (সাহায্য করছি)	a man	→ A man is	being helped (সাহায্য করা হচ্ছে)	by me.
04.	He is	teaching (শেখাচ্ছে)	math	→ Math is	being taught (শেখানো হচ্ছে)	by him
05.	He is	writing (লিখছে)	a letter	→ A letter is	being written (লেখা হচ্ছে)	by him
06.	He is	eating (খাচ্ছে)	rice	→ Rice is	being eaten (খাওয়া হচ্ছে)	by him
07.	We are	making (তৈরি করছি)	cakes	→ Cakes are	being made (তৈরি করা হচ্ছে)	
08.	We are	playing (খেলছি)	cards	→ Cards are	being played (খেলা হচ্ছে)	
09.	We are	crossing (অতিক্রম করছি)	the river	→ The river is	being crossed (অতিক্রম করা হচ্ছে)	
10.	You are	opening (খুলছো)	the pages	→ The pages are	being opened (খোলা হচ্ছে)	by you.
11.	You are	reading (পড়ছো)	a book	→ A book is	being read (রেড) (পড়া হচ্ছে)	by you.
12.	You are	closing (ক্লৌযিং) (বন্ধ করছো)	a door	→ A door is	being closed (বন্ধ হচ্ছে)	by you.

	Active			Passive		
13.	Jaber	**is closing**	the doors.	The doors	**are being closed**	by Jaber.
14.	He	**is killing**	tigers.	Tigers	**are being killed**	by him.
15.	He	**is eating**	sweets.	Sweets	**are being eaten**	by him.
16.	Raji	**is driving**	a car.	A car	**is being driven**	by Raji.
17.	Roni	**is selling**	books.	Books	**are being sold**	by Roni.

এই পৃষ্ঠার প্রতিটা বাক্য দেখে দেখে একবার লিখো

is going too

(ইন-গিউরেইট্)

1. **Active** : The leader is going ***to inaugurate*** the school.
Passive : The school is going ***to be inaugurated*** by the leader.

2. **Active** : Sajib **is going to** open a shop. (সজীব একটি দোকান উদ্বোধন করতে যাচ্ছে।)
Passive : A shop **is going to be opened by** Sajib.

সমাধান Active-এ *is going to open* থাকাতে passive-এ *is going* to be opene**d**।

Has বা Have থেকে has been বা have been

1. **Active** : I **have written** a letter (আমি লিখেছি একটি চিঠি).
Passive : A letter **has been written** by me (একটা চিঠি লেখা হয়েছে আমার দ্বারা).

2. **Active** : Saifur sir of S@ifur’s **has written** this book.
Passive : This book **has been** written by Saifur sir of S@ifur’s.

3. **Active** : They **have taught** English for many years.
(তারা শিখিয়েছেন ইংরেজি বহু বছর ধরে।)
Passive : English **has been taught** by them for many years.
(ইংরেজি শেখানো হয়েছে তাদের দ্বারা বহু বছর ধরে ।)

সমাধান Active-এ ***have/has*** থাকলে Passive-এ ***has been*** বা ***have been*** হবে।

4. **Active** : I **have to do** it. (আমাকে এটি করতে হবে।)
Passive : It **has to be done** by me.

সমাধান Active-এ ***have to do / has to do*** Passive-এ ***has to be done*** বা ***have to be done*** হবে।

5. **Active** : Someone **has invited** me to the party.
Passive : I **have been invited** to the party. (আমি পার্টিতে আমন্ত্রিত হয়েছি।)

6. **Active** : She **has** made tea. (সে চা তৈরি করেছে।)
Passive : Tea **has been** made by her. (চা তার দ্বারা তৈরি হয়েছে।)

7. **Active** : I have **killed** the bird. (আমি মেরেছি পাখিটা।)
Passive : The bird **has been killed** by me. (আমার দ্বারা পাখিটি মারা হয়েছে।)

অতীত কালের Voice পরিবর্তন

01. **Active** Shaila **wrote** a letter to her mother.

সাবলীল বাংলা শায়লা তার মায়ের নিকট একটি চিঠি লিখেছিল।

Passive A letter **was written** by Shaila to her mother.

বাংলা অর্থ বুঝে ইংরেজি বাক্যটা জোরে জোরে পড়ো।

	Active			**Passive**		
02.	Farmers	***used***	water.	Water	***was used***	by farmers.
03.	They	***played***	cricket.	Cricket	***was played***	by them.
	(তারা	খেলেছিল	ক্রিকেট।)	(ক্রিকেট	খেলা হয়েছিল	তাদের দ্বারা।)
04.	Aslam	***sold***	rice.	Rice	***was sold***	by Aslam.
	(আসলাম	বিক্রি করেছিলো	চাউল।)	(চাউল	বিক্রি করা হয়েছিলো	আসলাম দ্বারা।)
05.	Rana	***drived***	a car.	A car	***was driven***	by Rana.
	(রানা	চালিয়েছিল	একটি গাড়ি।)	(গাড়ি	চালানো হয়েছিল	রানার দ্বারা।)
06.	They	***killed***	a bird.	A bird	***was killed***	by them.
07.	Miraj	***liked***	you.	You	***were liked***	by Miraj.
08.	We	***took***	coffee.	Coffee	***was taken***	by us.

09. **Active** : I ***accepted*** the invitation. (আমি আমন্ত্রণটি গ্রহণ করেছিলাম।)

Passive : The invitation ***was accepted*** by me. (আমন্ত্রণটি গ্রহণ করা হয়েছিল আমার দ্বারা।)

10. **Active** : Everyone **praised** her. (প্রত্যেকেই তার প্রশংসা করেছিলো।)

Passive : She **was praised by** everyone. (সে প্রশংসিত হয়েছিলো প্রত্যেকের দ্বারা।)

সাজেশনও লাগে না, কমনও লাগে না

যদি তুমি সেনটেনসের অর্থ বুঝো।

with যুক্ত passive

কিছু কিছু verb-এর শেষে by-এর পরিবর্তে with দিয়ে পরিবর্তন হয়। যেমনঃ

is filled **with,** **is** crowded **with,**
is pleased **with,** **is** satisfied **with** ইত্যাদি।

1. **Passive :** The bucket **was filled with** water.

বাক্যের অর্থ বালতিটি ভর্তি ছিলো পানি দ্বারা।

Active : Water **filled** the bucket.

2. **Active :** They **pleased** us all.

বাক্যের অর্থ তারা খুশি করেছিল আমাদের সকলকে ।

Passive : We all **were pleased with** them.

বাক্যের অর্থ আমরা সকলে হয়েছিলাম খুশি তাদের প্রতি ।

was / were + eating
থাকাতে passive-এ
was / were being
eaten .....।

PAST CONTINUOUS-এর ভয়েস চেঞ্জ

1. **Active :** Endira **was writing** a letter.

Passive : A letter **was being written by** Endira

সমাধান Active-এ ***writing*** থাকায় Passive-এ ***being written*** হলো।

2. **Active :** Some children **were helping** the wounded man.

বাক্যের অর্থ কয়েকজন শিশু সাহায্য করছিল আহত লোকটিকে।

Passive : The wounded man **was being helped by** some children.

3. **Active :** He **was eating** rice

Passive : Rice **was being eaten** by him.

4. **Active** : They were **playing** cricket.
Passive : Cricket was **being played** by them.
বাক্যের অর্থ ক্রিকেট খেলা হচ্ছিল তাদের দ্বারা।

বাংলা অর্থসহ
বুঝে বুঝে
জোরে জোরে
পড়ো।

5. **Active** : I **saw** the boy crying.
Passive : The boy **was seen crying** by me.
বাক্যের অর্থ ছেলেটিকে দেখা গিয়েছিল কাঁদতে আমার দ্বারা।
সমাধান *saw* শব্দটি passive-এ *was seen* হবে।

6. **Active** : I saw him playing football.
Passive : He was seen playing football by me.
সমাধান Active-এ *saw* থাকায় Passive-এ *was seen* হবে। *playing football* অংশটুকু ঠিকই থাকবে।



shall বা will

1. **Active** : I **shall do** the work.
Passive : The work **will be done** by me.
বাক্যের অর্থ কাজটি করা হবে আমার দ্বারা।

	Active	Passive
2.	I ***shall write*** a novel.	A novel ***will be written*** by me.
3.	I ***shall cross*** the road.	The road ***will be crossed*** by me.
4.	I ***shall buy*** the book.	The book ***will be bought*** by me.
5.	I ***shall make*** a kite.	A kite ***will be made*** by me.
5.	I ***will do*** oju.	Oju ***will be done*** by me.
7.	I ***will tell*** the truth.	Truth ***will be told*** by me.

will be ing বা shall be ing

1. 'We shall be taking tea' বাক্যাটির Passive voice হচ্ছে -

= Tea will be being taken by us.

সমাধান Active-এ *taking* থাকায় passive-এ *being taken* হবে।

মনে রাখো Active-এ *shall be taking* থাকলে,

passive-এ হবে will be বা shall be।

আর *taking* হবে *being taken*।

তার মানে, *will be being taken* বা *shall be being taken* হবে।

2. **Active** : The teacher will be teaching us. (শিক্ষক শেখাতে থাকবেন আমাদের।)

Passive : We will be being taught by the teacher.

বাক্যের অর্থ আমরা শিক্ষা পেতে থাকব শিক্ষকের দ্বারা।

সমাধান Active-এ ***will be teaching*** থাকায় passive-এ ***will be being taught*** হয়েছে।

	Active		Passive
3.	will be **driving**	→	will be **being driven**
4.	will be **sending**	→	will be **being sent**
5.	will be **taking**	→	will be **being taken**
6.	will be **reading**	→	will be **being read**
7.	will be **cooking**	→	will be **being cooked**
8.	will be **boiling**	→	will be **being boiled**
9.	will be **helping**	→	will be **being helped**

প্রশ্নের Voice চেইন্জ্

01. **Active** : Do you know it? . (তুমি কি এটা জানো?)
Passive : Is it **known to** you? (এট কি তোমার জানা?)

02. **Active** : Do you want me? (তুমি কি চাও আমাকে?)
Passive : **Am I wanted** by you?

03. **Active** : What do you want? (তুমি কী চাও?)
Passive : What **is wanted by** you?

04. **Active** : Which book do you want? (কোন্ বইটি তুমি চাও?)
Passive : Which book **is wanted by** you? (কোন্ বইটি চাওয়া হয় তোমার দ্বারা?)

05. **Active** : **Had** the child **broken** the mirror? (শিশুটি কি আয়নাটি ভেঙেছিল ?)
Passive : **Had** the mirror **been broken by** the child?
(আয়নাটি কি শিশুটির দ্বারা ভাঙ্গা হয়েছিল?)

06. **Active** **:** Will you open the door? (তুমি কি দরজাটি খুলবে?)
Passive **:** Will the door be opened by you?

বাক্যের অর্থ দরজাটি কি খোলা হবে তোমার দ্বারা?

07. **Active** : How can you do this"?

বাক্যের অর্থ কীভাবে তুমি এটি করতে পার?

Passive : How can this be done by you?

বাক্যের অর্থ কীভাবে হতে পারে এটি করা তোমার দ্বারা ?

মনে রেখো

Can থাকলে *can be*
will থাকলে *will be*
may থাকলে *may be*
could থাকলে *could be* +
eaten / taken প্রভৃতি
শব্দ হয়।

সমাধান

Active-এ ***do*** থাকায় passive-এ ***be done*** হয়েছে।
How দিয়ে প্রশ্নবোধক না হলে বাক্যটি হত : *You can do this*।
এটির passive হল : *This can be done by you.*
এটিকে প্রশ্নবোধক করলে : *Can this* ***be done by*** *you?*
এই বাক্যের শুরুতে How থাকায় এটি এমনিতেই প্রশ্নবোধক বাক্য হয়ে যায়।

08. **Active** : Who will help me? (কে সাহায্য করবে আমাকে?)
Passive : By whom will I be helped? (কার দ্বারা আমি হব সাহায্যপ্রাপ্ত?)

09. **Active** : Who do this?
Passive : By whom is this done ?

মনে রেখো : Active -এ *Who* থাকলে, **Passive**-এ *By whom* হয়।

Imperative বাক্যকে Passive করার নিয়ম

01. **Active** : **Lift** this box. (এই বাক্সটিকে উপরে উঠাও)
Passive : **Let** this box **be lifted**. (বাক্সটি উপরে উঠানো হোক)

02. **Active** : Keep your promise.
Passive : Let your promise be kept { ***by you*** উহ্য আছে}.

03. **Active** : Do the work. (কাজটি কর)
Passive : Let the work be done { ***by you*** উহ্য আছে}.
(কাজটি করতে দেয়া হোক)

04. **Active** : Shut the door. (দরজাটি বন্ধ কর)
Passive : Let the door be shut { ***by you*** উহ্য আছে}.
(দরজাটি বন্ধ করতে দেয়া হোক)

05. **Active** : Tell him to come. (তাকে বল আসতে)
Passive : Let him be told to come. (তাকে বলা হউক আসতে)

উপরের বাক্যগুলো থেকে বোঝা গেলো

Imperative বাক্যের Passive-এ বাক্যটি **let** দিয়ে শুরু হবে এবং

মূল verb-এর past participle-এর আগে ‘**be, done, be told**’ প্রভৃতি হবে।

Can, could, may, should প্রভৃতি থাকলে

	Active		**Passive**
01.	should ***control*** (নিয়ন্ত্রণ করা উচিত)	→	should ***be controlled*** (নিয়ন্ত্রিত হওয়া উচিত)
02.	should ***learn*** (শেখা উচিত)	→	should ***be learned*** (কারো দ্বারা শেখা উচিত)
03.	should ***take care of*** (যত্ন নেয়া উচিত)	→	should ***be taken care of*** (কারো দ্বারা যত্ন নেয়া উচিত)

4. Active : We ***should control*** our greed.
বাক্যের অর্থ আমাদের উচিত লোভ নিয়ন্ত্রণ করা।
Passive : Our greed ***should be controlled*** by us.
বাক্যের অর্থ আমাদের লোভ নিয়ন্ত্রিত হওয়া উচিত আমাদের দ্বারা।

5. Active : We ***should practise*** honesty.
বাক্যের অর্থ আমাদের সততা অনুশীলন করা উচিত।
Passive : Honesty ***should be practised*** by us.
বাক্যের অর্থ সততা অনুশীলন হওয়া উচিত আমাদের দ্বারা।

নিজেকে শুনিয়ে শুনিয়ে
ইংরেজি বাক্যগুলো
জোরে জোরে
পড়লে
ইংরেজিতে কথা বলার
দক্ষতা বাড়বে।

বাক্য থেকে পাওয়া গেলো

Active -এ *ought to, might, may, should, shall, can, could, would* **থাকলে**
Passive -এ *ought to* **be**, *might* **be**, *may* **be**, *should* **be**, *shall* **be**, *can* **be** ... ইত্যাদি হয়।

	Active		Passive (ডান)
01.	I ***can*** *do it.* (আমি এটি করতে পারি)	→	It ***can be done*** by me. (এটি করা হতে পারে আমার দ্বারা)
02.	Who **can** do it? (কে করতে পারে এটি?)	→	By whom **can** it **be** done? (কার দ্বারা এটি করা হতে পারে?)
03.	You **must** punish him. (তুমি অবশ্যই শাস্তি দিবে তাকে)	→	He **must be** punished by you. (তাকে অবশ্যই শাস্তি দেওয়া হবে তোমার দ্বারা)
04.	He **ought** to help me. (তার উচিত আমাকে সাহায্য করা)	→	I **ought** to be helped by him. (আমাকে সাহায্য করা উচিত তার দ্বারা)
05.	I ***can cook it.*** (আমি এটি রান্না করতে পারি)	→	It ***can be cooked*** by me. (এটি রান্না করা হতে পারে আমার দ্বারা)
06.	I ***must*** *do it.*	→	It ***must be done*** by me.

“ খুব ধৈর্য ধরে নিচের প্রশ্নগুলো নিজে নিজে চেষ্টা করো ”

Exercise : Voice Change

বইয়ের শেষে **Answer** অধ্যায়ে উত্তর দেয়া আছে।

01. Identify the right passive voice of ‘It is impossible to do this’. [৩৮তম বিসিএস]
A. Doing this is impossible
B. This is impossible to be done
C. This the must be done
D. This can’t be done

02. The passive form of the sentence. [২০তম বিসিএস, প্রাথমিক সহ:শিক্ষক (করতোয়া)]
‘Some children are helping the wounded man’. [প্রাথমিক বিদ্যা, প্রধান শিক্ষক]
A. The wounded man was helped by some children. [প্রশাসনিক কর্মকর্তা (পররাষ্ট্র)]
B. The wounded was helping by some children. [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক]
C. The wounded man was to be helped by some children.
D. The wounded man is being helped by some children.

03. The correct sentence of the following- [১৭তম বিসিএস]
A. A new cabinet has been sworn in in Dhaka
B. A new cabinet has been sworn at Dhaka
C. A new cabinet has been sworn by in Dhaka
D. A new cabinet has sworn in Dhaka

04. The correct passive of ‘Sheila was writing a letter’ is-
A. A letter was writing by Sheila
B. A letter was being writing by Sheila
C. A letter was being written by Sheila
D. A letter was been writing by Sheila

05. We don’t respect dishonest people. [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী]
A. We are not respected by dishonest people
B. Dishonest people are not of our liking
C. Dishonest people are not respected by us
D. Dishonest people are not like us

বাক্যের অর্থ বুঝলে ন্যারেশন সলভ করা সহজ

06. The passive form of the sentence ‘He saw me do it.’ is- [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)]
A. I was seen do it by him
B. I was seen to do it by him
C. I was seen doing it by him
D. I was seen to doing it by him

07. The passive form of the sentence: [বাংলাদেশ কৃষি ব্যাংক সিনিয়র অফিসার]
“I had already shown her photo to the policeman.” should be:
A. The policeman was already shown her photo.
B. Her photo was already been shown to policeman.
C. The policeman had already been shown her photo.
D. The policeman have already been shown her photo.

08. The trunk containing costumes, _____ at the stage entrance of the theatre.
[ঢাকা ব্যাংক প্রবেশনারি অফিসার]
A. was left
B. have left
C. were left
D. has left

09. ‘He took me there.’ the passive voice is- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক]
A. I was to be taken there by him
B. I should be taken there by him
C. He was trying to take me there
D. I was taken there by him

10. Smoke filled the room. (passive) [বেরোবি (B)]
A. The room is filled with smoke
B. The room was filled by smoke
C. The room was filled at smoke
D. The room was filled with smoke

একজন মেডিকেল ছাত্রের বক্তব্য

স্যার,

আমি মো. নাসির। আমার বাড়ি বগুড়া জেলার সোনাধারা থানায়, বর্তমানে থাকছি চন্দ্রায়। আমি গাজীপুর হোমিওপ্যাথি মেডিকেল কলেজ ও হাসপাতালে ডিপ্লোমা ইন হোমিওপ্যাথিক মেডিসিন (DHMS) প্রথম বর্ষের একজন শিক্ষার্থী।


হাতে-কলমে READING SKILLS
বড় বড়
unseen passage-এর
sentence ভেঙে ভেঙে
বাংলা অর্থ বুঝে বুঝে
তৃপ্তি মতো solve শিখতে
হাতে-কলমে
READING
SKILLS
Saifur Rahman Khan

জীবনের শুরু থেকেই আমি ইংরেজিতে খুবই দুর্বল। এতটাই দুর্বল যে এসএসসি পরীক্ষায় আমার জিপিএ ছিল 3.50। ইংরেজিতে দুর্বলতার কারণেই আমি বিজ্ঞান বিভাগে পড়তে পারিনি এবং বাধ্য হয়ে আর্টস নিয়ে পরীক্ষা দিতে হয়েছে। এমনকি মেডিকেলে ভর্তি হলেও, সায়েন্স ব্যাকগ্রাউন্ড না থাকায় বিএইচএমএস-এ ভর্তি হতে পারিনি। অবশেষে ডিএইচএমএস-এ ভর্তি হই।

কিন্তু এখানেও সেই একই সমস্যা। বায়োলজি, অ্যানাটমি, ফিজিওলজি সব বিষয়ই ইংরেজিতে পড়ানো হয়। আমি প্রায় কিছুই বুঝি না। অনেক সময় ক্লাস থেকে পালিয়ে আসি, কারণ সবকিছুই মাথার উপর দিয়ে যায়। বাংলায় পড়তে চাইলে স্যাররা বলেন, “বাংলা দিয়ে হবে না, ইংরেজিতেই পড়তে হবে, নিয়মিত প্র্যাকটিস করতে হবে।”

সবচেয়ে বেশি লজ্জা পাই তখন, যখন কোনো স্যার ক্লাসে প্রশ্ন করেন আর আমি কিছুই বলতে পারি না। নিজেকে খুব অসহায় লাগে।

একদিন টেন মিনিট স্কুলের মুনজারিন শহীদ আপুর একটি বই কিনতে চাচ্ছিলাম। তখন আমার একজন গুরু যিনি একজন বিএইচএমএস ডাক্তার এবং মিরপুর ১০ নম্বরে শেওড়াপাড়ায় তার চেম্বার আছে— আমি তাকে বিষয়টি বললে তিনি বলেন, “এই বই দিয়ে হবে না।” তিনি তখন আপনার কথা বলেন এবং বলেন, “স্যারের বইগুলো কালেক্ট করো। এগুলো বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে ভালো ইংরেজি শেখার বই।”

পরে আমি আপনার বইগুলো কিনি। প্রথম ক্লাসের বইটি পড়েই মনে হলো। ইংরেজি, যে এতদিন আমার জীবনের সবচেয়ে বড় শত্রু ছিল, এখন সে আমার সবচেয়ে ভালো বন্ধু হয়ে উঠতে পারে।

আল্লাহ আপনাকে কবুল করুন। আপনি সারা বাংলাদেশের মানুষকে উপকৃত করছেন। জাযাকাল্লাহু খায়রান। দুনিয়া ও আখিরাতে আল্লাহ যেন আপনাকে উত্তম প্রতিদান দেন এবং সম্মানজনক অবস্থান দান করেন।

Chapter-33 সিলেবাসে না থাকলেও **Narration** পড়ো

01. Direct: Bipul says, "I am right." (*Make it indirect*)

	Bipul	says,	"I	am	right."
বাক্যের অর্থ	বিপুল	বলে,	"আমি	হই	সঠিক।"

অর্থ বুঝে সমাধান

উপরের কথাটিকে পরোক্ষভাবে বাংলায় আমরা কীভাবে বলবো;

একটু চিন্তা করুন তো?

হ্যাঁ, আমরা বলবো: বিপুল **বলে যে সে হয় সঠিক।**

উপরের কথাটিকে এখন ইংরেজি করা যাক:

বিপুল	বলে	যে	সে (টিপু)	হয়	সঠিক।
Bipul	**says**	that	he	**is**	right.

বুঝে নাও

says থাকাতে **is** হলো।

02. Direct: Sakib said, "I **am** suffering from dengue fever." (*Make it indirect*)

শব্দের অর্থ: **suffer** (সাফার্) : যন্ত্রণায় ভোগা ; **fever** (ফিভার্) : জ্বর।

বাক্যের অর্থ: Sakib বলেছিল, "আমি ডেঙ্গু জ্বরে ভুগছি।"

সমাধান: উপরের এই বাংলা বাক্যটিকে পরোক্ষভাবে বললে হয়:

সাকিব **বলেছিল** যে সে ডেঙ্গু জ্বরে **ভুগছিল**।

{ দুটোই অতীত }

এখন উপরের এই কথাটিকে ইংরেজি করা যাক:

সাকিব	বলেছিল	যে	সে	ভুগছিল	ডেঙ্গু জ্বরে।
Sakib	**said**	that	he	**was** suffering	from dengue fever.

চিন্তা করো

said হওয়াতে **was** *suffering* হলো।

একই ধরনের উদাহরণ

- Mohi said, "I'm waiting for Sonia".

= Mohi **said** that he **was** waiting for Sonia.

03. Direct: Suvro said to me, “Are you ill?” (*Make it indirect*)

উপরের কথাটির বাংলা অর্থ হলো: শুভ্র বলল আমাকে “তুমি কি অসুস্থ?”

তৃপ্তিকর সমাধান

উপরের বক্তব্য পড়ে বোঝা যাচ্ছে এটি একটি প্রশ্ন।
অতএব, এই বাংলা কথাটিকে পরোক্ষভাবে বললে হয়:
শুভ্র জিজ্ঞেস করলো আমাকে আমি অসুস্থ ছিলাম কি না।

এখন উপরের কথাটাকে ইংরেজি করা যাক:

মনে রেখো
প্রশ্নবোধক বাক্যে
are, am, is, do, did, shall, will, have, has, had
প্রভৃতি থাকলে **Indirect** বাক্যে
asked-এর পর *if / whether* হবে।

শুভ্র ↓ জিজ্ঞেস করলো ↓ আমাকে ↓ আমি অসুস্থ ছিলাম ↓ কিনা।

Indirect : Suvro asked me **if** I was ill.

শব্দের অর্থ এখানে *if* অর্থ 'যদি' নয়, বরং এর অর্থ হলো “কিনা”।

এই উত্তরটিকে *inquire of* দিয়ে লিখলে হয়:

Suvro inquired of me whether I was ill.

শুভ্র প্রশ্ন করলো আমাকে আমি অসুস্থ ছিলাম কিনা।

ন্যারেশন
শিখছি
বাংলা অর্থ
বুঝে বুঝে।

04. Mother said to me, “Do not run in the sun”. (*Make it indirect*)

বাক্যের অর্থ মা বললেন আমাকে, “ দৌড়িয়ো না রৌদ্রে।”

বাংলা অর্থ দিয়ে ব্যাখ্যা

এই বাংলা কথাটিকে পরোক্ষভাবে বললে হয়: **মা নিষেধ করলেন আমাকে রৌদ্রে দৌড়াতে।**
এখন এই বাক্যটির ইংরেজি করা যাক:

মা নিষেধ করলেন আমাকে দৌড়াতে রৌদ্রে।
↑
Mother forbade me to run in the sun.

আরো উত্তর হতে পারে

Mother ordered me not to run in the sun.
↓
মা নির্দেশ দিলেন আমাকে না দৌড়াতে রৌদ্রে।

05. I said, "What are you doing now", Robin? (*Make indirect*)

বাংলা অর্থ আমি বলেছিলাম, "তুমি কী করছ এখন, রবিন?"

না থেমে
এক টানা
পড়ে যাও
এই বাংলা
লেখাগুলো

বাংলা অর্থ বুঝে সমাধান

উপরের বক্তব্য পড়ে বুঝা যাচ্ছে এটি একটি প্রশ্নবোধক বাক্য।

অতএব, এই বাংলা কথাটিকে পরোক্ষভাবে বললে হয়:

আমি জিজ্ঞেস করেছিলাম রবিনকে সে কী করছিলো তখন।

এখন উপরের এই কথাটির ইংরেজি করা যাক:

আমি	জিজ্ঞেস করেছিলাম	রবিনকে	সে কী	করছিলো	তখন
I	ask**ed**	Robin	what he	**was** doing	**then**
	past			past	

এই কথাটিতে inquire of দিয়ে লিখলে হয়

I	inquired	of Robin	what he	was doing	then.
আমি	**প্রশ্ন করেছিলাম**	রবিনকে	সে কী	করছিলো	তখন।

What দিয়ে আরো উদাহরণ

- The man said to the boy, "What do you want"?

= The man asked the boy what he wanted.

06. They said to me, “Let us decide the matter ourselves". (*Make it indirect*)

বাক্যের অর্থ তারা বলল আমাকে, “চলো আমরা নিজেরাই এ ব্যাপারে সিদ্ধান্ত নিই।”

বাংলা অর্থ বুঝে ব্যাখ্যা

উপরের বাক্যটি পড়ে বোঝা যাচ্ছে এটি একটি প্রস্তাবমূলক বাক্য বা কথা।

∴ এই বক্তব্যটিকে পরোক্ষভাবে বললে হয়:

তারা আমাকে প্রস্তাব করেছিলো যে আমাদের নিজেদেরই এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া উচিত।

মনে রেখো
Let থাকলে suggested বা proposed হয়।

এখন উপরের কথাটিকে ইংরেজি করা যাক:

তারা	প্রস্তাব করল আমাকে	যে	আমাদের	উচিত	সিদ্ধান্ত নেয়ার	বিষয়টা	নিজেদের।
They	proposed to me	that	we	should	decide	**the matter**	ourselves.

উপরের বাক্যটিকে suggest দিয়ে লেখা যায়:

They **suggested** me that we **should** decide the matter ourselves.

suggested বা proposed that-এর পর should হয়।

এ রকম আরো উদাহরণ

1. Emdad said to the boys, “Let us sing a song to celebrate the day”.
   = Emdad suggested the boys that they should sing a song to celebrate the day.
2. Monni said to her friends, “Let us have picnic on Friday.”
   = Monni proposed to her friends that they should have a picnic on Friday.

07. He said, “Hurrah! We have won the game”. (*Make it indirect*)

বাক্যের অর্থ সে বলল, “কী মজা ! আমরা খেলায় জিতেছি।”

মনে রেখো
আশ্চর্যবোধক বাক্যে *exclaimed* হয়!

সমাধান

উপরের এই আশ্চর্যবোধক বক্তব্য বা কথাকে কীভাবে সহজে পরোক্ষভাবে বাংলায় বলা যায়?

একটু ভাবুন তো? হ্যাঁ, বাংলায় বলা যেতে পারে:

সে আনন্দের সাথে বলল যে তারা খেলায় জিতেছে।

এখন এই বাক্যটিকে ইংরেজিতে অনুবাদ করা যাক:

have* হয়েগিয়েছে *had

He	**exclaimed with joy**	**that**	**they had won the game.**
সে	আনন্দের সাথে বলল	যে	তারা খেলায় জিতেছে

08. Arif said to me, “You have done your work.” (*Make it indirect*)

বাক্যের অর্থ আরিফ বলল আমাকে, “তুমি তোমার কাজ করেছো।”

তৃপ্তিময় সমাধান

উপরের কথাটিকে পরোক্ষভাবে বাংলায় কীভাবে বলা যায় একটু চিন্তা করুন তো?

হ্যাঁ, আমরা বাংলায় বলি বা বলে থাকি:

আরিফ আমাকে বলল যে আমি আমার কাজ করেছিলাম।

উপরের এই কথাটিকে ইংরেজি করলে হয়:

আরিফ বলল	আমাকে	যে	আমি করেছিলাম	আমার কাজ।
Arif told	me	that	I had done	my work.

9. “Have you ever been to Cox’s Bazar?” asked Hamim. (*Make it indirect*)

বাক্যের অর্থ Hamim জিজ্ঞেস করল, “তুমি কি কখনও কক্সবাজার গিয়েছ?”

তৃপ্তিময় সমাধান

উপরের বাংলা বাক্যটি পড়ে বুঝা যাচ্ছে এটি একটি প্রশ্নবোধক বাক্য।

এখন এই বাক্যটিকে পরোক্ষভাবে বাংলায় কীভাবে বলা যায়, ভাবুন তো ?

হ্যাঁ, বাংলায় আমরা বলে থাকি:

Hamim **জিজ্ঞেস করল তাকে সে কখনও কক্সবাজার গিয়েছিলো কিনা।**

এখন এই বাক্যটির বাংলা অনুবাদ করা যাক:

Hamim	জিজ্ঞেস করল	তাকে	সে	কখনও গিয়েছিলো	কিনা	কক্সবাজারে।
Hamim	asked	him **if**	he	had ever been		to Cox’s Bazar

এই বাক্যটিকে *whether* দিয়ে লিখলে হয়

Hamim asked him **whether** he had ever been to Cox’s Bazar.

10. The teacher said, “Ice floats on water”. (*Make it indirect*)

(ফ্লোওট্ = ভাসা)

বাক্যের অর্থ শিক্ষক বললেন, “বরফ পানির উপর ভাসে।”

সমাধান

উপরের বক্তব্যটিকে পরোক্ষভাবে বললে কী হয় বলুন তো? চিন্তা করুন কী হবে? হ্যাঁ, আমরা বলি:

শিক্ষক বললেন যে বরফ পানির উপর ভাসে।

এখন উপরের এই কথাটির ইংরেজি করা যাক:

শিক্ষকটি	বললেন	যে	বরফ	পানির উপর ভাসে।
The teacher	**said**	**that**	**ice**	**floats on water.**

কেউ কি বলবে শিক্ষক বলল যে, বরফ পানির উপর **ভাসত**। হ্যাঁ, এখন আপনি একটু চিন্তা করুন।

আপনি কি কখনও বলবেন ? “সে বলেছিল যে বরফ পানির উপর ভাসত।”

কিন্তু এখন আর **ভাসে না**। এখন বরফ পানিতে **ডুবে যায়**। হ্যাঁ, এটা কেউ কখনও বলবে না,

কারণ বরফ সর্বদাই **পানির উপরই ভাসে**। এটা বরফের একটা বৈশিষ্ট্য।

আরেক কথায় “বরফ যে পানির উপর ভাসে” এটা হলো চিরন্তন সত্য।

এরূপভাবে

① The teacher said, “Two and two make four”.

= The teacher **said** that two and two make four.

② The teacher **said** that the earth moves round the sun.

(শিক্ষক বললেন যে পৃথিবী সূর্যের চারিদিকে ঘোরে।)

③ Rajib **said**, “Man **is** mortal”. (রাজিব বলল, “মানুষ মরণশীল”।)

= Rajib said that man is mortal. (রাজিব বলল যে মানুষ মরণশীল।)

!!!!④ Socrates said, “Knowledge is power”. (সক্রেটিস বলেছিলেন, “জ্ঞানই শক্তি”।)

= Socrates **said** that knowledge **is** power. (সক্রেটিস বলেছিলেন যে জ্ঞানই শক্তি।)

চিরন্তন সত্য

মনে রেখো

চিরন্তন সত্য বুঝালে, present simple হয়।

11. Kamal said, “Friends, lend me your ears.” (*Make it indirect*)

বাক্যের অর্থ কামাল বলল, “বন্ধুরা, ধার দাও আমাকে তোমার কানগুলো = আমার কথা শোনো।”

শব্দের অর্থ

lend	**someone**	**somebody’s ears**
ধার দেয়া	কাউকে	কারো কানগুলো = কারো কথা শুনা।

বাংলা অর্থ দিয়ে য়েক্স্প্লানেইশন্

উপরের এই বক্তব্যটিকে পরোক্ষভাবে
বাংলায় আমরা কীভাবে বলবো চিন্তা করে বলুন তো?
হ্যাঁ, আমরা বলি:

কামাল বন্ধু হিসেবে সম্বোধন করে তাদের বলল তার কথা শুনার জন্য।

মনে রেখো
সম্বোধনসূচক বাক্য
Addresing
দিয়ে শুরু হয়।

এখন উপরের এই কথাটির ইংরেজি করা যাক:

সম্বোধন করে	তাদের	বন্ধু হিসেবে	কামাল বলল	তাদের	তার কথা শুনার জন্য।
Addressing	them	as friends,	Kamal told	them	to lend him their ears.

অন্যভাবে বলা যায়

① **Addressing them** as friends, Kamal requested them to lend him their ears.

অথবা

② Kamal asked friends respectfully to lend him their ears.

Kamal	asked	friends	respectfully	to lend him their ears.
কামাল	বলল	বন্ধুদের	সম্মানের সাথে	তার কথা শুনার জন্য।

এরূপ আরো বাক্য

“Brother, take this golden key and open the door”, said the magician.

= **Addressing him** as brother, the magician told the person to take the golden key and to open the door.

12. Salman said, “Good bye, my friends”. (*Make it indirect*)

(সালমান বলল,“বিদায়, আমার বন্ধুরা” ।)

ব্যতিক্রমী সমাধান

উপরের এই কথাটিকে পরোক্ষভাবে বাংলায় আমরা কীভাবে বলবো ?

একটু চিন্তা করুন তো?

হ্যাঁ, আমরা বলব:

সালাম তার বন্ধুদেরকে *good-bye* বলে বিদায় জানাল।

উপরের এই কথাটিকে এখন ইংরেজি করা যাক:

মনে রেখো

Direct speech-এর “**good bye**” শব্দটি *indirect speech*-এ পরিবর্তন হয়ে **bade** হবে।

সালাম	বিদায় সম্ভাষণ জানাল	তার বন্ধুদেরকে।
↑	↑	↑
Salam	bade good bye	to his friends.

এটিকে ঘুরিয়ে লিখা যায়

Salam bade his friends goodbye.

শব্দের অর্থ **bid**: কাউকে সম্বোধন করে কিছু বলা।

আরো উত্তর হতে পারে

- Salam **told** his friends goodbye.
- Salam **greeted** his friends by saying goodbye.
- Salam **said** goodbye to his friends.

আল জাজিরা

আরবী চ্যানেল শুনে শুনে কেউই **আরবী ভাষা শিখতে পারবে না।**

ঠিক তেমনিই **ইংরেজি সিনেমা** দেখে **ইংরেজি শেখা যায় না।**

13. We said, “May Bangladesh prosper.” (*Make it indirect*)

বাক্যের অর্থ আমরা বললাম, “বাংলাদেশ উন্নত হোক”।

অতুলনীয় সহজ সমাধান

উপরের এই বাংলা বাক্যটি কীভাবে পরোক্ষভাবে প্রকাশ করা যায়?
হ্যাঁ, বাংলায় পরোক্ষভাবে বললে হয়:
আমরা ইচ্ছা প্রকাশ করলাম যে, বাংলাদেশ উন্নত হোক।

এখন এই বাক্যটির ইংরেজিতে অনুবাদ করা যাক:

আমরা	আশা করেছিলাম	যে	বাংলাদেশের	উন্নতি হোক।
↑	↑	↑	↑	↑
We	wished	that	Bangladesh	might prosper.

আরো উত্তর হতে পারে

We wished Bangladesh’s prosperity.
(আমরা চেয়েছিলাম বাংলাদেশের সমৃদ্ধি।)

অথবা

We	prayed	that	Bangladesh	might prosper.
↓	↓	↓	↓	↓
আমরা	প্রার্থনা করলাম	যে	বাংলাদেশের	উন্নতি হোক।

এরকম আরো উদাহরণ

1. Sarmin said to me, “May you shine in life.”
= Sarmin wished that I might shine in life.

2. The teacher said to me, “May you pass the exam.”
= The teacher wished that I might pass the exam.

3. She said, “May Allah save my child.”
(আল্লাহ বাঁচিয়ে রাখুন আমার সন্তানকে।)
= She prayed that Allah might save her child.

S@ifur's-এর
গ্রামার ও রাইটিং
কোর্সে
Narration, ভয়েস,
Translation,
Right forms of verb,
Tense, Preposition
প্রভৃতি সব কিছুই
বাংলায় অর্থ বুঝিয়ে বুঝিয়ে
সহজভাবে শেখানো হয়।

14. Ripon said to Raj, "Please help me solve the math." (*Make it indirect*)

বাক্যের অর্থ রিপন রাজকে বলল, "দয়া করে অঙ্কটি সমাধানে আমাকে সাহায্য করো।"

ধৈর্য ধরে তৃপ্তিকর এই ব্যাখ্যা পড়ো

উপরের এই বাক্যটিকে পরোক্ষভাবে কীভাবে বলা যায়, ভাবুন তো?

হ্যাঁ, আমরা বলি যে,

রিপন রাজকে অনুরোধ করল যে অঙ্ককটি সমাধানে তাকে সাহায্য করতে।

এখন উপরের এই বক্তব্য বা কথাটির ইংরেজি অনুবাদ করা যাক:

Ripon **requested** Raj to help him solve the math.

নিচের মতো করে বলা যায়

(1) Ripon **told** Raj **respectfully** to help him solve the math.
(2) Ripon **politely** asked Raj to help him solve the math.
(রিপন বিনয়সহকারে বলল রাজকে সাহায্য করতে সমাধানে অঙ্কটি।)

মনে রেখো

Please থাকলে requested অথবা *told respectfully* হয়।

15. Babu said to Raj, "Do you know the way to the zoo?" (*Make it indirect*)

বাক্যের অর্থ বাবু রাজকে বলল, "তুমি কি চিনো চিড়িয়াখানায় যাওয়ার পথটি ?"

অতুলনীয় সহজ ব্যাখ্যা

উপরের এই প্রশ্নবোধক বাক্যটিকে কিভাবে পরোক্ষভাবে প্রকাশ করা যায়, বলুন তো?

হ্যাঁ, বাংলায় পরোক্ষভাবে বলা যায়:

বাবু জিজ্ঞেস করল রাজকে সে চিড়িয়াখানায় যাওয়ার পথটা চিনে কি-না।

এখন এই বাংলা বক্তব্যটিকে ইংরেজি ভাষায় অনুবাদ করা যাক।

বাবু	জিজ্ঞেস করল	রাজকে	সে চেনে কি-না	যাওয়ার পথটি	চিড়িয়াখানায়।
Babu	asked	**Raj**	whether **he** knew	the way	to the zoo.

if দিয়েও লেখা যায়

Babu asked **Raj** if **he** knew the way to the zoo.

past *past*

16. Sarah said, "Good morning Mr. Barek". (*Make it indirect*)

বাক্যের অর্থ সারাহ মি. বারেককে বলল, "শুভ সকাল।"

সমাধান

উপরের এই বাক্যটিকে পরোক্ষভাবে বলা যায়:

সারাহ		মি. বারেককে সুপ্রভাত জানাল।
↓		↓
Sarah	wished	Mr. Barek good morning.

অথবা

Sarah wished good morning to Mr. Barek.

মনে রেখো

Good night,
Good morning,
Good bye
থাকলে **wished** হয়।

17. Habib said to Moli, "You know him!" (*Make it indirect*)

বাক্যের অর্থ হাবিব বলল মলিকে, "তুমি চেন তাকে!"

সমাধান

উপরের এই বাক্যটিকে পরোক্ষভাবে বলা যায়:

হাবিব	জিজ্ঞেস করল	মলিকে	আশ্চর্যের সাথে		সে	চেনে	কি না	তাকে।
↓	↓	↓	↓		↓	↓		↓
Habib	asked	Moli	with surprise	if	she	knew		him.

18. Robi said to Ramiz, "I shall go home tomorrow". (*Make it indirect*)

বাক্যের অর্থ রবি রামিজকে বলল, "আমি বাড়ি যাব আগামীকাল।"

সমাধান

উপরের এই বক্তব্যটিকে বাংলায় পরোক্ষভাবে বলা যায়:

রবি রামিজকে বলল যে সে পরের দিন বাড়ি যাবে।

এখন এই বাংলা বাক্যটি ইংরেজি করা যাক

রবি	বলল	রামিজকে	যে	সে	যাবে বাড়ি	পরের দিন।
↓	↓	↓	↓	↓	↓	↓
Robi	said	Ramiz	that	he	would go home	the following day.

Note: যেহেতু "রবি বলেছিলো" যে "সে যাবে",
তাই ইংরেজিতে এই বাক্যে "*will go*" না হয়ে "*would go*" হবে।

19. The teacher said to his pupils, “Stand up”. (*Make it indirect*)

বাক্যের অর্থ শিক্ষকটি তার ছাত্রদের বলল, “ উঠে দাঁড়াও।”

unique (ইউনিখ্) সমাধান

উপরের এই বক্তব্যটিকে বাংলায় পরোক্ষভাবে কীভাবে বলা যায় বলুন তো?
হ্যাঁ, একটু চিন্তা করে বলুন।
উক্ত কথাটিকে পরোক্ষভাবে বাংলায় লেখা যায়:
শিক্ষকটি তার ছাত্রদের আদেশ করলেন দাঁড়াতে।

মনে রেখো
আদেশপূর্বক বাক্যে *ordered, commanded* হয়।

এখন এই বাক্যটির ইংরেজি করা যাক :

শিক্ষকটি	আদেশ করলেন	তার ছাত্রদের	দাঁড়াতে।
The teacher	**ordered**	**his pupils**	**to stand up.**

একই ধরনের আরো উদাহরণ

1. The general said to the soldiers, **“March on.”**

= The general	commanded	the soldiers	to march on.
জেনারেল	আদেশ করলেন	সৈনিকদের	কুচকাওয়াজ করার।

2. The master said to his servant, **“Do as I told you”.**

= The master	ordered	his servant	to do	as he had told him.
মালিক	আদেশ করল	তার চাকরকে	করতে	যেমনটি বলেছিল সে তাকে।

মনে রেখো
উপদেশ হলে *advised* হয়।

3. My father said to me, **“Read attentively.”**

= My	father	advised	me	to read	attentively (অ্যাটেনটিভ্লি).
আমার	বাবা	উপদেশ দিলেন	আমাকে	পড়তে	মন দিয়ে।

এরূপ আরো উদাহরণ

① The boy said, “I will do it **today**”.
= The boy said that he would do it **that day**.

② He promised, “I’ll do it **tomorrow**”.
= He promised that he would do it **the next day**.

মনে রেখো
will থাকলে *would*,
shall থাকলে *should*,
have to থাকলে *had to* হবে।

20. Ramisa said, "I **must** write a letter". (*Make it indirect*)

বাক্যের অর্থ রামিসা বলল, "আমি অবশ্যই লিখব একটি পত্র।"

সমাধান

উপরের এই কথাটিকে পরোক্ষভাবে বলা যায়:

রামিসা বলল যে তাকে একটি পত্র লিখতে হয়েছিল।

এখন এর ইংরেজি করা যাক:

রামিসা	বলল	যে	তাকে	লিখতে হয়েছিল	একটি পত্র।
Ramisa	said	that	she	**had to** write	a letter.

21. "**No**, I haven't completed my study yet," replied Sarah. (*Make it indirect*)

বাক্যের অর্থ "না, আমি আমার পড়া এখনো শেষ করিনি," উত্তর করল সারাহ।

বাংলা অর্থ বুঝে সমাধান

উপরের এই বক্তব্যকে বাংলায় পরোক্ষভাবে কীভাবে বলা যায় বলুন তো?

হ্যাঁ, বাংলায় বলা যায়

সারাহ উত্তর করল নেতিবাচকভাবে এবং বলল যে সে তখনো তার পড়া শেষ করেনি।

এখন এর ইংরেজি অনুবাদ করা যাক:

সারাহ	উত্তর করল	নেতিবাচকভাবে	এবং	বলল যে	সে শেষ করেনি	তার পড়া	তখনো।
Sarah	replied	**negatively**	and	told that	she had not completed	her study	yet.

এ ধরনের বাক্য

Sad replied, "**Yes,** I have done my work."

= Sad replied **positively** and told that he had done his work.

22. Lota said, "How helpless I am ! (*Make it indirect*)

বাক্যের অর্থ লতা বলল, "কেমন অসহায় আমি!"

সমাধান

উপরের এই কথাটিকে কীভাবে বাংলায় পরোক্ষভাবে বলা যায়? চিন্তা করুন তো?

হ্যাঁ, বাংলায় বলা যায়:

লতা	বলল	যে	সে	ছিল	খুব অসহায়।
↓	↓	↓	↓	↓	↓
Lota	said	that	she	was	**very helpless.**

এরকম বাক্য

জোরে জোরে পড়ো!

① বিপ্লব বলল যে এটা ছিল অত্যন্ত বাজে।
= Biplob told that it was very bad.

② বিপ্লব বলল যে তুমি খুব নির্বোধ।
= Biplob told that you were very stupid.

③ **Indirect** : Sajib exclaimed that it was an excellent idea.
(সজিব বলল যে এটা একটা দারুণ ধারণা!)
Direct : Sajib said, "What an excellent idea!"

বুঝে বুঝে মন দিয়ে পড়ো

1. **Today**	বদলিয়ে হয়	**that day**/the same day
2. **Tomorrow**	বদল হয়ে হয়	**the next day/the following day**
3. **Yesterday**	পরিবর্তন হয়ে হয়	**the day before/the previous day**
4. **Next week/month**	পরিবর্তন হয়ে হয়	**the following week/month**
5. **Last week/month**	changes to	**the previous week/month**
6. **Now/just**	বদলিয়ে হয়	**then**
7. **Ago**	changes to	**before**
8. **Here**	changes to	**there**
9. **This**	changes to	**that**

বাংলা অর্থ দিয়ে ন্যারেশন

01. The police officer said to Mita, "How can I help you?" Mita replied, "While I was coming home alone by a taxi last night, two snatchers rode into my taxi." "Did they snatch anything from you?" "Yes sir, they took away my cell phone and some money," said Mita. "Let me record a complaint," said the police officer.

১ম বাক্যের ব্যাখ্যা ও সমাধান

প্রত্যক্ষ ইংলিশ The Police officer said to Mita, "How can I help you?"

প্রত্যক্ষ বাংলা পুলিশ অফিসারটি বললো মিতাকে, "আপনাকে কীভাবে আমি সাহায্য করতে পারি?"

উপরের এই উক্তিটিকে বলে প্রত্যক্ষ বাক্য। এই বাংলা বাক্যটিকে কীভাবে পরোক্ষ উক্তির মাধ্যমে বাংলায় প্রকাশ করা যায়। বলুনতো? হ্যাঁ, আমরা বলতে পারি;

পরোক্ষ বাংলা পুলিশ অফিসারটি জিজ্ঞেস করলো মিতাকে কীভাবে তিনি সাহায্য করতে পারেন তাকে।

পরোক্ষ ইংলিশ The police officer asked Mita how he could help her.

এখন এর জবাবে Mita কী বললো পড়া যাক:

২য় বাক্যের ব্যাখ্যা ও সমাধান কৌশল

প্রত্যক্ষ উক্তি ও বাংলা অর্থ

Mita replied, "While I was coming home alone by a taxi last night,
মিতা উত্তর করলো "যখন আমি আসতে ছিলাম বাড়িতে একাকী গত রাতে টেক্সিতে করে
two snatchers had ridden into my taxi.
দুইজন ছিনতাইকারী আমার টেক্সিতে চড়ে বসলো।

উপরের প্রত্যক্ষ উক্তির পরোক্ষ বাংলা ও পরোক্ষ ইংরেজি উক্তি

মিতা উত্তর করলো যে, যখন সে বাড়িতে যাইতেছিলো একাকি আগের রাতে,
Mita replied that while she had been going home alone the previous night,
একটি টেক্সিতে করে, দুইজন ছিনতাইকারী তার টেক্সিতে চড়ে বসলো।
by a taxi two snatchers rode into her taxi.

মিতার এই সমস্যার কথা শুনে পুলিশ অফিসারটি কী প্রশ্ন করলো। তা এখন পড়া যাক:

মনে রেখো প্রত্যক্ষ উক্তিতে *was coming* হলে, পরোক্ষ উক্তিতে *had been going* হয়।

তার মানে, প্রত্যক্ষ উক্তিতে past continuous থাকলে পরোক্ষ উক্তিতে past perfect continuous হবে।

" মাত্র দুইবার মন দিয়ে পড়ো এই পৃষ্ঠাটা "

৩য় বাক্যের অর্থ ও ব্যাখ্যা

"**Did** they snatch | anything from you?"

"তারা কি ছিনিয়ে নিয়েছিল | কোনো কিছু তোমার কাছ থেকে?"

এই কথাটি বাংলায় পরোক্ষ উক্তির মাধ্যমে বলা যায় নিম্নোক্তভাবে,

তারপর | পুলিশ অফিসারটি | আবারো | জিজ্ঞেস করলো তাকে | তারা ছিনিয়ে নিয়েছিলো কিনা

Then | the police officer | again | asked her | whether they **had snatched**

past | past perfect

anything from her.

কোনো কিছু তার কাছ থেকে

Great Rule

প্রত্যক্ষ উক্তিতে past simple (did, went, took, etc) থাকলে
পরোক্ষ উক্তিতে past perfect (had done, had gone) প্রভৃতি হয়।

এর জবাবে মিতা কী বলল সেটা পড়া যাক:

৪র্থ বাক্যের ব্যাখ্যা ও সমাধান কৌশল

প্রত্যক্ষ উক্তি "Yes Sir, they took away my cell phone and some money," said Mita.

বাংলা অর্থ "হ্যাঁ স্যার, তারা ছিনিয়ে নিয়েছিলো আমার সেল ফোন এবং কিছু টাকা," বললো মিতা।

পরোক্ষ বাংলা স্যার হিসেবে তাকে সম্বোধন করে, | মিতা উত্তর করলো | ইতিবাচকভাবে

পরোক্ষ ইংলিশ Addressing him as sir, | Mita answered | affirmatively

পরোক্ষ বাংলা এবং বললো যে তারা ছিনিয়ে নিয়েছিলো তার সেলফোন ও কিছু টাকা।

পরোক্ষ ইংলিশ and **said** that they **had taken** away her cell phone and some money.

তারপর, এর উত্তরে পুলিশ অফিসার কী বললো:

৫ম বাক্য ও সমাধান

প্রত্যক্ষ ইংলিশ " Let me record a complaint", said the police officer.

প্রত্যক্ষ বাংলা " দাও আমাকে রেকর্ড করতে একটি অভিযোগ," বললো পুলিশ অফিসারটি"।

পরোক্ষ বাংলা পুলিশ অফিসারটি বললো যে | তাকে উচিত হবে অনুমতি দেয়া | অভিযোগ রেকর্ড করতে।

পরোক্ষ ইংলিশ The police officer told that he should be allowed | to record a complaint.

বুঝে চেষ্টা করো : Narration

বইয়ের শেষে Answer অধ্যায়ে উত্তর দেয়া আছে।

01. Teacher said, 'The earth _____ round the sun.' [৩৬তম বিসিএস]
A. moves B. moved C. has moved D. will be moving

02. He said that he _____ the previous day. [২৯তম বিসিএস]
A. has come B. had come C. came D. arrived

03. Change the narration: He remarked, "two and two makes four".
A. He remarked that two and two would make four. [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্ট মাস্টার নিয়োগ]
B. He remarked that two and two made four.
C. He remarked that two and two makes four.
D. He advised that two and two makes four.

04. He said to me, 'thank you'. [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) নিয়োগ]
A. He thanked me B. He had thanked me
C. He told me that thank you D. He wised thank to me

05. 'What do you want?' She asked him. [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক নিয়োগ]
A. She asked him what he wanted. B. She asked him what he wants.
C. She asks him what he wants. D. She wanted him.

06. Which one is the correct narration : He told "Do the Work".
[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ (১৭ জেলা) ২৮ অক্টোবর]
A. He said that do the work. B. He asked to do the work.
C. He requested doing the work. D. He told doing the work.

07. The stranger said to me, "could you help me?" [জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট A ভর্তি পরীক্ষা]
A. The stranger asked me if I could help him.
B. The stranger said to me if I could help him.
C. The stranger asked me if I might help him.
D. The stranger told me to help him.

08. The man said, "No, I refused to confer guilt." [জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট C ভর্তি পরীক্ষা]
A. The man empathically refused to confer guilt.
B. The man was stubborn enough to confer guilt.
C. The man refused to confers his guilt.
D. The man told that he did not confers guilt.

09. My father said to me, "Do you know that Mr. Selim was a valiant freedom Fighter?" Choose the right indirect speech of the sentence: [রাজশাহী বিশ্ববিদ্যালয় ইউনিট B ভর্তি পরীক্ষা]
A. My father asked me know that Mr Selim was a valiant freedom fighter.
B. My father asked me whether I had known that Mr. Selim had a valiant freedom fighter.
C. My father asked me if I knew that Mr. Selim had been a valiant freedom fighter.
D. My father had asked me if I knew that Mr Selim was a valiant freedom fighter.

10. The boy said, "I am hungry." The indirect speech is:
[রাজশাহী বিশ্ববিদ্যালয় ইউনিট E (বিজোড়)]
A. The boy said that he is hungry. B. The boy said that he had been hungry.
C. The boy said that he was hungry. D. The boy says that he is hungry.

Chapter-34 অর্থ বুঝে Tag প্রশ্ন

Am /is / are / was ইত্যাদির Tag

01. **The baby is** innocent, **isn't it**? = baby-টি নিষ্পাপ, তাই নয় কি ?

(ইনোসেন্ট্ = নিষ্পাপ)

02. I **am** well outspoken, **aren't I = ain't I** ? = আমি খুব স্পষ্টবাদী, তাই নয় কি ?

03. The team **is** qualified, **isn't it**? = দলটি যোগ্যতাসম্পন্ন, তাই নয় কি ?

সমাধান *The team* অর্থ *team*-টি = *it*।

04. Life **is** full of troubles and difficulties, **isn't it?**

শব্দের অর্থ **troubles** = সমস্যাসমূহ ; **difficulties** = অসুবিধাগুলো। **full** = ভর্তি।

05. **Economics is my** favorite subject, **isn't it**? = অর্থনীতি আমার প্রিয় বিষয়, তাই নয় কি?

সমাধান Economics, Physics, Mathematics প্রভৃতি হলো পাঠ্যবিষয়ের নাম। তাই, এদের বদলে *it* হয়।

(ফিযিক্স্ = পদার্থবিদ্যা)

06. **'You' is** a pronoun, **isn't it**?

সমাধান

এখানে 'তুমি একজন Pronoun - এভাবে না বলে 'তুমি' শব্দটি একটি Pronoun - এভাবে বললে বুঝা যাবে। তাই *it* হয়েছে। এটি বুঝার আর একটি উপায় হলো *you* শব্দটি, কিন্তু উল্টা comma-র মধ্যে আছে।

07. You are going to Dhaka today, **aren't** you? সমাধান **are** থাকাতে tag-এ **aren't** হবে।

08. The **jury were** divided in their opinions (অ-পিনিয়ন্ = মতামত), **weren't they**?

শব্দের অর্থ **jury** (জুরি) = বিচারকমন্ডলী। **divide** (ডিভাইড্) = বিভক্ত হওয়া ; আলাদা হওয়া।

সমাধান *jury*-র পরে *were* থাকাতে বুঝা যাচ্ছে *jury* শব্দটি plural । ∴ শেষে tag-এ **they** হলো।

বাক্যের অর্থ জুরিরা তাদের মতের ব্যাপারে বিভক্ত বা আলাদা। তার মানে, একেক বিচারকের একেক opinion বা মত। ∴ তাই এখানে *jury* শব্দটি বহুবচন। তাই, jury were.... হলো।

09. The **jury agreed** in **its** opinion, **didn't it**? (জুরিটি একমত হলো এটার মতামতে, তাই নয় কি?)

সমাধান its = এটার = জুরি-র। 'এটার' বলাতে বুঝা যাচ্ছে **jury** হলো একটা জিনিস। ∴ tag-এ **it** হলো।

10. What **an** excellent **idea**, **isn't** it? = কী চমৎকার আইডিয়া, তাই নয় কি?

সমাধান

এই বাক্যটির স্বাভাবিক রূপ হলো: What an excellent idea **it is**?

তার মানে, এই বাক্যে *it is* উহ্য আছে। ∴ *it is*-এর কারণে ২য় অংশে বা tag question *isn't* হলো।

11. How **charming** the scenery **is, isn't it**? = দৃশ্যটি কত চমৎকার, তাই না (= তাই নয় কি)?

12. **What** a pity **it is, isn't it**? = কি দুঃখের বিষয়,তাই নয় কি?

13. Not only he but also his friends **are** responsible for this, **aren't they**?

বাক্যের অর্থ শুধু সে নয় তার বন্ধুরাও দায়ী এটার জন্য, তাই নয় কি?

14. There **are** some chairs upstairs, **aren't there**? = উপরের তলায় কিছু চেয়ার আছে, তাই না?

None, Nothing, Nobody ইত্যাদির Tag

15. **None** can do it, can **they**? = কেউ করতে পারে না এটি, পারে কি?

16. **No man** is happy entirely, **are they**? = কোনো মানুষই পুরোপুরি সুখী নয়, **তাই কি?**

17. **Neither** of them is responsible, **are they**? = তাদের কেউই দায়ী নয়, তাই কি?

18. **Nothing** comes out of nothing, **does it**? = কোনো কিছুই শূন্য থেকে হয় না, হয় কি?

19. **Nothing** is free these days, **is it**? = আজকাল কোনো কিছুই মাগনা না, তাই কি?

সমাধান Something, Anything, Nothing-র বদলে **it** হবে।

20. There is **nothing** true altogether, is **it**? = কোনো কিছুই পুরো সত্য নয়, তাই কি?
না বোধক হ্যাঁ বোধক

Everybody দিয়ে ট্যাগ

(কোন কিছু করার সম্ভাবনা)

21. **Everybody** is liable to error, **aren't they**? = প্রত্যেকে হলো ভুল করায় প্রবণ, তাই নয় কি?

সমাধান *Everybody*-র পরিবর্তে *they* হয়। আর *they*-র সাথে তো আর *is* হবে না, **are**-ই হবে।

22. In classes, **everybody** knows everybody, **don't they**?
= ক্লাসের সবাই সবাইকে চিনে, চিনে না?

23. Everybody is dancing, **aren't they**?

সমাধান everybody, nobody প্রভৃতির জন্য they হয়। আর they-র সাথে isn't না হয়ে aren't হয়।

24. **Everything** is going well, **isn't it**? = সবকিছু ঠিকঠাক চলছে, তাই নয় কি?

Do / does / did-এর Tag

25. How sweetly the bird sings, **doesn't it**? = পাখিটি কতই সুমধুরভাবে গান গাচ্ছে, **তাই না?**

সমাধান *sings = does*; এখানে *bird = it*। *it sings*-এর কারণে *doesn't* হয়েছে।

26. She **told** me the matter, **didn’t** she? = সে বলেছিল আমাকে ব্যাপারটা, বলেনি?

27. **Fire** burns, doesn’t **it**?

28. **The earth** moves round the sun, **doesn’t it?**

Fire burns

মনে রেখো

Earth, Sun, Bangladesh (দেশের নাম), *Surma* (নদীর নাম), *Train, Moon, Ship* ইত্যাদি *Tag question*-এ *it* বা *she* হয়।

29. Banks close (ক্লোঔজ্ - বন্ধ হয়) at 4 pm, **don’t they**? সমাধান **close**-এর কারণে *don’t* হবে।

30. You **have** a Toyota car, **don't** you?

31. **The brave deserve** the reward, **don’t they**? = সাহসীরা যোগ্য পুরস্কার পাওয়ার, তাই নয় কি?

সমাধান *The poor, The rich, The brave* প্রভৃতির সাথে they হবে।

32. Last night he had a sound sleep, **didn’t he?** = গতরাতে তার ভালো ঘুম হয়েছিল, তাই নয় কি?

নেগেটিভ-এর Tag

33. **Nobody** believes a liar, **do they**? = কেউই মিথ্যাবাদীকে বিশ্বাস করে না, করে কি ?

34. Nobody **phoned**, **did** they? = কেউই ফোন দেয়নি, দিয়েছিল কি?

35. **Little** did he know about it, **did he**? = প্রায় কিছুই সে জানতো না এটা সম্পর্কে, জানতো কি?

36. **Nobody** asked for me, **did they**? = কেউ আমার খোঁজ করেনি, করেছিলো কি?

37. He **is never** available, **is he**? = তাকে কখনই পাওয়া যায় না, যায় কি?

38. **No man / No one / Nobody / None** can do it, can **they**? = কেউ এটি করতে পারবে না, পারবে কি?

39. **Neither** of them went, **did they**? = তাদের দুজনের কেউই যায়নি, গিয়েছিল কি?

সমাধান

Neither (তাদের কেউ না)-এর সাথে **did they**, আর Either-এর সাথে didn’t he ইত্যাদি হয়।
যেমনঃ Either (দুইজনের একজন) of them went, didn’t he?

40. They **seldom / hardly / scarcely** come here, **do they**? = তারা কদাচিৎ এখানে আসে, তাই কি?

41. Few men have the proper values to live through this age, **do they**?

সমাধান Men-এর কারণে they হলো। few men = প্রায় কেউই না।

42. A barking dog **seldom** (সেল্ডম্ - কদাচিৎ) bites, **does it**?

না বোধক হ্যাঁ বোধক

= ঘেউ-ঘেউ করা একটা কুকুর কদাচিৎ কামড়ায়, তাই কি?

এই বাক্যের আরেকটি অর্থ যত গর্জে, তত বর্ষে না, তাই কি ?

43. **Little money** was invested in this scheme, **was it?**

বাক্যের অর্থ প্রায় কোনো অর্থই বিনিয়োগ করা হয়নি এই স্কীমে বা পরিকল্পনায়, তাই কি?

শব্দের অর্থ **Little money** = প্রায় কোনো টাকাই নয়। **invest** (ইন্‌ভেস্ট্) = বিনিয়োগ করা।

ব্যাখ্যা Little অর্থ হলো নেই বললেই চলে (নেতিবাচক বা *negative*)। তাই tag-এ **not** হবে না।

44. Very **few students** are devoted to studies, **are they**?

বাক্যের অর্থ খুব কম ছাত্রই পড়াশোনায় মনোযোগী, তাই কি?

শব্দের অর্থ **devoted to** (ডিভৌটেড্ টু) : কোনো কিছুতে মনোযোগী বা নিযুক্ত।

45. The glass contains **little** water, **does it**? = গ্লাসটিতে পানি নেই বল্লেই চলে, তাই না?

46. I **have** hardly **seen** Kalim, **have I**? = আমরা কদাচিৎ কালিমকে দেখেছি, তাই না?

Did-এর Tag

(কেটেছিলো)

47. The mother **cut** her baby's hair, **didn't** she? = মা তার বাচ্চার চুল কেটেছিল, কাটেনি?

8. The mother rose in her to see the pathetic scene of a child, **didn't it**?

(রোউজ় - জেগে উঠেছিলো)

শব্দের অর্থ

rise (রাইয্) - জেগে উঠা। **pathetic** (প্যাথেটিক্) : করুণ। এখানে mother মানে মাতৃত্ব।

বাক্যের অর্থ শিশুটির করুণ অবস্থা দেখে তার ভিতর মাতৃত্বটা জেগে উঠেছিল, জাগে নি?

সমাধান it মানে মাতৃত্ব (the mother), আর rose-এর কারণে did হয়েছে।

49. He **locked** the papers in the safe, _________?

= সে তালাবদ্ধ করে রেখেছিল পেপারগুলো সিন্দুকে, তাই নয় কি?

সমাধান locked-এর কারণে didn't হবে।

50. You **forgot** my birthday, didn't you? সমাধান **forgot** (ভুলে গিয়েছিল)-এর কারণে didn't হবে।

51. We didn't play very well today, did we? সমাধান **didn't**-এর কারণে did হবে।

52. He put the book on the table, **didn't** he? = সে টেবিলের উপর বইটি রেখেছিল, রাখেনি?

সমাধান

put, cut, read, cast, প্রভৃতির present এবং past tense-এ কোন পরিবর্তন হয় না। এখানে put মানে রেখেছিল।

53. **Bangladesh** team **beat** (বিট্ - হারিয়ে দিয়েছিলো) the Pakistan team, **didn't it?**

সমাধান

এখানে beat অর্থ 'হারিয়েছিলো' যেহেতু beat-এর সাথে **s** যুক্ত নাই। এরকম কিছু শব্দ আছে যেগুলো past এবং past participle-এ একই রকম থাকে। যেমন: *Cut, read, cost, put, slit* ইত্যাদি। এই বাক্যে Bangladesh team = it।

54. He **used to** visit regularly, **didn't** he? = সে প্রতিদিন visit করতো, করতো না?

Rule *used to*-এর tag হলো **didn't** ।

55. There **developed** a crisis, **didn't there**? = একটি সংকট উদ্ভব হয়েছিল, হয়নি?

56. He **told** that he might go, **didn't he**? = সে বলেছিল যে সে হয়তো যেতো, যেতো না?

* এই ধরনের *that*-যুক্ত বাক্যের প্রথম অংশের verb (*told*) অনুযায়ী Tag (*didn't*) হবে।

Shall / Will-এর Tag

57. If you come, I **will** go there, **won't** I? = যদি তুমি আসো আমি যাবো সেখানে, যাবো না ?

সমাধান If-যুক্ত বাক্যের মূল verb অনুযায়ী tag হয়।

58. Rina **will** sing a sweet song, **won't she?** = রিনা গাইবে একটি সুমধুর গান, তাই না?

59. The teacher **will** help the student, **won't** he? = শিক্ষকটি ছাত্রটিকে সাহায্য করবে, তাই নয় কি?

60. You will buy a shirt, **won't you**? {*will / shall*-এর বদলে *won't / shan't* হয়।}

আদেশ ও অনুরোধবাচক বাক্যের Tag

61. Come over for tea today, **will you / can you**?
Come over for tea today, **won't you**? = আজ চা খেতে এসো, আসবে না?

সমাধান

অনুরোধ, আপ্যায়ন, প্রস্তাবমূলক ইত্যাদি এ ধরণের বাক্যের tag –
"will / won't / can / can't you?" ইত্যাদি হবে।

62. Shut up, **will you / won't you**? = চুপ করো, করবে কি? / করবে না ?

সমাধান

আদেশ, অনুরোধমূলক বাক্য যেমন Stand up, Do not smoke here ইত্যাদি বাক্যে tag-এ *will you / won't* you ইত্যাদি হয়। will not = **won't**.

63. Please, don’t waste your time, **will you**? = **দয়া করে, তোমরা সময় নষ্ট করো না, করবে কি?**

সমাধান নিষেধার্থে বা উপদেশমূলক বাক্যে *will you* হয়।

64. Kindly, do me a favor, **will you**? দয়া করে, আমাকে অনুগ্রহ করো, করবে কি?

65. Don’t forget, **will** you? = ভুলে যেয়ো না, যাবে কি?

সমাধান Imperative বাক্যে tag question-এ *will you* হয়।

66. Do not tell a lie, **will you**? **সমাধান** উপদেশমূলক বাক্য *will you* হয়।

67. Let us have a discussion, **shall we / shan’t we**?

বাক্যের অর্থ চলো আমরা আলোচনা করি, করবো কি / করবো না কি?

68. Let’s have a spoken club, **shall** we? = চলো একটি স্পোকেন ক্লাব করি, করবো কি?

Rule *Let’s = Let us*-যুক্ত বাক্যের tag হলো shall we হয়। *Let us*-এর us-এর বদলে *we* হয়।

69. Let's visit National Museum, **shall we**?

বাক্যের অর্থ চলো আমরা জাতীয় জাদুঘর দেখতে যাই, যাবে কি?

70. Let’s discuss the matter, **shall we**? = চলো বিষয়টি আলোচনা করি, করবে কি?

সমাধান *Let’s* এবং *Let us* হলে *shall we* হয়।

71. Don’t let her upset you, **will you**?

সমাধান এখানে *let* হলো main verb যার অর্থ কাউকে কিছু করতে দেয়া।

72. **Let us** go out for a walk, **shall we**? = চলো আমরা হাঁটতে বাহিরে যাই, যাবো কি?

73. Close the door, **would you?**

সমাধান

বাক্যটিতে প্রথমে would you .... উহ্য আছে ধরা হলো।
সেজন্য tag-এ would you দেয়া হলো? বাক্যের অর্থ অনুযায়ী এই tag হবে।

74. Do sit down, **would you?** = বসো (আদেশ দেয়া অর্থে), বসবে কি?

75. Open the door, **would you?**

সমাধান পুরো বাক্যটি *Would you open the door?* হওয়ায় এর tag হবে *would you?*

76. Don’t hate the poor, **will you?** = **গরীবদের ঘৃণা করো না, করবে কি?**

77. Get the newspaper, **will you**? = **সংবাদপত্রটি নাও, নিবে কি?**

Can / Could / Would / Should / Ought-এর Tag

78. **One** should do one's duties, **shouldn't one?**
= একজনকে তার দায়িত্ব পালন করা উচিত, উচিত নয় কি?

79. **Everyone** would do so, **wouldn't they**? = সকলে এরূপ করতো, করতো না?

80. We ought to love our country, **oughtn't** we?
= আমাদের দেশকে ভাল বাসা উচিত, তাই নয় কি?

81. He **ought** to go, **oughtn't** he? = তার উচিত যাওয়া, তাই না?

82. She **can** please all, **can't** she?
= সে সকলকে সন্তুষ্ট করতে পারে, পারে নাকি?

83. We should face terrorism, **shouldn't we**?
= আমাদের উচিত সন্ত্রাসকে মোকাবেলা করা, উচিত নয় কি?

84. She **could have** been more discreet, **couldn't** she?
= সে আরও বিচক্ষণ হতে পারত, তাই না ?

সমাধান

প্রথম অংশে **could**-এর কারণে tag প্রশ্নে couldn't হলো। **can**-এর কারণে can't হয়। **might** থাকলে mightn't হয়। **may**-এর কারণে mayn't হয়। **shall** থাকলে shan't হয়।

85. A man like you should not do this, **should he**?

সমাধান এখানে আসল subject হলো A man, তাই he হয়েছে।

86. We **must** eat vegetables, **mustn't** we?

Most of, None of প্রভৃতির Tag

87. **Most of the students** cannot speak in English, can **they?**

বাক্যের অর্থ ছাত্রদের অধিকাংশ ইংলিশে কথা বলতে পারে না, পারে কি তারা?

Rule Most / None / All of them-এর পরিবর্তে they হয়।

88. Most of you understand it, don't **you**? = তোমাদের অধিকাংশ এটা বুঝে, বুঝে কি?

* *Most of you, all of you, none of you* ইত্যাদির বদলে tag question-এ ***you*** ব্যবহৃত হয়।

89. **None of you** went there, **did you**? = তোমাদের কেউ সেখানে যায়নি, গিয়েছিলে কি?

Need দিয়ে Tag

90. He **needs** it, **doesn't** he ? | সমাধান | এখানে need হলো মূল verb, তাই doesn't he হলো।

91. I **need** a pen, **don't I**? | সমাধান | এখানে need হলো মূল verb।

92. You need not do this, **need you**? | সমাধান | এখানে need কিন্তু মূল verb নয়।

93. He **need** not **go** there, **need he**? = তার সেখানে যাওয়ার দরকার নাই, দরকার আছে কি?

| সমাধান | *he needs* না হয়ে *he need* হয়েছে কারণ এ বাক্যে *go* হলো মূল verb।

have / has / had-এর Tag

4. They have to be overcome if we are to succeed in life, **haven't they**?

| বাক্যের অর্থ | তাদেরকে পরাভূত করতে হবে, যদি আমাদেরকে জীবনে সফল হতে হয়, তাই নয় কি?

Either.... or-এর tag

(রেস্পন্সিবল্ = দায়ী)

95. Either he or she **is** responsible for this, **isn't she?**

= তিনি অথবা সে এর জন্য দায়ী, তাই নয় কি?

96. Either she or they **are** responsible, **aren't they?**

97. Either of you takes a vacation now, **don't you**?

= তোমাদের একজন এখন ছুটিতে যায়, তাই নয় কি?

98. Neither of you takes a vacation now, **do you?**

= তোমাদের কেউ এখন ছুটিতে যায় না, তাই নয় কি?



| সমাধান | "Neither of you" = তোমাদের কেউ না হওয়াতে এর Tag "do you" হবে।

99. (a) What a pity, **isn't it**? = কী পরিতাপের বিষয়, তাই নয় কি?

(b) None of you went there, **did you?** = তোমরা কেউ সেখানে যাওনি, গিয়েছিলে কি?

(c) Let us have a discussion, **shall we**? = চলো আমরা একটি আলোচনা করি, করবো কি?

(d) Our college won the match, **didn't it**? = আমাদের কলেজ ম্যাচটি জিতেছিল, জিতেনি কি?

Real প্রশ্ন Practice

100.(a) Life is full of troubles and difficulties, **isn't it**?

অর্থ জীবন কষ্ট এবং সমস্যায় পরিপূর্ণ, তাই নয় কি?

(b) So, we should **face** them with courage, **shouldn't we**?

অর্থ সাহসের সাথে **মোকাবেলা করা** উচিত, তাই নয় কি?

(c) Rana plays well, **doesn't he** ? = রানা ভালো খেলে, খেলে না?

(d) Let us go, **shall we**? = চলো যাই, যাবো কি ?

(e) But we must not lose heart, **must we**?

অর্থ কিন্তু আমরা অবশ্যই সাহস হারাবো না, অবশ্যই কি?

101. (a) Health is wealth, **isn't it** ? = স্বাস্থ্যই সম্পদ, তাই নয় কি?

(b) Everybody loves flowers, **don't they** ? = প্রত্যেকে ফুল ভালোবাসে, তাই নয় কি?

(c) We should **render (দেয়া)** social service, **shouldn't we**?

(d) We love Bangladesh but we **hardly** travel across this country, **don't we**?

= আমরা বাংলাদেশকে ভালোবাসি, কিন্তু আমরা **কদাচিৎ** এই দেশ জুড়ে ভ্রমণ করি, তাই না?

102. (a) **Ours** is a small country, **isn't it**? = **আমাদেরটি** হলো একটা ছোট দেশ, তাই নয় কি?

(b) It has a large population, **doesn't it**? = এর জনসংখ্যা অনেক, নেই কি?

(c) And population is our great problem, **isn't it**?

অর্থ এবং জনসংখ্যা আমাদের বড় সমস্যা, তাই নয় কি?

(d) But population can be an asset for a country, **can't it**?

অর্থ কিন্তু জনসংখ্যা সম্পদ হতে পারে একটি দেশের জন্য, পারে না কি?

(e) Then let us do something for our country, **shall we**?

অর্থ তাহলে চলো কিছু করি আমাদের দেশের জন্য, করবো কি ?

প্রথমে নিজে নিজে tag প্রশ্ন চেষ্টা করো | **বইয়ের শেষে Answer অধ্যায়ে উত্তর মিলাও।**

01. Make tag questions of the following statements:
(a) I am an SSC examinee (= পরীক্ষার্থী), ______?
(b) My expectation is getting A^+, ______?
(c) Some of my classmates became addicted (= অভ্যস্ত) to using mobile phones, ______?
(d) They could not pass the test exam, ______?
(e) Everybody hates them for this reason, ______?

02. (a) Cutting trees is not good for us, ______?
(b) Because trees supply us oxygen, fruits and wood, ______?
(c) We can hardly live without them, ______?
(d) They are our best friends, ______?
(e) Let's plant trees more and more, ______?

এগুলো সবই বিভিন্ন পরীক্ষার প্রশ্ন

03. It rained here yesterday, _____. The appropriate tag question here will be:
A. wasn't it B. didn't it? C. did it? D. isn't it?

04. Which one is the proper tag question in 'He always lags behind ______.
A. did not he? B. does not he? C. did he D. would not he?

05. We all long ______ happiness, ______ we?
A. for, aren't B. by, don't C. for, do D. for, don't

06. Kuakata was the place we went for that rainy vacation,
A. isn't it B. isn't there C. wasn't it? D. don't it?

07. Sonia has an exam tomorrow.
A. doesn't she B. has she? C. don't she? D. haven't she?

08. No one was present in the meeting, ______
A. was they? B. wasn't they? C. wasn't he D. were they?

09. Let me do the work, ______?
A. Shall we B. isn't it C. will you D. shan't it

10. I am late, ______
A. ain't I? B. arren't I C. am I ... that D. don't i?

11. My friend has little money left in his pocket, ______?
A. hasn't he B. has he C. does he D. is he

12. Germany has won the football match, ______?
A. has it B. hasn't it C. did it D. does it

13. The man did not come again, ______?
A. didn't he B. was he C. did he D. was not he

14. Don't let him boss you about, ______?
A. are you B. shall you C. do you D. None

15. We will go home soon, ______. The right tag question is:
A. will we? B. wouldn't we? C. won't we? D. isn't it?

Chapter-35 বাক্য দিয়ে **Who** না **Whom ......**

বুঝে বুঝে করবো ,
করে করে **বুঝবো**।

1. I don’t know who / whom Sarah loved.

অর্থ বুঝে সমাধান

উপরের বাক্যের অর্থ হলোঃ “আমি জানি না কে / কাকে *Sarah* ভালবাসতো”। বাংলায় আমরা বলি “কাকে *Sarah* ভালোবাসতো”। **“কাকে”** শব্দটির ইংলিশ হলো *whom* (হোওম্)। তাই *whom* হবে উত্তর।

2. Whitman wrote *Leaves of Grass* as a tribute to the Civil War soldiers who had lain on the battlefields and who he had seen while serving as an army nurse.
A B C D E

বাংলা অর্থ দিয়ে সমাধান

“*who he had seen*” অর্থ হলো **“যারা তিনি দেখেছিলেন”**। এটা ভুল বাংলা।

সঠিক বাংলা হলো “যাদেরকে তিনি দেখেছিলেন”।

“যাদেরকে” শব্দটির ইংরেজি হলো *whom*।

অতএব, (C)-তে *who* না হয়ে ***whom*** হবে। .... *soldiers whom he had seen* .... .

3. There was a discussion as to *who / whom* was better suited.

এই **chapter**-টাও
মন দিয়ে পড়ো।
সারা
জীবনই
কাজে লাগবে !

শব্দের অর্থ

suited = উপযুক্ত। **as to** অর্থ সম্পর্কে = *concerning*.

তৃপ্তিময় সমাধান

who / whom was better suited অর্থ হলো : যে / যাকে ছিলো আরো ভালো উপযুক্ত।

তুমিই চিন্তা করো বাংলায় কোন্ বাক্যটি ঠিক:

“যে ছিলো আরো যোগ্য” না “যাকে ছিলো আরো যোগ্য”।

আমরা বলি : .... যে ছিলো আরো যোগ্য। **‘যে’** শব্দটির English হলো ***who***।

সঠিক ইংরেজি বাক্য + বাংলা অর্থ

There was a discussion as to who was better suited.
(একটি আলোচনা হয়েছিলো এই সম্পর্কে যে কে ছিলো বেশি উপযুক্ত।)

4. Even after hearing the leader for a long time, the followers could not make out
A B C
which he was talking about. No Error.
D E

শব্দের অর্থ **make out** : বুঝতে পারা। **follower** (ফ-লো-ওয়ার) : অনুসারী।

বাক্যের অর্থ বুঝে ব্যাখ্যা

নিচের দুটোর মধ্যে কোন্ বাংলাটি ঠিক বলো তো?

(1) *he was talking about what*
(তিনি কথা বলছিলেন কী সম্পর্কে?)

(2) *he was talking about which*
(তিনি কথা বলছিলেন কোন্ সম্পর্কে?)

হ্যাঁ ১ নম্বরটি। (D)-তে *which*-এর বদলে *what* হবে।

বাক্যের অর্থ

এমনকি অনেকক্ষণ ধরে *leader*-এর কথা শুনার পরও,
তার অনুসারীরা বুঝে উঠতে পারেনি তিনি **কী নিয়ে** বা **কী সম্পর্কে** কথা বলতেছিলেন।

5. He was the author whom I believed was most likely to receive the Ekushe
A B C D
award. No error.
E

পরীক্ষার সময় এগুলো দ্রুত solve করার উপায়

who / whom-এর পর কী কী verb আছে, তা দেখতে হবে। *whom*-এর পরে আছে *believed* এবং *was*। এখন দেখতে হবে, *believed* এবং *was*-এর subject কোন্ কোন্ শব্দ। I হলো *believed*-এর subject। কিন্তু, *was*-এর কোনো subject নেই। কেননা *whom was* (= যাহাকে ছিলো কথাটা ভুল।)

∴ *whom*-কে পরিবর্তন করে ***who*** বানাতে হবে,
যাতে *was*-এর subject হিসেবে *who* কাজ করতে পারে। ∴ **উত্তর (A)**।

সহজতম টেকনিক হলো বাক্যের বাংলা অর্থ বুঝা

বাক্যটি ঘুরিয়ে সহজ করে লিখা যায়

*I believed he was the **author who** was most likely (লাইকলি - সম্ভাব্য) to receive the Ekushe award.*

Wh-প্রশ্ন

01. My friend invited me to pay a visit to Cox's Bazar.

My friend	invited	me	to pay a visit	to Cox's Bazar.
আমার বন্ধু	আমন্ত্রণ করেছিল	আমাকে	দিতে দর্শন	কক্সবাজারে।

(Make it Wh. Ques.)

সাবলীল অর্থ আমার বন্ধু আমাকে কক্সবাজার বেড়াতে যেতে আমন্ত্রণ করেছিল।

(দেখার জন্য যাওয়া)

বাংলা অর্থ বুঝে শিখবো

উপরের এই বাংলা কথা বা বাক্যকে ইংরেজিতে কীভাবে

Wh প্রশ্নের বাক্যের মাধ্যমে বলা যায়, চিন্তা করো।

হ্যাঁ, বাংলায় আমরা বলতে পারি যে: **কে আমন্ত্রণ করেছিলো আমাকে কক্সবাজার বেড়াতে যেতে?**

এখন এই বক্তব্য বা বাক্যটির ইংরেজি করা যাক:

	কে	আমন্ত্রণ করেছিলো	আমাকে	বেড়াতে যেতে	কক্সবাজারে?
উত্তর	**Who**	invited	me	to pay a visit	to Cox's Bazar?

Tips:

আরো সহজ হলো, যেসব বাক্যের শুরুতে মানুষ থাকে,

সেই মানুষের জায়গায় who বসালেই Wh-Question হয়ে যায়।

যেমন: Who invited me to pay a visit to Cox's Bazar?

Where দিয়ে প্রশ্ন Where did my friend invite me to pay a visit?

02. We are proud of our freedom fighters. **(Make it Wh Question)**

We	are proud	of our freedom fighters.
আমরা	হলাম গর্বিত	আমাদের মুক্তিযোদ্ধাদের নিয়ে

= আমরা আমাদের মুক্তিযোদ্ধাদের নিয়ে গর্বিত।

সমাধান

প্রশ্নের এই বাক্যটি বা কথাটি হ্যাঁ-বোধক বা Affirmative বাক্য।

একে Wh বাক্যে বললে কীভাবে বলা যায়, বলুন তো?

চিন্তা-ভাবনা করুন। হ্যাঁ, আমরা বলতে পারি :

বাক্যের অর্থ কারা গর্বিত আমাদের মুক্তিযোদ্ধাদের নিয়ে ?

উত্তর ⇒ Who are proud of our freedom fighters?

আরেকটি উত্তর কাদের নিয়ে আমরা গর্বিত? = Whom are we proud of?

What is ... like?

ইংরেজি বাক্য	বাংলা অর্থ
01 **What is** Sayeda **like** ? {ওআট্ ইয্ সায়েদা লাইখ্ ? }	= সায়েদা কী রকম ? = সায়েদা কেমন ? **Like** = মত
02 **What's** Dhaka city **like** ? { ওআট্স্ ঢাকা সিটি লাইখ্ ? }	= ঢাকা শহর কীসের মতো ? = ঢাকা শহর কেমন ?
03 **What's** her new house **like** ? { ওআট্স্ হার্ নিউ্ হাউস্ লাইখ্ ? }	= তার নতুন বাড়ি কী রকম ? = তার নতুন বাড়িটা কেমন ?

অর্থ বুঝে জোরে জোরে পড়ো।

ইংরেজি বাক্য	বাংলা অর্থ
What's your new teacher **like**? { ওআট্স ইওর্ নিউ্ ঠীচার্ লাইখ্ ?}	= তোমার নতুন শিক্ষক কী রকম ? = তোমার নতুন শিক্ষক কেমন ?
05 **What was** the match like ? { ওআট্ ওয়ায্ দ্যা ম্যাচ্ লাইখ্ ? }	= ম্যাচটি (খেলাটা) কেমন ছিলো ? = ম্যাচটি কেমন হয়েছিলো ?

What ... look like?

Like
= মত

01	**What** does a tiger **look like**? { ওআট্ ডায্ এ্যা ঠাইগার্ লুখ্ লাইখ্ ? }	= বাঘ দেখতে কীসের মতো ? = বাঘ দেখতে কী রকম ?
02	**What** does ECG machine **look like**? { ওআট্ ডায্ ইসিজি মেশিন্ লুখ্ লাইখ্ ?}	= ECG ম্যাশিন দেখতে কীসের মতো ? = ECG ম্যাশিন দেখতে কেমন দেখায় ?
03	**What** does a clown **look like**? { ওআট্ ডায্ এ্যা খ্লাউন্ লুখ্ লাইখ্ ? }	= কৌতুক অভিনেতা দেখতে কার মতো ? = একজন কৌতুক অভিনেতা দেখতে কেমন ?
04	**What** does a monster **look like**? { ওআট্ ডায্ এ্যা মন্স্টার্ লুখ্ লাইখ্ ? }	= রাক্ষস দেখতে কীসের মত ? = একটি রাক্ষস দেখতে কেমন দেখায় ?

How is / was ...?

01	**How was** the weather? { হাউ্ ওয়ায্ দা ওয়েদার্ ? }	{= আবহাওয়া কেমন ছিলো ? }
02	**How's** your mother these days? { হাউ্য্ ইওর্ মাদার্ দীয্ ডেই্য্ ? }	= তোমার মা আজকাল কেমন আছেন? = তোমার মা বর্তমানে কেমন আছেন ?
03	**How's** your new car ? { হাউ্য্ ইওর্ নিউ্ খার্ ? }	= তোমার নতুন গাড়ি কেমন ?
04	**How's** it going? { হাউ্য্ ইট্ গোঔইং ? }	= কেমন কাটছে ? = কেমন যাচ্ছে ?
05	**How's** your friend? { হাউ্য্ ইওর্ ফ্রেন্ড্ ? }	= তোমার বন্ধু কেমন আছে ? = তোমার বন্ধুর কী অবস্থা ?

01. Make an appropriate Wh-question for each of the following answers:

a. My sister is a doctor
b. He entered the room silently.
c. He comes to college on foot.
d. I saw him in the meeting
e. Shakespeare wrote Hamlet.
f. I want the red pen.
g. I borrowed two books from the library.

মানে, প্রদত্ত ইংরেজি বাক্যটির শুরুতেই *What, Who, Whom, Where, Which, When, How* ইত্যাদি দিয়ে প্রশ্নবোধক ইংরেজি বাক্য তৈরি করো।

বাংলা অর্থ বুঝে (a)-এর ব্যাখ্যা

প্রদত্ত ইংলিশ বাক্য	My sister	is	a doctor
বাংলা অর্থ	আমার বোন	হলো	একজন ডাক্তার।

এখন এই বাক্যটিকে Wh-প্রশ্নের মাধ্যমে
কীভাবে বাংলায় বলা যায় একটু চিন্তা করো? হ্যাঁ, বলা যায়:

প্রশ্নবোধক বাংলা বাক্য	**আপনার বোন কী করেন ?** যার ইংলিশ হলো
Wh-Q ইংরেজি বাক্য	What does your sister do?

বাংলা অর্থ দিয়ে (b)-এর ব্যাখ্যা

প্রদত্ত ইংলিশ বাক্য	He entered	the room	silently.
বাংলা অর্থ	সে প্রবেশ করলো	রুমটিতে	নিঃশব্দে।

এখন এই বাক্যটিকে Wh-Question করে বলা যায়:

প্রশ্নবোধক বাক্য বাংলায়	কীভাবে	সে প্রবেশ করলো	রুমটিতে ?
প্রশ্নবোধক ইংলিশ বাক্য	How	did he enter	the room?

(c)-এর ব্যাখ্যা

প্রদত্ত ইংলিশ বাক্য	He comes	to college	on foot.
বাংলা অর্থ	সে আসে	কলেজে	পায়ে হেঁটে।

এখন এই বাক্যটিকে Wh-Question-এর মাধ্যমে বলা যায়:

প্রশ্নবোধক বাক্য বাংলায়	**কীভাবে**	**সে আসে**	**কলেজে ?**
	How	does he come	to college?

(d)-এর ব্যাখ্যা

প্রদত্ত ইংলিশ বাক্য	I saw	him	in the meeting.
বাংলা অর্থ	আমি দেখলাম	তাকে	সভাটিতে।
প্রশ্নবোধক বাংলা বাক্য	কোথায়	তুমি দেখেছিলে	তাকে?
Wh-Q বাক্য	Where	did you see	him?

লক্ষ করুন, প্রশ্নের বাক্যটিকে আরো কয়েকভাবে Wh-Q করা যায়, যেমন:

Who saw him in the meeting?

Whom did I see in the meeting?

খবরদার !
উত্তর
মুখস্থ
করিয়ো
না।

(e)-এর ব্যাখ্যা

প্রদত্ত ইংলিশ বাক্য	Shakespeare	wrote	Hamlet.
অনুবাদ	শেক্সপিয়র	লিখেছিলেন	হেমলেট।
প্রশ্নবোধক বাংলা বাক্য	কে	লিখেছিলেন	Hamlet?
Wh-Q	Who	wrote	Hamlet?

এরূপ বাক্য

প্রদত্ত ইংলিশ বাক্য	Robindranath	wrote	Gitanjoli.
প্রশ্নবোধক বাংলা বাক্য	কে	লিখেছিলেন	গীতাঞ্জলী ?
Wh-Q	Who	wrote	Gitanjoli?

(f)-এর ব্যাখ্যা

47	**under the circumstances**	=	পরিস্থিতির অধীন	:	She coped very well **under the circumstances.**	(সে পরিস্থিতির সাথে খুব ভালোভাবে খাপ খাইয়ে নিয়েছিল।)
48	**under construction**	=	নির্মাণাধীন	:	This website is currently **under construction.**	(ওয়েবসাইটটি বর্তমানে নির্মানাধীন।)
49	**in accordance with**	=	অনুসারে	:	**In accordance with** her wishes, she was buried in France.	(তার ইচ্ছা অনুসারে তাকে ফ্রান্সে সমাহিত করা হয়েছিল।)
50	**in addition (to)**	=	(ইহা) ছাড়াও	:	**In addition to** his flat in London, he has a villa in Italy.	(লন্ডনে তার একটি ফ্ল্যাট ছাড়াও ইটালিতে তার একটি ভিলা ছিল।)
51	**in a body**	=	একত্রে	:	The cleaning staff went **in a body** to the manager to complain.	(পরিচ্ছন্ন কর্মীরা ম্যানেজারের কাছে অভিযোগ জানাতে একত্রে গিয়েছিল।)
52	**in brief**	=	সংক্ষেপে	:	Please tell me **in brief** why you want this job.	(আপনি কেন চাকরিটি চান তা দয়া করে সংক্ষেপে বলুন।)
53	**in/with the course of time**	=	ধীরে ধীরে	:	**In/with the course of time**, I've learned to live with my disability.	(সময়ের সাথে সাথে আমি আমার অক্ষমতার সাথে বাঁচতে শিখেছি)
54	**in detail**	=	বিস্তারিতভাবে	:	We haven't **discussed** the matter **in detail** yet.	(আমরা এখনও ব্যাপারটি নিয়ে বিস্তারিতভাবে আলোচনা করিনি।)
55	**in disguise**	=	ছদ্মবেশে	:	She usually goes out **in disguise** to avoid being bothered by the public.	(জনসাধারণের ঝামেলা এড়াতে সে সচরাচর ছদ্মবেশে বাইরে যায়।)
56	**in dispute**	=	সন্দেহযুক্ত মানে বিতর্কিত	:	I don't think her ability is **in dispute**.	(আমি মনে করি না তার সামর্থ্য নিয়ে কোনো সন্দেহ আছে।)
57	**in doubt**	=	অনিশ্চিত	:	The future of the stadium is **in doubt** because of lack of money.	(স্টেডিয়ামের ভবিষ্যত টাকার অভাবের কারণে অনিশ্চয়তার মধ্যে।)
58	**in essence**	=	মূলত	:	**In essence,** both sides agree on the issue.	(মূলত উভয়পক্ষই বিষয়টির উপর একমত পোষণ করে।)
59	**in front of**	=	সামনে	:	There's parking space **in front of** the hotel.	(হোটেলের সামনে গাড়ি রাখার জায়গা আছে।)

60	**in future**	=	ভবিষ্যতে	:	Could you be more careful **in future**?	(তুমি কি ভবিষ্যতে আরো সতর্ক হবে?)
61	**In general**	=	সাধারণত	:	**In general**, men are taller than women.	(সাধারণত পুরুষরা মহিলাদের চেয়ে লম্বা।)
62	**in that**	=	এই কারণে যে	:	This research is important **in that** it confirms the link between aggression and alcohol.	(এই গবেষণাটি গুরুত্বপূর্ণ এই দিক দিয়ে যে, এটা নিশ্চিত করে আগ্রাসন এবং এলকোহলের মধ্যে সম্পর্কটি।)
63	**in jeopardy**	=	বিপদগ্রস্থ অবস্থায়	:	The lives of thousands of birds are **in jeopardy** as a result of the oil spoilage.	(তেল ছড়িয়ে পড়ার ফলশ্রুতিতে হাজার হাজার পাখি বিপদগ্রস্থ অবস্থায় আছে।)
64	**in lieu of / instead of**	=	পরিবর্তে	:	You can go instead of me, if you want.	(আমার পরিবর্তে তুমি যেতে পার যদি তুমি চাও।)
65	**in the meantime**	=	ইতোমধ্যে	:	Your computer won't be arriving till Thursday. **In the meantime**, you can use Jude's.	(তোমার কম্পিউটার বৃহস্পতিবার পর্যন্ত আসছে না। ইতোমধ্যে তুমি জুডেরটা ব্যবহার করতে পার।)
66	**in a nutshell**	=	সংক্ষেপে	:	Please tell me the story **in a nutshell.**	(দয়া করে গল্পটি সংক্ষেপে বলুন।)
67	**in order to xyz**	=	*xyz*-এর উদ্দেশ্যে	:	He had come home early **in order to** see the children before they went to bed.	(ছেলে-মেয়েরা ঘুমাতে যাওয়ার আগেই সে বাড়িতে এসেছিল তাদেরকে দেখতে।)
68	**in particular**	=	বিশেষ করে	:	Are you looking for anything **in particular**?	(তুমি কি বিশেষভাবে কোনো কিছু খুঁজছো?)
69	**in person**	=	শারীরিকভাবে উপস্থিত	:	If you can't be there **in person**, the next best thing is watching it on TV.	(যদি তুমি শারীরিকভাবে সেখানে উপস্থিত থাকতে না পারো, তাহলে সবচেয়ে ভাল বিকল্প হল এটা টিভিতে দেখে নেওয়া।)
70	**in place**	=	সঠিক অবস্থায় আছে এমন	:	The chairs are all **in place**.	(চেয়ারগুলো সঠিক অবস্থায় আছে।)
71	**in place of**	=	পরিবর্তে	:	You can use margarine **in place of** butter in some recipes.	(কিছু রেসিপিতে তুমি মাখনের পরিবর্তে কৃত্রিম মাখন ব্যবহার করতে পার।)
72	**in public**	=	প্রকাশ্যে বা জনসমক্ষে	:	I'd never behave like that **in public**.	(আমি জনসমক্ষে ঐ ধরনের আচরণ কখনোই করব না।)

Chapter-41 Phrase (ফ্রেইয্ = শব্দগুচ্ছ) & Clause (খ্লঅয্)

phrase (ফ্রেইয্) শব্দের অর্থ শব্দসমষ্টি।

বুঝে বুঝে পড়বো, বুঝলে সবই পারবো !

- Sakib Al hasan , a famous cricketer , has many fans.

{ সাকিব আল হাসান , এ্যা ফেইমাস্ ক্রিকেটার , হ্যায্ মেনি ফ্যান্স্ }

{ সাকিব আল হাসান , একজন বিখ্যাত ক্রিকেটার , আছে অনেক ভক্ত }

সাবলীল বাংলা একজন বিখ্যাত ক্রিকেটার সাকিব আল হাসান-এর অনেক ভক্ত আছে।

উপরের বাক্যে, *a famous cricketer* (একজন বিখ্যাত ক্রিকেটার) কথাটা তিনটি শব্দের (*a, famous, cricketer*) সমষ্টি। তাই *a famous cricketer*-কে বলা হয় একটি phrase (= শব্দগুচ্ছ)।

Clause (ক্লঅ্য্)

Clause বলা হয় সেই শব্দসমষ্টিকে যেটাতে একটা subject ও একটি verb থাকে।

আমি যাই = **I go** – হলো একটি **clause**।

উপরের ***I go***-তে আছে ***I*** নামক subject (কর্তা) এবং ***go*** (গৌ) নামক verb।

তাই, ***I go*** হলো একটি clause। আবার, ***I go*** হলো একটি পূর্ণাঙ্গ বাক্য।

ইংরেজিতে এই ধরনের সম্পূর্ণ বাক্যকে independent clause বা স্বাধীন বাক্য বলে।

যদি আমি যাই = **If I go** – এটাও একটি **clause**।

ইংরেজিতে আরেক প্রকার clause আছে, যাকে বলে **dependent clause** বা নির্ভরশীল বাক্য, যেমন: ***If I go*** = যদি আমি যাই। এটি একটি নির্ভরশীল বাক্য। কেননা, বাক্যের বক্তব্যটা শেষ হয় নাই। এই ধরনের বাক্যকে গ্রামারের ভাষায় বলে **dependent** (ডিপেন্-ডেন্ট্) **clause** বা নির্ভরশীল clause।

একে অপূর্ণাঙ্গ বা incomplete বাক্যও বলা হয়।

আবার, ***I go***-তে মাত্র একটা main verb আছে ***go***।

তাই, ***I go*** হলো একটা **simple sentence**।

তৃপ্তি নিয়ে আরো কিছু বাক্য

1. If you study hard , you will get A^+
যদি তুমি কঠোর পড়াশোনা করো, তুমি A^+ পাবে
Dependent clause — *Independent Clause*

2. Though he is poor , he is honest.
সাবরডিনেট্ *clause* — *Principal Clause*
{ যদিও তিনি গরিব , তিনি হন সৎ }

3. I know where he lives.
Independent clause — *Dependent clause.*
{ আমি জানি কোথায় সে থাকে বাস করে }

এই **page**-এর প্রতিটি বাক্যই হলো কমপ্লেক্স্ (complex) **sentence**।

উদাহরণ দিয়ে বুঝবো, বুঝে বুঝে শিখবো !

Dependent ক্লজ্ ও ইন্ডেপেন্ডেন্ট্ ***clause*** মিলে যেই বাক্য তৈরি হয় সেটাকে বলে ***Complex sentence***।

4. If you work hard , you will succeed.
Dependent clause — *Independent Clause*
{ যদি তুমি কঠোর পরিশ্রম করো, তুমি সফল হবে }

5. I will go home when I have finished my book.
{ আমি যাবো বাড়ি যখন আমি আমার বইটি পড়া শেষ করবো }

6. I will go home after I have finished my work.
{ আমি যাবো বাড়ি আমার কাজ শেষ করার পর }

[যে লোকটি গতকাল এসেছিলেন]

7. The man **who came here yesterday** is my maternal uncle.
(হলেন আমার মামা)
Dependent clause
Independent clause

বাংলা অর্থ বুঝে Noun Phrase

(A) Noun phrase = Determiner + Noun



= These + books →

= Those + People

উদাহরণ দিয়ে শেখা যাক

01. **These pencils** are black. { এই পেন্সিলগুলো হলো কালো । }
02. **Our friends** bought flats. { আমাদের বন্ধুরা ফ্ল্যাট কিনেছিলো । }
03. **Those houses** are expensive. { ঐ বাড়িগুলো খুবই দামি । }
04. **This news** is not true. { এই খবরটি সত্য নয় । }
05. **Your advice** was helpful. { তোমার উপদেশ ছিল উপকারী । }
06. **Some people** spend a lot of money. { কিছু মানুষ প্রচুর অর্থ ব্যয় করে । }

(B) With an adjective:

Noun phrase = Adjective + Noun

= *Excited* + *people* = Excited people { উত্তেজিত জনতা }

আরো বাক্য বা উদাহরণ

01. **Our close friend** has bought **a new flat**. →
noun phrase *noun phrase*
{ আমাদের ঘনিষ্ঠ বন্ধু একটি নতুন ফ্ল্যাট কিনেছে । }

02. **Bad weather** spoiled the holiday.
{ খারাপ আবহাওয়া ছুটিটাকে নষ্ট করে দিলো । }

03. **Brave soldiers** are always remembered.
{ সাহসী সৈনিকদেরকে সবসময় স্মরণ করা হয়। }

04. **A gentle breeze** is blowing. { একটা মৃদুমন্দ বাতাস বইছে।}

05. **The excited crowd** waited for the singer to arrive.
{ উত্তেজিত জনতা গায়কের আগমনের জন্য অপেক্ষা করেছিলো। }

06. The man wants **something to eat**.[লোকটি চায় কিছু খেতে] [RU (A) : 2015-16]

Adjective phrases

♦ **Adjective** = **a** ***wealthy*** **man**
↓ ↓
adjective *noun*
= (একজন সম্পদশালী মানুষ।)

♦ **Adjective phrase** = **a man** ***of*** ***great*** ***wealth***
↓ ↓ ↓
prep. + *adjective* + *noun*
= (বিশাল সম্পদের অধিকারী একজন মানুষ।)

বাক্যের মাধ্যমে শেখা যাক

01. Haji Muhammad Mohsin was a **wealthy** man.
{ হাজি মুহাম্মদ মহসিন ছিলেন একজন সম্পদশালী লোক।}

02. Haji Muhammad Mohsin was a man **of great wealth**.

প্রথম sentence-টিতে ***wealthy*** শব্দটি
noun ***man***-এর পূর্বে বসে তাকে ব্যাখ্যা করছে।
তাই ***wealthy*** শব্দটি হলো **adjective**।
আমরা জানি, Adjective সাধারণত noun-এর আগে, পরে বা সাথে বসে
ঐ noun-এর দোষ, গুণ, সংখ্যা, পরিমাণ সম্পর্কে কিছু বলে।

এবার **2**-নং বাক্যটির প্রতি লক্ষ্য করা যাক:

দ্বিতীয় sentence-এ ***of great wealth*** একটি শব্দগুচ্ছ যেটি ***man***-এর গুণ সম্পর্কে বলছে যে হাজি মুহাম্মদ মহসিন বিশাল সম্পদের অধিকারী একজন মানুষ ছিলেন। অর্থাৎ ***of great wealth*** - এই শব্দসমষ্টি noun, ***man***-কে ব্যাখ্যা করে অবিকল adjective-এর কাজ করছে বলে, গ্রামারের ভাষায় এই ধরনের শব্দগুচ্ছকে **adjective Phrase** বলা হয়।

নিচে adjective phrase-এর কিছু উদাহরণ দেয়া হলো :

(খন্‌সিডারেব্‌ল্‌ = বিশাল)

01. He is a person **of considerable renown**.

{ তিনি বিশাল সুনামের অধিকারী একজন মানুষ।} (রিনাউন্‌ = খ্যাতি)

02. Only a man **with plenty of money** can buy a car.

{ কেবল প্রচুর অর্থের অধিকারী একজন মানুষই পারে একটি গাড়ি কিনতে।}

03. He was a boy **of great promise**. { সে ছিল বিশাল সম্ভাবনাময় একটি বালক। }

04. He wore a turban **made of silk**. { সে সিল্কের তৈরি একটি পাগড়ি পরিধান করেছিলো। }

05. He is a man **without a friend**. { সে বন্ধুহীন একজন মানুষ। }

06. Tipu Sultan was a soldier **free from fear**.

{ টিপু সুলতান ছিলেন একজন নির্ভীক সৈনিক। }

07. The magistrate was a man **with a kindly nature**.

{ ম্যাজিস্ট্রেট ছিলেন দয়ালু স্বভাবের একজন মানুষ। }

08. Nobody likes a person **with a bad temper**.

{ কেউই খারাপ মেজাজের অধিকারী একজন ব্যক্তিকে পছন্দ করে না। }

এই শব্দগুচ্ছ শুরু হয়েছে **with** দিয়ে। তাই, এই গুচ্ছ হলো একটা ***prepositional phrase***।

09. The chief lived in a house **built of stone**.

{ গোত্রপ্রধান (সর্দার) পাথর দ্বারা নির্মিত একটি বাড়িতে বাস করতেন। }

which was উহ্য আছে

10. I like to see a face **with a smile on it**.

{ আমি একটি হাস্যোজ্জ্বল মুখ দেখতে পছন্দ করি। }

Adverb phrase এবং Adverb clause

মজা আর মজা

I'll go **in an hour**.

কখন go ? উত্তর: *in an hour*, তার মানে, adverb হিসেবে কাজ করছে।

আর, *in an hour* হলো কয়েকটা শব্দের সমষ্টি। ∴ এটি **adverb phrase**।

কখন, কোথায়, কীভাবে গেলাম, কীভাবে করলাম ইত্যাদি প্রশ্নের উত্তর দেয় Adverb বা Adverb phrase।

তার মানে, Adverbial phrase হলো কয়েকটি শব্দের সমষ্টি যেটি adverb হিসেবে কাজ করে এবং Adverbial clause হলো একটি clause (খণ্ডবাক্য) যেটি বাক্যের মধ্যে adverb হিসেবে কাজ করে।

01. I'll come back ***soon***. ***(adverb)*** { আমি ফিরবো শীঘ্রই }

02. I'll come back ***as soon as possible***. { কখন ফিরবো ?→ যত দ্রুত সম্ভব }

↓

Adverb phrase

এই **as soon as possible** হলো চারটি শব্দের সমষ্টি, যেটি adverb হিসেবে কাজ করছে।

তার মানে, এটি হলো **adverbial phrase**।

03. He became upset ***as soon as he saw her result***. { সে তার রেজাল্ট দেখা মাত্র *upset* হলো }

↓

Adverb clause

এই ৩-নং বাক্যে subject হলো: ***he*** এবং verb **saw**।

এই বাক্যে **as soon as he saw her result** হলো adverbial clause।

এমন আরো বাক্য

04. I will run **quickly**. (কীভাবে দৌড়াবো ?→ *quickly* বা দ্রুত দৌড়াবো)

Adverb

05. I'll go **when I've finished my book**. { আমি যাবো যখন আমি শেষ করবো আমার বইটি পড়া। }

Adverb clause

06. Arian will arrive **in a short time**. { কখন *arrive* করবে আরিয়ান ?→ অল্প সময়ের মধ্যে পৌছবে }

Adverb phrase

07. If it rains, I will stay at home. **(Adverbial clause)** [RU (A): ভর্তি পরীক্ষা]

08. Rajib is **in the room**. **(Adverbial Phrase)** [RU (Law): ভর্তি পরীক্ষা]

উদাহরণের মাধ্যমে **Appositive** (অ্যাপোযিঠিভ্) **Phrase** শিখবো

01. Shahrukh Khan , a famous star , has many fans.

{ শাহরুখ খান , আ ফেইমাস্ স্টার , হ্যায্ মেনি ফ্যান্স্ }

{ শাহরুখ খান , একজন বিখ্যাত তারকা , আছে অনেক ভক্ত }

এই শব্দগুচ্ছকে বলে *appositive*

উপরের বাক্যে শাহরুখ খান সম্পর্কে কিছু তথ্য দিতে গিয়ে বলা হলো যে,
a famous star (একজন বিখ্যাত তারকা)।
এই তথ্যটা হলো তিনটি শব্দের (*a, star, famous*) সমষ্টি।
গ্রামারের ভাষায় এই ধরনের শব্দসমষ্টি বা phrase-কে বলে *appositive*।
তাই *a famous star* হলো এমন একটি phrase, যেটি appositive হিসেবে কাজ করছে।

বাক্যের মাধ্যমে বুঝবো ,
বুঝে বুঝে শিখবো !

অর্থ বুঝতে পারলেই হলো, **appositive** চেনা জরুরি না।

আবার, *a famous star* কিন্তু noun হিসেবে কাজ করছে।
তাই, একে noun phrase-ও বলা যায় যা appositive হিসেবে ব্যবহৃত হয়েছে।

চলো আরেকটি উদাহরণ দেখা যাক:

02. Germany , a developed nation , gave shelter to many Syrians.

{ জার্মানি , একটি উন্নত দেশ , দিয়েছিলো আশ্রয় অনেক সিরিয়ানদের }

উপরের উদাহরণে জার্মানি সম্পর্কে তথ্য দিতে যেয়ে বলা হলো:
a developed nation (একটি উন্নত দেশ)।
এই বাক্যে এই *a developed nation* হলো **appositive**।

- **Appositive phrase-গুলো বাক্যের মধ্যে দুই কমার (,.....,) ভিতরে থাকে।**

Infinitive Phrase (ইন্-ফিনি-ঠিভ্ ফ্রেইয্)

= to দিয়ে শুরু হওয়া phrase

= to + শব্দসমষ্টি

= to tell (বলা) + a lie (মিথ্যা কথা)

Infinitive *Phrase*

= মিথ্যা কথা বলা

বাক্যের মাধ্যমে উদাহরণ

01. Father advised me not **to tell a lie.** →
{ বাবা উপদেশ দিলেন আমাকে না বলতে মিথ্যা কথা }

{ উপরের বাক্যে *to tell* হলো গ্রামারের ভাষায় Infinitive।
আর ***to tell a lie*** হলো Infinitive phrase। }

02. At night, roads are not safe for people **to travel.**
{ রাত্রিতে রাস্তাঘাট থাকে না নিরাপদ মানুষের চলাচলের জন্য } *infinitive phrase*

ম্যানুফ্যাক্চার্ = কারখানায় তৈরি করা

03. Factories use fuel **to manufacture products.**
ফিউয়েল্ = জ্বালানি
Infinitive phrase

04. I have no desire **to be rich.** { আমার কোনো আকাঙ্ক্ষা নেই ধনী হবার। }

05. They gave him an opportunity **to escape.** { তারা দিয়েছিলো তাকে একটি সুযোগ পালাতে। }

06. When I travel , I always take something **to read.**
{ যখন আমি ভ্রমণ করি, আমি সবসময়ই (আমার সাথে) কিছু নেই পড়তে } *infinitive*

07. I was all alone. I had no one **to talk to.**
{ আমি ছিলাম পুরো একা। আমার সাথে কেউ ছিলো না কথা বলার। }

বাংলা অর্থ বুঝে বিভিন্ন clause শিখবো

Noun Clause

(1) I like **what I see.** { আমি পছন্দ করি যা আমি দেখি }

(2) I know **where he lives.** { আমি জানি কোথায় সে থাকে } [RU (Law) : ভর্তি পরীক্ষা]

{ তার মানে, noun clause-গুলো noun-এর ভূমিকা পালন করে। উপরের উদাহরণে underline করা বাক্যের অংশগুলো হলো Noun clause। ১ম বাক্যে, what I see = যা আমি দেখি। তার মানে, যেই জিনিসটা। তার মানে, কোনো কিছুর নাম বুঝাচ্ছে। ∴ এটা **Noun clause**। }

আরো বাক্য

1) **What he says** is true. { সে যা বলে তা সত্য। }

2) He knows all about art, but he doesn't know **what he likes**.
{ সে *art* সম্পর্কে সব কিছু জানে কিন্তু সে জানে না, সে কি পছন্দ করে। }

(3) He never knows **how much money he wants**.
{ সে কখনই জানে না কী পরিমাণ টাকা সে চায়। }
{This noun clause is the object of the sentence.}

(4) Everything depends on **how he performs**.
{ সবকিছুই নির্ভর করে সে কী রকম অভিনয় করে তার উপর। }

(1)-এ is-এর
subject হলো
what he says।
অতএব,
What he says
হলো খ্লঅ্য্।

on-এর পরে সাধারণত **noun** হয়। তার মানে,
এখানে *how he performs* একটা **noun** হিসেবে কাজ করছে।
∴ *how he performs* হলো **noun clause**।

(5) My one regret in life is that I have never stood first in the class.
{ জীবনে আমার একটি দুঃখ এই যে আমি কখনো ক্লাসে প্রথম হই নাই।}

{ This noun clause is a subject **complement** (অর্থাৎ বাক্যটিতে *that* যুক্ত অংশটি বাক্যটির Subject (*My one regret*)-এর অর্থের পূর্ণতা দান করেছে। অর্থাৎ আমার জীবনের একটি দুঃখ কি – তা *that* যুক্ত অংশে ব্যাখ্যা করা হয়েছে। }

[RU, B+ IU ভর্তি পরীক্ষা]

(6) The rule **that people should not enter the room** must be obeyed.

বাংলা অর্থ বুঝে অ্যাজেক্‌ঠিভ্ **Clause** সহজেই

1. The **cricket match** **that we enjoyed** is exciting.

noun *Adjective clause*

উপরের এই বাক্যে ... **that we enjoyed** হলো **Adjective clause**

দ্যাট = যেটা

যার subject হলো **we** এবং verb হলো **enjoyed**।

তার মানে, adjective clause হলো একটি বাক্য

যার অবশ্যই রয়েছে subject এবং verb, যেটা noun সম্পর্কে কিছু বলে।

মূল ব্যাপার কিন্তু

ঘুরে ফিরে একটাই ;

বাক্যের অর্থ বোঝা !

অ্যাজেক্‌ঠিভ্ ক্লজ্ শুরু হয়

Relative pronoun যেমন: *who / whom / that / which* দিয়ে এবং

Relative adverb যেমন: *when / where / why* দিয়ে।

তার মানে, Adjective phrase হলো কয়েকটি শব্দের সমষ্টি যেটি adjective-এর কাজ করে

2. The film **that we saw today** is very exciting.

Adjective clause

3. This is the pen **that I lost yesterday**. **[JU + JnU: ভর্তি পরীক্ষা]**

Adjective clause

4. This is the place **where he was born**. **[RU, B: ভর্তি; মাদক নিয়ন্ত্রণ অধি. নিয়োগ]**

Adjective clause [যেখানে সে জন্ম নিয়েছিলো]

5. The house **I live in** belongs to my cousin. **[RU (B) : ভর্তি পরীক্ষা]**

বাড়িটা যেটাতে আমি বসবাস করি সেটা হলো আমার কাযিনের।

that উহ্য আছে

6. I know the boy **who will win**. [RU (A): ভর্তি + JKKKNNU]
{ আমি চিনি বালকটিকে যে জিতবে। }

7. I know the reason **why he has done it**. [RU (B): ভর্তি + JKKKNNU]
Adjective clause

8. I bought a new car **that is very fast**. →
{ আমি কিনেছিলাম একটি নতুন গাড়ি যেটি খুব দ্রুতগামী }

9. I have found the book **which I lost yesterday.**
{ আমি খুঁজে পেয়েছি বইটি যেটি আমি গতকাল হারিয়েছিলাম }

10. I don't like people **who are untidy (নোংরা).** [RU (B) + JU, IU ভর্তি]

9 উদাহরণে *which I lost* হচ্ছে **adjective clause**
কারণ এই clause-টি তার পূর্বে উল্লেখিত *book* সম্পর্কে কিছু বললো।

13. This is Mr. Rafique **who gave the lecture**.

উপরের বাক্যে *who gave the lecture*-এ subject হলো *who* এবং *gave* হলো who-এর **verb**। ∴ *who gave* হলো একটা **clause**।

Adjective clause-কে adjective ফ্রেইযে পরিবর্তন করা:

1. **Adjective Clause** : The umbrella ***which has a broken handle*** is mine.
Adjective Phrase : The umbrella ***with a broken handle*** is mine.
{ হাতল-ভাঙা ছাতাটি আমার }



2. **Adjective Clause** : He met a girl ***whose eyes were blue***.
Adjective Phrase : He met a girl ***with blue eyes***.
{ সে নীল চোখের অধিকারী একটি মেয়ের সাথে সাক্ষাৎ করেছিলো।}

3. **Adjective Clause** : We all admire a man ***who is courageous***.
→ **(খারেইয়াস্ = সাহসী)**
Adjective Phrase : We all admire a man ***of courage***.
{ আমরা সকলেই একজন সাহসী মানুষের প্রশংসা করি।}

Chapter-42 বাংলা অর্থ বুঝে Phrase ও Idiom

01. **At random** (এ্যাট্ র‍্যানডম্ - এলোমেলোভাবে):
Names were chosen at random from the list.
{তালিকাটি থেকে নামগুলো এলোমেলোভাবে বাছাই করা হয়েছিলো}

02. **At sixes and sevens** (এলোমেলো):
The books are *at sixes and sevens* on the table.
(টেবিলের উপর বইগুলো এলোমেলোভাবে আছে।)

03. **As a result** (ফলে):
He worked hard, and, *as a result,* reached the apex of his career.
(সে কঠোর পরিশ্রম করেছিলো এবং ফলে সে তার ক্যারিয়ারের শিখরে পৌঁছালো।)

04. **Black sheep** (কুলাঙ্গার):
He is the black sheep of the family. {সে পরিবারের কলংক}

05. **At length** (বিস্তারিত):
The teacher discussed the matter *at length.*
(শিক্ষক বিষয়টি আলোচনা করেছিলেন বিস্তারিত।)

06. **At stake** (ঝুঁকির মধ্যে):
Thousands of lives will be at take if emergency aid does not arrive soon.
(হাজার হাজার জীবন ঝুঁকির মধ্যে থাকবে যদি শীঘ্রই জরুরি সাহায্য না আসে।)

07. **As far as** (যতদূর পর্যন্ত):
You may go with me *as far as* you wish. (তুমি যতদূর পর্যন্ত চাও, আমার সাথে যেতে পারো।)

08. **At the sight of xyz** (xyz দেখে):
The thief fled away *at the sight of* the policeman. (চোরটি পালালো পুলিশকে দেখে।)

09. **An irony of fate** (ভাগ্যের পরিহাস):
It was an irony of fate that the president was assassinated on his first day of taking up office. (ভাগ্যের পরিহাস হলো এই যে, প্রেসিডেন্ট তার দায়িত্ব গ্রহণের প্রথম দিনেই নিহত হলেন।)

10. **Adhere to** (এ্যাড্হিয়ার্ টু - মেনে চলা):
We must *adhere to* our basic principles.
(আমাদেরকে অবশ্যই মেনে চলতে হবে আমাদের মূল নীতিগুলো।)

11. **A maiden speech** (আ মেইডেন্ স্পীচ্): প্রথম ভাষণ।
His maiden speech charmed everyone in the parliament.
(তার প্রথম ভাষণটি পার্লামেন্টের প্রত্যেককে মুগ্ধ করেছিলো।)

12. **Above all** (অ্যাবাভ্ অল্ - সর্বোপরি): Above all, chairs should be comfortable.
(সর্বোপরি, চেয়ারগুলো আরামদায়ক হওয়া উচিত।)

13. **At all** (আদৌ): I am not *at all* aware of the matter. (আমি আদৌ এ ব্যাপারে সচেতন নই।)

14. **A bed of roses** (গোলাপের বিছানা = সুখ-স্বাচ্ছন্দ্যপূর্ণ আরামের জীবন):
If I had a crore taka, I would be in *a bed of roses*.
(যদি আমার এক কোটি টাকা থাকতো, আমি সুখ-স্বাচ্ছন্দ্যপূর্ণ আরামের জীবন কাটাতাম।)

15. **At a stretch** (একটানা):
I can read 10 hours *at a stretch*. (আমি একটানা ১০ ঘন্টা পড়তে পারি।)

16. **Apple of discord** (কলহের কারণ): → (ডিস্‌কর্ড = ঝগড়া)
A piece of land has become an *apple of discord* between them.
(এক টুকরো জমি হয়ে দাঁড়িয়েছে তাদের মধ্যে কলহের কারণ।)

17. **At first glance** (প্রথম দেখায়):
At first glance, I thought he was a good man. (প্রথম দেখাতে আমি ভেবেছিলাম সে একজন ভাল মানুষ।)

18. **As well as** (আরো কেউ বা কিছু):
Karim *as well as* I went to bazaar. (আমাকে নিয়ে করিম বাজারে গিয়েছিলো।)

19. **At present** (বর্তমানে):
Road accident has become an alarming issue *at present*.
(সড়ক দূর্ঘটনা একটি উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে বর্তমানে।)

20. **A dark horse** (যে ব্যক্তি নিজের দক্ষতা অন্যকে জানায় না কিন্তু কিছু করে সবাইকে তাক লাগিয়ে দেয়):
Rony's such a dark horse – I had no idea he'd published a novel.
(রনি আসলেই একটি dark horse – আমার কোন ধারণাই ছিলনা যে সে একটি উপন্যাস প্রকাশ করেছে।)

21. **A white elephant** (গরিবের হাতিপোষা; কাজে আসে না অথচ দামি ও অসুবিধাজনক):
The department has become *a white elephant* for the government.
(ডিপার্টমেন্টটি সরকারের জন্য বোঝা হয়ে দাঁড়িয়েছে।)

22. **All of a sudden** (হঠাৎ):
All of a sudden, the tyres of the car burst.
(হঠাৎ করে গাড়ির টায়ারটি ফেটে গেল।)

23. **Ask for** abc (*abc* চাওয়া):
They *asked for* my help in their distress. (বিপদে তারা আমার কাছে সাহায্য চাইলো।)

24. **Achilles' heel** (দুর্বল দিক):
His *Achilles' heel* was that he could not delegate.
(তার দুর্বল দিক ছিলো যে সে অন্যকে দায়িত্ব দিতে পারতো না।)

25. **Apple of one's eye** (নয়নের মণি):
He is the *apple of his father's eye*. (সে হলো তার বাবার নয়নের মণি।)

26. **A man of letters** (পন্ডিত ব্যক্তি):
Sher-e-Bangla was *a man of letters*. (শের-এ-বাংলা একজন পণ্ডিত ব্যক্তি ছিলেন।)

27. **Bring to book** (শাস্তি দেয়া):
The court failed to *bring to book* anyone for the crime.
(আদালত কাউকে শাস্তি দিতে ব্যর্থ হলো অপরাধটির জন্য।)

28. **Black and blue** (নির্মমভাবে):
They beat the thief *black and blue*. (তারা পিটিয়েছিলো চোরটিকে নির্মমভাবে।)

29. **Bad blood** (শত্রুতা):
There is no *bad blood* between the two leaders. (দুই নেতার মধ্যে কোনো শত্রুতা নেই।)

30. **By dint of xyz** (*xyz*-এর দ্বারা):
He has done well in the examination *by dint of* hard study.
(কঠোর পড়াশোনার দ্বারা সে পরীক্ষায় ভাল করেছে।)

31. **Blue blood** (আভিজাত্য): He is proud of her *blue blood*. (তিনি গর্বিত তার আভিজাত্যের জন্য।)

32. **Bid adieu** (বিদায় জানানো):
I went to *bid him adieu* at the airport. (আমি তাকে বিদায় দিবার জন্য বিমানবন্দরে গিয়েছিলাম।)

33. **Burning question** (গুরুত্বপূর্ণ বিষয়):
Economic development is now a *burning question* of our country.
(অর্থনৈতিক উন্নয়ন এখন আমাদের দেশের প্রধান আলোচ্য বিষয়।)

34. **Beyond one's means** (কারও আর্থিক সামর্থ্যের বাইরে):
It was *beyond their means* to buy this. (এটা কেনা তাদের সামর্থের বাইরে ছিলো।)

35. **Beyond doubt** (নিঃসন্দেহে):
The training programme was, *beyond doubt*, a very useful one.
(প্রশিক্ষণ কর্মসূচিটি ছিল নিঃসন্দেহে খুব উপকারী কর্মসূচি।)

36. **Beggar description** (বর্ণনাতীত হওয়া):
His sufferings *beggar description*. (তার ভোগান্তি বর্ণনার বাইরে।)

37. **By means of xyz** (*xyz*-এর দ্বারা):
He succeeded in life *by means of* hardwork. (কঠোর পরিশ্রমের দ্বারা সে জীবনে সফল হলো।)

38. **By all means** (সর্বাত্মকভাবে):
He should try to pass the examination by all means.

39. **Bread and butter** (জীবিকা): He cannot earn his *bread and butter* now.
(সে তার জীবিকা আয় করতে পারছে না ইদানিং।) (থর্ন্ = কাঁটা)

40. **Bed of thorns** (কন্টকময় জীবন): Life is nothing but a *bed of thorns*.

41. **Beat about the bush** (বুশ তথা ঝোপ ঝাড়ের চারদিকে পেটানো = অনর্থক কথা বলা):
He is *beating about the bush* without telling me what he wants.
(সে কী চায় সেটা আমাকে না বলে অনর্থক কথাবার্তা বলছে।)

42. **Big guns** (শক্তিশালী ব্যক্তি):
People follow the *big guns* of the society.
(জনগণ অনুসরণ করে সমাজের প্রভাবশালী ব্যক্তিদের।)

43. **By hook or by crook** (কোনো উপায়ে):
He tried to win the case by hook or by crook.
(সে চেষ্টা করেছিল মামলাটি জেতার যে কোনো উপায়ে।)

44. **Cope with** (পেরে ওঠা):
It must be difficult to cope with three small children and a job.
(তিনটা ছোট ছেলেমেয়ে এবং চাকুরি সামলানো অবশ্যই কঠিন ।)

45. **Catch sight** (দেখা পাওয়া):
I caught sight of her at the airport. (আমি বিমানবন্দরে তার দেখা পেয়েছিলাম ।)

46. **Commit something to memory** (মুখস্ত করা):
Nobody should commit anything to memory without understanding its meaning.
(কারো কোনো কিছু মুখস্ত করা উচিত না অর্থ না বুঝে ।)

47. **Chicken-hearted** (ভীরু):
A chicken-hearted man like you can do nothing.
(তোমার মতো ভীরু লোক কিছুই করতে পারবে না ।)

48. **Cut out** (বাদ দেয়া):
He has cut out tea from his breakfast menu.
(সে তার সকালের নাস্তার তালিকা থেকে চা বাদ দিয়েছে ।) →

49. **Come round** (আরোগ্য লাভ করা):
I hope your mother will come round soon.
(আমি আশা করি তোমার মা আরোগ্য লাভ করবেন শীঘ্রই ।)

50. **Cut off** (বিচ্ছিন্ন/আলাদা):
It is a remote village cut off from the rest of the world.
(এটি একটি প্রত্যন্ত গ্রাম বাইরের জগত থেকে আলাদা ।)

51. **Cold war** (স্নায়ু যুদ্ধ):
There was a cold war between Russia and America. (রাশিয়া এবং আমেরিকার মধ্যে স্নায়ু যুদ্ধ ছিলো ।)

52. **Die out** (মরে শেষ হয়ে যাওয়া): Many rivers in Bangladesh are *dying out*.
(বাংলাদেশে অনেক নদী মরে যাচ্ছে ।)

53. **Dead against xyz** (*xyz*-এর ঘোর বিরোধী): He is *dead against* the LGBTQ.
(সে LGBTQ-এর ঘোর বিরোধী ।)

54. **Drop out** (ঝরে পড়া):
Many students of our country *drop out* without completing their primary education.
(প্রাথমিক শিক্ষা শেষ না করে আমাদের দেশের অনেক ছাত্রছাত্রী ঝরে পড়ে ।)

55. **End in smoke** (নিষ্ফল হওয়া , ব্যর্থ হওয়া) :
All his attempts *ended in smoke*. (তার সকল প্রচেষ্টা ব্যর্থ হয়েছিল ।)

56. **Every nook and cranny** (প্রতিটা কোনা-কাঞ্চি = সব জায়গায়) :
Every nook and cranny of the house was filled with newer books.
(বাড়িটির সবটুকু জায়গা নতুন নতুন বইয়ে ভর্তি ছিল ।)

57. **Far and near** (সর্বত্র):
His reputation is spreading *far and near*. (তার খ্যাতি সর্বত্র ছড়াচ্ছে ।)

58. **For the purpose of xyz** (*xyz*-এর জন্য):
I went to the bank *for the purpose of* withdrawing money.
(টাকা উঠাতে আমি ব্যাংকে গিয়েছিলাম।)

59. **From time immemorial** (স্মরণাতীত কাল থেকে):
People are struggling to survive *from time immemorial*.
(স্মরণাতীতকাল থেকে মানুষ বাঁচার জন্য লড়াই করছে।)

60. **For the sake of pqr** (*pqr*-এর জন্যে): He worked hard *for the sake of* money.
(টাকার জন্য সে কঠোর পরিশ্রম করেছিল।)

61. **Far and wide** (সর্বত্র): His popularity has spread *far and wide*.
(তার জনপ্রিয়তা সর্বত্র ছড়িয়ে পড়েছে।)

62. **For good** (চিরতরে):
He left his village for good. (সে তার গ্রাম চিরতরে ত্যাগ করল)

63. **Flesh and blood** (রক্ত মাংসের দেহ):
No flesh and blood can endure such an insult.
(কোনো রক্তমাংসের মানুষ এমন অপমান সহ্য করতে পারে না।)

64. **Far-fetched** (*far* থেকে *fetch* করে আনা = উদ্ভট; সত্য হওয়া সম্ভব নয় এমন):
The whole story sounds very far-fetched. (পুরো গল্পটি খুবই উদ্ভট মনে হয়।)

65. **For the sake of xyz** (*xyz*-এর খাতিরে):
Many freedom fighters sacrificed their lives for the sake of their homeland.
(অনেক মুক্তিযোদ্ধা দেশের তরে তাদের জীবনকে উৎসর্গ করেছিলো।)

66. **Good for nothing** (অপদার্থ): The boy is good for nothing. (বালকটি কোন কাজের নয়।)

67. **Get rid of xyz** (*xyz* থেকে রেহাই পাওয়া):
We should get rid of bad companions. (আমাদের খারাপ সঙ্গী এড়িয়ে চলা উচিত।)

68. **Give away** (বিতরণ করা):
The chief-guest gave away the prizes among winners.
(প্রধান অতিথি বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করলেন।)

69. **Go through** (ভালভাবে পড়া): You should go through this book.
(এই বইটি তোমার ভালোভাবে পড়া উচিত।)

70. **Gala day** (আনন্দের দিন):
Eid day is a gala day for all muslims.
(পহেলা বৈশাখ সমগ্র বাঙালিদের জন্য একটি আনন্দের দিন।)

71. **Get by heart** (মুখস্থ করা): He got the whole poem by heart.
(সে পুরো কবিতাটি মুখস্ত করলো।)

72. **Hard times** (কষ্টের সময়):
We must extend our helping hand to our relatives in their hard times.
(কষ্টের সময় বা দুর্দিনে আত্মীয়-স্বজনদের প্রতি অবশ্যই আমরা সাহায্যের হাত বাড়িয়ে দিব।)

73. **Heart and soul** (মনে প্রাণে):
The student tried heart and soul to do well in the examination.
(ছাত্রটি পরীক্ষায় ভালো করার জন্য প্রাণপণ চেষ্টা করেছিল।)

74. **Hue and cry** (হৈচৈপূর্ণ আওয়াজ):
Just as the show ended, he heard a huge hue and cry outside.
(শো শেষ হওয়া মাত্রই সে চিৎকার করে প্রতিবাদ শুনতে পেল।)

75. **Hard up** (অভাবগ্রস্ত): I am now hard up. (আমি বর্তমানে অভাবগ্রস্ত।)

76. **Hard and fast** (ধরা-বাঁধা):
Every institution has some hard and fast rules.
(প্রতিটি প্রতিষ্ঠানের কিছু না কিছু ধরা-বাঁধা নিয়ম আছে।)

77. **Hard nut to crack** (সমাধান করা কঠিন):
To tackle corruption is a hard / tough nut to crack. (দুর্নীতির মোকাবেলা করা কঠিন।)

78. **Hanker after** (পিছু ছুটা):
An honest man never hankers after money. (একজন সৎ লোক কখনোই টাকার পিছনে ছুটে না।)

79. **In the guise of x** (*x*-এর ছদ্মবেশে):
The officer went to the village in the guise of a beggar.
(অফিসারটি গ্রামটিতে গেলো ভিক্ষুকের বেশে।)

80. **In cold blood** (ঠান্ডা মাথায়):
The journalist was murdered in cold blood. (সাংবাদিকটিকে ঠান্ডা মাথায় হত্যা করা হয়েছিলো।)

81. **In front** (সামনে): There is a garden in front of our house.
(আমাদের বাড়ির সামনে একটি বাগান আছে।)

82. **In spite of** (সত্ত্বেও): In spite of poverty, the man is honest. (দারিদ্র্য সত্ত্বেও লোকটি সৎ।)

83. **In the long run** (পরিণামে):
The idle will suffer in the long run. (অলস লোকেরা দুঃখ-কষ্ট ভোগ করবে পরিণামে।)

84. **In lieu of xyz** (*xyz*-এর পরিবর্তে):
He took accounting in lieu of general science. (সাধারণ বিজ্ঞানের পরিবর্তে সে হিসাববিজ্ঞান নিলো।)

85. **In the event of** (যদি ঘটে/ঘটলে):
In the event of a political conflict, enemies can take over the power.
(রাজনৈতিক সংঘাতের সৃষ্টি হলে শত্রুরা ক্ষমতা দখল করতে পারে।)

86. **In no time** (অতি শীঘ্রই):
We should solve the issue in no time. (আমাদের অতি শীঘ্রই সমস্যাটির সমাধান করা উচিত।)

87. **Instead of** (পরিবর্তে): I took coffee instead of tea. (আমি চা-র বদলে কফি খেলাম।)

88. **In full swing** (পুরোদমে):
The construction of the bridge is going on in full swing. (ব্রিজটির নির্মাণ-কাজ পুরোদমে চলছে।)

89. **In order to** (জন্যে): We should work hard in order to succeed in life.
(জীবনে সফলতা লাভ করার জন্য আমাদের কঠোর পরিশ্রম করা উচিত।)

90. **In a nutshell** (সংক্ষেপে): He described the story in a nutshell. (তিনি সংক্ষেপে গল্পটির বিবরণ দিলেন।)

91. **Ins and outs** (খুঁটিনাটি সবকিছু): He knows the ins and outs of the issue.
(তিনি বিষয়টির খুঁটিনাটি জানেন।)

92. **Jump at an offer** (সাগ্রহে কোন সুযোগ গ্রহণ করা):
He has jumped at the offer for the post of the chairman.
(চেয়ারম্যানের পদবির প্রস্তাবটি সে দ্রুত গ্রহণ করল।)

93. **Keep pace with** (কীপ্ পেইস্ উয়িথ্ - তাল মিলিয়ে চলা / কারো নাগাল পাওয়া):
Sharmin was very fast and I could not keep pace with her.
(শারমিন ছিলো খুব দ্রুত এবং আমি তার সাথে তাল মিলিয়ে চলতে পারলাম না।)

94. **Keep body and soul together** (জীবন ধারণ করতে পারা):
His wages are barely enough to keep body and soul together.
(খেয়ে পরে বেঁচে থাকতে তার মজুরি খবুই যৎসামান্য)

95. **Kick off** (শুরু হওয়া):
The cricket match was kicked off after chief guest's arrival at the stadium.
(স্টেডিয়ামে প্রধান অতিথির আগমনের পর ক্রিকেট-ম্যাচটি শুরু করা হলো।)

96. **Look down upon** (হেয়ভাবে দেখা):
We should not look down upon the poor. (আমাদের উচিত নয় গরিব লোকদের নীচু নজরে দেখা।)

97. **Look forward to** (অধীর আগ্রহে অপেক্ষা করা):
I look forward to receiving your letter. (আমি তোমার চিঠি পাওয়ার অপেক্ষায় আছি।)

98. **Let the cat out of the bag** (ঘটনা ফাঁস করা):
I was trying to keep the matter a secret but my colleague let the cat out of the bag.
(আমি বিষয়টি গোপন রাখতে চেয়েছিলাম কিন্তু আমার সহকর্মী তা ফাঁস করে দিল।)

99. **Learn by heart** (মুখস্থ করা):
He learnt the whole poem by heart. (সে পুরো কবিতাটি মুখস্থ করেছিল।)

100. **Lean against** (হেলান দেয়া): He leaned against the wall. (সে দেয়ালে হেলান দিয়েছিল।)

101. **Look after** (দেখাশোনা করা):
Mr. Rahim looks after his old parents. (রহিম সাহেব তার বৃদ্ধ মাতা-পিতার দেখভাল করেন।)

102. **Leave no stone unturned** (চেষ্টার ত্রুটি না করা):
I left no stone unturned to do well in the examination.
(পরীক্ষায় ভালো করতে আমি চেষ্টার ত্রুটি করলাম না।)

103. **Make up** (গঠিত হওয়া):
His family is made up (= composed of) of six members.(তার পরিবার ৬জন সদস্য নিয়ে গঠিত।)

104. **Maiden speech** (প্রথম বক্তৃতা):
I was captivated (ক্যাপ্‌টিভেইটেড্) by his maiden speech. (তার প্রথম বক্তৃতা শুনে আমি মুগ্ধ হলাম।)

105. **Make up one's mind** (মনস্থির করা):
He made up his mind to go abroad for higher study.
(সে উচ্চতর শিক্ষা গ্রহণের জন্য বিদেশ যাবার মনস্থির করলো।)

106. **Make fun of** (উপহাস করা):
The children were making fun of the mad man.
(শিশুরা পাগল লোকটিকে নিয়ে হাসি-তামাসা করছিল।)

107. **Null and void** (বাতিল):
This law is now null and void (= not in force) (এই নিয়মটি এখন বাতিল।)

108. **Nip in the bud** (শুরুতেই বিনাশ করা):
It is urgent to nip this kind of crime in the bud. (এই ধরনের অপরাধ অঙ্কুরেই বিনষ্ট করা উচিত।)

109. **On the sly** (গোপনে): The boy entered the room on the sly. (ছেলেটি গোপনে ঘরে প্রবেশ করলো।)

110. **On the eve of** (প্রাক্কালে):
The Prime Minister was speaking to the journalists on the eve of her visit to England.
(প্রধানমন্ত্রী ইংল্যান্ডে যাত্রার প্রাক্কালে সাংবাদিকদের উদ্দেশ্যে বক্তৃতা দিচ্ছিলেন।)

111. **Of one's own accord** (স্বেচ্ছায়): Jerry did his work of his own accord.
(জেরী স্বেচ্ছায় কাজ করেছিল।

112. **Once in a blue moon** (কদাচিৎ):
He comes here once in a blue moon. (তিনি এখানে আসেন কদাচিৎ ।)

113. **On the whole** (মোটের উপর):
Bangladesh, on the whole, is a developing country. (বাংলাদেশ, সর্বোপরি, একটি উন্নয়নশীল রাষ্ট্র।)

114. **Off and on** (মাঝে মধ্যে): Karim comes here off and on. (করিম মাঝে মধ্যে এখানে আসে।)

115. **Open secret** (যে গোপনীয়তা সবাই জানে):
Their affair is now an open secret. (তাদের সম্পর্কের বিষয়টি এখন সবার জানা।)

116. **On behalf of** (পক্ষে):
He answered the question on behalf of the innocent. (তিনি নিরাপরাধীর পক্ষে প্রশ্নের জবাব দিলেন।)

117. **Out and out** (পুরোপুরি):
Mr. Rahman is out and out an honest man. (জনাব রহমান একজন পুরোদস্তুর সৎ লোক।)

118. **On the instant** (তাৎক্ষণিকভাবে / মুহূর্তের মধ্যে):
Getting down from the bus, he fell down on the instant.
(বাসটি থেকে নামার পর, তিনি তৎক্ষণাৎ পড়ে গেলেন।)

119. **Once for all** (চিরকালের জন্য):
He left his village once for all. (তিনি চিরকালের জন্য তার গ্রাম ছেড়ে চলে গেলেন।)

120. **Put up with xyz** (*xyz*-কে সহ্য করা):
No one can put up with such an insult. (এরূপ অপমান কেউ সহ্য করতে পারে না।)

121. **Pandora's box** (যা নতুন নতুন সমস্যার সৃষ্টি করে)
Sadly, his reforms opened up a pandora's box of domestic problems.
(দুঃখজনকভাবে বলতে গেলে, তার সংস্কার কার্যক্রম নতুন নতুন অভ্যন্তরীণ সমস্যার সৃষ্টি করেছিল।)

122. **Put down** (লিখে রাখা):
I have put down his address in my note book. (তার ঠিকানা আমি আমার নোট বুকে লিখে রেখেছি।)

123. **Part and parcel** (অবিচ্ছেদ্য অংশ):
A library is a part and parcel of an educational institute.
(লাইব্রেরি শিক্ষা প্রতিষ্ঠানের একটি অবিচ্ছেদ্য অংশ।)

124. **Rainy day** (দুর্দিন): Save something for rainy days. (কিছু সঞ্চয় করো দুর্দিনের জন্য।)

125. **Storm in a teacup** (সামান্য কারণে দারুণ হৈ চৈ):
The passenger raised a storm in a teacup over the loss of his seat.
(যাত্রীটি তার সীট হারানোর জন্য হৈ চৈ শুরু করে দিলো।)

126 **Suitable for xyz** (*xyz*-এর জন্য উপযুক্ত):
Morning walk is suitable for diabetic people. (সকালে হাঁটা হলো উপযুক্ত ডাইবেটিস রোগীদের জন্য।)

127. **Skim through** (চোখ বুলিয়ে যাওয়া): I always skim through the cover page of the newspaper.
(আমি সবসময় পত্রিকার কভার পৃষ্ঠায় চোখ বুলিয়ে দেখি।)

128. **Slow coach** (অলস): A slow coach will not be able to succeed in life.
(একজন অলস ব্যক্তি জীবনে সফল হতে পারবে না।)

129. **Scape goat** (বলির পাঁঠা):
A guest stole the ring, but the maid servant became the scape goat.
(একজন অতিথি আংটটি চুরি করেছিলো, কিন্তু কাজের মেয়েটি বলির পাঁঠা (দোষী সাব্যস্ত) হলো।)

130. **Swan song** (শিল্পীর শেষ শিল্পকর্ম): Mr. Hossain's swan song is appreciated by all.
(মিস্টার হোসেনের শেষ শিল্প-কর্মটি সবার দ্বারা ব্যাপক সমাদৃত হলো।)

131. **So that** (যেন): I walked fast so that I could catch the bus.
(আমি খুব দ্রুত হেঁটেছিলাম যাতে বাসটি ধরতে পারি।)

132. **Take after** (একইরকম হওয়া): The girl takes after his mother. (বালিকাটি দেখতে তার মায়ের মতো।)

133. **To and fro** (এদিক সেদিক): The man is moving to and fro. (লোকটি এদিক সেদিক ছোটাছুটি করছে।)

134. **To catch sight of** (ক্ষণিকের জন্য দেখতে পাওয়া):
We got an opportunity to catch sight of our prime minister.
(আমাদের প্রধানমন্ত্রীকে আমরা ক্ষণিকের জন্য দেখার সুযোগ পেয়েছিলাম।)

135. **To give up** (ত্যাগ করা): Give up smoking. (ধূমপান ছেড়ে দাও।)

136. **Take one to task** (কাউকে তিরস্কার করা):
The teacher took the student to task for being late. (দেরি করার জন্য শিক্ষক ছাত্রটিকে তিরস্কার করলেন।)

137. **The lion's share** (সিংহভাগ):
Karim got the lion's share of his father's wealth. (করিম তার বাবার সম্পত্তির সিংহভাগ পেল।)

138. **Then and there** (তাৎক্ষণিক):
The girl shouted for help and Karim came here to help her.
(মেয়েটি সাহায্যের জন্য চিৎকার করলো এবং করিম তৎক্ষণাৎ সাহায্যের জন্য এগিয়ে আসলো।)

139. **Throw dust in one's eyes** (চোখে ধুলা দেয়া):
The criminal fled away throwing dust in the policeman's eyes.
(অপরাধীটি পুলিশের চোখ ফাঁকি দিয়ে পালিয়ে গেল।)

140. **Take place** (সংঘটিত হওয়া):
The accident took place when I was crossing the road.
(দুর্ঘটনাটি ঘটল যখন আমি রাস্তা পার হচ্ছিলাম।)



141. **Ups and downs** (উত্থান-পতন): There are ups and downs in human life.
(মানবজীবনে উত্থান-পতন রয়েছে।)

142. **Win over** (কারো সমর্থন আদায় করা): Asif is against the idea at the moment, but I am sure I shall be able to win over him in the end. (আসিফ এই মুহূর্তে মতটির বিপক্ষে, কিন্তু আমি নিশ্চিত শেষ পর্যন্ত আমি তার সমর্থন আদায়ে সক্ষম হবো।)

143. **Well off** (সচ্ছল): Jim and Della were not well off. (জিম এবং ডেলা সচ্ছল ছিল না।)

Chapter-43

verb-এর সাথে **preposition** যোগ হয়ে verb-এর নতুন নাম হয় **Phrasal verb**

01. **Act on or upon**	(ক্ষতি করা)	Such hard work will act upon your health.
02. **Act up to**	(অনুসারে কাজ করা)	He always acts up to my advice.
03. **Bear out**	(সমর্থন করা)	His evidence does not bear out the charge.
04. **Bear with**	(সহ্য করা)	I cannot bear with such insult.
05. **Blow out**	(নেভানো)	Blow out the lamp.
06. **Break away**	(পলায়ন করা)	The convict broke away from the prison.
07. **Break down**	(ভাঙিয়া পড়া বা দুর্বল হইয়া পড়া)	His health broke down for hard work.
08. **Break into**	(ভাঙ্গিয়া প্রবেশ করা)	The robber broke into the house at midnight.
09. **Bring about**	(ঘটানো)	What brought about the change in his attitude?
10. **Bring forth**	(উৎপাদন করা)	The timely rain brings forth good corps.
11. **Bring off**	(কঠিন কিছু করতে সফল হওয়া)	Salam brought the task off successfully.
12. **Bring out**	(ছাপাইয়া প্রকাশ করা)	The publisher has brought out a new book.
13. **Bring through**	(আরোগ্য লাভ করা)	The new medicine has brought the patient through.
14. **Bring up**	(প্রতিপালন করা)	She is brought up by her mother
15. **Call for**	(চাওয়া)	He called for an explanation from me.
16. **Call forth**	(কাজে লাগানো)	You have to call forth all your energy for the exam.
17. **Call off**	(উঠাইয়া নওয়া)	The strike was called off.
18. **Call on/upon,**	(কাহারও সহিত দেখা করা)	He called on (upon) me in my office.
19. **Call up**	(স্মরণ করা)	I cannot call up the name.
20. **Carry off**	(জিতিয়া নওয়া)	He carried off all the prizes.
21. **Carry out**	(মান্য করা)	You must carry out my order.
22. **Carry through**	(সফল হওয়া)	His hard labour will carry him through.
23. **Cast about**	(কোনো কিছুর সন্ধানে ঘোরা)	He is casting about for an opportunity.
24. **Cast aside**	(ছুড়ে ফেলা)	He cast aside (or, cast away, or cast off) his old shoes.
25. **Catch up**	(নাগাল পাওয়া)	India is trying to catch up with the advanced countries.
26. **Come about**	(ঘটা)	How did the accident come about?
27. **Come across**	(ঘটনাক্রমে সাক্ষাৎ হওয়া)	I came across a lame man on the way.
28. **Come by**	(ঘটনাচক্রে পাওয়া)	How did you come by this picture?
29. **Come down**	(কমিয়া যাওয়া)	The price of rice has come down.
30. **Come out**	(প্রকাশিত হওয়া)	The result will come out soon.
31. **Come round**	(আরোগ্য লাভ করা)	The patient will come round soon.
32. **Come up to**	(সমান হওয়া)	His word did not come up to our expectation.
33. **Cry for**	(দাবি করা)	They are crying for a master plan for the prevention of flood.

34. **Cry out**	(*shout* - চিৎকার করা)	He cried out for help.
35. **Cut off**	(*dislocate* - বিচ্ছিন্ন করা)	The robbers cut off the telephone connection.
36. **Do away with**	(*abolish* - বন্ধ হওয়া বা করা)	We should do away with our bad habits.
37. **Do up**	(*put into order* - গুছানো)	Can you help me to do up my dress?
38. **Do with**	(সম্পর্ক থাকা)	He has to do with all sorts of people.
39. **Deal in**	(ব্যবসা করা)	He deals in books.
40. **Deal with**	(*behave* - আচরণ করা)	He deals with me very well.
41. **Drive away**	(*turn out* - বিতাড়িত করা)	He was driven away from the village.
42. **Fall back upon**	(শেষ অবলম্বন রূপে গ্রহণ করা)	Having lost his job he fell back upon agriculture.
43. **Fall in with**	(agree with - একমত হওয়া)	I cannot fall in with his views.
44. **Fall off**	(*decline* : কমে যাওয়া)	The quality of goods has fallen off.
45. **Fall on**	(*attack* - আক্রমণ করা)	The robbers fall on the passer-by.
46. **Fall out**	(*quarrel* - সম্পর্ক নষ্ট হওয়া; কলহ করা)	Do not fall out with your friend.
47. **Fall through**	(*fail*, ব্যর্থ হওয়া)	All his plans fell through.
48. **Fill in up**	(*complete*, পূরণ করা)	Fill in (up) the gaps.
49. **Get away**	(*escape*, পলায়ন করা)	The thief could not get away with the necklace.
50. **Get down**	(*descend*, নামা)	He got down from the train.
51. **Get into**	(*ascend*, উঠা)	He got into the train.
52. **Get off**	(*escape*, পালানো)	The thief got off safely.
53. **Get on**	(*continue*, চালিয়ে যাওয়া)	How are you getting on with your studies?
54. **Get out**	(*come out*, প্রকাশিত হওয়া)	The secret got out at last.
55. **Get over**	(*overcome*, অতিক্রম করা)	He will soon get over the difficulties.
56. **Get through**	(*succeed*, সাফল্য লাভ করা)	He got through the examination.
57. **Give in**	(*yield*, বশ্যতা স্বীকার করা)	The enemies gave in at last.
58. **Give out**	(*disclose*, প্রকাশ করা)	He will never give out the truth.
59. **Give up**	(*abandon*, পরিত্যাগ করা)	Try to give up your bad habit.
60. **Go after**	(*follow*, পশ্চাদ্ধাবন করা)	The dog went after the thief.
61. **Go by**	(*act according to*, অনুসারে চলা)	I have to go by rules.
62. **Go forth**	(*be issued*, বাহির হওয়া)	The order went forth for the public yesterday.
63. **Go in for**	(*sit for*, প্রতিযোগিতা করা)	He is going in for the BCS Examination.
64. **Go out**	(*extinguish*, নিভিয়া যাওয়া)	The light has gone out.
65. **Go through**	(কোনো কিছু খোজার উদ্দেশ্যে পড়া)	He has gone through many books.
66. **Go through**	(অভিজ্ঞতা অর্জন করা)	He has gone through many hardships.
67. **Go with**	(*agree*, একমতে চলা)	He will not go with you in this matter.
68. **Go without**	(*live without*, অভাবে কাটানো)	They have to go without from time to time.
69. **Hold back**	(*hide* - গোপন রাখা)	You need not hold back the secret from me.
70. **Hold in**	(*check* - সংযত রাখা)	You should hold in your temper.

71. **Hold off**	(*keep away* - দূরে সরিয়ে রাখা)	Please hold off your dog.
72. **Keep at**	(*stick to* - লেগে থাকা)	Don't leave your job, just keep at it.
73. **Keep away**	(দূরে থাকা বা রাখা)	Keep yourself away from evil company.
74. **Keep down**	(*control* - সংযত রাখা)	He could not keep down his anger.
75. **Keep in with**	(বন্ধুত্ব বজায় রাখিয়া চলা)	I can't keep in with you any longer.
76. **Keep off**	(দূরে থাকা)	Keep off the fire.
77. **Keep up with**	(সমান তালে চলা)	Try to keep up with the changing world.
78. **Lay aside**	(*keep apart* - সরিয়ে রাখা)	Try to lay aside something for your old age.
79. **Lay before**	(*place* - পেশ করা)	He laid the facts before the committee.
80. **Lay by**	(*save* - সঞ্চয় করা)	You must lay by something for the future.
81. **Lay down**	(*sacrifice* - বিসর্জন দেওয়া)	He laid down his life for the sake of his country.
82. **Lay in**	(store - জমাইয়া রাখা)	The potatoes were laid in for the off-season.
83. **Lay out**	(*invest* - (খাটানো)	He laid out a large amount of money.
84. **Lay with**	(*cover* - ঢাকা দেওয়া)	He laid the floor with a carpet.
85. **Look after**	(*take care of*, দেখাশুনা কর)	Mother looked after her child.
86. **Look down upon**	(নীচু দৃষ্টিতে দেখা)	Do not look down upon the poor.
87. **Look into**	(*examine*, তদন্ত করা):	I asked him to look into the matter.
88. **Look over**	(*examine*, পরীক্ষা করা):	I have looked over your papers.
89. **Look up**	(*find out*, খুঁজে বের করা):	Look up the word in the dictionary.
90. **Look forward**	(*expect eagerly*, সাগ্রহে প্রতীক্ষা করা):	They look forward to your help.
91. **Look through**	(*inspect carefully*, ভালোভাবে পরীক্ষা করা):	The auditor looked through the account.
92. **Make away with oneself**	(আত্মহত্যা করা):	He made away with himself.
93. **Make of**	(*compose of*, তৈরি):	This ornament is made of gold.
94. **Make off**	(*escape*, পলাইয়া যাওয়া):	The thief made off with ornaments.
95. **Make out**	(*understand*, বুঝিতে পারা):	I can't make out your words.
96. **Make up**	(ক্ষতি পুষিয়ে দেওয়া):	I still need one hundred taka to make up the loss.
97. **Make up one's mind**	(মনস্থির করা):	He made up his mind to go there.
98. **Make up for**	(*compensate*, ক্ষতিপূরণ করা):	I must make up for the lost time.
99. **Pass away**	(*die*-মারা যাওয়া):	The patient passed away peacefully.
100. **Pass by**	(*pay no attention to*, উপেক্ষা করা):	He passed by these mistakes.
101. **Pass over**	(*overlook*, উপেক্ষা করা):	We may pass over the unnecessary details.
102. **Pass through**	(সম্মুখীন হওয়া):	He had to pass through many difficulties.
103. **Put down**	(*write*, লেখা)	Put down your name on the blackboard.
104. **Put off**	(*take off*, খুলে ফেলা)	Put off your shoes.



105. **Put on**	(*wear*, পরিধান করা)	Put on your dress.
106. **Put out**	(*extinguish*, নিভিয়ে দেয়া)	He put out the lamp.
107. **Put up with**	(*tolerate*, সহ্য করা)	I cannot put up with such insults.
108. **Run after**	(*chase*, ধাওয়া করা)	The villagers ran after the thief.
109. **Run away**	(*flee*, পালিয়ে যাওয়া)	The boys ran away on seeing the police.
110. **Run away with**	(*steal*, চুরি করে পালিয়ে যাওয়া)	The thief ran away with all the valuables.
111. **Run out**	(*become exhausted*, শেষ হওয়া)	His patience is running out.
112. **See off**	(বিদায় জানাতে যাওয়া)	I went to the station to see my friend off.
113. **See through**	(*understand*, বুঝে ফেলা)	I have seen through his plan.
114. **Send for**	(*summon*, ডেকে পাঠানো)	Please send for a doctor.
115. **Set about**	(*begin*, আরম্ভ করা)	He set about his work early in the morning.
116. **Set apart or aside**	(*reserve*, পৃথক করিয়া রাখা)	He set apart / aside a part of his income for charity.
117. **Set aside**	(*ignore*, অগ্রাহ্য করা)	Let us set aside all formalities.
118. **Set back**	(পিছিয়ে দেয়া; অগ্রগতি বন্ধ করা)	Public opinion is setting back the program.
119. **Set by**	(*lay by*, সঞ্চয় করা)	Set by something for old age.
120. **Set forth**	(*start*, যাত্রা করা)	They set forth early in the morning.
121. **Set in**	(*begin*, শুরু হওয়া)	The rains have set in.
122. **Set out**	(*start*, যাত্রা করা)	He set out for London.
123. **Sit for**	(*appear in*, পরীক্ষার জন্য উপস্থিত হওয়া)	He sat for the Final Examination.
124. **Stand by**	(*support*, সাহায্য করা)	Always stand by your friends.
125. **Stand for**	(*symbolize*, প্রতীক রূপে গণ্য হওয়া):	P.O stands for post office.
126. **Stand to**	(*stick to*, লেগে থাকা)	He stands to his promise.
127. **Take off**	(*put off*, খুলে ফেলা)	Take off your coat.
128. **Take after**	(resemble, সদৃশ হওয়া)	She takes after her mother.
129. **Take down**	(write down, লিখে নেয়া)	Take down the note in short.
130. **Take off**	(*put off*, খুলিয়া ফেলা)	Take off your coat.
131. **Tell on, upon**	(*affect*, ক্ষতি করা)	Over eating may tell on (upon) your health.
132. **Turn aside**	(*deviate from*, বিচ্যুত হওয়া)	We should not turn aside from the path of virtue.
133. **Turn against**	(*become hostile*, শত্রু হইয়া উঠা)	They soon turned against us.
134. **Turn down**	(*reject*, প্রত্যাখান করা)	He turned down our proposal.
135. **Turn off**	(*stop*, বন্ধ করা)	Turn off the switch.
136. **Turn out**	(*drive out*, বিতাড়িত করা)	He was turned out from the school.
137. **Work out**	(*solve*, সমাধান করা)	He could not work out the sum.

Chapter-44 বাংলা অর্থসহ ইংরেজি প্রবাদ (Proverbs)

পরীক্ষায় আসা কিছু গুরুত্বপূর্ণ Translation

01. পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি = Industry (ইন্ডাস্ট্রি) is the mother of good luck.
02. ভাগ্য সাহসীদের দিকে যায় = Fortune favours (ফেইভার্ - পক্ষে যাওয়া) the brave.
03. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট = Too many cooks spoil (নষ্ট করে) the broth (ব্রথ্ - শুরুয়া / ঝোল)

ইংরেজি প্রবাদগুলো
বাংলা অর্থ বুঝে বুঝে শিখলে,
তোমার জন্য মনে রাখা সহজ হবে।

পরের page-এর
ব্যাখ্যাটা মন দিয়ে
পড়ো !

04. অসারের তর্জন গর্জনই সার = Empty vessels sound much. (= খালি কলসি বাজে বেশি)
05. আয় বুঝে ব্যয় কর = Cut your coat (= কাটো তোমার কোট) according to your cloth.
06. সব ভাল তার, শেষ ভাল যার = All's well that ends well.
07. দশের লাঠি, একের বোঝা = Many a little (আ লিট্‌ল্ = কিছু) makes a mickle.
08. স্পষ্টাস্পষ্টি কথা বলা = Call a spade a spade (স্পেইড্ = কোদাল, বেলচা).
09. আগে ঘর, তারপর পর = Charity begins at home.
10. আপনি বাঁচলে বাপের নাম = Self preservation is the first law of nature.
11. অল্প বিদ্যা ভয়ঙ্করী = A little learning is a dangerous thing.
12. প্রয়োজনই উদ্ভাবনের মাতা = Necessity (নেসেসিটি) is the mother of invention.
13. নিজেকে জানো = Know thyself (দাই্সেল্‌ফ্).
14. যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ = While there is life, there is hope.
15. এক মাঘে শীত যায় না = One swallow doesn't make a summer.
16. টাকায় টাকা আনে = Money begets (বিগেটস্ - জন্ম দেয়; নিয়ে আসে) money.
17. চকচক করলেই সোনা হয় না = All that glitters is not gold.
18. জোর যার, মুলুক তার = Might (মাইট্ = শক্তি) is right (= সঠিক)
19. অতি লোভে তাতি নষ্ট = Grasp (গ্র্যাস্‌প্ = মুঠি করে ধরা) all, lose all.
20. চোরে চোরে মাসতুতো ভাই = Birds of the same feather flock together.
21. গাছ তার ফলে পরিচয় = A tree is known by its fruits.
22. অপচয় করো না, অভাব হবে না = Waste not, want (ওয়ান্ট্ = অভাব) not.
23. আপন কখনো পর হয় না = Blood is thicker than water.
24. আপন চরকায় তেল দাও = Oil (= তেল দাও) your own machine.
25. আপন চরকায় তেল দাও = Mind (= মন দাও) your own business.
26. কষ্ট বিনা কেষ্ট মেলে না = No pains, no gains.

মন দিয়ে পড়ো

ইংলিশ প্রবাদগুলি সহজেই মনে থাকবে,

যদি তুমি ইংরেজি প্রবাদটির প্রতিটি শব্দের

বাংলা অর্থ সঠিকভাবে জানো

এবং পুরো প্রবাদটি দিয়ে যে ইংলিশ Sentence তৈরি হলো,

সেই ইংলিশ Sentence-এর বাংলা অর্থ তৃপ্তিসহ বোঝ। যেমন-

What is sport to the cat
is death to the mouse.

চলো, এই বাক্যটার বাংলা অর্থ বুঝা যাক: এখানে What অর্থ যেটা, তাহলে

What is sport = যেটা হলো খেলা
... to the cat = বিড়ালের কাছে
... is death = হলো মৃত্যু
... to the mouse. = ইঁদুরের কাছে।

তাহলে পুরো প্রবাদটির বাংলা অর্থ হলো:

বিড়ালের কাছে যেটা খেলা, ইঁদুরের কাছে সেটা মৃত্যু।

এই কথাটিকেই বাংলা প্রবাদ বাক্যে বলা হয়:

কারো পৌষ মাস, কারো সর্বনাশ।

27. প্রয়োজন মানে না আইন = Necessity knows no law.
28. অরণ্যে রোদন = To cry in the wilderness (ওয়াইল্-ডার্নেস্).
29. অতি আদরে সন্তান নষ্ট = Too much indulgence (= প্রশ্রয়, লাই) spoils a child.
30. মানুষ ভাবে এক,
কিন্তু হয় আরেক = Man proposes, but God disposes.
31. অতি চালাকের গলায় দড়ি = Too much cunning overreaches itself.
= Too much cunning undoes (আন্ডুয্).
32. অতি দর্পে, হত লঙ্কা = Pride goes before destruction.
33. অতি ভক্তি চোরের লক্ষণ = Too much courtesy, too much craft.
34. ক্ষমা পরম ধর্ম = Forgiveness is a great virtue.
35. বিপদই প্রকৃত কষ্টিপাথর = Sweet are the uses of adversity.
দুঃখের প্রয়োজনীয়তা মধুর → [ইউযেস্ = ব্যবহারগুলো]
36. অকারণে কিছুই ঘটে না = No smoke without fire.
সব গুজবেই ভিত্তি আছে = No smoke without fire.
37. সুন্দরই সত্য, সত্যই সুন্দর = Beauty is truth, truth is beauty.
38. সুখের দিন চলে গিয়েছে = The better days are gone by.
39. যত শিগগির, তত ভাল = The sooner, the better.
40. তুমি বরং ডাক্তার ডাক = You had better call in a doctor
41. গরজে গোয়ালা ঠেলা বয় = What cannot be cured must be endured.
42. বিড়ালের গলায়
ঘন্টা বাঁধবে কে? = Who is to bell (বেল্ = ঘন্টা বাঁধা) the cat?
43. মেঘ থাকিলেই
বর্ষাকাল বলা চলে না = One shower does not make a summer.
44. মেঘের আড়ালে সূর্য হাসে = Every cloud has a silver lining (লাইনিং).
45. মৌনতাই সম্মতির লক্ষণ = Silence is a sign of consent (কন্সেন্ট্ = সম্মতি).
46. মৃত্যু বলে কয়ে আসে না = Death has no in season, and out of season.
47. নাই মামার চেয়ে
কানা মামা ভাল = Something is better than nothing.
48. সময়ের এক ফোঁড়,
অসময়ের দশ ফোঁড় = A stitch (স্টিচ্ = সেলাই) in time saves nine.
49. অহিংসা পরম ধর্ম = Non-violence is a supreme virtue.
50. যেমন কর্ম, তেমন ফল = As (= যেমন) you sow (সোঔ = বীজ বপন করা),
so (= তেমনি) you reap (রীপ্ = ফসল কাটা).
51. সততাই সর্বোৎকৃষ্ট পন্থা = Honesty is the best policy.
52. বিপদ কখনো একা আসে না = Misfortune never comes alone.
53. নাচতে না জানলে উঠোন বাঁকা = A bad workman quarrels with his tools (টুল্স্ = যন্ত্রপাতিগুলো).

“ এগুলো সবই বিভিন্ন পরীক্ষায় আসা প্রবাদ ”

54. উঠন্ত মূলো পত্তনেই চেনা যায় = Morning shows the day.
55. উৎপাতের কড়ি চিৎপাতে যায় = Ill (ইল্ = অবৈধভাবে) got, ill spent.
56. আয়ের অধিক ব্যয় করো না = Do not live beyond your means (মীন্‌য্ = সামর্থ্য).
57. কুকুরের পেটে ঘি সয় না = Habit is the second nature.
58. গাইতে গাইতে গায়েন = Practice makes a man perfect.
59. অধীনতা অপেক্ষা মৃত্যু শ্রেয় = Even death is preferable to bondage (বন্‌ডেইয্ = দাসত্ব).
60. সে হাড়ে হাড়ে দুষ্ট = He is wicked to the backbone.
61. ভাই ভাই ঠাঁই ঠাঁই = Brothers will part (পার্ট = আলাদা হওয়া).
62. চোরা না শোনে ধর্মের কাহিনী = The devil would not listen to the scriptures (স্ক্রিপ্‌চার = ধর্মের বই).
63. লোভে পাপ, পাপে মৃত্যু = Avarice (অ্যাভারিস্) begets sin, sin begets death.
64. পাপে পাপ ডেকে আনে = Sin begets (বিগেট = জন্ম দেয়; আনে) sin.
65. গাছে কাঁঠাল গোঁফে তেল = To count one’s chickens before they are hatched.
66. জলে কুমির ডাঙায় বাঘ = Between the devil and the deep sea.
67. মশা মারতে কামান দাগা = To break a butterfly with a wheel.
68. যত গর্জে, তত বর্ষে না = Barking (বারখিং = ঘেউ ঘেউ রত) dogs seldom bite.
69. নিজের ভাল পাগলেও বুঝে = Even a fool knows his business
70. সবুরে মেওয়া ফলে = Patience is bitter (বিটার্ = তিতা), but its fruit is sweet.
71. আলোর নিচেই অন্ধকার = The nearer the church, the further from God.

মক্কার লোক হজ্ব পায় না।

72. যতই পড়িবে, ততই শিখিবে = The more you read, the more you learn.
73. অলস মস্তিষ্ক শয়তানের কারখানা = An idle brain is the devil’s workshop.
74. মুহূর্তের তাড়নায় কাজ করা = To act on the spur of the moment.
75. উঠোন পেরুলেই অর্ধেক সফর = A thing, begun is half done. (*which has*)
= Well begun is half done.
76. ঘর পোড়া গরু
সিঁদুরে মেঘ দেখলে ডরায় = A burnt child dreads the fire.
77. তিলকে তাল করা = To make a mountain out of a molehill.
78. আঙ্গুর ফল টক = The grapes are sour (সাওয়ার = টক).
79. উদোর পিন্ডি বুদোর ঘাড়ে = The boot is on the wrong leg.
80. উলু বনে মুক্তা ছড়ানো = To cast (কাস্ট - ছুড়ে মারা) pearls before swine (সোয়াইন্ = শুকর).
81. এক ঢিলে দুই পাখি মারা = To kill two birds with one stone.
82. একতাই বল = Unity (ইউনিঠি = একতা) is strength.
83. একতায় উত্থান, বিভেদে পতন = United we stand, divided we fall.
84. কথার চেয়ে কাজের গলা দরাজ = Action speaks louder than words.
85. কপালের লিখন না যায় খন্ডন = What is lotted cannot be blotted.
86. কষ্ট বিনা সুখ লাভ হয় কি মহীতে = No pains, no gains (গেইন্ = অর্জন).
87. ইচ্ছা থাকলে উপায় হয় = Where there is a will (উয়িল্ = ইচ্ছা), there is a way.
88. কাটা ঘায়ে নুনের ছিটা = To add insult to injury.

89. কানা ছেলের নাম পদ্মলোচন = Appearances (অ্যাপিয়ারেন্স্ = বাহ্যিক চেহারা) are deceptive.
90. ভাবিয়া করিও কাজ = Look before you leap. (দেখো তুমি লাফ দেয়ার আগে)
91. ঢিলটি মারলে পাটকেলটি খেতে হয় = Tit for tat.
92. মানুষ মাত্রই ভুল করে = To err is human.
93. সময় অতি মূল্যবান = Time is money
(সাস্-পিশাস্ = সন্দেহপূর্ণ)
94. ঠাকুর ঘরে কেরে, আমি কলা খাই না = A guilty mind is always suspicious.
95. মন্ত্রের সাধন কিংবা শরীর পতন = Do or die.
96. তেলা মাথায় তেল দেওয়া = Carry coals to New Castle.
97. আকাশকুসুম কল্পনা করা = Build castles in the air.
98. বাপ কা বেটা = Like (= মতো) father, like son.
99. নানা মুনির নানা পথ = Many men, many minds.
100. চাচা আপন প্রাণ বাঁচা = Every one for himself.
101. জ্ঞানই শক্তি = Knowledge is power.
102. যত গুড়, তত মিঠা = The more, the merrier.
(হিউ্ = রং)
103. কয়লা ধূলে ময়লা যায় না = Black will take no other hue.
104. আপন ভাল তো জগত ভালো = To the pure, all things are pure.

ব্যাখ্যাঃ
England-এর নিউ ক্যাসল নামক এলাকায় কয়লার খনি ছিলো। সেখানে তো অন্য এলাকা থেকে কয়লা নেয়ার দরকার নেই।

105. যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ = A drowning man catches at a straw (খড়).
106. অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু = A friend in need is a friend indeed.
107. যত তাড়াহুড়া করবে, তত দেরি হবে = More haste, less speed.
108. বলা সহজ, কিন্তু করা কঠিন = It is easy to say but difficult to do.
109. কেউই পরিপূর্ণ না = Nobody is perfect
110. সময় অতি মূল্যবান = Time is money
111. সম্পদের চেয়ে স্বাস্থ্য বেশি দামী = Health is more valuable than wealth.
112. হাতি ঘোড়া গেল তল, = Fools rush in
মশা বলে কত জল where angels fear to tread (ট্রেড্ = হালকাভাবে পা ফেলা).
113. চোখের আড়াল হলেই মনের আড়াল হয় = Out of sight, out of mind.
114. যত গর্জে, তত বর্ষে না = Barking (= ঘেউ ঘেউরত) dogs seldom bite.
115. এ বিষয়ে তার অ-আ-ক-খ জ্ঞান নেই = He does not know the ABC of this subject.
116. কাঁচায় না নোয়ালে বাঁশ,
পাকলে করে ঠাশ ঠাশ = To strike the iron while it is hot.
117. এক পয়সা জমানো মানে
এক পয়সা আয় করা = A penny saved is a penny earned. !
118. যাকে সত্যিকারের ভালবাসা হয়,
তার ভুল চোখে পড়ে না = Love is blind.
119. To err is human, to forgive is divine. = মানুষ মাত্র মরনশীল, ক্ষমা স্বর্গীয়।
120. চাঁদেও কলঙ্ক আছে = There are lees to every wine.
121. ঐশ্বর্য দীর্ঘদিন থাকে না = Riches do not last long.

Translation যেগুলো বিভিন্ন জব ও ভর্তি পরীক্ষায় এসেছে

Translate into English or Bengali:

01. My father will retire next year.
= আমার বাবা অবসর নেবেন আগামী বছর।

02. I was unable to go out because of the fog.
= আমি বাইরে যেতে পারিনি কুয়াশার কারণে।

03. He was stuck on the road for hours
= সে ঘন্টার পর ঘন্টা আটকে ছিল রাস্তায়।

04. I saw him crying that day.
= আমি তাকে সেদিন কাঁদতে দেখেছিলাম।

05. এ বছর রপ্তানী খাতের প্রবৃদ্ধি সকল প্রত্যাশাকে ছাড়িয়ে গেছে। = The growth of export sector has exceeded all expectations this year.

06. আগামী চব্বিশ ঘন্টায় আবহাওয়া বৈরী রূপ নিবে।
= The weather will turn an adverse look within 24 hours

07. এই ঝড়ো আবহাওয়ায় কি নৌকাটি নদী পাড়ি দিতে পারবে? = Will the boat be able to cross the river in this stormy (স্টর্মি) weather?

08. জলবায়ু পরিবর্তনের কারণে মানুষ টিকে থাকার নতুন চ্যালেঞ্জের মুখোমুখী হবে। = Due to the climate change, people will face new challanges of their survival.

09. আমি একই কথার পুনরাবৃত্তি করতে করতে ক্লান্ত।
= I am tired of repeating the words.

10. কোভিড-১৯ মহামারী বিভিন্নভাবে শিক্ষা ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করেছে। = COVID-19 pandemic has affected the education system in various ways.

11. আমি মৃত্যু পছন্দ করি অপমান অপেক্ষা।
= I prefer death to dishonour.

12. কারুশিল্পে আমাদের সাংস্কৃতিক রুচি প্রতিফলিত হয়।
= Craftwork represents our cultural flavour.

13. সে আমার চেয়ে শক্তিমান।
= He is stronger than I.

14. বিদ্যা অমূল্য ধন।
= Knowlegde is an invaluable treasure.

15. দেশের উন্নয়নের জন্য সম্মিলিত প্রচেষ্টা দরকার।
= Concerted efforts are needed for the development of the country.

16. সে অনেক কথা = It is a long story.

17. ঢাকায় তার পাইকারি ব্যবসা আছে।
= He has a wholesale business in Dhaka.

18. It is now three minutes to four.
= এখন ৪টা বাজতে ৩ মিনিট বাকি।

19. The growth in the export sector this year surpassed all expectations. = এই বছরে রপ্তানী খাতে প্রবৃদ্ধি সকল প্রত্যাশাকে ছাড়িয়ে গেছে।

20. He has run into debts.
= সে ঋণে জর্জরিত হয়ে পড়েছে ।

21. How much do I owe (ওঔ = দেনা থাকা) you?
= আমি কী পরিমাণ তোমার কাছে ঋণী?

22. তার কোন বন্ধু নেই বললেই চলে।
= He has few friends. [*few* = নেই বললেই চলে]

23. লোকটি মরমর অবস্থা। = The man is about to die.

24. সাত দিন ধরে মুষলধারে বৃষ্টি হচ্ছে = It has been raining cats and dogs for seven days.

25. তেল পানিতে ভাসে। = Oil floats on water.

26. তুমি কি জানো সে কোথায় বাস করে?
= Do you know where he lives?

27. পুলিশ আসার আগেই চোরটি পালিয়ে গেল = The thief had run away before the police came.

28. এই ব্যাপারে আমার কোন হাত নেই
= I have no hand in this matter.

29. তিনি একজন প্রকৌশলী, তাই না?
= He is an engineer, isn’t he?

30. সাঁতার একটি ভাল ব্যায়াম
= Swimming is a good exercise.

31. তুমি এ কাজটি কি করে করলে ?
= How did you do this work?

32. তোমাকে অথবা আমাকে সেখানে যেতে হবে।
= Either you or I have to go there.

33. সকাল থেকে গুড়ি গুড়ি বৃষ্টি হচ্ছে
= It has been drizzling since morning.

34. এখন বৃষ্টি হচ্ছে = It is raining now

35. পানির অপর নাম জীবন
= Another name of water is life

36. আমি কলকাতা যাওয়ার পূর্বে বাড়ি গিয়েছিলাম
= I had gone home before I went to Kolkata.

37. শিশুটি কাঁদতে কাঁদতে ঘুমিয়ে গেল
= The child fell asleep crying

38. সে রুম থেকে যায় না কেন?
= Why doesn’t he leave the room?

39. আমি তাকে কাঁদতে দেখলাম।
= I saw her crying.

40. কখন থেকে বৃষ্টি হচ্ছে?
= Since when has it been raining?

41. দুর্নীতি আমাদের দেশের উন্নয়নের প্রধান বাধা।
= Corruption is the main bar to the prosperity of our country

42. I want to help Mr. J as much as I can.
= আমি যতটা পারি মিঃ জে-কে সাহায্য করতে চাই।

43. তোমার অবশ্যই বঙ্গবন্ধুর নাম শুনেছ। = You must have heard the name of Bangabandhu

44. I want to live upstairs.
= আমি উপরতলায় থাকতে চাই।

45. ছাত্ররা ভোরে ঘুম থেকে উঠে পড়াশুনো করবে।
= Getting up at dawn, the students will study.

46. আলস্য দোষের মূল।
= Laziness is the root of fault / guilt.

47. আমরা এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হতে যাচ্ছি।
= We are going to be learners of this university.

48. সেদিন যদি বৃষ্টি হতো, তাহলে আমরা পিকনিকে যেতাম না। = If it had rained that day, we wouldn’t have gone on picnic.

49. করিম নিয়মিত বিদ্যালয়ে যায় না কেন?
= Why doesn’t Karim go to school regularly?

50. সে আড়াইটার ট্রেনে গিয়েছিল।
= He went by the 2:30 train.

51. কে না বিদ্বানকে শ্রদ্ধা করে?
= Who doesn’t respect a man of letters?

52. চেষ্টা না করলে সফল হবে না।
= If you don’t try, you won’t succeed.

53. একদা আমরা পরাজিত হয়েছিলাম।
= Once we were defeated.

54. তুমি কলমটি কাকে দেবে?
= Whom will you give the pen?

55. সে তোমাকে সাহায্য করলেই পারতো।
= He could have helped you.

56. সাহসী জীবনের টুকরো টুকরো গল্পগুলো বেদনাদায়ক।
= The pieces of stories of a brave life are shocking.

57. সারা শহরে লোকজন গিজ গিজ করছিল।
= The people in the city **crowding** together.

58. পাকিস্তানী হানাদার বাহিনীর নৃশংস গণহত্যা।
= The brutal genocide of Pakistani occupation forces.

59. সে জীবনের উত্থান পতন দেখেছে = He has seen ups and downs in life.

60. তিনি মুক্তিযুদ্ধে যোগদান করেছিলেন।
= He joined the Liberation War.

61. আমরা ছেলেটিকে বাবুল বলে ডাকি।
= We call the boy by the name Babul.

62. আমরা সুস্থ হওয়ার জন্য ঔষধ খাই।
= We take medicine to come pound.

63. Investigators combed through the wreckage.
= তদন্তকারীরা ধ্বংসাবশেষ এর মধ্যে অনুসন্ধান করলো।

64. Eliminate the pernicious influence.
= ক্ষতিকর প্রভাব মুছে ফেলুন।

65. It is easy to say but difficult to do.
= বলা সহজ কিন্তু করা কঠিন।

66. I prefer tea to coffee.
= আমি কফির চেয়ে চা পছন্দ করি।

67. কোনো কাজই কাজের দিক থেকে উঁচু বা নিচু নয়।
= No work is superior or inferior from its value.

68. স্মার্টফোন এক সময় জনপ্রিয়তা হারাবে।
= Smartphones will lose their popularity someday.

69. Everyone wants peace and likes the principles of non-violence. = সকলেই শান্তি চায় এবং অহিংসার নীতি পছন্দ করে।

70. শিক্ষক আমাদের দেরী করার জন্য বকলেন।
= Our teacher scolded us for being late.

71. আমি অল্পকাল সেখানে ছিলাম।
= I was there for a short time.

72. আমাদের ভবিষ্যৎ সম্পর্কে আমাদের আশাবাদী হওয়া উচিত।
= We should be *hopeful about* our future.
= We should be *optimistic about* our future.

73. No man is an island.
= Everyone needs help from other people.

Note: কোন মানুষ একটা আইল্যান্ড না, যে একাকী থাকতে পারে। তার দরকার হয় অন্য মানুষের সাহায্য ।

74. অন্যের দোষ ধরা সহজ।
= It is easy to find fault with others.

75. মীর মশাররফ হোসেন ছিলেন বিচিত্রধর্মী লেখক = Mir Musharraf Hussain was a versatile writer.

76. তুমি আমাকে এটি আগে দিতে পারলে ভালো হতো।
= It would have been better if you had given it to me earlier.

77. আমি তোমার জায়গায় হলে, ঝুঁকি নিতাম না = If I were in your shoes, I would not take the risk.

78. সৌভাগ্যক্রমে পরের বাসে আমি উঠতে পেরেছিলাম। = Fortunately, I could get into the next bus.

79. আমি আম পছন্দ করি = I like mangoes

80. তারা সাগরের কাছে একটি কুটিরে বাস করত।
= They lived in a hut close to the sea.

81. বইটি কেমন কাটছে?
= How is the book selling?

82. পুষ্টিকর খাদ্য স্বাস্থ্যের জন্য ভালো।
= Nutritious food is good for health.

83. কী করে অংকটি করতে হয় তা তিনি আমাকে দেখালেন। = He showed me how to do the sum.

84. আমি তাকে বুঝাতে চেষ্টা করব।
= I will try to make him understand.

85. গাছে এখনও ফল ধরে নাই।
= The tree has not borne fruit yet.

86. সে অত্যন্ত ধূর্ত = He is very shrewd.

87. এ বছর খুব শীত পড়েছে।
= It is very cold this year.

88. আমি তার কথা মনে করতে পারছি না।
= I can’t recall him.

89. গত চারদিন যাবৎ সে জ্বরে ভুগছে = He has been suffering from fever for the last four days.

90. সে অত্যন্ত নিষ্ঠুর = He is very cruel.

91. সে অত্যন্ত ধূর্ত মানুষ।
= He is a very shrewd man.

92. সে তার ভাইয়ের মতো লম্বা নয়।
= He is not as tall as his brother.

93. তুমি কি ইংরেজিতে কোন ছেলেভুলানো ছড়া জানো?
= Do you know any nursery rhyme in English?

94. তোমার কথা বিশ্বাসযোগ্য নয়।
= Your words cannot be believed.
= Your words are not credible.

95. সকালে পাখিরা কিচিরমিচির করে।
= Birds twitter/chirp at dawn.

96. এটি কীভাবে হয় জানি = I know how it happens.

97. আমি ১৯৮৫ সালের ১ জানুয়ারি জন্মগ্রহণ করেছি।
= I was born on January 01, 1985

98. They were at daggers drawn.
= তারা ঘোর বিবাদমান ছিল।

99. রাজশাহীতে প্রচুর আম জন্মে।
= Mangoes grow in plenty in Rajshahi.

101. টাইটানিক জাহাজখানা ডুবেই গেল।
= Down into water went the Titanic.
= Down went the Titanic.

102. They had hardly spoken all evening.
= তারা সারা সন্ধ্যা প্রায় কোন কথা বলেনি।

103. চিঠিটা ডাকে ফেলতে ভুলে যেও না।
= Do not forget to mail the letter.

104. নার্স আমাকে বলেছিল যে, ডাক্তারের কার্যালয় বিকেলে ৫-টায় বন্ধ হয় = The nurse told me that the doctor’s office closes at 5:00 p.m.

105. কথাটি শুনে সুমন অনেকক্ষণ ভাবলো = Shumon thought for a long time after hearing the words.

106. সাকিব সুন্দর গান গাইতে পারে।
= Sakib can sing well

107. Most atoms do not have this property.
= বেশিরভাগ পরমাণুর এই বৈশিষ্ট্যটি নেই।

108. তোমার সাহায্য ছাড়া এ কাজ করা সম্ভব হতো না = This work could not be possible without your help.

109. তুমি কার ছেলে? = Whose son are you?

110. তারা এই বিষয়টি নিয়ে তর্ক করিতেছিল কেন?
= Why were they arguing about this matter?

111. পলকের মধ্যে রেবা উধাও হয়ে গেলো।
= Off went Reba in the twinkling of an eye.

112. কাজটি ভালো করনি = It was poor of you.

113. আমি তাকে অনেকদিন থেকে চিনি।
= I have known him for a long time.

114. Exterminate all the brutes.
= অমানুষদের বের করে দাও।

115. He slammed the book on the table.

= সে বইখানা টেবিলের উপর সজোরে ছুড়ে মারল।

116. দৃশ্যটি কি চমৎকার।

= What a charming scenery it is!

117. আমি চোরটির পিছু তাড়া করেছিলাম।

= I chased the thief.

118. মেয়েটি কেঁদে উঠল = The girl burst into tears.

119. বড় হতে কে না চায়?

= Who does not want to be great?

120. মন্টুরা দুই ভাই। = Montu has a brother.

121. নামাজের সময় হয়েছে। = It is time for prayer.

122. স্বদেশপ্রীতি একটি মহৎ গুণ।

= Patriotism is a noble virtue.

123. বসে বসে আর ভালো লাগে না।

= Sitting idle, we are bored.

124. এটি ক্রয় করার যোগ্য = It is worth buying.

125. সূর্য অস্ত গেলে আমরা বাড়ি ফিরলাম।

= The sun having set, we returned home.

126. The rose is a fragrant flower.

= গোলাপ সুগন্ধি ফুল।

127. আমি তাকে পাঁচ বছর যাব চিনি।

= I have known him for five years.

128. আমি পরীক্ষায় খারাপ করেছি।

= I have done badly in the examination.

129. অনুগ্রহ করে এ কথাটি স্মরণে রাখবেন।

= Please remember it

130. মেয়েটি দেখতে তার মায়ের মতো।

= The girl takes after her mother.

131. শরৎকালে গাছের পাতা ঝরে যায়

= Trees shed their leaves in autumn.

132. সে সাঁতার দিয়ে নদী পার হলো।

= He swam across the river.

133. সে কলেরায় মারা গেছে।

= He died of cholera.

134. মোটের উপর তারা সকলেই সুখী।

= After all, all of them are happy.

135. They had barely slept last night.

= তারা গতরাতে খুব অল্প ঘুমিয়েছিল।

136. নতুন করে শুরু কর = Start afresh.

137. সন্ধ্যা হয় হয় = It is about to be evening.

138. ফুলটি রক্তের মত লাল।

= The flower is as red as blood.

139. তাকে ক্লান্ত মনে হচ্ছে।

= He seems to be tired.

140. রবীন্দ্রনাথ বছর বছর জন্মে না।

= A Rabindranath is not born every year.

141. আবহাওয়া উষ্ণতর হচ্ছে।

= The weather is getting warmer.

142. সে চারটার আগে ফিরল না।

= He did not get back by four o’clock.

143. আমি আমার চুল কাটাব। = I shall get my hair cut.

144. এই গৃহটি ভাড়া দেওয়া হইবে।

= This house is to let.

145. He used to come here every week.

= তিনি প্রত্যেক সপ্তাহে এখানে আসতেন।

146. শহরে অনেক ধনী লোক আছেন।

= There are many rich men in the town.

147. কি করে অঙ্কটি করতে হয়, তিনি আমাকে দেখিয়েছিলেন।

= He showed me how to do the sum.

148. আমরা অলস লোকদের পছন্দ করি না।

= We do not like idle people.

149. আমাদের দেশে ডেন্টাল কলেজে শিক্ষার ভাষা ইংরেজি।

= The medium of education in Dental College of our country is English.

150. রবিবার হতে বৃষ্টি হইতেছিল।
= It had been raining since Sunday.

151. দাঁত থাকিতে দাঁতের মর্যাদা নাই।
= Blessing are not valued till they are gone.

152. তুমি কি আজ রাতে আসবে?
= Will you come tonight?

153. কাজটি আমি অবশ্যই করিয়ে দিবো।
= I must have the work done.

154. তার পেশা কী? = What is he?

155. কদাচিৎ সে এখানে আসে। [MBBS & BDS ভর্তি]
= He hardly comes here.

156. এত সুন্দর একটা কলম হাতছাড়া কর না।
= Do not part with such a good pen.

157. আমাকে এখন যেতে হবে। [MBBS & BDS ভর্তি]
= I have to go now.

158. আমাকে তাহার সহিত দেখা করিতে হয়।
= I am to see him.

159. **ইংরেজিতে অনুবাদ কর:**

(a) ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর
= Smoking is injurious to health.

(b) মানুষ মাত্রই ভুল। = Too err is human.

(c) ডাক্তার আসার পরে রোগীটি মারা গেল।
= The patient died after the doctor had come.

(d) হালকা জিনিস পানিতে ভাসে।
= Light things float in water.

(e) সে সাঁতার কাটতে জানে না।
= He does not know how to swim.

160. **বাংলায় অনুবাদ কর:**

(a) Rome was not built in a day.
= কোন বৃহৎ কার্য রাতারাতি সম্পন্ন হয় না।

(b) The child came to me crying.
= শিশুটি কাঁদতে কাঁদতে আমার কাছে এলো।

(c) It is raining cats and dogs.
= মুষলধারে বৃষ্টি হচ্ছে।

(d) He doesn't know how to swim.
= সে সাঁতার জানে না।

(e) A garden is not the only source of beauty. = বাগান শুধু সৌন্দর্যের উৎস নয়।

161. **ইংরেজিতে অনুবাদ কর:**

(a) সূর্য একটি ছোট তারা।
= The sun is a little star.

(b) গোলাপটি কত সুন্দর !
= How beautiful the rose is!

(c) তুমি কি কখনো কুয়াকাটা গিয়েছ?
= Have you ever been to Kuakata?

(d) আমার হালকা ঠান্ডা লেগেছে।
= I have caught a bit of cold.

(e) বালিকাটি নাচতে নাচতে তার মায়ের কাছে গেল।
= The girl went to her mother dancing.

162. **Translation Bangla to English:**

(a) জ্বর তার কতদিন হলো?
= How long he has been running a temperature?

(b) তার টাকা হয়েছে। = He has made money.

(d) ঢাকা বাংলাদেশের রাজধানী।
= Dhaka is the capital of Bangladesh.

(e) এই জড়তাকে ঝেড়ে ফেলতে হবে।
= This lethargy has to be shaken off.

163. **জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI নিয়োগ পরীক্ষা)**

(a) I know his name. = আমি তার নাম জানি।

(b) I am proud of my country.
= আমি আমার দেশ নিয়ে গর্বিত।

(c) Everyone loves flowers.
= সবাই ফুল ভালবাসে।

(d) Bangladesh became independent in 1971. = বাংলাদেশ ১৯৭১ সালে স্বাধীন হয়েছিল।

(e) I like to eat fruits.
= আমি ফল খেতে পছন্দ করি।

164. **Translate into English:**

(a) তুমি কি জান সে কোথায় বাস করে?
= Do you know where he lives?

(b) বালিকাটি নাচতে নাচতে চলে গেল।
= The girl went away dancing.

(c) মূর্খ ব্যক্তিকে কেউ পছন্দ করে না।
= No one likes an idiot.

(d) বাংলাদেশের রাজধানী ঢাকা একটি খুব প্রাচীন শহর।
= Dhaka, the capital of Bangladesh, is a very ancient city.

(e) এখন দশটা বাজতে সাত মিনিট বাকি।
= It is seven minutes to ten now.

165. **ইংরেজিতে অনুবাদ কর:**

(a) বিশ্বের সবচেয়ে বড় চিরহরিৎ বনাঞ্চল আমাজন।
= Amazon is the largest evergreen forest in the world.

(b) বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বৈদেশিক বিনিয়োগের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।
= Foreign Direct Investment has a vital role in the economic development of Bangladesh.

(c) দ্রষ্টার চোখে সৌন্দর্য থাকে।
= Beauty lies in the eyes of beholders.

(d) মৌসুমের আগেই বাজারে ইলিশের সরবরাহ বেড়েছে।
= The supply of hilsha has increased in the market before the season.

(e) ঢাকা কোন দেশের রাজধানী?
= Dhaka is the capital of which country?

166. **আমদানী রপ্তানি অধিদপ্তর নিয়োগ পরীক্ষা**

(a) The economy of Bangladesh is one of the fastest growing economies in the world. = দ্রুতবর্ধনশীল অর্থনীতিগুলোর মধ্যে বাংলাদেশের অর্থনীতি একটি।

(b) What is Dhaka, Bangladesh best known for? = বাংলাদেশের ঢাকা সবচেয়ে বেশি পরিচিত কী জন্য?

167. **Translate into English:**

(a) আমার বন্ধু নাই বললেই চলে।
= I have few friends.

(b) তাহার গতকাল মানিকগঞ্জ যাওয়ার কথা ছিল।
= He was supposed to go to Manikganj yesterday.

(c) পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি।
= Industry is the mother of good luck.

(e) দিন দিন অনলাইনে কেনাকাটা জনপ্রিয় হয়ে উঠেছে
= Online shopping is becoming popular day by day

168. Translate into English:

[Auditor নিয়োগ পরীক্ষা]

(a) আর অপেক্ষা করো না, তুমি বরং বাড়ি যাও।
= Don't wait any longer; you would rather go home.

(b) শিশুটি হামাগুড়ি দিচ্ছিলো।
= The baby was crawling.

(c) ইচ্ছে হয় আকাশে উড়ি।
= I wish I could fly in the sky.

(d) আগামী বুধবার অফিস বন্ধ থাকবে।
= The office will be closed next Wednesday.

Chapter-45

Joining sentences

(বাক্য জোড়া লাগিয়ে বড় করা)

01. Join the sets of sentences into one sentence.

Skins do not last as long as pottery.

Our knowledge about the early use of skins is vague.

বাক্যের অর্থ বুঝলে দুটো sentence-কে জোড়া লাগানো সহজ হয়ে যায়

প্রথম বাক্যের দেয়া আছে: Skins do not last as long as pottery.

(চামড়া অত টিকে না, যতটা হয় চীনামাটির পাত্র।)

এর পরের বাক্যটি হলো:

Our knowledge about the early use of skins is vague.

(= *skins*-এর আগেকার ব্যবহার সম্পর্কে আমাদের জ্ঞান হলো অস্পষ্ট।)

সারাংশ বাক্য: Knowledge is vague. (জ্ঞান হলো অস্পষ্ট।)

একটু চিন্তা করে বুঝলাম "যেহেতু" লাগবে:

যেহেতু চামড়া *pottery*-এর মতো বেশিদিন টেকসই হয় না,

চামড়ার আগেকার ব্যবহার সম্পর্কে আমাদের জ্ঞান হলো অস্পষ্ট।

since (যেহেতু) দিয়ে joining sentence

Since skins do not last as long as pottery,

our knowledge about the early use of skins is vague.

02. Join the sets of sentences into one sentence.

(a) Love is a great virtue in private life. Love does not work in public life.

গ্রামারবিহীন ব্যাখ্যা

(a)-তে দুটি বাক্য দেয়া আছে; তাদেরকে যুক্ত করে একটি বাক্যে প্রকাশ করতে হবে।

তোমার পরীক্ষায়

এই ধরনের প্রশ্ন

না থাকলেও

তোমারই লাভ হবে

এগুলো পড়লে

Step # 1

Q # **02**-এর (a)-এর প্রথম বাক্যটি পড়া যাক:
Love is a great virtue in private life.
(ভালোবাসা ব্যক্তিগত জীবনে একটি মহৎ গুণ।)

Step # 2

চলুন এবার দ্বিতীয় বাক্যটি পড়ি:
Love does not work in public life.
(ভালোবাসা কার্যকরী না *public* অর্থাৎ রাষ্ট্রীয় জীবনে।)

Step # 3

দেখা যাচ্ছে, বাক্য দুটির বক্তব্য একটি অন্যটির বিপরীত।
প্রথম বাক্যে ভালোবাসাকে শ্রেষ্ঠ গুণ বলা হলেও
তার পরের বাক্যে ভালোবাসা সম্পর্কে
নেগেটিভ কথা বলা হলো যে, ভালোবাসা *public life*-এ কাজ করে না।

Step # 4

তাহলে এক্ষেত্রে আমরা প্রথম বাক্যটির শুরুতে ***although*** (যদিও) বসিয়ে বাক্য দুটিকে সংযুক্ত করতে পারি।

সেক্ষেত্রে সঠিক বাক্যটি হবে:

Although love is a great virtue in private life,
it does not work in public life. (উত্তর)।
(যদিও ভালোবাসা ব্যক্তিগত জীবনে একটি বড় গুণ, কিন্তু রাষ্ট্রীয় জীবনে এটি কার্যকরী না।)

while (= যদিও) দিয়ে joining বাক্য:

Love is a great virtue in private life, while it does not work in public life.
(ভালোবাসা ব্যক্তি জীবনে একটি বড় বৈশিষ্ট, যদিও রাষ্ট্রীয় জীবনে এটি কাজ করে না।)

Despite (= সত্ত্বেও) দিয়ে উত্তর:

Despite being a great virtue in private life, love does not work in public life.
(ব্যক্তিগত জীবনে ভালোবাসা একটি বড় গুণ হওয়া সত্ত্বেও, রাষ্ট্রীয় জীবনে ভালোবাসা কাজ করে না।)

In spite of the fact দিয়ে:

In spite of the fact that love is a great virtue in private life,
it doesn't work in public life.

03. Join the sets of sentences into one sentence.

Satellite channels are playing a favourable (ফেইভার‍্যাব্‌ল্ = অনুকূল) **role** (রোঔল্ = ভূমিকা). **They are also doing harm** (হার্ম্ = ক্ষতি) **to our young and new generation.**

স্যাটেলাইট চ্যানেলগুলো পালন করছে একটি অনুকূল ভূমিকা,
তারাও করছে ক্ষতি আমাদের তরুণ ও নতুন প্রজন্মের।

সমাধান ও উত্তর

আমরা বাংলায় বলি: যদিও স্যাটেলাইট চ্যানেলগুলো ....,
তথাপি এগুলো আমাদের তরুণ ও নতুন প্রজন্মের ক্ষতিও করছে।
সুতরাং উপরের দুটি বাক্যকে "যদিও" (= Although) দিয়ে নিচের মত করে join করা যায়।

Although satellite channels are playing a favourable role,
they are also doing harm to our young and new generation.
(যদিও স্যাটেলাইট চ্যানেলগুলো পালন করছে অনুকূল ভূমিকা,
তারা আমাদের তরুণ ও নতুন প্রজন্মের ক্ষতিও করছে।)

বানিয়ে বানিয়ে বড় বড় ইংলিশ বাক্য লিখতে পারবে এই চ্যাপ্টার পড়লে।

একই ধরনের আরো বাক্য

(01) ***Although*** mobile phone is playing a favourable role,
it is also doing harm to our young and new generation.
(যদিও মোবাইল ফোন পালন করছে অনুকূল ভূমিকা,
এটা আমাদের তরুণ ও নতুন প্রজন্মের ক্ষতিও করছে।)

(02) ***Although*** Facebook is playing a favourable role,
it is also doing harm to our teenager.
(যদিও ফেইসবুক পালন করছে অনুকূল ভূমিকা, এটা আমাদের টিনেজারদের ক্ষতিও করছে।)

Practice : Joining Sentences

Instruction: Join these sentences using a subordinate conjunction.

Sample : Charles wanted to buy a new guitar. Charles saved his money for three months.

Answer : Charles wanted to buy a new guitar after he had saved his money for three months.

আরেকটি উদাহরণ

I love London. The weather is bad here.

এই বাক্যটিকে কতভাবে **join** করা যায় লক্ষ্য করো:

- ☐ **Although দিয়েঃ**
  Although the weather is bad, I love London.
  I love London, although the weather is bad.
  (আমি লন্ডন শহরকে ভালোবাসি, যদিও এর আবহাওয়া ভালো না।)

- ☐ **Despite / in spite of / despite the fact that দিয়েঃ**
  I love London despite the bad weather.
  I love London in spite of the bad weather.
  Despite the bad weather, I love London.
  In spite of the bad weather, I love London.
  Despite the fact that the weather is bad, I love London.
  In spite of the fact that the weather is bad, I love London.
  I love London despite the fact that the weather is bad.
  I love London in spite of the fact that the weather is bad.

অর্থ
অর্থ
অর্থ
আসল হলো
বাক্যের অর্থ
বোঝা !

একটি similar বাক্য

I love Dhaka City in spite of the fact that it is polluted and dirty.

বুঝে বুঝে অর্থসহ solve করলে,
Joining sentence করা সহজ হয়ে যাবে।

A. Join the following sentences with a coordinating conjunction (for, and, nor, but, or, yet, so).

1) She went to work. She did not want to go.
2) The scientists trained him well. They helped him find a job when his training was through.
3) Polar bears are fierce, territorial animals. Grizzly bears are the same.
4) Mark told me not to come with him. He looked longingly at me as I left.
5) I will not give in to you. I will not let you push me around.
6) He loves to drive during the day. They will let him drive before 9pm.
7) My cat was hungry. It had not eaten since breakfast.
8) They couldn't think of anything better to do. They decided to baby-sit for the family.
9) A book can be a lot of fun to read. A book can be boring.
10) That movie looks great. I would love to come see it with you.

উত্তর

1) She went to work, but she did not want to go.
2) The scientists trained him well, and helped him find a job when his training was through.
3) Polar bears are fierce, territorial animals, and grizzly bears are the same.
4) Mark told me not to come with him, yet he looked longingly at me as I left.
5) I will not give in to you, and I will not let you push me around.
6) He loves to drive during the day, so they will let him drive before 9pm.
7) My cat was hungry, for it had not eaten since breakfast.
8) They couldn't think of anything better to do, so they decided to baby-sit for the family.
9) A book can be a lot of fun to read, or a book can be boring.
10) That movie looks great, so I would love to come see it with you.

B. Join the following sentences with a subordinating conjunctions (like after all, although, because, before, however, therefore).

1) They made plans to go. They ended up not being able to make it.
2) Some say that dogs are friendlier than cats. Cats can also be extremely loving.
3) What we've accomplished is a milestone. Let's raise our glasses for a toast.
4) Dr. Johnson ate a big meal. He went to work afterward.
5) I simply cannot get out of bed. I am too tired.
6) Don't give me a hard time. We've been close friends for so long.
7) We don't believe the way you do. Our culture is very different from yours.
8) I can't believe that you would do something so crazy. If I were you, I might do the same.

9) The two weren't always this close. When she died, they became closer.
10) I refused to talk about it. I was put in jail.

উত্তর

1) They made plans to go; however, they ended up not being able to make it.
2) Some say that dogs are friendlier than cats although cats can also be extremely loving.
3) What we've accomplished is a milestone; therefore, let's raise our glasses for a toast.
4) Dr. Johnson had eaten a big meal before he went to work afterward.
5) I simply cannot get out of bed because I am too tired.
6) Don't give me a hard time although we've been close friends for so long.
7) We don't believe the way you do; after all, our culture is very different from yours.
8) I can't believe that you would do something so crazy; although, if I were you I might do the same.
9) The two weren't always this close; however, when she died, they became closer.
10) I refused to talk about it; therefore, I was put in jail.

C. **Join the following sentences.**

01. It was a very nice place. We decided to live there.
02. It was very dark. We couldn't see anything.
03. The soldiers fought with great courage. The enemy suffered a crushing defeat.
04. The coffee was hot. It burnt my tongue.
05. The tickets were very expensive. I couldn't buy them.
06. Take a guide with you. You will not lose your way.
07. He is not mad. He behaves like a mad man.
08. He screamed in great fright. One might think that he had seen a ghost.
09. The boys shouted loudly. One might think that they had won a prize.
10. She is not beautiful. She is not intelligent.

উত্তর মুখস্থ করিয়ো না

01. It was such a nice place that we decided to live there.
02. It was so dark that we couldn't see anything.
03. The soldiers fought with such courage that the enemy suffered a crushing defeat.
04. The coffee was so hot that it burnt my tongue.
05. The tickets were so expensive that I couldn't buy them.
06. Take a guide with you so that you will not lose your way.
07. He behaves as if he were a mad man.
08. He screamed as if he had seen a ghost.
09. The boys shouted loudly as if they had won a prize.
10. She is neither beautiful nor intelligent.

বুঝলে মজা,
শিখতে সোজা

Chapter-46 Splitting long sentences

(স্প্লিট = টুকরো করা)

A long sentence can be split up into some short simple sentences. In fact, it is just the opposite of Joining. (একটি বড় বা লম্বা বাক্যকে কয়েকটি ছোট simple বা সরল বাক্যে ভাঙা যায়। প্রকৃতপক্ষে, *Splitting of sentences* হলো *Joining sentence*-এর ঠিক বিপরীত।)

সিলেবাসে না থাকলেও তোমার

পরীক্ষায় না আসলেও এই চ্যাপ্টারটাও

মন দিয়ে পড়োঃ

Break down the following sentences into simple sentences without changing the meaning they convey:

1. The author of the classic American novel *Huckleberry Finn*, Mark Twain, whose real name was Samuel L. Clemens, lived in Hartford for several years.

Answer:

(a) Mark Twain is the author of *Huckleberry Finn.*

(b) *Huckleberry Finn* is a classic American novel.

(c) Mark Twain's real name was Samuel L. Clemens.

(d) He lived in Hartford for several years.

Classic (ক্ল্যাসিক)
= উচু মানের,
প্রথম শ্রেণীর।
author (অথার্)
= লেখক।

Mark Twain's elaborate and elegant house on Farmington Avenue was in an area called Nook Farm, where he was a neighbor of Harriet Beecher Stowe, author of *Uncle Tom's Cabin*.

বাক্যের অর্থ

Farmington এভিনিউতে *Mark* টোয়েনের সাজানো-গোছানো এবং সুন্দর বাড়িটি *Nook* ফার্ম নামে একটি *area*-তে অবস্থিত যেখানে '*Uncle Tom's Cabin*' নামের উপন্যাসের লেখক *HB Stowe* ছিলেন তার একজন প্রতিবেশী।

Answer:

(a) Mark Twain's house was elaborate and elegant.
(b) It was on Farmington Avenue.
(c) It was in an area called Nook Farm.
(d) He was a neighbor of Harriet Beecher Stowe.
(e) Harriet Beecher Stowe is the author of *Uncle Tom's Cabin.*

3. Some students are nervous around computers or anything high-tech; others enjoy new challenges and regard learning how to use computers as a kind of game.

উত্তর

(a) Some students are nervous around computers.
(b) They are nervous around anything high-tech.
(c) Other students enjoy new challenges.
(d) They regard learning how to use computers as a kind of game.

4. The protagonist (প্রধান চরিত্র) of Ken Kesey's novel "One Flew Over the Cuckoo's Nest," Randall Patrick McMurphy, escapes (পালিয়ে যাওয়া) a work farm by pretending insanity (পাগলামি মতো আচরণ) but then becomes trapped (আটকে যাওয়া) in an asylum (পাগলা গারদ), where he shows other characters their true situation.

উত্তর: *One Flew Over the Cuckoo's Nest* is a novel written by Ken Kesey. Its protagonist is Randall Patrick McMurphy. He pretends to be insane to escape a work farm. He then becomes trapped in an asylum. He shows other characters the truth of their situation.

Chapter-47 বাক্য দিয়ে **Verbals** শেখা যাক

1. **Walking** (ওয়াখিং) is good for health. (হাঁটা হলো স্বাস্থ্যের জন্য ভালো)
↓
Noun (বাক্যের কর্তা বা *Subject*)

2. **Smoking** is harmful (হার্‌ম্‌-ফুল্‌) to health. (ধূমপান হলো স্বাস্থ্যের জন্য ক্ষতিকর)
↓
(স্মোউ্‌খিং = ধূমপান ≈ বাক্যের *Subject*)

3. You should stop **taking** (ঠেই্‌খিং) medicine a lot.→
(তোমার উচিত বন্ধ করা প্রচুর ঔষধ খাওয়া।)

এই পৃষ্ঠায় *walking, smoking, to do, rotten* প্রভৃতি শব্দ হলো verb-এর বিভিন্ন রূপ। ইংরেজিতে এগুলোকে verbals বলে।

. I showed (শৌ-ঔ্‌ড্‌) him the best way **to do** the sum.
(আমি দেখালাম তাকে সেরা উপায় অঙ্কটি করার)

জোরে পড়লেই
হয়ে গেলো
স্পীখিং

5. The dog chased the **fluttering** (ফ্লা-টারিং) bird.→
(চেইস্‌ড্‌)
↓ *adjective*
(কুকুরটি ধাওয়া করলো পাখা-ঝাপটানোরত পাখিটিকে)

(রঅ্‌-ঠেন্‌)
6. The **rotten** tooth finally fell out of his mouth.
(পঁচা দাঁতটি অবশেষে তার মুখ থেকে বাইরে পড়ে গেলো।)

Verbals মূলত তিন প্রকার

(i) Participle, (ii) Infinitive ও (iii) Gerund (জিরান্‌ড্‌).
(ইন্‌-ফিনি-টিভ্‌)

পরের পৃষ্ঠা থেকে
বাক্যের আরো
বিস্তারিত আলোচনা
করা হলোঃ →

বাক্য দিয়ে **Participle** (পার্-ঠি-সিপ্‌ল্)

01. The boy came to her father laughi**ng**. (লা-ফিং)
{ বালকটি আসলো তার বাবার কাছে হাসতে হাসতে }

02. The boy came to her mother runni**ng**.
{ বালকটি আসলো তার মায়ের কাছে দৌড়াতে দৌড়াতে }

বুঝে বুঝে পড়বো ,
পড়ে পড়ে বুঝবো !

Right form of verb-ও সহজ হবে এই অধ্যায়ের বাক্যগুলো মন দিয়ে পড়লে !

03. The boy came to her mother panti**ng** (প্যান্-ঠিং). [*pant* মানে হাঁপানো]
{ বালকটি আসলো তার মায়ের কাছে হাঁপাতে হাঁপাতে }

Participle = verb + ing বা ed
যেমন: study + ing বা ed
= studying বা studied

আরো ব্যাপকভাবে বললে, Participle হলো -ing বা -ed প্রভৃতি যুক্ত verb
যেমন: laugh**ing**, brok**en**, spen**t**, carri**ed** প্রভৃতি ।

04. The boy went to her mother walki**ng**.
{ বালকটি গেলো তার মায়ের কাছে হাঁটতে হাঁটতে }

এই পৃষ্ঠার *ing* যুক্ত শব্দগুলোকে বলে **Participle** (পারঠিসিপ্‌ল্) ।

05. I saw my friend **running** towards me.
(আমি দেখলাম আমার বন্ধুকে দৌড়াতে দৌড়াতে আমার দিকে আসতে ।)

অর্থ বুঝে বুঝে পার্-ঠি-সিপ্‌ল্ দিয়ে শব্দগুচ্ছ

Phrase (ফ্রেই্য্) শব্দটির বাংলা অর্থ হলো শব্দগুচ্ছ (= কয়েকটি শব্দের সমষ্টি)।
যেই শব্দগুচ্ছ বা phrase-এর প্রথম শব্দ একটি participle, তাকে বলে participle ফ্রেই্য্। যেমন:

(*who was* উহ্য আছে) রানিং হলো *Participle*

01. We saw Selim **running** for the bus.

= আমরা দেখলাম সেলিমকে দৌড়াতে বাসের জন্য।

participle phrase
= পার্ঠি-সি্প্‌ল্ দিয়ে
শুরু যেই শব্দগুচ্ছ।

উপরের বাক্যে ***running*** হলো participle।
আর, ***running*** *for the bus* শব্দটি হলো
participle phrase।

participle

(ডেস্-ট্র-য়েড্)

02. The car, **destroyed** by hortal-callers,

{ গাড়িটি , ক্ষতিগ্রস্ত দ্বারা হরতালকারীদের,

which was উহ্য আছে

has been repaired (রি-পেআর্ড্).

করা হয়েছে মেরামত }

সাবলীল বাংলা হরতালকারীদের দ্বারা **ক্ষতিগ্রস্ত** গাড়িটি মেরামত করা হয়েছে।

Participle phrase = Verb (+ ing) + শব্দগুচ্ছ
= run (+ ing) + for the bus
= running + for the bus
= running for the bus

ইংরেজি বাক্যগুলো দেখে দেখে একবার হলেও লিখো!

অতএব participle phrase হলো -ing বা - ed প্রভৃতি যুক্ত verb + phrase।

এটি শুরু হয় read**ing**, brok**en**, spent, studi**ed** প্রভৃতি participle দিয়ে।

ing-যুক্ত Participle = present পার্-ঠি-সিপ্ল্

(ফ্লাই-ইং)
01. Mehrun saw a flying bird. **[Present participle]**
= মেহেরুন দেখেছিলো একটি উড়ন্ত পাখি।

(*who was* উহ্য আছে)
02. I saw the boy entering the class room. **[Present participle]**
= আমি দেখলাম বালকটিকে ঢুকতে ক্লাস রুমে।

English বাক্যগুলো জোরে জোরে উচ্চারণ করে পড়ো।

[*is carrying* হলো present কন্‌ঠিনিউআস্]
03. The man **who is carrying** the luggage is his brother.
= লোকটি যিনি বহন করছেন লাগেজ হলো তার ভাই।
= The man **carrying** the luggage is his brother.
(ক্যারিইং)

সাবলীল বাংলা লাগেজটা বহনকারী লোকটি তার ভাই।

04. Dhaka which lies beside the Buriganga is the capital of Bangladesh.
= ঢাকা যেটি অবস্থিত পাশে বুড়িগঙ্গা হলো বাংলাদেশের রাজধানী।
= Dhaka **lying** beside the Buriganga is the capital of Bangladesh.

সাবলীল বাংলা বুড়িগঙ্গার পাশে অবস্থিত ঢাকা হলো বাংলাদেশের রাজধানী।

= Lying beside the Buriganga, Dhaka is the capital of Bangladesh.

উপরের বাক্যগুলোর ing যুক্ত শব্দ যেমন: fly**ing**, enter**ing**, carry**ing**, ly**ing** প্রভৃতিকে Present Participle বলে।

Present participle = verb + ing
= go + ing
= **going**

এই সব নাম না জেনেই English-এ দক্ষ হওয়া যায়।

প্রশ্ন After walking, I usually go to my [“*read*” এটাকে present participle বানাও] room.

উত্তর After walking, I usually go to my **reading** room.

বাক্যের মাঝে ing বা Present Participle

who was উহ্য আছে

01. Tapos saw Arif **running** for the bus.
{ তাপস দেখলো আরিফকে দৌড়াতে বাসের জন্য }
সাবলীল বাংলা তাপস আরিফকে বাসের জন্য দৌড়াতে দেখলো।

02. We saw Razib **running** to the station.
{ আমরা দেখলাম রাজিবকে দৌড়াতে স্টেশনের দিকে }

who was উহ্য আছে

03. We saw Nesar **getting** off the bus.
{ আমরা দেখলাম নেসারকে নামতে বাস থেকে }
সাবলীল বাংলা আমরা নেসারকে বাস থেকে নামতে দেখলাম।

04. We saw the boy enter**ing** the classroom.
{ আমরা দেখেছিলাম বালকটিকে ঢুকতে ক্লাসরুমে }
সাবলীল বাংলা আমরা বালকটিকে ক্লাসে ঢুকতে দেখলাম।



which was উহ্য আছে

05. We saw a bird fly**ing** in the sky. *[BCS]*
{ আমরা দেখলাম একটি পাখি উড়ছে আকাশে }

06. We saw a man **holding** (হৌল্ড্) a stick in his hand.
{ আমরা দেখলাম একটি লোককে ধরে আছে একটি লাঠি তার হাতে }

who was উহ্য আছে

07. We saw Jamal talk**ing** to the police.
{ আমরা দেখলাম জামালকে কথা বলতে পুলিশটির সাথে } *(Non-cadre)*
সাবলীল বাংলা আমরা জামালকে পুলিশের সাথে কথা বলতে দেখলাম।

08. We heard the cuckoo sing**ing** sweetly
{ আমরা শুনলাম কোকিলটি গান গাইতে মধুর সুরে }

খেয়াল করো:

যদি বাক্যে *who was* থাকে, তাহলে, বাক্যের অর্থটা বোঝা সহজ।

09. We saw Jerry go**ing** up the hill.
{ আমরা দেখলাম জেরিকে উপরে যেতে পাহাড়ে। }





10. I saw the sun sett**ing** in the horizon.
{ আমরা দেখলাম সূর্যকে অস্ত যেতে দিগন্তে }

11. I saw the water boil**ing** (বয়লিং) in the kitchen.
{ আমরা দেখলাম পানি ফুটতে রান্নাঘরে }

English বাক্যগুলো দেখে দেখে একবার হলেও লিখো

12. We saw (স-অ্) the ris**ing** (রাইযিং) sun in the horizon.
{ আমরা দেখলাম উদীয়মান সূর্য দিগন্তে = হরাই-যন্ }

সাবলীল বাংলা আমরা দিগন্তে উদীয়মান সূর্যকে দেখেছিলাম।



পরীক্ষার প্রশ্ন ও সমাধান

প্রশ্ন **You can look at the (b)** _____ (‘*rise*’ use present participle) **sun in the morning.**

উত্তর You can look at the rising sun in the morning. [সকালে উদীয়মান সূর্যের দিকে তুমি তাকাতে পারবে]

পরীক্ষার সময় এই সব উত্তর
সহজেই বের করতে পারবে এই বইয়ের
sentence-গুলো বুঝে বুঝে পড়তে থাকলে !

প্রশ্ন **When the sun shines at noon, you cannot look at it. It is called** *(dazzle)* **sunshine.**
{ যখন সূর্য দুপুরে কিরণ দেয়, তখন তুমি এটার দিকে তাকাতে পারবে না। এটাকে চোখ-ধাঁধানো রোদ বলা হয় }

উত্তর বাক্যের থেকে বুঝা যাচ্ছে, *dazzling* হবে। *dazzling* (= চোখ ধাঁধানো; ঝলসানো).

01. We saw a **pleasing** (প্লিযিং) look on his face.
(আমরা দেখলাম একটা আনন্দের ভাব তার চেহারায়।)

02. We heard (হার্‌ড্‌) the break**ing** news on Bijoy TV.
{ আমরা শুনেছিলাম তাজা খবরটি বিজয় টিভিতে }
সাবলীল বাংলা আমরা বিজয় টিভিতে তাজা খবরটি শুনলাম।

মন দিয়ে পড়ো ও দেখে দেখে লিখো !

03. We saw (স-অ্‌) the boil**ing** water in the kitchen.
{ আমরা দেখলাম পানি ফুটন্ত রান্না ঘরে }
সাবলীল বাংলা আমরা রান্নাঘরে ফুটন্ত পানি দেখেছিলাম।

04. We should check the **increasing** price (ইন্‌-ক্রী-যিং) of the daily products.
{ আমাদের উচিত থামানো বাড়ন্ত দাম দৈনন্দিন পণ্যগুলোর }
(দৈনন্দিন পণ্যের বর্ধিষ্ণু দাম আমাদের থামানো উচিত।)

05. Rana was trapped (ট্র্যাপ্‌ড্‌) in the **burning** house (বার্‌নিং).
{ রানা আটকে পড়েছিলো জ্বলন্ত বাড়িটির ভিতরে। }

কেমন sun ?
উত্তর: setting sun। তার মানে, sun সম্পর্কে একটা তথ্য দিলো setting শব্দটা। তাই সেটিং হলো adjective।

Sentence-গুলো জোরে জোরে পড়ো

06. We enjoyed (য়েন্‌-জয়েড্‌) the **setting** sun.
{ আমরা উপভোগ করেছিলাম অস্তগামী সূর্যকে। }

07. The **barking** dog [= the dog which barks] next door drives (ড্রাইভ্‌স্‌) us crazy (ক্রেইযী).
{ ঘেউ ঘেউরত পাশের বাড়ির কুকুরটি আমাদেরকে পাগল করে তুলে। }

08. The **snoring** visitor (স্নৌরিং) [= The visitor who is snoring] kept us awake (এ্যা-ওয়েইক্‌).
{ নাক-ডাকারত অতিথিটি রাখলেন আমাদেরকে জাগিয়ে }

সাবলীল বাংলা নাকডাকা মেহমানের কারণে আমরা জেগে ছিলাম (= ঘুমাতে পারিনি)।

বাক্যের শেষে ing তথা Present Participle

01. The boy came to his mother **weeping**. (উয়িপিং)
{ বালকটি আসলো তার মায়ের কাছে কাঁদতে কাঁদতে }
সাবলীল বাংলা বালকটি আসলো তার মায়ের কাছে কাঁদতে কাঁদতে।

02. The boy came to his mother **running**.
{ বালকটি আসলো তার মায়ের কাছে দৌড়াতে দৌড়াতে }

03. The boy came to his mother **walking**.
{ বালকটি আসলো তার মায়ের কাছে হাঁটতে হাঁটতে }
সাবলীল বাংলা বালকটি হাঁটতে হাঁটতে তার মায়ের কাছে আসলো।

প্রশ্ন থাকলে
Saifur স্যারকে
WhatsApp
01819 20 29 89-এ
লিখে পাঠাও।

04. Suddenly (সাডেন্‌লি), a young man came **running**.
{ হঠাৎ একটি যুবক আসলো দৌড়াতে দৌড়াতে }

বাক্যের মাঝে ing বা Participle

05. The man **who is carrying** the bag is my cousin.
{ লোকটি যিনি বহন করছেন ব্যাগটি হলো আমার চাচাতো ভাই }
= The man **carrying** the bag is my cousin.
সাবলীল বাংলা ব্যাগ বহনরত লোকটি আমার চাচাতো ভাই।

06. The girl (who is) **reading** a book is my cousin.
{ বালিকাটি পড়ছে একটা বই হলো আমার কাযিন্ }
সাবলীল বাংলা বই পাঠরত মেয়েটি হলো আমার কাযিন।

07. The man (who is) **telling** the truth is my brother.
{ লোকটি বলছে সত্যটা হয় আমার ভাই }
সাবলীল বাংলা সত্য কথনরত লোকটা হলো আমার ভাই।

দেখে দেখে লিখো বাক্যগুলো!

পরীক্ষার প্রশ্ন

